The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online www.ajkalusa.com /weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 856 | 07 February 2025 | শুক্রবার ২৪ মাঘ ১৪৩১




NYC Mayor got hit in Albany on Education and Immigrants

>> Page 18

Mehzabien Chowdhury starrer 'Priyo Maloti' set for release on Chorki



>> Page 19



NYC Flu cases in the city are rising : Needs Precautions

>> Page 18

Trump's Dangerous Move to Leave Palestinians From Gaza Strip and 'Take Over'



>> Page 18

# গুঁড়িয়ে দেয়া হলো ৩২ নম্বরের বাড়ি

মাসুদ করিম, *ঢাকা থেকে*



শেখ হাসিনাকে বিতাড়নের ছয় মাস পর বাংলাদেশ ফের কেঁপে উঠলো। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের 'বুলডোজার মিছিল' নামের এক কর্মসূচি দিয়ে ধানমন্ডির ৩২ নম্বরে অবস্থিত বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ধ্বংস করা হয়েছে। ঐতিহাসিক বাড়িটির ফটক ভেঙ্গে বিক্ষুব্ধ ছাত্ররা ভবনের ভেতরে ঢুকে পড়ে। আসবাবপত্র, মূল্যবার দলিলপত্রসহ সবকিছু তছনছ করে। তৃতীয় তলায় একটি কক্ষে আগুন দেখা যায়। সেখানে সম্ভবত দুস্প্রাপ্য দলিরপত্র পোড়ানো হচ্ছিল। বইপত্রও পোড়ানো হয়। হাতুড়ি, শাবল, রডসহ দেশি সরঞ্জাম দিয়ে বিশাল শক্ত বহুতল ভবন ভাঙতে না পেরে এককেবেটর ডাকা হয়। তারপরও শক্তিশালী বিল্ডিংটি ভাঙা কঠিন হয়ে পড়ে। এত ক্ষোভ কেন এই ভবনের প্রতি তা এখনও অজানা। ধানমন্ডির ৩২ নম্বন ভবনে আগুন ও ভাংচুরের পর 'সুধাসদন' নামে শেখ হাসিনার বাড়িতেও হামলা ও অগ্নিসংযোগ ঘটে। এসব হামলার খবর দ্রুত ছড়িয়ে পড়লে ঢাকার বাইরেও আওয়ামী নেতাদের বাড়িঘরে হামলা, অগ্নিসংযোগ ও ভাংচুর চালানো হয়। ছাত্র-জনতার অভ্যুত্থানের মাধ্যমে শেখ হাসিনার সরকারের পতন ঘটলে ধানমন্ডি-৩২ নম্বর বাড়িতে প্রথম হামলা হয়েছিলো। বাড়িটির একটি একটি ঐতিহাসিক দিক হলো, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এই বাড়িতে থেকেছেন। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের এই মহান নেতা

এরপর ৪০ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## বাড়ি ভাঙ্গা প্রেম ও ব্যাডমিন্টন



মনোয়ারুল ইসলাম, *ঢাকা থেকে*

সন্ধ্যে ৬টা। ৪ ফেব্রুয়ারি। প্রেসক্লাবে বসে চলছিল আড্ডা। সাংবাদিক ইলিয়াস হোসাইন, মাহবুবুল আলম, কবি হাফিজ, শাহানাজ পারভীন, শাহানাজ পলি, আব্দুল

এরপর ৪৪ পৃষ্ঠায়





## ৩২ নম্বরে গরুর মাংসে ভুরিভোজের উৎসব

আজকাল রিপোর্ট

রাজধানীর ধানমণ্ডি ৩২ নম্বরে শেখ মুজিবুর রহমানের বাড়ি এখন ধ্বংসস্তূপ। ছাত্র-জনতা ৫ ফেব্রুয়ারি বুধবার রাত থেকে এ বাড়িতে ভাঙচুর ও অগ্নিসংযোগ শুরু করে। বৃহস্পতিবার এরই জেরে সেখানে ভুরিভোজের আয়োজন করা হয়। সেজন্য, একটি গরুও জবাই করা হয়েছে। রাতে গরুর মাংস দিয়ে খিচুড়ি রান্না করে ভুরিভোজ অনুষ্ঠিত হবে।

৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার বিকাল তিনটার দিকে ধানমণ্ডি ৩২ নম্বরে একটি গরু আনা হয়। এরপর গরুটি জবাই করা

এরপর ২২ পৃষ্ঠায়

## 'সিডিপ্যাপ' সার্ভিস ১ এপ্রিল থেকে পিপিএল এর হাতে

আজকাল রিপোর্ট

হোম কেয়ার সার্ভিস 'সিডিপ্যাপ' ১ এপ্রিল থেকে চলে যাচ্ছে পিপিএল এর হাতে। এর আগেই সিডিপ্যাপ সার্ভিস ট্রান্সফার করে নিতে হবে পিপিএলে। অথবা তাদের নির্ধারিত এজেন্টের মাধ্যমে ট্রান্সফার করতে হবে। গোল্ডেন এজ হোম কেয়ার পিপিএল এর কাছে সার্ভিস ট্রান্সফার করতে রোগীদের সহায়তা দিচ্ছে। রোগীরা সিডিপ্যাপ সার্ভিস ট্রান্সফার করে পিসিএ'তে আসতে পারেন। এ ক্ষেত্রে গোল্ডেন এজ হোম কেয়ার সার্টিফিকেট প্রদানসহ সব ধরনের

এরপর ৪৪ পৃষ্ঠায়

## হাসিনার লাগাম ধরতে ভারতের না

অস্থিরতায় ঢাকা ও সাভার

আজকাল প্রতিবেদন

বাংলাদেশকে অস্থিতিশীল করার নেপথ্যে কারা। একটি নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা হস্তান্তর পর্যন্ত তাদের থামানো যাচ্ছে না। ভেতরে ২ ভাগে বিভক্ত। এক পক্ষ হাসিনার প্রতি এখনও দুর্বল। নানা কৌশলে হাসিনার দল ও আওয়ামী লীগকে ম্যাসাকার থেকে রক্ষার কাজটি করেছেন কৌশলে। ৫ আগষ্ট বাসা থেকে তুলে নিয়ে আওয়ামী লীগের নেতাদের নিরাপদ স্থানে রেখেছেন। তারপর সেফ এক্সিটের ব্যবস্থা। কিন্তু আরেকটি অংশ প্রচন্ডভাবে হাসিনা বিরোধী। তারা বিএনপি জামায়াত ও ছাত্রদের পক্ষে। সরকার প্রশ্নে ঢাকা ও সাভার ২ ভাগে বিভক্ত। অস্থিরতার পেছনে এ দ্বন্দ্বই কি প্রধান কারন? নাকি ভারতের পরিকল্পনার ফসল। ভারত কোন

এরপর ২৩ পৃষ্ঠায়

## শাওন ও সাবা গ্রেফতার





আজকাল রিপোর্ট

হুমায়ুন আহমেদের স্ত্রী,অভিনেত্রী ও নির্মাতা মেহের আফরোজ শাওনকে গ্রেফতার করা হয়েছে। ৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার রাতে ধানমন্ডি থেকে তাকে গ্রেপ্তার করা হয়েছে বলে জানিয়েছে ডিএমপির গোয়েন্দা শাখা (ডিবি)।

ডিএমপির অতিরিক্ত কমিশনার (ডিবি)

এরপর ৪৪ পৃষ্ঠায়

## ধানমন্ডির ৩২ বাড়ি ভাঙ্গা নিয়ে একাত্তরের প্রহরির বিবৃতি

আজকাল ডেস্ক

আমরা একাত্তরের প্রহরীর সাথে সংশ্লিষ্ট সবাই গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, সম্প্রতি বাংলাদেশ সরকারের প্রতি আনুগত্যহীন, এবং দায়িত্ব ও কর্তব্যবোধহীন একদল সেনা কর্মকর্তা,

এরপর ৪৪ পৃষ্ঠায়


BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কন্সট্রাকশন কাজে দুর্ঘটনা, গাড়ী/বিল্ডিং এ দুর্ঘটনা
হাসপাতালে বিকলাঙ্গ শিশুর জন্য, ফেডারেল ডিসএবিলিটি
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ
917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury Attorney at Law

RAJIB AHMED PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS
Uber lyft NYC TAXI
DIRECT: 718-730-5290 OFFICE: 212-721-0001
32-47 57TH ST, WOODSIDE, NY 11377

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন,নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্ত্বর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন ।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি ।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAY CARE

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik Managed Care
MetroPlusHealth
SWH Senior Whole Health



সর্বোচ্চ সেবার নিশ্চয়তা

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

**Shah M. Nawaz** MBA
*President & CEO*
646-591-8396

CALL US NOW:
718-516-3425

A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

CONTACT US:

Off: 718-516-3425 | FAX: 646-568-6474
newyorksadc.com | intake@ny-sadc.com
116-33 Queens Blvd Forest Hills, NY 11375
78-06 101 Ave, Suit C Ozone Park, NY 11416

ড. মাহবুব উল্লাহ্-এর কলাম ঐক্যের কোনো বিকল্প নেই ১২ পৃষ্ঠায়



সিরাজুল ইসলাম চৌধুরী-এর কলাম আমাদের রাষ্ট্রভাষা আন্দোলন ছিল গণতান্ত্রিক ০৬ পৃষ্ঠায়



মনোয়ারুল ইসলাম-এর কলাম শফিকেরা কেন অধম হবেন ০৫ পৃষ্ঠায়







## নিউইয়র্কে একুশের বইমেলা
# ৮৩ সদস্যের আহ্বায়ক কমিটি

আজকাল রিপোর্ট

শুদ্ধ শিল্পের নিবিড় চর্চা - এই স্লোগান সামনে রেখে গত ১১ বছর ধরে নিউইয়র্কে শিল্প-সাহিত্যের চর্চা করছে উনবাঙাল। গত ২৬ জানুয়ারি উনবাঙালের ৪৭ তম সাহিত্য সভায় এ-বছর নিউইয়র্কে একুশে বইমেলা আয়োজনের সিদ্ধান্ত হয়। সংগঠনটির স্বপ্নদ্রষ্টা কবি কাজী জহিরুল ইসলাম। সভাপতির দায়িত্ব পালন করছেন মুক্তি জহির। বইমেলা আয়োজনের জন্য ফখরুল আলমকে আহ্বায়ক এবং আহসান হাবিবকে সদস্য সচিব করে ৮৩ সদস্যের একটি আহ্বায়ক কমিটি এবং ১৩ সদস্যের উপদেষ্টা কমিটি গঠন করা হয়।

আহ্বায়ক কমিটির অন্য সদস্যরা হলেন: যুগ্ম এরপর ২৮ পৃষ্ঠায়

# উত্তরণ'র পিঠা উৎসব ও সাংস্কৃতিক সন্ধ্যা

আজকাল রিপোর্ট

প্রবাসে থেকেও বাংলার কৃষ্টি ও ঐতিহ্যকে ধরে রাখার অনন্য প্রয়াস হিসেবে নিউইয়র্কের ব্রঙ্কসে গত ২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত হয় 'হৃদয়ে মম বাংলা ও বাংলাদেশ' পিঠা উৎসব ও সাংস্কৃতিক সন্ধ্যা-২০২৫। নতুন সংগঠন 'উত্তরণ'-এর আয়োজনে বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশির অংশগ্রহণে আনন্দ-উচ্ছ্বাসে মুখরিত হয় গোল্ডেন প্যালেসে অনুষ্ঠান প্রাঙ্গন। উৎসবে প্রধান অতিথি ছিলেন ইঞ্জিনিয়ার আব্দুল খালেক। তিনি ফিতা কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন আব্দুল খালেক। অনুষ্ঠানে গেস্ট অব অনার সাবাহ হোম কেয়ারের ডিরেক্টর মেরাওয়ালা রাজ্জাক সেতু। উৎসবের প্রধান সমন্বয়কারী হিসেবে দায়িত্ব পালন করেন মেরা আব্দুল্লাহ এবং যুগ্ম সমন্বয়কারী ছিলেন নূরুল ইসলাম নবীন, মাসুদ কবির জুয়াদ ও মেরা আনসারী। এরপর ৩৪ পৃষ্ঠায়

### ৩০ দিনের জন্য সাময়িক স্থগিত
# কানাডা-মেক্সিকোর শুল্ক নিয়ে বাজার গরম

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রের বাজারে কানাডা ও মেক্সিকো থেকে আসা পণ্যের ওপর ২৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা দেয়ার সঙ্গে সঙ্গে বাজার গরম হয়ে উঠে। ভোক্তারা এই খবরে উদ্বিগ্ন দিন পার করেন। নিত্যপণ্যের বাজার এখনই ক্রেতাদের নাগালের বাইরে। বাণিজ্য যুদ্ধ শুরু বলে অর্থনীতিবিদরা মন্তব্য করেন। সার্বিক পরিস্থিতি দেখে ট্রাম্প কানাডা ও মেক্সিকোর ওপর আরোপ করা শুল্ক ৩০ দিনের জন্য সাময়িক স্থগিত ঘোষণা করেছেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প প্রতিবেশী দুই দেশের সীমান্ত এবং অপরাধ নিয়ন্ত্রণে ছাড়ের বিষয়ে ঐকমত্যে পৌঁছানোর পর আগামী ৩০ দিনের জন্য শুল্ক আরোপ করা থেকে বিরতি দেয়ার বিষয়ে সম্মত হয়েছেন। তবে চীনের ওপর দেয়া ১০ শতাংশ শুল্ক আরোপের বিষয়ে আগের অবস্থানেই অনড় রয়েছেন মার্কিন প্রেসিডেন্ট। ইতোমধ্যেই তা কার্যকর করার কথা রয়েছে।

অবৈধ অভিবাসন এবং মাদক চোরাচালান বন্ধে ট্রাম্প কঠোর হওয়ার যে নীতির দাবি জানিয়েছেন তার প্রেক্ষিতে সীমান্তে আইন শৃঙ্খলা আরও জোরদারে সম্মত হয়েছেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো এবং মেক্সিকান প্রেসিডেন্ট ক্লডিয়া শেইনবাউম। যার ফলে আগামী ৩০ দিনের জন্য ২৫ শতাংশ শুল্ক আরোপের ঘোষণা স্থগিত করেছে যুক্তরাষ্ট্র।

ওই চুক্তির মাধ্যমে সীমান্তে নতুন প্রযুক্তি এবং সীমান্তরক্ষী মোতায়েন করে সংগঠিত অপরাধ, এরপর ২৮ পৃষ্ঠায়

# ব্রঙ্কসে ইসলামিক হোম ফিনান্স বিষয়ক সেমিনার

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের মুসলিমদের সুদমুক্ত ও শরিয়া ভিত্তিক হোম ফিন্যান্সে উৎসাহ দিতে এবং এ বিষয়ক বিভিন্ন তথ্য সম্পর্কে জানাতে নিউইয়র্কে ব্রঙ্কসে ইসলামিক হোম ফিনান্স বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। বিশিষ্ট রিয়েলটর কামরুজ্জামান বাচ্চু এবং গাইডেন্স রেজিডেন্সিয়ালের সৌজন্যে গত ২৪ জানুয়ারি ব্রঙ্কসের আল আকসা চাইনিজ পার্টি হলে এ সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত এবং সুদের উপর আলোচনা করেন বাংলাবাজার জামে মসজিদের ইমাম ও খতীব মাওলানা আবুল কাশেম এয়াহইয়া। অনুষ্ঠানের প্রথম পর্বে গাইডেন্স রেজিডেন্সিয়ালের ইস্ট কোস্টের ভাইস এরপর ২২ পৃষ্ঠায়



# জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাধারণ সভা

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশিদের আঞ্চলিক সংগঠন জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাধারণ সভা গত ২৬ জানুয়ারি সন্ধ্যায় নিউইয়র্কের এস্টোরিয়াস্থ জালালাবাদ ভবনে অনুষ্ঠিত হয়েছে। জালালাবাদ অ্যাসোসিয়েশনের এই অংশের নেতৃত্বে রয়েছেন সভাপতি মইনুল ইসলাম এবং সাধারণ সম্পাদক আসাদুল গনি আসাদ। জালালাবাদ অ্যাসোসিয়েশনের ভবন ক্রয়কে কেন্দ্র করেই মূলত দুইভাগে বিভক্ত হয়ে পড়ে জালালাবাদ অ্যাসোসিয়েশন। যে ভবনকে কেন্দ্র করে বিতর্ক এবং মামলা মোকদ্দমা, সেই ভবন এখনো ঋণমুক্ত করা সম্ভব হয়নি। সেই ভবনকে লোন মুক্ত করতে সাধারণ সভায় জালালাবাদ ফান্ড ইনক নামে আলাদা করপোরেশন করা এবং তিন সদস্যবিশিষ্ট কমিটি ঘোষণা এরপর ২৬ পৃষ্ঠায়

# বৃহত্তর ওয়াশিংটন ডিসি ডুয়াফির অভিষেক

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি, ভার্জিনিয়া ও মেরিল্যান্ডের ঢাকা বিশ্ববিদ্যালয় অ্যালামনাই ফোরাম ইনক (ডুয়াফি)-এর ২০২৫-২০২৬ কার্যনির্বাহী পরিষদের অভিষেক অনুষ্ঠিত হয়। গত ১ ফেব্রুয়ারি সন্ধ্যায় মেরিল্যান্ডের রকভিলের হার্বার্ট হোভার মিডল স্কুলে এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানের মধ্যদিয়ে নতুন কমিটি দায়িত্বভার গ্রহণ করে।

কমিটির সদস্যদের শপথ বাক্য পাঠ করান প্রধান নির্বাচন কমিশনার বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও বাংলাদেশে যুক্তরাষ্ট্র দূতাবাসের সাবেক তথ্য কর্মকর্তা ওয়াহেদ হোসেইনী এবং কমিশনের অপর দুই সদস্য ইংরেজি বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও এরপর ৩৪ পৃষ্ঠায়



# আন্তর্জাতিক লোকসংগীত সম্মেলনের প্রস্তুতি সভা

আজকাল রিপোর্ট

পল্লীগীতি, ভাওয়াইয়াসহ চিরায়ত বাংলার সংগীত নিয়ে নিউইয়র্কে আগামী ২৬ জুলাই অনুষ্ঠিত হতে যাচ্ছে আন্তর্জাতিক লোক সংগীত সম্মেলন। গত ২ ফেব্রুয়ারী জ্যাকসন হাইটসস্থ আন্তর্জাতিক লোক সংগীত সম্মেলনের প্রধান কার্যালয়ে এক প্রস্তুতি সভায় সম্মেলনের সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়। আয়োজক কমিটির সিনিয়র সহ- সভাপতি মনিরুল ইসলাম মনির সভাপতিত্বে, এরপর ২২ পৃষ্ঠায়

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনে বাড়ি
পাবলিক অকশনে বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শরট-সেল ও REO প্রপার্টি
কল করুন:
৫১৬ ৪৫১ ৩৭৪৮
150 Groat Nack Road, Groat Nack, New York-11021
nurulazim67@gmail.com
Nurul Azim

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
এয়ার লাইন্স টিকেট ও নির্ভুল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
IATA Accredited Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক ৬৪৯+Tax
ওমরাহ
HAJ TOURS
মোঃ আব্দুল খালেক
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যবস্থা করে থাকি।
গ্যারান্টি সবচেয়ে কম রেটের মর্টগেজে সহযোগীতা প্রদান করা হয়
OneKey MLS
Fazle
SHOHAG KHAN
Licensed Real Estate Sales
Cell : 1- 917 770 1341
Office : 1- 516 800 5160
Email: shohag. khan@hotmail.com

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99 Midnight & Driver Special
PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

US BANGLA TAX & MULTISERVICES INC.
LAILAC INSURANCE BROKERAGE INC.
One Stop Services
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646--361-0250
Authorized IRS e-file Provider
37-47 73rd Street. Suite # 217
Jackson Heights, NY-11372
Tel: 718-255-6783
Fax: 718-255-6783
usbanglatax@yahoo.com
lailacinsuranceinc@yahoo.com
Services: Individual & Business Tax Services, Immigration Services
Loan Modification, Auto, Home & Business Insurance, Real Estate


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

সম্পাদকীয়

# ‘থামুন, অভ্যুত্থানের ফসল নষ্ট করবেন না’

প্রিয় মাতৃভূমি বাংলাদেশে অস্থিরতা বিরাজ করছে। প্রতিহিংসার রাজনীতিতে ধ্বংসযজ্ঞে পরিণত হয়েছে দেশটি। হাসিনার উস্কানীতে আওয়ামী লীগের হাজারো কর্মি ও সমর্থকরা ঘর ছাড়া। তাদের পরিবার ও বাড়িঘর আজ ছিন্নভিন্ন। আর দলটির সিনিয়র নেতারা ভারতে বসে দিব্বি আরাম আয়াসে রয়েছেন। প্রবাসেও কোটি মানুষ দেশ মাতৃকার জন্য উদ্বিগ্ন। দেশটি এগিয়ে যাক তাদেও একমাত্র আকংখা। ফ্যাসিবাদেও পতনে তাদেও অবদান কম নয়। কিন্তু দেশে যা ঘটছে তাতে হতাশ হচ্ছেন সবাই। গত ২ দিনের অরাজকতায় সরকারের অন্যতম নীতিনির্ধারক ও ছাত্রজনতার অভ্যুত্থানের কারিগর মাহফুজ আলম এগিয়ে এসেছেন। শুনিয়েছেন আশার বানী। সাপ্তাহিক আজকাল তার এই বক্তব্যকে সময়োপযোগী মনে করে। আমরাও তার সাথে একমত। মাহফুজ বলেছেন, থামুন, অভ্যুত্থানের ফসল নষ্ট করবেন না। সাবাশ আমাদের তরুণ প্রজন্ম।



ফেসবুক লাইভে ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্য দেওয়াকে ঘিরে প্রায় সারা দেশেই চলছে আওয়ামী লীগের অফিস ভাঙচুর ও অগ্নিসংযোগ। একইসঙ্গে বিভিন্ন দাবিতে একের পর এক চলছে মিছিল-অবরোধসহ নানা আন্দোলন কর্মসূচি। এই অবস্থায় সবাইকে থামার আহ্বান জানিয়েছেন অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা মাহফুজ আলম। একইসঙ্গে অভ্যুত্থানের ফসল নষ্ট হয়-এমনকিছু থেকে বিরত থাকারও আহ্বান জানিয়েছেন তিনি।
বাংলাদেশে বৃহস্পতিবার ৬ ফেব্রুয়ারি দিবাগত রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের নিজস্ব আইডিতে দেওয়া এক স্ট্যাটাসে তিনি এই আহ্বান জানান।
মাহফুজ আলম বলেন, ‘থামুন! শান্ত হোন। সরকারকে কাজ করতে দিন। বিচার ও সংস্কার হবেই। আমি জানি এ উত্তপ্ত মৌসুমে কেউ থামতে বলবে না আপনাদের। কিন্তু, আপনারা গালি দিলেও বলব, থামুন।’
তিনি বলেন, ‘জনগণ এবার রাজনৈতিকভাবে শিক্ষিত হবার সুযোগ পেয়েছে। এখন গঠনমূলক রাজনীতির সময়। উত্তম বিকল্প দেখানোর সময়। প্রতিরোধের প্রয়োজনেই দরকার নিজেদেরকে প্রশিক্ষিত, প্রাজ্ঞ ও স্থির করে তোলা।’
অভ্যুত্থানের ফসল নষ্ট না করার আহ্বান জানিয়ে উপদেষ্টা বলেন, ‘এটা দীর্ঘমেয়াদি লড়াই। প্রস্তুতি নিন, হঠকারিতা করবেন না। অভ্যুত্থানের ফসল নষ্ট করবেন না। শত্রুরা আপনাদের যেভাবে দেখতে ও দেখাতে চায়, সেপথে না যাওয়াই এদেশের জন্য ভালো।’
তিনি আরও বলেন, ‘হাসিনার দিয়ে যাওয়া ট্রমা যেন আপনাদের উপর ছায়া না ফেলে। আমরা একটা নতুন সমাজ ও রাষ্ট্র গড়বই। দীর্ঘপথ, কিন্তু আমাদের জাতির সামনে আর কোন বিকল্প নাই।’

অভ্যুত্থানের ফসল নষ্ট না করার আহ্বান জানিয়ে উপদেষ্টা বলেন, ‘এটা দীর্ঘমেয়াদি লড়াই। প্রস্তুতি নিন, হঠকারিতা করবেন না। অভ্যুত্থানের ফসল নষ্ট করবেন না। শত্রুরা আপনাদের যেভাবে দেখতে ও দেখাতে চায়, সেপথে না যাওয়াই এদেশের জন্য ভালো।’ তিনি আরও বলেন, ‘হাসিনার দিয়ে যাওয়া ট্রমা যেন আপনাদের উপর ছায়া না ফেলে। আমরা একটা নতুন সমাজ ও রাষ্ট্র গড়বই। দীর্ঘপথ, কিন্তু আমাদের জাতির সামনে আর কোন বিকল্প নাই’

# শফিকেরা কেন অধম হবেন

মনোয়ারুল ইসলাম

১৭টি বছর দেশের প্রথিতযশা/ডাকসাইটে নেতারা পারেননি। ফ্যাসিবাদ আমৃত্যু ভর করেছিল দেশের রাষ্ট্রযন্ত্রে। রোজার পর, ঈদের পর, শীতের পর কিংবা বর্ষার পর আন্দোলনের কর্মসূচি আসছে। এমন বক্তব্য দেশের প্রধান বিরোধী রাজনৈতিক দল বিএনপির কাছ থেকে বারবার আসতো। তা নিয়ে শাসক দলের সাধারন সম্পাদক ওবায়দুল কাদের বারবার ব্যঙ্গোক্তি করতেন। অশ্লীল ভাষায় আক্রমন করতেন বিরোধীদের। রাস্তায় নামার প্রস্তুতি নিলেই তাদের ওপর সরকারি ও বেসরকারকারি পেটোয়া বাহিনী চড়াও হতো।বাড়ি বাড়ি গিয়ে নেতাকর্মিদের ধরে নিয়ে মিথ্যা মামলায় গ্রেফতার। অনেককে গুম করা হতো হাড়েহামেশাই। ১৭টি বছর বিরোধীদের কেটেছে থানা হাজতে হাজিরা দিতে দিতেই। সাধারন মানুষ নীরবেই এ সব মেনে নিতেন। প্রতিবাদ করলেই সব শেষ। ব্যবসা-বানিজ্য, বাড়িঘর এমনকি জীবন চলে যেত নিমিষেই।



এমনি এক ভয়াবহ পরিস্থিতিতে আবাবিল পাখির মতো উদয় হলেন ছাত্ররা। কোটাবিরোধী আন্দোলন আয়রন লেডি হিসেবে খ্যাত হাসিনার সাজানো বাগান তছনছ করে দিলো। অবশ্য তাদের এ আন্দোলনে আপামর জনতা ও রাজনৈতিক দলগুলোর অকুণ্ঠ সমর্থন ও অংশগ্রহনে তা সফলতা পায়। ৫ আগষ্ট ফ্যাসিবাদের পতনের পর মানুষের প্রত্যাশার ব্যাপ্তি হয়ে উঠে আকাশচুম্বি।
জাতির এই ক্রান্তিলগ্নে হাল ধরেন বিশ্বখ্যাত বাংলাদেশি নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূস। গত ৬টি মাস অনেক ষড়যন্ত্র ও চড়াই উৎড়াই পেরিয়ে রাষ্ট্র মেরামতের চেষ্টা করছেন। আবেগি জাতির প্রত্যাশা পূরনে সফলতার মুখ দেখাতে পারছেন না। প্রতিদিনই ষড়যন্ত্র তাকে মোকাবেলা করতে হচ্ছে। এরপরও সাধারন মানুষের আশার আলো নিভে যায়নি। কিন্তু কিছু নেতিবাচক উপসর্গ আমাদের হতাশ করছে।



প্রধান উপদেষ্টার প্রেস সেক্রেটারি শফিকুল আলম। আমার স্বল্প জুনিয়র। একজন সজ্জন ব্যক্তি। সাংবাদিকতায় তার ক্লিন ইমেজও রয়েছে। তিনিই এখন সরকারের মুখপাত্র। সরকারের সব সিদ্ধান্তই তার মুখ দিয়ে আসছে। ফ্যাসিবাদী সরকারের নিকৃষ্ট কাজগুলোর স্মৃতি আমরা অনেকই ভুলতে বসেছি। কি সে ভয়াবহ দৃশ্য। মানুষের কাংখিত পরিবর্তন ছিল অনিবার্য। তাদের সমালোচনা আগামী ১৭ বছরেও শেষ করা যাবে না। সম্প্রতি পতিত সরকার প্রধানের ছবির দেখা মিললো বাংলা একাডেমির ডাস্টবিনে। আর এতে ময়লা ফেলছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। তা আবার নিজ ফেসবুকে স্ট্যাটাস আকারে দিলেন। ব্যস। জাত গেলো। সমাজ গেলো। কুরুচিতায় ভরে গেল সোশাল মিডিয়া। শফিকুলের জীবননাশের হুমকি দেয়া হচ্ছে। তার পরিবার নিয়ে যাচ্ছেতাই লেখা হচ্ছে। ফ্যাসিবাদের সমর্থিত কথিত ব্লগাররা আজান দিয়ে মাঠে নেমেছেন তার বিরুদ্ধে।
শফিক এমন একটি ডাস্টবিনের পাশে দাঁড়িয়ে ছবি না তুলতেও পারতেন। এতে কি শত শহীদের আত্নত্যাগের সরকারের সুনাম বৃদ্ধি পেল। অতীত গর্হিত কাজের সব কর্মকান্ড শফিকদের কাছে আশা করি না। মানুষ যেন আপনাদের কর্মকান্ডকে অতীত খারাপ কাজের সাথে তুলনা না করে। পরিশেষে এটাই বলবো, শফিকরা কেন ওদের মতো অধম হবেন। এখনও যেতে হবে বহুদূর। মাঝিরা সতর্ক হোন।
একই সাথে ছোট ভাই সাংবাদিক শওকত হোসেনের একটি ফেসবুকের স্ট্যাটাসকে স্বাগত জানাচ্ছি ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে আহতদের সহমর্মিতায়।তিনি লিখেছেন, মধ্যরাতে ব্যারিকেড ভেঙে প্রধান উপদেষ্টার বাসভবনের সামনে জুলাই অভ্যুত্থানে আহতরা। কিন্তু প্রশ্ন হলো ছয় মাস পরও জুলাই আনদোলনে পঙ্গুত্ব বরণকারী আহতরা তাদের চিকিৎসার দাবীতে শীতের রাতে রাজপথে কেন? নোবেল জয়ী ডক্টর ইউনূস জবাব চাই। যাদের রক্তের বিনিময়ে পেলেন ক্ষমতা,তাদের করছেন অবহেলা,করছেন বৈষম্য। ব্যারিকেড ভেঙে, তাই প্রধান উপদেষ্টার বাসভবনের সামনে মধ্যরাতে বিক্ষোভ করছেন আহতদের স্বজন আর জনতা। ভুলে গেলে চলবে না, এরাই ছিল জুলাই বিপ্লবের আসল সিপাহিশালার। বুক পেতে দিয়ে খুনি হাসিনার পৈশাচিক পুলিশের বিরুদ্ধে এরাই সম্মুখ সারিতে থেকে লড়াইটা চালিয়েছে শেষ পর্যন্ত। আপনার তথাকথিত কোন মাস্টারমাইন্ডের টিকিটিও তখন খুঁজে পাওয়া যায়নি। তাদের জন্য কেউ অপেক্ষাও করে নাই। বরং তারা নিজেরাই নিজেদের শক্তিতে বলীয়ান হয়েই শেষ পর্যন্ত লড়াই করে জুলাই বিপ্লবকে সফল করেছিল। আনদোলনের চরম মুহূর্তে তথাকথিত সমন্বয়কদেরও খোঁজে পাওয়া যায় নাই কোন সম্মুখ সমরে। অথচ তারাই এখন সবচেয়ে সুবিধাভোগী। সরকারের অংশীদার হওয়া থেকে শুরু করে নানা রকম সুযোগ সুবিধা গ্রহণ করছে। শুধু তাই নয় ইউনূস সরকারের পৃষ্ঠপোষকতায় রাজনৈতিক দল গঠন করে আগামী নিবার্চনের জয়ী হয়ে সরকার গঠনেরও স্বপন দেখছে তারা। দল কর, কোন সমস্যা নাই। বিয়ে কর, শীতের রাইতে বাসরঘর কর, তাতেও কোন এরপর ২২ পৃষ্ঠায়

# ‘শাহনাজ রহমতল্লাহ’: সীমানা ছেড়ে চলে গিয়েও চির অনির্বাণ

এবিএম সালেহ উদ্দীন

উত্তম কাজের মধ্যদিয়ে প্রকৃত মানুষের শ্রেষ্ঠত্ব ফুটে ওঠে। যার ভিত্তিতে একজন সত্যিকার মানুষের পরিচয় পাওয়া যায়। আমরা আজ যাঁর কথা উল্লেখ করব, তিনি একজন পূর্ণায়ত মানুষ। যিনি তাঁর উত্তম জীবনাচার ও সাংস্কৃতিক কর্মের মাধ্যমে জীবনের স্বার্থকতা অর্জন করেন।
শিল্প-সংকৃতির বিভিন্ন শাখায় যিনি তাঁর পরিবারের সদস্যদের প্রভূত সাফল্যের মধ্যদিয়ে খ্যাতিমান হয়েছেন। তিনি হলেন,-শাহনাজ রহমতুল্লাহ। যিনি প্রতিভার অত্যুত্তম উন্মেষ, জীবনযাপনের সাবলীলতা, সঙ্গীতে স্বতঃস্ফূর্ততা এবং আত্মবিশ্বাসের এক বিরল দৃষ্টান্ত তিনি রেখে গেছেন। সঙ্গীত জগতে তিনি যেমন গৌরব অর্জন করেন,তেমনি দেশের সাংস্কৃতিক অঙ্গনকে গৌরবান্বিত করেছেন।
বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামীদের মাঝে কবি-সাহিত্যিক, শিল্পী ও সংস্কৃতিসেবীদের বিরাট অবদান রয়েছে। সেইদিক থেকে শাহনাজ রহমতুল্লাহ এবং তাঁর পরিবারের বিরাট অবদান রয়েছে।
তিনি দেশের স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের সময় প্রচুর গান গেয়েছেন। দেশাত্মবোধক গানের সুরকে স্থায়ী করে গেছেন। এছাড়াও সংগীতজগতের উজ্জ্বলের মধ্যদিয়ে খ্যাতিমান হয়েছেন। সংগীতের সকলধারায় তাঁর বিচরণ ছিল।
এ প্রসঙ্গে আমার শৈশবের কিছু স্মৃতি মনে পড়ে। শিশুকালে মা আমাকে কোলে নিয়ে দু'টি গানের কলি প্রায়ই মুখে আনতেন। ‘খোকন সোনা বলি শোন/ থাকবেনা আর দুঃখ কোন/মানুষ যদি হতে পারো...চ। সেই কারণে এই গানটি অনেক কানে বাজে। আমার বোনেরাও সেসব কণ্ঠে গুনগুন করতেন । আরেকটি গান- ‘একবার যেতে দে না /আমার ছোট্ট সোনার গাঁয় । যেথায় কোকিল ডাকে কুহু/ দোয়েল ডাকে মুহুর্মুহু/ নদী যেথায় ছুটে চলে আপন ঠিকানায়...
‘খোকন সোনা’ নামের গানের কলি আমার মা পছন্দ করতেন। ‘খোকন’ আমার ডাক নাম । সেই সুবাদে বাড়িতে সবার কাছে এ নামটি প্রিয়। দ্বিতীয় গানটি শৈশব থেকে শুনতে শুনতে মুখস্থ হয়ে গেছে।



যুবা হওয়ার পর কৈশোরের সবচেয়ে স্মৃতিবাহী সময় হচ্ছে বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের ঘটনাবলী ও মহান মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধের আগে সত্তরের নির্বাচনে পাকিস্তান সরকারের ভরাডুবি হয়েছিল। সেই সময় (১৯৭০ সাল) ভোলার জেলার প্রলয়ংকারী জলোচ্ছ্বাসের শোকার্ত স্মৃতি, ভয়জড়িত হৃদয় এখনও কম্পিত হয়।
তারপর একাত্তরের মুক্তিযুদ্ধের কঠিণ সময় কালে কিংবদন্তী গীতিকার গাজী মাযহারুল আনোয়ারের লেখা ‘জয় বাংলা বাংলার জয়.., ও গীতিকার ও চলচ্চিত্রকার খান আতার লেখা ‘এক নদী রক্ত পেরিয়ে/ বাংলার আকাশে রক্তিম সূর্য আনলে যারা/ আমরা তোমাদের ভুলবো না ভুলবো না’...
প্রথম বাংলাদেশ আমার শেষ বাংলাদেশ,
‘একতারা তুই দেশের কথা বলরে এবার বল..’
সোনা সোনা সোনা /লোকে বলে সোনা/ সোনা নয় যত খাঁটি... যত বল খাঁটি তার চেয়ে খাঁটি বাংলাদেশের মাটি/ আমার বাংলাদেশের মাটি’, আমার প্রাণের প্রতিটি নিঃশ্বাস/ আমার চেতনার অনন্ত বিশ্বাস/শুধু সোনালী স্বপ্ন পরিবেশ/ বাংলাদেশ আমার বাংলাদেশ...
আবার একেবারে তারুণ্যেদীপ্ত সময়ে -
‘যে ছিল দৃষ্টির সীমানায়/ যে ছিল হৃদয়ের আঙিনায়,
সে হারালো কোথায় কোন দূর অজানায়’..,
‘ফুলের কানে ভ্রমর এসে/ কানে কানে বলে যায়..’,
খোলা জানালায় চেয়ে দেখি তুমি আসছ’...
‘আমার ছোট্ট ভাইটি মায়ায় ভরা মুখটি’...
গাজী মাজহারুল আনোয়ারের লেখা ‘জয় বাংলা বাংলার জয়’গানসহ স্বাধীনতা সংগ্রামকে বেগবান করে এবং মহান মুক্তিযুদ্ধে সকল দেশপ্রেমিক জনতাকে উদ্দীপ্ত করে তোলে।
১৯৬৩ সালে ১০ বছর বয়সে ‘নতুন সুর’ নামক চলচ্চিত্রে কণ্ঠ দেওয়ার মাধ্যমে শিল্প ও সাংস্কৃতিক অঙ্গনে প্রবেশের মধ্যদিয়ে তাঁর কর্মজীবন শুরু হয়। ১৯৬৪ সালে টেলিভিশনে প্রথম তাঁর কণ্ঠে গান প্রচারিত হয়। দেশের জনপ্রিয় গীতিকার গাজী মাজহারুল আনোয়ার,খান আতা এবং আলাউদ্দীন খান প্রমুখের সুরে সবচেয়ে বেশি গান গেয়েছেন। পাকিস্তানে থাকার সুবাদে করাচী টিভিসহ উর্দু ছবিতেও গান করেছেন।
এছাড়া খ্যাতিমান কবি ও গীতিকার সিকান্দর আবু জাফরের লেখা অনেক গানে কণ্ঠ দিয়ে তিনি অবিস্মরণীয় আছেন। যাঁর সুরেলা কণ্ঠ বাংলার প্রকৃতি, মাটি, মানুষ, নদী ও তরুলতার সাথে মিশে আছে তিনি হচ্ছেন কিংবদন্তী সুরকার ও সঙ্গীতশিল্পী ‘শাহনাজ রহমতউল্লাহ’।
সাংস্কৃতিক পরিমণ্ডলে বেড়ে ওঠা এই মহান শিল্পীর পুরো পরিবারটিই সুপ্রাচীন ঐতিহ্যে লালিত এবং শিল্প- সংকৃতির ধারক ও বাহক। বাবা কলকাতার প্রখ্যাত আইনজীবি, সুশিক্ষিতা মাতা, বড় ভাই প্রয়াত: আনোয়ার পারভেজ যিনি ছিলেন স্বনামধন্য গীতিকার ও শিল্পী। ছোটভাই জাফর ইকবাল আশির দশকের দিকে অকালে চলে যাওয়া জনপ্রিয় নায়ক ও গায়ক।
ছোটবেলা থেকেই মেধা ও মননশীলতার মধ্যদিয়ে বেড়ে উঠা শাহনাজ রহমতুল্লাহ অপূর্ব কণ্ঠস্বর ও সুরের মাদকতা নিয়ে সঙ্গীতজগতে সুপ্রতিষ্ঠিত হন। এরপর ২৬ পৃষ্ঠায়

সঙ্গীত জগতের কিংবদন্তী মহান শিল্পী শাহনাজ রহমতুল্লাহ'র সৃষ্টিশীল গানের অবদানের কথা যতই উচ্চারিত হবে;ততই শিল্প-সংস্কৃতি ও সঙ্গীতের ভুবন সুউজ্জ্বল এবং সমৃদ্ধ হবে। যখনই তাঁর মাধুর্যমন্ডিত কণ্ঠের কথা স্মৃতিতে ভেসে আসে, তখন শুধু গানের কথা নয়, তাঁর সমগ্র জীবনের শিল্পসত্তা ও তাঁর মানস পরিস্ফূটিত হয়ে ওঠে। তখনই তাঁর প্রতি এবং স্রষ্টার প্রতি আমাদের প্রণতি আরও বেশি পূর্ণতর হয়ে ওঠে

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751, Fax: 718-865-9130
web: www.ajkalnewyork.com
e-mail: ajkalnews@gmail.com

# আমাদের রাষ্ট্রভাষা আন্দোলন ছিল গণতান্ত্রিক

সিরাজুল ইসলাম চৌধুরী

জাতীয়তাবাদে রাজনীতি থাকে, প্রশ্ন থাকে রাষ্ট্র ভাঙা ও গড়ার। ভাষা রাষ্ট্রকে ছাড়িয়ে যায় এবং ভাষার ভেতর নিহিত থাকে যে সম্ভাবনা, তা একাধারে ব্যাপক ও গভীর, কেবল যে গণতান্ত্রিক তা নয়, সমাজতান্ত্রিকও; কেননা ভাষার পরিচয় শ্রেণিকে অতিক্রম করে চলে যেতে পারে, ক্ষমতা রাখে যাওয়ার। আমাদের রাষ্ট্রভাষা আন্দোলন গণতান্ত্রিক ছিল, একাধিক অর্থে। প্রথমত, তা পাকিস্তানি রাষ্ট্রকাঠামোর ভেতর সংখ্যাগরিষ্ঠের অর্থাৎ বাংলাভাষীর অধিকার প্রতিষ্ঠা করতে চেয়েছিল। দ্বিতীয়ত, তা বাঙালিদের এক করতে চেয়েছিল শ্রেণি বা সম্প্রদায়গত পরিচয়ে নয়, ভাষাগত পরিচয়ে। সেখানে তার আকাঙ্ক্ষাটা সমাজতান্ত্রিক।

জাতীয়তাবাদকে যাঁরা অপছন্দ করেন, মনে করেন এ হচ্ছে নাগরিকদের গোলাম করে রাখার আরেক কায়দা, তাঁরাও ভাষার উপকারী ভূমিকার ব্যাপারে উৎসাহ প্রকাশ করেছেন। যেমন রুডলফ রকার। তিনি মনে করতেন মানুষের আসল জন্মভূমি হচ্ছে তার ভাষা। বলেছেন, 'অব অল দ্য এভিডেন্সেস হুইচ হ্যাভ বিন সাইটেড ফর দ্য এক্সিসট্যান্স অব আ ন্যাশনাল আইডিওলজি, কমিউনিটি অব ল্যাঙ্গুয়েজ ইজ বাই ফার দ্য মোস্ট ইমপরটেন্ট' এবং 'ইন নাথিং ডাজ দ্য ন্যাশনাল ক্যারেক্টার, দ্য ইমপ্রিন্ট অব দ্য মেন্টাল অ্যান্ড স্পিরিচুয়াল পাওয়ার অব আ পিপল, এক্সপ্রেস ইটসেলফ অ্যান্ড ক্লিয়ারলি অ্যাজ ইন ল্যাঙ্গুয়েজ।'

পাকিস্তান প্রতিষ্ঠিত হয়েছিল একটি ধর্মভিত্তিক জাতীয়তাবাদের ওপর ভিত্তি করে। কিন্তু পরে সেই জাতীয়তাবাদ পূর্ব বাংলার মানুষের কাছে গ্রহণযোগ্য থাকেনি। আসলে ধর্মীয় জাতীয়তাবাদের ওই ধারণাটা ছিল কৃত্রিম। যে জন্য নতুন রাষ্ট্র প্রতিষ্ঠার শুরুতেই তার নায়ক মোহাম্মদ আলী জিন্নাহ (১৮৭৬-১৯৪৮) বলতে বাধ্য হয়েছিলেন যে ওই রাষ্ট্রে হিন্দু-মুসলমান-খ্রিষ্টানের কোনো ভেদাভেদ থাকবে না, সবাই সমান নাগরিক অধিকার ভোগ করবে। কিন্তু তিনি উর্দুকেই পাকিস্তানের একমাত্র রাষ্ট্রভাষা করতে চাইলেন। ভুল করে চাননি, এই চাওয়াটাই ছিল স্বাভাবিক। কেননা তাঁর আকাঙ্ক্ষা ছিল পাকিস্তানের পূর্বাংশের ওপর পশ্চিমাংশ কর্তৃত্ব করবে, এটা দেখার। সেই কর্তৃত্বেরই একটি অস্ত্র ও উপাদান হবে উর্দু ভাষা। এটা অবশ্য বলা হয়েছিল যে বাংলার তুলনায় উর্দুই রাষ্ট্রভাষা হওয়ার জন্য বেশি যোগ্য, কেননা এই ভাষা ইসলামের অধিকতর নিকটবর্তী। কিন্তু সেটা অজুহাত মাত্র। আসল কথাটা হলো, পূর্বের ওপর পশ্চিমের কর্তৃত্ব।

পশ্চিম ভাবত পূর্বাঞ্চল হবে তাদের উপনিবেশ। বাঙালি মুসলমান পাকিস্তানের পক্ষে ভোট দিয়েছিল, বস্তুত তাদের ভোটের কারণেই পাকিস্তান প্রতিষ্ঠিত হয়েছিল। অবিভক্ত ভারতে জনসংখ্যার চার ভাগের এক ভাগ ছিল মুসলমান, আর সেই মুসলমানদের এক-তৃতীয়াংশ বাস করত বাংলায়, তাই তারা যখন ভোট দিয়ে জানিয়ে দিল যে তারা পাকিস্তান চায়, তখন পাকিস্তানের দাবিকে অবজ্ঞা করা কঠিন হয়ে পড়েছিল। বাঙালি মুসলমান পাকিস্তান চেয়েছিল সত্য, কিন্তু সেটা ইসলামের জন্য নয়, উর্দুকে রাষ্ট্রভাষা করার জন্য তো নয়ই, চেয়েছিল নিজেদের বৈষয়িক মুক্তির জন্যই। আর ওই মুক্তির পথে মস্ত এক বাধা হিসেবে উর্দু ভাষা দাঁড়িয়ে যাবে বলে আতঙ্ক তৈরি হলো। রাষ্ট্রভাষা আন্দোলনের সূত্রপাত সেই আতঙ্ক থেকেই। এক পরাধীনতার শেষে পূর্ববঙ্গ আরেক পরাধীনতাকে গ্রহণ করতে প্রস্তুত ছিল না।



জিন্নাহ উর্দুকে রাষ্ট্রভাষা করার সংকল্প প্রকাশ্যে ঘোষণা করেছিলেন আটচল্লিশ সালের মার্চ মাসে, পাকিস্তান প্রতিষ্ঠার কয়েক মাস পরেই। আর তাঁর ওই ঘোষণার প্রতিক্রিয়ায় সঙ্গে সঙ্গেই রাষ্ট্রভাষা আন্দোলনের সূত্রপাত। ওই বছরের ডিসেম্বর মাসে পূর্ব পাকিস্তান সাহিত্য সম্মেলন অনুষ্ঠিত হয় ঢাকায় এবং তাতে মূল সভাপতির ভাষণে ড. মুহম্মদ শহীদুল্লাহ (১৮৮৫-১৯৬৯), যা বলেন তা তাঁর একার কথা নয়, মধ্যবিত্ত শ্রেণির সচেতন অংশেরই বক্তব্য বটে: 'আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি। এটি কোনো আদর্শের কথা নয়, এটি একটি বাস্তব সত্য। মা-প্রকৃতি নিজের হাতে আমাদের চেহারায় ও ভাষায় বাঙালিত্বের এমন ছাপ মেরে দিয়েছে যে তা মালা-তিলক-টিকিতে কিংবা টুপি-লুঙ্গি-শাড়িতে ঢাকার জো-টি নেই।' পাকিস্তানপন্থী মহলে এই বক্তব্য স্বাভাবিকভাবেই বিরূপ প্রতিক্রিয়া তৈরি করেছিল। এখানে যেটি লক্ষ করার বিষয় সেটা এই যে বাঙালি মুসলমান বাংলা ভাষার জন্য আগে কখনো এমন গভীর ও প্রবল আবেগ অনুভব করেনি। এ ব্যাপারে মনে হয় পশ্চিমবঙ্গের লোকজনেরও ছাড়িয়ে গেল; এই অর্থে যে পশ্চিমবঙ্গের রাষ্ট্রভাষা বাংলার জন্য কোনো আন্দোলন হয়নি এবং সেই আন্দোলনের পরিণতিতে স্বতন্ত্র একটি রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়নি, যেমনটি বাংলাদেশে প্রতিষ্ঠিত হয়েছে।

তবে বাঙালির জাতিসত্তার মূলে যে বাংলা ভাষা শহীদুল্লাহ-উল্লিখিত এই সত্য কেউই অস্বীকার করেননি। সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের (১৮৯০-১৯৭৭) সঙ্গে মুহম্মদ শহীদুল্লাহর বহু বিষয়ে বিস্তর ব্যবধান রয়েছে, কিন্তু জাতীয়তাবাদের ভাষাতাত্ত্বিক ভিত্তি সম্পর্কে তাঁরা একমত। ভাষার শক্তি সম্পর্কে তাঁর উল্লেখযোগ্য 'অরিজিন অ্যান্ড ডেভেলপমেন্ট অব দ্য বেঙ্গলি ল্যাঙ্গুয়েজ', (কলকাতা, ১৯২৫) গ্রন্থে সুনীতিকুমার চট্টোপাধ্যায় উল্লেখ করেছেন। প্রসঙ্গটি ছিল আর্যদের আধিপত্যবিষয়ক। সুনীতিকুমার লিখছেন, 'থ্রু দিজ ভিক্টরি অব হিজ ল্যাঙ্গুয়েজ, দ্য আরিয়ানস (আর্য) গেভ আ ডিসটিংক্ট কালার উইথ হুইচ ইট বিকেম অ্যাসোসিয়েটেড।' (পৃ. ৪১)

বিজয়ী আর্যরা যে আমাদের এই এরপর ২৬ পৃষ্ঠায়




বিজয়ী আর্যরা যে আমাদের এই অঞ্চলের লোকজনকে পক্ষী, পিশাচ, পাপিষ্ঠ, দস্যু, রাক্ষস, দাস, কুকুর, ম্লেচ্ছ, ব্রাত্য ইত্যাদি নামে সম্বোধন করতে পেরেছে, তার প্রধান কারণ রাজনৈতিক, দ্বিতীয় কারণ ভাষাতাত্ত্বিক। এখানকার লোকজন যে ভাষায় কথা বলে, আর্য ব্রাহ্মণেরা তা বোঝেনি। তাই বলার অজুহাত পেয়ে গেছে যে-এরা বর্বর; প্রাচীন গ্রিকরা যেমন মনে করত সকল অ-গ্রিকভাষীকে। গ্রিকরাও আর্যই ছিল, এ ব্যাপারে। আর্যরা নিজেদের চিহ্নিত করেছিল ভাষা দিয়েই। সেই ভাষা স্থানীয় লোকদের তারা শেখাতে চায়নি, আবার নিজেরাও যে স্থানীয় ভাষা শিখবে সেই উদারতা দেখায়নি। তার ফল খারাপ হয়নি। ভালোই হয়েছে, কেননা স্থানীয় ভাষা তৈরি হয়েছে, যেসব স্থানীয় ভাষার একটি হচ্ছে আমাদের এই বাংলা ভাষা

# প্রভাতফেরির কান্না

রুশা চৌধুরী

থাকলে কি আমরা রাতের আঁধারে আলতাফ মাহমুদের মতো আলোর মানুষের সুর গাইতাম-'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি'? যে প্রাণময় স্মৃতি নিয়ে আমরা বেড়ে উঠেছিলাম তা আবার ফিরিয়ে আনতে ভীষণ ইচ্ছে হয়। ইচ্ছে হয় নিজের সন্তান, বন্ধু, স্বজন, সহযাত্রীদের হাত ধরে আবার আমরা ভোরের আলোকে সাক্ষী করে শহীদ মিনারে যাই। মানুষের স্বার্থ আর বাস্তবতা তার ইচ্ছে, তার স্বাধীনতা এমনকি তার ভালোবাসার থেকেও বড় হতে পারে। যাদের জীবনে বায়ান্ন আছে, একাত্তর আছে, তাদের জন্য এই লজ্জিত সত্য ভুলে যাওয়া, ভুলে থাকা ভীষণ বেদনাময়

এমন একটা সময় ছিল, গলায় হারমোনিয়াম নিয়ে আলোর মানুষ হেঁটে যেতেন কেউ, ঘাসের ওপর পা দিয়ে, সঙ্গে আরও মানুষ। চোখে থাকত ভালোবাসার কথামালা- 'আকাশ ভরা সূর্য তারা বিশ্ব ভরা প্রাণ', বুকের ভেতর আগুন 'জ্বলে পুড়ে মরে ছারখার তবু মাথা নোয়াবার নয়' আর কণ্ঠে সেই প্রিয় সুর, যা হৃদয়ের অদৃশ্য তন্ত্রী থেকে বেজে উঠত, 'আমি কি ভুলিতে পারি'।



এমন সুর মনে হয় তাঁরা স্বপ্ন থেকে পেয়েছিলেন, ছোটবেলায় তাই মনে হতো। কবে প্রথম শুনেছিলাম মনে নেই। মনে হয় জন্ম থেকেই এ আমার সুর, আমার কথা!

সেই সব দিনের স্পষ্ট ছবি একটুও ঝাপসা না, খালি পায়ে দল বেঁধে শহীদ মিনারে যাওয়া, আমাদের মা-বাবারা গিয়েছেন অনেকবার, আমি মনে হয় এক বা দুইবার!

তখনো ঘাস ছিল এই শহরে। সেই ঘাসের ওপরে পা ফেললে সমস্ত শরীর এমনকি মানুষের আত্মাও পবিত্র হয়ে উঠত।

মানুষগুলোর মনে বেজে উঠত, 'ও আমার বাংলা ভাষা, এ আমার দুঃখ ভুলানো বুক জুড়ানো লক্ষ মনের আশা'। চোখমুখে যে জ্যোতি ঝলকে উঠত, তাতে স্পষ্ট বোঝা যেত এই জাতি মাথা নোয়াবার নয়। সাদা শাড়ি, সাদা পাঞ্জাবি বা সাদা শার্ট যে পরতেই হবে তার কোনো বাধ্যবাধকতা না থাকলেও অনেকের বুকেই কালো ব্যাজ, কণ্ঠে সেই আশ্চর্য সুন্দর গান! যেন এক স্বপ্নের দিকে যাত্রা। সেই অদ্ভুত স্বপ্নযাত্রার নাম ছিল, 'প্রভাতফেরি'।

ছিল বলছি কারণ আজ আর প্রভাতফেরি হয় না, ভোরের আলোকে সঙ্গে নিয়ে আর আমরা ভাষাকে, ভাষাশহীদদের কাছে শ্রদ্ধা জানাতে যাই না! কিন্তু কেন? এই প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে অধোবদন হই, বুকের মাঝে গুমরে ওঠেন আলতাফ মাহমুদ-

'রাষ্ট্রভাষা আন্দোলনও করিলিরে বাঙালি ঢাকার শহর রক্তে ভাসাইলি'...

সেই রক্ত কিন্তু ঝরেছিল দুপুরের লাল পলাশকে সাক্ষী রেখে। তাই হয়তো আজ পলাশেরা প্রাণপণ করে গাজীউল হকের সঙ্গে কণ্ঠ খুলে বলতে চায়, 'ভুলব না ভুলব না ভুলব না এ একুশে ফেব্রুয়ারি ভুলব না'। কিন্তু ভুলতে হয় তাঁদের। আমাদের সত্তায় আজ সমস্ত শহীদ, সুরের জাদুকর, কথার কারিগরেরা শুধু সাদা-কালো পোশাকে ঢাকা মূর্তি যেন!



আমাদের সন্তানেরা ভোররাতে উঠে সূর্যকে সঙ্গে নিয়ে শহীদ মিনারে যাওয়া বোঝে না, 'প্রভাতফেরি' তাদের কাছে ঠাকুরমার ঝুলিও না, সে যেন হ্যারি পটারের গল্প। সেই গল্প থেকে কালো কাপড়, লাল ফুল, ফেলে আসা নিয়ম রক্ষার গান বেরোলেও প্রাণ কেমন যেন হারিয়ে গেছে। মাত্র বাহাত্তর বছরেই হারিয়ে গেল প্রভাতফেরি, ডাইনোসরদের হারাতেও এর থেকে বেশি সময় লেগেছিল, তেলাপোকারা তো আজও বেঁচে আছে। আমরা পারলাম না এমন চমৎকার একটা স্বপ্নদৃশ্য সত্যি করে রাখতে

তাই আমরা সকালের সূর্যের বদলে রাতকে বেছে নিয়ে সুখে আছি। রাতের অন্ধকারে আমরা যাই আলোর পথযাত্রীদের কাছে, আমাদের কণ্ঠ তখন উচ্চারণে ভুল করে ফেলে, 'ও আলোর পথযাত্রী তিমির রাত্রি এখানে থেমো না'।

আমাদের সন্তানেরা ভোররাতে উঠে সূর্যকে সঙ্গে নিয়ে শহীদ মিনারে যাওয়া বোঝে না, 'প্রভাতফেরি' তাদের কাছে ঠাকুরমার ঝুলিও না, সে যেন হ্যারি পটারের গল্প। সেই গল্প থেকে কালো কাপড়, লাল ফুল, ফেলে আসা নিয়ম রক্ষার গান বেরোলেও প্রাণ কেমন যেন হারিয়ে গেছে।

মাত্র বাহাত্তর বছরেই হারিয়ে গেল প্রভাতফেরি, ডাইনোসরদের হারাতেও এর থেকে বেশি সময় লেগেছিল, তেলাপোকারা তো আজও বেঁচে আছে। আমরা পারলাম না এমন চমৎকার একটা স্বপ্নদৃশ্য সত্যি করে রাখতে।

রাত ১২টায় শ্রদ্ধা নিবেদন শুরু করে দুপুরের পরেই ক্লান্ত মানুষ উৎসবের আনন্দে খাওয়া-দাওয়া, অক্লান্ত ভেঁপু-বাঁশির আরবের সঙ্গে সঙ্গে ভুলে যায় মন্ত্র এরপর ৩৪ পৃষ্ঠায়

# ছাত্রদের নতুন দল ও নিরপেক্ষ নির্বাচনের প্রশ্ন

> ড. ইউনূসের উৎসাহেই ছাত্ররা দল গঠন করছেন। কিন্তু তাঁরা সন্দিহান যে নির্বাচন করলে সংসদে তাদের একটিও আসন থাকবে কি না। কারণ, কেউ তাঁদের চেনে না। এ প্রসঙ্গে অধ্যাপক ইউনূস বলেন, 'আমি তাদের বললাম, পুরো জাতি তাদের চেনে। তারা যা করতে চায়, সে বিষয়ে তাদের একটা সুযোগ দিই। সুতরাং, তারা এটা করবে।' তিনি যদি নিছক উৎসাহের জায়গায় থাকেন, সেটাও তেমন দোষের কিছু নয়, কিন্তু এই শুভেচ্ছা দিতে গিয়ে কি তিনি নিরপেক্ষ ও অন্যান্য দলের কাছে গ্রহণযোগ্য থাকতে পারবেন? যদি সেটা না হয়, সে ক্ষেত্রে একটি নির্বাচনকালীন নিরপেক্ষ সরকারের দাবি আসতে পারে বৈকি। চব্বিশের জুলাই অভ্যুত্থানের মাধ্যমে এ দেশে আবারও একটি জাতীয় ঐক্যের বিশাল সুযোগ তৈরি হয়েছিল

ড. মঞ্জুরে খোদা



অধ্যাপক মুহাম্মদ ইউনূস নতুন দল গঠন প্রসঙ্গে বলেন, 'তরুণেরা সত্যিই প্রতিশ্রুতিবদ্ধ তাদের খারাপ কোনো কিছুর সঙ্গে সংস্পর্শ নেই বা নিজেদের রাজনৈতিক আখের গোছানোর ব্যক্তিগত আকাঙ্ক্ষা নেই। তারা এই পরিস্থিতিতে রাজনৈতিক দল গঠন করছে বা রাজনীতিতে যুক্ত হচ্ছে। এটা দরকার। কারণ, রক্ত দিয়ে তারা যেগুলো অর্জন করেছে, সেগুলো তাদের রক্ষা করতে হবে। অন্যথায় সেগুলো সেই সব ব্যক্তি নিয়ে যাবে, যারা বিগত প্রশাসনও অন্যান্যের মতো সবকিছুর পুনরাবৃত্তির সুযোগ খুঁজছে। এটাই বাংলাদেশে আমাদের রাজনৈতিক পরিবেশ। সুতরাং তারা এটা রক্ষা করার চেষ্টা করছে। তাই আমি বলব, ছাত্রদের স্বচ্ছ অভিপ্রায় থাকবে।'

'... যারা বিগত প্রশাসন ও অন্যান্যের মতো সবকিছুর পুনরাবৃত্তির সুযোগ খুঁজছে।' ড. ইউনূসের বক্তব্যটি গভীর তাৎপর্য ও ইঙ্গিতপূর্ণ। এ কথার ব্যাখ্যা করলে দাঁড়ায়, বিগত দিনের শাসক যাঁরা ছিলেন...প্রধানত আওয়ামী লীগ ও বিএনপিকেই ইঙ্গিত করছেন। তাঁর এ কথার সঙ্গে আমি খুব দ্বিমত পোষণ করি না। কেননা, বিগত দিনে ক্ষমতা দখল করে রাজনীতিকেরা যা করেছেন, তার পুনরাবৃত্তি হোক, সেটা এ দেশের জনগণ চায় না। কিন্তু তা না হওয়ার পথপ্রক্রিয়া কী? কথিত ছাত্ররা দল গঠনের মাধ্যমে সেই অবস্থা পরিবর্তনের যে কথা বলছে, সেইভাবে কি সেটা হবে? সম্ভব? যে প্রেক্ষাপট ও প্রক্রিয়ায় কাজটি করার কথা বলা হচ্ছে, মনে করি সেটা ভালোর চেয়ে আরও ক্ষতি ও জটিলতার কারণ হবে।

কেন বলছি সে কথা? ছাত্ররা কোনো একক শক্তি নয়। তারা বিভক্ত ছিল, আছে অনেক আগে থেকেই। জাতীয় পর্যায়ে স্বীকৃত সংগঠন যেমন ছাত্রদল, নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগ, ছাত্রশিবির, ছাত্র ইউনিয়ন, ছাত্রফ্রন্টসহ অন্যান্য সংগঠনের মধ্যে আদর্শগত বিরোধ বিদ্যমান। ছাত্ররাজনীতির প্রয়োজন, আবেদন ও গ্রহণযোগ্যতা নিয়ে যখন প্রশ্ন উঠছিল। তেমন একটি সময়ে 'বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন' দেশের সব ছাত্রসংগঠন ও ছাত্রদের একটি নতুন প্ল্যাটফর্ম হয়ে উঠেছিল, যার মাধ্যমে গত বছর এক অভাবনীয় অভ্যুত্থান সংগঠিত হয়েছে। এটা তাদের একটি বিশাল অর্জন। কিন্তু এই সংগঠন যখন রাজনৈতিক দল গঠন ও ক্ষমতা দখলের বাসনা পোষণ শুরু করল, তখন থেকেই সেই অবস্থার পরিবর্তন হতে থাকল। কেননা, সেই আন্দোলনে তাদের সঙ্গে থাকা অন্যান্য সংগঠন ও সাধারণ ছাত্ররা তাদের পাশ থেকে সরে পড়ল।



শুধু তা-ই নয়, সম্প্রতি বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের 'অন্তর্বর্তী সরকারের ভবিষ্যৎ নিরপেক্ষতার' বক্তব্যের পরিপ্রেক্ষিতে উপদেষ্টা নাহিদ ইসলামের আরেকটি ১/১১-র প্রেক্ষাপটের সম্ভাবনা তৈরির মন্তব্যে এই বৈরিতা স্পষ্ট হয়ে ওঠে। রাজনৈতিক দল গঠন করা যে কারও গণতান্ত্রিক অধিকার। তাতে খারাপ কিছু নেই। কিন্তু কারা, কোন সময়ে ও প্রেক্ষাপটে, কোন লক্ষ্য-উদ্দেশ্যে সেই কাজ করছে, সেটা গুরুত্বপূর্ণ। ইউনূস সরকারের অধীনে যাঁরা এ কাজ করছেন, তাঁদের এই তৎপরতাকে অন্যান্য রাজনৈতিক দল স্বাভাবিকভাবে নিচ্ছে না। কারণ, দল গঠন শুধু নিছক কোনো দল নয়, তারা ক্ষমতার প্রধান দাবিদার বিএনপির জন্য চ্যালেঞ্জ তৈরি করবে। তার চেয়েও বড় প্রশ্ন, তারা ইউনূস সরকারকে ব্যবহার করবে এবং তাদের প্রতি তিনি তাঁর শুভেচ্ছার কথা খোলামেলাভাবেই বলছেন।

রাজনীতি একটি মহান আদর্শ ও পেশা। এর মাধ্যমে দেশ-জাতির প্রভূত উন্নতি ও সমৃদ্ধি সম্ভব, কিন্তু তার জন্য প্রয়োজন উপযুক্ত নেতৃত্ব। নেতৃত্বের সঠিক নির্দেশনায় দেশ-জাতির অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক, সাংস্কৃতিক উন্নয়ন ঘটে; যার মধ্য দিয়ে সভ্যতা, মানবতা সামনের দিকে অগ্রসর হয়। কিন্তু তা কথায়, ভাবনায় ও তত্ত্বে যতটা সুন্দর-সাবলীল, বাস্তবে ততটাই রূঢ় ও কঠিন। ম্যাকিয়াভেলির মতে, 'শাসনক্ষমতার বৈধতা কোনো নৈতিকতার মাপকাঠিতে আবদ্ধ নয়; কর্তৃত্ব আর ক্ষমতাই এখানে মূল বিষয়। যার ক্ষমতা আছে, সে-ই শাসন করবে, নৈতিকতা কাউকে ক্ষমতায় বসায় না। ক্ষমতা অর্জন আর ক্ষমতা রক্ষা করাই রাজনীতির মূলনীতি। ক্ষমতার উপযুক্ত ব্যবহার দিয়েই জনগণের আনুগত্য অর্জন করতে হয়। রাজনীতি মানেই হলো ক্ষমতা "গ্রহণ আর প্রয়োগের" নীতি।' কথাগুলো শুনতে অনেক কঠিন ও রূঢ় মনে হলেও উপমহাদেশের রাজনীতির নিয়তি এই সত্যেরই প্রতিধ্বনি।

নতুন রাজনৈতিক দল গঠন, ভবিষ্যতে নির্বাচন ও ক্ষমতাকেন্দ্রিক সমীকরণটা কেমন হবে? আমার পর্যবেক্ষণ, নির্বাচনী দৌড়ে বিএনপি সুবিধাজনক স্থানে আছে, তারপর ভোটের হিসাবে থাকবে আওয়ামী লীগ (?), জামায়াতে ইসলামীসহ ইসলামপন্থী দল ও বৈবিছাআ'র নবগঠিত দল শক্ত অবস্থানে থাকবে এবং বামসহ অন্যরাও। সে ক্ষেত্রে নির্বাচনী জোট-ঐক্যের সমীকরণ হতে পারে (১) বিএনপি ও তাদের সঙ্গে থাকা দলসমূহ, (২) জামায়াত ও ইসলামপন্থীরা এবং বৈবিছাআ'র নতুন দল, (৩) আওয়ামী লীগ (?) ও তার মিত্ররা যদি থাকে, (৪) বামফ্রন্ট ও মধ্যপন্থীদের ছোট ছোট দল।

এ ক্ষেত্রে হয়তো নিরপেক্ষ নির্বাচনের দাবি ও ক্ষমতার প্রশ্নে বিএনপি, জামায়াতসহ যেকোনো পক্ষই পতিত আওয়ামী লীগের সঙ্গে গোপন বোঝাপড়ায় এরপর ২৬ পৃষ্ঠায়






# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল’



## এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

**917-282-9256**

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

## এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**

(To Schedule Appointment Only)
**Call:917-282-9256**
E-mail: moinlaw@gmail.com



**Moin Choudhury**
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.


দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত
KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)
IATA
arc
Approved
Emirates
কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.
Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets
সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
উমরাহ্ ট্রাভেল এজেন্ট
প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা
আমাদের সুবিধা
নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা - রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।
উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।
718 205 6050, 718 205 6055, 917 691 7721
371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372
E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com
Web: www.karnafullytravel.com

# হতাশায় পথ খোঁজা: ভাষা ও সংস্কৃতি

> যার ফলাফল আমরা প্রায় প্রতিদিনই দেখতে পাই। কি রকম একটা জায়গা থেকে আমাদের সংস্কৃতি এবং রাজনীতির যাত্রা শুরু হয়েছিল, যার ফলে আমরা একটি জাতি রাষ্ট্র নির্মাণ করতে পেরেছিলাম! সেই জাতি রাষ্ট্রের মূলকাঠামোর মধ্যে সংস্কৃতির যে জায়গাটা ছিল, তাকে কলুষিত করতে করতে আমরা একটা পরমুখাপেক্ষী সাংস্কৃতিক জীবনযাপন করছি। আমাদের সংস্কৃতির আরও একটি বড় জায়গা ছিল, সেটি হচ্ছে নৈতিকতাবোধ। আজকের দুর্নীতিপরায়ণ সমাজের দিকে তাকালে সেই বোধটা বারবার শুধু হোঁচট খায় না, আহত হয়। আজকের দিনে ব্যাপক মানুষের হতাশা নিয়ে একটা সমাজ সামনের দিকে এগোতে পারছে না। কিন্তু মানবের ধর্ম সামনের দিকে এগোয়। সামনে যাওয়ার সেই পথ আমাদের খুঁজে বের করতে হবে

মামুনুর রশীদ



আটচল্লিশ থেকে বায়ান্ন এবং বায়ান্নর একুশে ফেব্রুয়ারি এক মুখ্য গণতান্ত্রিক শক্তি হিসেবে আত্মপ্রকাশ করে। স্লোগানগুলো ছিল কখনো গানের ভাষায়, কখনো রাজপথের রুদ্র বাক্যে-'ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়' অথবা 'রাষ্ট্রভাষা বাংলা চাই'। কৃষক লাঙল চালাতে চালাতে থমকে দাঁড়ায়, 'কী ব্যাপার, মুখের ভাষা কাইড়া নিতে চায়?' শীতের কাঁথা গায়ে কোনো অশীতিপর বৃদ্ধও কাঁপা গলায় প্রশ্ন করে 'কারা আমার মায়ের ভাষা কাইড়া নিতে চায়?' ছাত্রদের প্রশ্ন, 'কী চায় ওরা? সেই দিন রাষ্ট্রটা জন্ম নিল, তাহলে কাইড়া নেওয়ার প্রশ্নটা উঠল ক্যান? ওরা-আমরা তাইলে এক না?'

অসংখ্য প্রশ্নের জবাব মেলে না। তাই ছাত্র-জনতার প্রতিবাদের ঝড়টা এসে দাঁড়ায় রাজপথে। রাজপথ রঞ্জিত হয় রক্তে। তখনকার গণপরিষদ কেঁপে উঠল। শুধু শাসকগোষ্ঠী ছাড়া সবাই এক কাতারে। হাজার বছরের সংস্কৃতি নিয়ে বাঙালি জাতির দৃশ্যমান একটা গণতান্ত্রিক অভ্যুত্থান ঘটেছিল, যদিও রক্তাক্ত। বিদেশি এবং দেশি শাসকগোষ্ঠী সব সময়ই এই সংস্কৃতিকে উপেক্ষা করেছে। পাকিস্তান আমলেও এই সংস্কৃতিকে মেনে নিতে পারেনি। কারণে-অকারণে আঘাত করেছে কিন্তু জাতি তা প্রত্যাখ্যান করেছে। শাসকেরা শেষ পর্যন্ত অস্ত্র হাতে নিয়েছে। জাতিকে মিলিটারির বুটের তলায় রাখার চেষ্টা করেছে। তার পরিণতিও সুখের হয়নি। একটা রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে একটি জাতির রাষ্ট্র প্রতিষ্ঠা পেয়েছে।

ভাষা আন্দোলনের স্মারক হিসেবে জন্ম নিয়েছে বাংলা একাডেমি ও পরবর্তীকালে আরেকটি প্রতিষ্ঠান বাংলা উন্নয়ন বোর্ড। পাকিস্তানিদের হাত থেকে মুক্তি পাওয়ার পর বাংলা একাডেমির কর্মকাণ্ড সম্প্রসারিত হয়েছে, প্রতিষ্ঠিত হয়েছে শিল্পকলা একাডেমি এবং পাশাপাশি উপজাতীয় কালচারাল একাডেমি। কথা ছিল এ সবই হবে স্বায়ত্তশাসিত। এই প্রতিষ্ঠানগুলোর সদস্য হবেন দেশের শিল্পী, সাহিত্যিক ও মেধাবী ব্যক্তিরা। তাঁরাই নির্ধারণ করবেন নীতিনির্ধারকদের। বাংলা একাডেমির সদস্যরা কিছু কিছু সময় ভোটের মাধ্যমে একটি নীতিনির্ধারক কমিটি নির্বাচিত করলেও একসময় তা বন্ধ হয়ে যায়। শিল্পকলা একাডেমি চলতে থাকে জেলা প্রশাসকদের প্রধান করে। মন্ত্রণালয় মনোনীত কমিটি দ্বারা পরিচালিত হতে থাকে কমিটিগুলো। সব ক্ষমতার উৎস গিয়ে দাঁড়ায় মন্ত্রণালয়।



মহাপরিচালকেরা যেহেতু দলীয় বিবেচনায় নিয়োজিত, তাই তাঁদের কাজই হচ্ছে মন্ত্রণালয়কে সন্তুষ্ট রাখা এবং দিনের একটা সময় ফাইল বগলে করে সচিবালয় ঘুরে ঘুরে ক্লান্ত হয়ে নিজের অফিসে ফেরা। দু-চারটে ব্যতিক্রম ছাড়া সব সময়ই একাডেমির প্রকাশনা, পুরস্কার এসবে নিয়োগদাতাদের সন্তুষ্ট করা। শিল্পকলা একাডেমির কর্মকাণ্ড নির্ভর করে খোদ শাসকগোষ্ঠীর নির্দেশেই। যে মহাপরিচালক যত বেশি নতজানু, তাঁর সময়ই বেশি কর্মকাণ্ড এবং অর্থ ব্যয় হয়ে থাকে। যদিও ভবিষ্যতে জাতির সংস্কৃতিতে তা যুক্ত হয় না। অনেক দিন ধরেই লক্ষ করা গেছে বাংলা একাডেমির পুরস্কারে প্রবল পক্ষপাতিত্ব। দলীয় আশীর্বাদ ছাড়া দু-একটি ক্ষেত্রে হয়তো সঠিক ব্যক্তির ভাগ্যে এই পুরস্কার লাভের সুযোগ হয়েছে। তবে যতটা মনে পড়ে, পাকিস্তান আমলে পুরস্কারগুলো সঠিকই হয়েছে। কারণ, এর ওপর সরকারের খুব একটা নিয়ন্ত্রণ ছিল না। সম্ভবত সংস্কৃতি মন্ত্রণালয়ও তখন ছিল না।

পৃথিবীর অনেক দেশেই সংস্কৃতি মন্ত্রণালয় নেই। সংস্কৃতি সেখানে শিক্ষার আওতাভুক্ত। যুক্তিটা হচ্ছে, মন্ত্রণালয় থাকলেই সেখানে একটা নিয়ন্ত্রণের প্রশ্ন এসে যায়, বাংলাদেশ তার একটি অন্যতম উদাহরণ। বাংলা একাডেমি ছাড়াও বিভিন্ন মন্ত্রণালয় যে পদকগুলো দিয়ে থাকে, তা-ও দলীয় পরিচয়ের ঊর্ধ্বে নয়। পুরস্কার গ্রহণ এবং পুরস্কার প্রত্যাখ্যান, দুটিরই ঐতিহ্য আছে। ১৯৮৩ সালে আখতারুজ্জামান ইলিয়াস, নির্মলেন্দু গুণ, মুস্তাফা নূরউল ইসলাম এবং গোলাম মুরশিদ পুরস্কৃত হন, সেই সঙ্গে আমিও। কিন্তু দুটি কারণে সেই পুরস্কার আমি প্রত্যাখ্যান করেছিলাম। এর পরের বছরগুলোতেও গণতান্ত্রিক সরকার না আসা পর্যন্ত এই পুরস্কারটির দিকে খেয়াল করলে দেখা যাবে তা নিরপেক্ষ ছিল।

যাই হোক, পুরস্কার দেওয়া ছাড়াও এইসব প্রতিষ্ঠানের আরও অনেক কাজ আছে। প্রত্যেকেরই গবেষণা, প্রকাশনা এবং নানা সময়ে অনুষ্ঠানাদি হয়ে থাকে। আর বাংলা একাডেমির সবচেয়ে বড় অনুষ্ঠান হচ্ছে একুশের বইমেলা। বইমেলায় প্রতিদিনই আলোচনা অনুষ্ঠান থাকে। কেউ যদি গবেষণা করতে চান তাহলে দেখবেন এখানে যাঁরা আলোচক, সভাপতি বা মূল প্রবন্ধ পাঠ করেছেন, দু-চারজন ব্যতীত সবারই একধরনের রাজনৈতিক পরিচিতি আছে। এসব কথা বলার অর্থ হচ্ছে গণতন্ত্রের অন্যতম মূলমন্ত্র যোগ্য লোক, যোগ্য দল, যোগ্য গোষ্ঠী সর্বক্ষেত্রে নেতৃত্ব দেবে। সেই লোক বা গোষ্ঠীকে খুঁজতে গেলে মাথায় যদি নিরপেক্ষতার বদলে দলীয় বিবেচনা বা শাসকগোষ্ঠীর অন্তরঙ্গ বিষয়গুলো এসে যায়, তাহলে গণতন্ত্রকে আমরা কোথায় খুঁজে পাব?

আমরা যত কথাই বলি না কেন, আসলে সংস্কৃতি রাজনীতিকে পথ দেখায়। মানুষের চিন্তার গভীরে সংস্কৃতিই বসবাস করে। সেখান থেকেই সব সিদ্ধান্ত উৎসারিত হয়। কিন্তু মতপ্রকাশের স্বাধীনতা বা নিজের মনোনীত ব্যক্তিকে নির্বাচিত করার অধিকার যখন ক্ষুণ্ন বা বিঘ্নিত হয়, তখন অন্য ধরনের চিন্তা মানুষের মনে এরপর ২৬ পৃষ্ঠায়

# অনন্য অমর একুশে গ্রন্থমেলা

ড. তপন বাগচী

বইমেলা এখন আমাদের অনিবার্য বাস্তবতা। প্রতিবছর ফেব্রুয়ারি মাস জুড়ে বাংলা একাডেমি প্রাঙ্গণ আর তার সন্নিহিত সোহরাওয়ার্দী উদ্যানের দক্ষিণ প্রান্ত জুড়ে চলে এই মেলা। বইমেলাকে বলা হয় আমাদের প্রাণের মেলা। সবাই মেনে নিয়েছি এই অভিধা। আমরা জানি, এ কেবল বিকিকিনির মেলা নয়, লেখক-পাঠক-প্রকাশক-ক্রেতা-বিক্রেতার মিলনমেলা।

বাঙালির মহান সাংস্কৃতিক উৎসব হলেও আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের প্রায় সব বইয়ের প্রকাশনা হয় বইমেলাকেন্দ্রিক। মেলার পরে মার্চ মাসে কিংবা বছরের মাঝখানে জুন মাসে লেখকের কোনো পাণ্ডুলিপি হাতে পেলেও প্রকাশকরা সেটি সেই ফেব্রুয়ারিতে প্রকাশ করেন, আবার ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে পাণ্ডুলিপি পেলেও তা ফেব্রুয়ারিতে প্রকাশ করেন। এর একটা ইতিবাচক দিক হলো এতে উৎসবমুখরতা থাকে।

অন্যদিকে নেতিবাচক দিক হলো, বের হওয়া বইয়ে যত্নের ছাপ কম থাকে। তাই ভালো-মন্দ মিলিয়ে প্রায় ৫ হাজার বই প্রকাশ হয় এই মেলাতেই। ১৬ কোটির মানুষের দেশে এই সংখ্যা কম নয়। কিন্তু বড়ই পরিতাপের বিষয় হলো, বেশিরভাগ বইই ছাপা হয় একশ থেকে তিনশ কপি। হাজার হাজার বইয়ের মধ্যে মানসম্পন্ন বইয়ের সংখ্যা বড়জোর তিনশ থেকে পাঁচশ। কোনো গবেষণা কিংবা পরিসংখ্যান নয়, এই ধারণা আমার একান্তই ব্যক্তিগত। প্রতিবছর মেলায় ঘোরার অভিজ্ঞতা থেকে আমার এই ধারণা। তবে আমার ধারণা বাতিল হলে কিংবা মিথ্যা প্রমাণিত হলেই খুশি হবো। প্রযুক্তি সহজ হয়ে যাওয়ার কারণে অনেক সময় লেখকরাই কম্পোজ করে প্রুফ দেখে প্রকাশকের হাতে দেন। আর প্রকাশকও তা হুবহু ছাপিয়ে দেন। দেখা যায় ছাপার পর প্রচুর ভুলত্রুটি থেকে যায়। এতে করে পেশাদারিত্ব থাকে না। একজন লেখক যে, সবসময় বানান বিষয়ে মনোযোগী হবেন, তা নাও হতে পারে; এটা দোষেরও কিছু নয়।

লেখক কিংবা প্রকাশক, যাকেই দায়ী করি না কেন শেষমেশ ভালোমানের বই পাওয়া থেকে বঞ্চিত হচ্ছে কিন্তু পাঠকরা। তারা শুদ্ধ বইয়ের পাশাপাশি অশুদ্ধ বইও পাচ্ছে। এখন মুদ্রিত অক্ষরের প্রতি বিশ্বাস থেকে পাঠক তো অশুদ্ধ বইটিকেও শুদ্ধ মনে করতে পারে। আর আমাদের পাঠকেরা এভাবেই ঠকে যেতে পারে। কিন্তু পাঠক, লেখক, প্রকাশক কেউই এই দিককার প্রতি গুরুত্ব দিচ্ছি না, কোনো এক অজ্ঞাত কারণে।

আমি বাংলা একাডেমির এই বইমেলায় আছি ৪০ বছর ধরে। এই ৪০ বছরে একটি দিনও বাদ যায়নি বইমেলায় উপস্থিত হওয়া থেকে। বিশ্ববিদ্যালয় জীবনে কেবলই পাঠক কিংবা ক্রেতা হিসেবে উপস্থিত হয়েছি বইমেলায়। কেবল বাংলা একাডেমির প্রাঙ্গণ জুড়েই ছিল এর অবস্থান। প্রাঙ্গণ ছাড়িয়ে সামনের রাস্তায় ছড়িয়ে গেল এই মেলা। তারপর মেলার বিস্তার ঘটে সামনের সোহরাওয়ার্দী উদ্যানে। এই মেলাতেই আমি পাঠক থেকে লেখক হলাম। পাঠক পরিচয় তো কখনো ঘোচানো যাবে না। মেলায় আমি পাঠক ও লেখক যুগপৎ। প্রায় একযুগ ধরে মেলার আয়োজক প্রতিষ্ঠানের কর্মী হিসেবে যুক্ত।



মেলায় হাজার বইয়ের মধ্যে পাঠক ভালো বই খুঁজে নিতে হিমশিম খাচ্ছে। তখন তারা গণমাধ্যমের সহযোগিতা নেয়। তবে দুঃখের বিষয় হলো, গণমাধ্যমে কেবল জনপ্রিয় লেখক-প্রকাশকদের প্রাধান্য দিয়ে প্রচারণা করেন। ফলে এমন অনেক লেখক আছেন, যারা ভালো লেখেন কিন্তু গণমাধ্যমে তাদের নিয়ে তেমন প্রচারণা হয় না বলে পাঠক তাদের বই সম্পর্কে জানতে পারেন না।

গণমাধ্যম তার জনচাহিদার দিকে অবশ্যই খেয়াল রাখবেন, কিন্তু তার ভোক্তাদের নতুন খবর দেওয়ার প্রতিও তো নজর দিতে পারে-আমার প্রত্যাশা এরকম। প্রতি বছর মেলায় মানুষের ভিড় বাড়ছে। আগের বছরের তুলনায় এবছর ভিড় আরও বাড়বে। এটি ইতিবাচক দিক। সবাই যে মেলা থেকে বই কিনবে, এমন প্রত্যাশা আমি করি না। বই দেখুক, বই সম্পর্কে ধারণা নিক। স্টল থেকে না কিনুক, অনলাইন ক্রয়মাধ্যম তো আছে।

পাঠক যদি প্রতি স্টলে স্টলে ঘুরে বই নাড়াচাড়া করে দেখে, তবে অন্তত পাঁচটি বই তার পছন্দ হবেই বলে আমার বিশ্বাস। এর মধ্যে সে দুটি বই কিনবে। আর বাকিগুলো মেলায় না কিনলেও পরে ঠিকই কিনবে। তাই মেলায় ঘুরে ঘুরে বই দেখাকেও আমি ইতিবাচক মনে করি।

শিশুরা যাতে অন্য স্টলে গিয়েও তাদের উপযোগী বই সংগ্রহ করতে পারে, সে ব্যাপারে এবার খেয়াল রাখা হয়েছে সজ্জার বিষয়ে। অভিভাবকরা সে সম্পর্কে মনোযোগী হলে শিশুদেরই লাভ। শিশুদের উপযোগী বই প্রচুর প্রকাশিত হয়। শিশুদের জন্য আলাদা করে লেখার ব্যাপারটা আমাদের এখানে খুব বেশি নয়। যারাই শিশুদের জন্য লিখেছেন, তারা বড়দের জন্যও লিখেছেন। তবে শিশুদের জন্য, ওদের মন বুঝে লেখা, ওদের মতো করে সহজ-সরল ভাষায় লেখা অনেক কষ্টের। সেই পরিশ্রম খুব বেশি কেউ করছে বলে মনে হয় না।

বইমেলায় যারা আসেন তাদের স্টল খুঁজে পেতে হিমশিম খেতে হয়। কিন্তু প্রযুক্তির সহায়তায় স্টল খুঁজে পাওয়া তো খুবই সহজ বিষয়। বাংলা একাডেমির ïï.নথ২১নড়ড়শতশ্বৎ.পড়স নামে ওয়েবসাইট আছে। যে কেউ মোবাইল ব্যবহার করে ওয়েবসাইটে ঢুকে তার এরপর ২২ পৃষ্ঠায়



> প্রতিবছরের মতো সরকার প্রধান হিসেবে এই মেলা উদ্বোধন করছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। এতে মেলা উদ্বোধনের ধারাবাহিকতা থাকছে, এটি নিঃসন্দেহে আনন্দের বিষয়। মেলায় এবার স্টলের সংখ্যা বেড়েছে। ২০২৪ সালের তুলনায় এবারে নতুন বইয়ের সংখ্যাও বাড়বে। আমাদের সৃজনশীলতার উৎকর্ষকে ধারণ করে যে বই, এই উৎসব তারই। আশা করি, এবারের সাহিত্যে নতুন প্রজন্মের চিন্তার প্রকাশও ঘটবে। একটি বই যে অতীত ও বর্তমানের মধ্যে সেতুবন্ধ তৈরি করে, তার প্রমাণ যেমন থাকে গ্রন্থাগারে, তেমনি থাকে বহমান উন্মুক্ত বইমেলায়। বইমেলায় প্রকাশিত বই-ই তো ঢুকে যায় ব্যক্তিগত গ্রন্থাগার কিংবা জাতীয় গ্রন্থাগারে। এভাবেই রচিত, রক্ষিত ও বিকশিত হয়ে থাকে যেকোনো দেশের জাতীয় সাহিত্য ঐতিহ্য। বাংলাদেশ নিশ্চয়ই তার ব্যতিক্রম নয়


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
Mohammad B Hossain (Belal)
President & CEO
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime.
digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com
OPEN 7 DAYS: 11AM -10PM
*Terms & Condition may apply. See store for details.

# ঐক্যের কোনো বিকল্প নেই

ড. মাহবুব উল্লাহ্

গত কদিন ধরে শরীরটা ভালো যাচ্ছে না। আমার মতো বয়সে শারীরিকভাবে যে কোনো ছন্দপতন উদ্বেগের কারণ হয়ে দাঁড়ায়। সে কারণে ডাক্তার দেখাতে শৈথিল্য করি না। তবে এটাও জানি আমাদের সব ভালো-মন্দের অধিকর্তা আল্লাহতায়ালা। আল্লাহর ইচ্ছাকে কোনো পার্থিব বাঁধনে আটকানো যায় না। আমি যে দু-তিনজন ডাক্তারের কাছে চিকিৎসার জন্য শরণাপন্ন হই, তারা সবাই মানুষ হিসাবে অমায়িক এবং আমার প্রতি যত্নশীল। রাজনৈতিকভাবে এদের প্রত্যেকের ভিন্ন ভিন্ন চিন্তা রয়েছে। তা সত্ত্বেও আমাকে পেলে চিকিৎসা সম্পর্কিত পরামর্শ সেরে দেশের রাজনৈতিক হালহকিকত সম্পর্কে দু-চার কথা বলেন এবং শুনতে চান।

অতি সম্প্রতি যে ডাক্তারের কাছে গিয়েছিলাম, তিনি জানালেন তার এক রোগী আওয়ামী লীগের নেতৃস্থানীয় ব্যক্তি। তার এ রোগী তাকে বলেছেন, তার এখন কোনো সমস্যা নেই। তিনি মুক্তভাবে ঘুরে বেড়াতে পারেন। তার বিরুদ্ধে ৬টি মামলা হয়েছিল। সব মামলারই ফয়সালা হয়ে গেছে। এখন আর কোনো মামলা নেই। তবে কীভাবে ফয়সালা হলো তা তিনি জানাতে চাননি। এটা বোধগম্য যে, বিরাট অঙ্কের অর্থের বিনিময়ে মামলা থেকে তিনি ছাড় পেয়েছেন। তিনি দাবি করেছেন, এখন তারা পাড়ায় পাড়ায় মিটিং করছেন। জনগণকে সংগঠিত করছেন। আশা করছেন তারা অচিরেই ঘুরে দাঁড়াবেন। তাদের ঘুরে দাঁড়ানোর মানে হচ্ছে বাংলাদেশের সর্বনাশ, বাংলাদেশের জনগণের গোলামির জিঞ্জিরে আবদ্ধ হওয়া। নতুন করে ফ্যাসিবাদী দুঃশাসনের কবলে নিক্ষিপ্ত হওয়া। আশ্চর্যের বিষয় হলো, এই যে যারা আওয়ামী লীগকে পুনর্বহাল করতে কাজ শুরু করেছেন, তাদের মধ্যে বিন্দুমাত্র অনুশোচনা নেই। সম্প্রতি একটি দৈনিকে ড. সাইমুন পারভেজ, যিনি অসলোর নরওয়েজিয়ান স্কুল অব থিওলোজি বিশ্ববিদ্যালয় ও সোসাইটির সহযোগী অধ্যাপক, লিখেছেন, 'এই অন্তর্বর্তী সময়ে প্রায় প্রতিদিনই নতুন নতুন সমস্যার মুখোমুখি হতে হচ্ছে। পতিত স্বৈরাচার ও তার মিত্ররা ছোট ছোট মিছিল, লিফলেট বিতরণ ও অনলাইনে বিভিন্ন অনুষ্ঠানে যোগ দিয়ে ফিরে আসার পথ খুঁজছে। তবে দুঃখের বিষয় হচ্ছে, আটশ-এর বেশি ডকুমেন্টেড হত্যাকাণ্ডে জড়িত থাকার পরও শেখ হাসিনাসহ আওয়ামী লীগের শীর্ষ পর্যায়ের নেতৃত্ব থেকে শুরু করে তৃণমূল পর্যন্ত কারও মধ্যেই প্রকাশ্য কোনো অনুশোচনার কথা শোনা যায়নি। এ ধরনের নির্বিচার হত্যার নির্দেশ কে দিল, কারা তা বাস্তবায়ন করল, তৎকালীন ক্ষমতাসীন দলের কী ভূমিকা ছিল, তা নিয়ে আওয়ামী লীগের মধ্যে কোনো আত্মসমালোচনাও খেয়াল করা যায়নি। বরং ভবিষ্যতে প্রতিশোধ ও খুনের হুমকি এসেছে কিছু আওয়ামী লীগপন্থি অনলাইন এক্টিভিস্টের কাছ থেকে।'

ফ্যাসিবাদের খুনি চরিত্র কখনো বদলায় না। এ খুনিরা জুলাই অভ্যুত্থানের সময় নির্মমভাবে গুলি করে হাজার প্রাণ কেড়ে নিয়ে এবং আরও কয়েক হাজারকে আহত ও পঙ্গু করেও এদের খুনের নেশা মেটেনি। সোজা কথা, গণতান্ত্রিক সমাজে যে সহাবস্থানের কথা গণতন্ত্রীরা বলে থাকেন, তা এদের জন্য প্রযোজ্য নয়। কথা উঠেছে আওয়ামী লীগের মতো একটি ফ্যাসিবাদী দলকে কিছুতেই কাজ চালিয়ে যাওয়ার সুযোগ দেওয়া উচিত নয়। উচিত হবে আওয়ামী লীগকে নিষিদ্ধ ঘোষণা করা। কিন্তু তাতেও কি সমস্যার সমাধান হবে? ওদের হাতে রয়েছে জনগণের কাছ থেকে লুট করে নেওয়া লক্ষ-কোটি টাকা, রয়েছে লুকিয়ে রাখা মারণাস্ত্র এবং সর্বোপরি রয়েছে ভারতীয় আধিপত্যবাদের আশ্রয় ও আশকারা। প্রতিবেশী দেশে, বিশেষ করে কলকাতায় বসে ওরা নানা ষড়যন্ত্রের ঘুঁটি চালাচ্ছে। চলতি ফেব্রুয়ারি মাসে তারা বিক্ষোভ ও হরতালের হুমকি দিচ্ছে। তাদের বিক্ষোভ ও হরতালে জনগণের লেশমাত্র সহানুভূতি থাকবে না, তা বলাই বাহুল্য। তারা এখন নানা ধরনের নাশকতা ঘটানোর ফন্দিফিকির করছে। অস্ত্র ব্যবহার করে তারা বাংলাদেশের স্থিতিশীলতা নস্যাৎ করে দিতে চায়। দেশ এখনো ফ্যাসিবাদের ট্রমার জের কাটিয়ে উঠতে পারেনি। এই মুহূর্তে প্রয়োজন এমন এক ধরনের জাতীয় রাজনীতি, যে রাজনীতি আওয়ামী রাজনীতির কবর রচনা করবে। আওয়ামী মতাদর্শের মদিরা পান করে দেশের জনগণের একটি অংশ চৈতন্যহীন হয়ে আছে। তারা জানে না কী সর্বনাশা নেশা তাদের পেয়ে বসেছে। এমন একটি রাজনৈতিক গোষ্ঠীকে রাজনৈতিকভাবে নিরস্ত্র করতে হলে প্রয়োজন বিকল্প বয়ান সৃষ্টি। এর কোনো বিকল্প নেই। আওয়ামী মতাদর্শকে চিরতরে পরাস্ত করেই জুলাই অভ্যুত্থানের যৌক্তিক পরিণতি নিশ্চিত করা প্রয়োজন। আওয়ামী রাজনীতি যে শেষ বিচারে ফ্যাসিবাদ ছাড়া অন্য কিছু নয়, এ কথাটি বারবার বলে যেতে হবে। দলটিকে নিষিদ্ধ করে চুপচাপ বসে থাকলে চলবে না। কারণ অন্ধকারে দৃষ্টির আড়ালে বসে ওরা সর্বনাশের জাল বুনে চলবে।



বাসস পরিবেশিত খবর থেকে জানা যায়, চলতি বছরটি বাংলাদেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ উল্লেখ করে প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস বলেছেন, কাউকে বিশৃঙ্খলা ও অরাজকতা সৃষ্টির সুযোগ দেওয়া যাবে না। যুদ্ধ পরিস্থিতির মতো সতর্ক থাকতে হবে। রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় সোমবার নিরাপত্তা বাহিনীর শীর্ষ কর্মকর্তাদের সঙ্গে আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা সভায় প্রধান উপদেষ্টা এ কথা বলেন। এ সময় তিনি পুলিশ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণের জন্য একটি কমান্ড সেন্টার গঠনের নির্দেশ দেন।

সভায় প্রধান উপদেষ্টা নিরাপত্তা বাহিনীর প্রধানদের আইনশৃঙ্খলা পরিস্থিতি বিঘ্নিত করার যে কোনো অপচেষ্টার বিরুদ্ধে সতর্ক থাকার নির্দেশ দেন। এরপর ২৬ পৃষ্ঠায়




> গত ছয় মাসে বাংলাদেশে ঐক্যের সুর ক্রমান্বয়ে অনৈক্যের ঝনঝনানিতে পরিণত হতে চলেছে। অথচ জুলাইয়ের অভ্যুত্থান জাতির জন্য সুবর্ণ সুযোগ তৈরি করেছে। দ্বিধাবিভক্ত জাতির এখন ঐকমত্যে পৌঁছার এবং একটি নতুন জাতীয় বন্দোবস্তের পথে এগোনোর পথ খুলে দিয়েছে। জাতীয় জীবনের এ বিরল সুযোগটি কোনোক্রমেই কারও ভুল বা তাচ্ছিল্যের জন্য হারিয়ে ফেলা মোটেও ঠিক হবে না। হাজার বছরেও এমন সুযোগ আসে না। আবু সাঈদ ও মুগ্ধরা অকাতরে জীবন দিয়ে রক্তের আখরে লিখে গেল, হে জাতি, তোমরা ফ্যাসিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকবে। হে জাতি, তোমরা কখনোই আধিপত্যবাদের ষড়যন্ত্রের ওপর নজরদারিকে শিথিল করবে না

# সন্তান মোবাইল ফোনে কী করছে, সতর্ক হোন এখনই

মারুফ খলিফা

> এক্ষেত্রে আপনি একটু কৌশলী হয়ে, সন্তানের অনলাইন ব্যবহারের ক্ষেত্রে প্যারেন্টাল কন্ট্রোলের আশ্রয় নিতে পারেন। এতে সন্তানের অনলাইন গতিবিধি নজরদারির পাশাপাশি তার সাইবার বুলিংসহ অনলাইন প্রতারণার ফাঁদে পড়া প্রতিহত করতে পারবেন। পাশাপাশি সন্তান কোনো ভুল করে ফেললে বা ভুল পথে পা বাড়ালে তার ওপর শাস্তিমূলক ব্যবস্থা না নিয়ে বরং তাকে আরও ভালোভাবে বোঝাতে হবে। যাতে সে ভবিষ্যতে একই ধরনের ঘটনার সঙ্গে না জড়িয়ে পড়ে। তাকে বারবার বোঝান, সতর্ক করুন, শোধরানোর সুযোগ দিন। আর এক্ষেত্রে আপনার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো "গুড প্যারেন্টিং"। আজকাল "গুড প্যারেন্টিং" বিষয়ে অনেক বইপত্র রয়েছে, আপনি সেগুলোর আশ্রয় নিতে পারেন। পরামর্শ নিতে পারেন কোনো বিশেষজ্ঞেরও

সাম্প্রতিক রাজনৈতিক পট পরিবর্তনের প্রেক্ষাপটে বড় ধাক্কা লেগেছে দেশের আইনশৃঙ্খলার ওপর। ধকল কাটিয়ে এখনও বাহিনীগুলো পুরোপুরি কার্যকরী ভূমিকা রাখতে পারছে না। আর এই সুযোগে তৎপর হয়ে উঠেছে অপরাধীরা। সংবাদমাধ্যমগুলোতে হরহামেশাই উঠে আসছে হত্যা, ছিনতাই, ডাকাতি ধর্ষণের মতো ঘটনা। অপরাধ বিজ্ঞানীদের মতে, বিচারহীনতা অপরাধ প্রবণতাকে উসকে দেয়। সম্প্রতি অপরাধ প্রবণতা বেড়ে যাওয়ার পেছনে সেটিও একটি কারণ হতে পারে। তবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যে রাতারাতি ঘুরে দাঁড়াবে; এই মুহূর্তে সেটি আশা করাও একটু কঠিনই মনে হচ্ছে। এই অবস্থায় নিজেদের সুরক্ষার জন্য সচেতনতা ও সতর্কতা খুব বেশি প্রয়োজন।



তবে সচেতনতা ও সতর্কতা দিয়ে যে সব ধরনের বিপদ থেকে নিজেকে মুক্ত রাখা যাবে তেমনটা নয়। আবার একটু সতর্ক হলেই যে কিছু বিপদ সহজেই এড়ানো যায়, সেটিও মিথ্যে নয়। সতর্ক ও সচেতন হলে যেসব বিষয়ে সুরক্ষিত থাকা যায়, তার মধ্যে সন্তানের নিরাপত্তা অন্যতম।

বর্তমানে প্রায়ই অনলাইনে প্রতারণা ফাঁদে পড়ে শিশুদের বিপদে পড়তে দেখা যায়। এর মধ্যে একটি বড় উদাহরণ, সম্প্রতি রাজধানীর হাতিরঝিল থেকে গণধর্ষণের শিকার এক কিশোরীর মরদেহ উদ্ধারের ঘটনা।

প্রাথমিকভাবে জানা গেছে, অষ্টম শ্রেণি পড়ুয়া ওই কিশোরীর সঙ্গে অনলাইনে এক যুবকের পরিচয় হয়। এরপর ওই যুবক তাকে কৌশলে মহাখালীতে একটি ফ্ল্যাটে নিয়ে যায়। এরপর সে তার সহযোগীদের নিয়ে ওই কিশোরীকে ধর্ষণের পরে হত্যা করে।

ওই কিশোরীর লাশ উদ্ধারের দিনই আরেকটি ঘটনা দেশজুড়ে হইচই ফেলে দেয়। বরিশালের একটি বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণির এক ছাত্রী মায়ের চিকিৎসার জন্য ঢাকার মোহাম্মদপুরে আত্মীয়র বাসায় অবস্থান করছিল। এরপর সেখান থেকে নিখোঁজ হয় সে। তবে ভাগ্যসুপ্রসন্ন ওই ছাত্রীর সঙ্গে খারাপ কিছু ঘটেনি। দুদিন পর নওগাঁ থেকে তাকে উদ্ধার করেছে পুলিশ। জানা গেছে, প্রেমিকের সঙ্গে চলে গিয়েছিল ষষ্ঠ শ্রেণির ওই ছাত্রী। আর ওই তরুণ প্রেমিকটির সঙ্গে তার পরিচয়ও অনলাইন প্ল্যাটফর্মে বলে প্রাথমিকভাবে জানা গেছে।

উল্লিখিত দুটি ঘটনার সঙ্গেই রয়েছে অনলাইনের সংশ্লিষ্টতা। আর তাই ফের অনলাইনে শিশুর নিরাপত্তার বিষয়টি নিয়ে নড়েচড়ে বসেছেন অনেকে। বিশেষজ্ঞরা বলছেন, অনলাইনে সন্তান কী করছে সে বিষয়ে বাবা-মা কিছুটা সতর্ক হলে এ ধরনের বিপদের ঝুঁকি অনেকটাই এড়ানো যায়।



বর্তমান সময়ে ইন্টারনেট, কম্পিউটার বা মোবাইল ফোন ব্যবহার থেকে সন্তানদের পুরোপুরি বিরত রাখা অনেকটাই কঠিন। আবার পুরোপুরি বিরত রাখলে হতে পারে হিতে বিপরীতও। তাই এক্ষেত্রে সচেতনতা খুবই গুরুত্বপূর্ণ। সন্তান মোবাইল ফোন বা ইন্টারনেটে কী করছে, কী দেখছে, কাদের সঙ্গে কথা বলছে সে বিষয়ে সতর্ক থাকতে হবে। কিন্তু তাই বলে তো আর সন্তানের ঘরে বারবার উঁকি মেরে আপনার দেখা সম্ভব হবে না। এজন্য সবচেয়ে কার্যকরী হতে পারে সন্তানের সঙ্গে বাবা-মায়ের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক। সন্তান যেন আপনাকে ভয় না পেয়ে সাবলীলভাবে তার সব কথা আপনার সঙ্গে শেয়ার করতে পারে সেই ধরনের একটি পারিবারিক সংস্কৃতি গড়ে তুলতে হবে। সারাদিনের কর্মব্যস্ততা শেষে যতটুকু পারেন সময় বের করে সন্তানদের সঙ্গে আড্ডা দিতে হবে। তাদের খোঁজ খবর নিতে হবে। কোনটি তাদের জন্য ক্ষতিকর হতে পারে সেটিও বোঝাতে হবে। নিজেও যতটা সম্ভব তাদের সামনে মোবাইল ফোন, ইন্টারনেট ব্যবহার এড়িয়ে চলতে হবে। তাদের জানাতে হবে অনলাইন থেকে কী কী ধরনের বিপদ হতে পারে। তবে তাদের ওপর চাপ প্রয়োগ করা ঠিক হবে না। তাতে তারা আরও বিগড়ে যেতে পারে। এক্ষেত্রে বন্ধুত্বপূর্ণ সম্পর্কের পাশাপাশি আপনাকে একটু কৌশলীও হতে হবে। শিশুদের নিয়ে ঠাট্টা-তামাশা থামান এখনইশিশুদের নিয়ে ঠাট্টা-তামাশা থামান এখনই

সাম্প্রতিক এক গবেষণা বলছে, সন্তান অনলাইনে উত্তেজক ও বেআইনি বিষয় খুঁজে ফেরে; সেটি প্রায় ৭০% বাবা-মা জানেনই না। অনলাইন থেকে অনেকেই সাইবার বুলিংসহ প্রতারণা, মাদক ও বিভিন্ন অনৈতিক কাজের সঙ্গে জড়িয়ে পড়তে পারে বলেও বিশেষজ্ঞরা বারবার সতর্ক করে আসছেন।

অন্যদিকে, আইন ও সালিশ কেন্দ্রের একটি জরিপ বলছে, ৩৬% এর বেশি মেয়েশিশু অনলাইনে যৌন হয়রানির শিকার। এক্ষেত্রে আপনি একটু কৌশলী হয়ে, সন্তানের অনলাইন ব্যবহারের ক্ষেত্রে প্যারেন্টাল কন্ট্রোলের আশ্রয় নিতে পারেন। এতে সন্তানের অনলাইন গতিবিধি নজরদারির পাশাপাশি তার সাইবার বুলিংসহ অনলাইন প্রতারণার ফাঁদে পড়া প্রতিহত করতে পারবেন।

পাশাপাশি সন্তান কোনো ভুল করে ফেললে বা ভুল পথে পা বাড়ালে তার ওপর শাস্তিমূলক ব্যবস্থা না নিয়ে বরং তাকে আরও ভালোভাবে বোঝাতে হবে। যাতে সে ভবিষ্যতে একই ধরনের ঘটনার সঙ্গে না জড়িয়ে পড়ে। তাকে বারবার বোঝান, সতর্ক করুন, শোধরানোর সুযোগ দিন। আর এক্ষেত্রে আপনার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো "গুড প্যারেন্টিং"। আজকাল "গুড প্যারেন্টিং" বিষয়ে অনেক বইপত্র রয়েছে, আপনি সেগুলোর আশ্রয় নিতে পারেন। পরামর্শ নিতে পারেন কোনো বিশেষজ্ঞেরও।

লেখক: সাংবাদিক ও সংস্কৃতিকর্মী।


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

NY INSURANCE
BROKEAGE INC.
TLC INSURANCE SPECIALIST
718 476-2025

NY CAR & LIMO
SERVICES INC
BLACK & GREEN CAR BASE
718 727 4444

BEGINNER'S
DRIVING ACADEMY
YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY
929 244-7730

DMV EXPRESS
PLATES
NEW, SURRENDER & TRANSFER
TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST
REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER
929-244-7730
EXCELSIOR

# Immigrant Elder Home Care LLC.

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308

খবর

Weekly Ajkal সাপ্তাহিক আজকাল



# আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের অভিষেক

৫০ পৃষ্ঠার পর

অনুষ্ঠানের শুরুতেই প্রেসক্লাবের সাবেক ও বর্তমান সভাপতি সাধারণ সম্পাদকসহ নতুন কমিটির নেতৃবৃন্দ ও প্রধান অতিথিরা মঞ্চে আসন গ্রহণ করেন। অনুষ্ঠানের শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি শওকত ওসমান রচি। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন নিউইয়র্ক বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, এটর্নী মঈন চৌধুরী, উৎসব গ্রুপের সিইও রায়হান জামান, প্রথম আলো উত্তর আমেরিকার সম্পাদক ইব্রাহিম চৌধুরী খোকন, আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাপ্তাহিক প্রবাস পত্রিকার সম্পাদক মোহাম্মদ সাঈদ, সাবেক সভাপতি ও দেশকণ্ঠের সম্পাদক দর্পণ কবীর, বর্তমান সাধারণ সম্পাদক মশিউর রহমান মজুমদার, সাবেক সাধারণ সম্পাদক মনজুরুল হক মঞ্জু, যুগ্ম সম্পাদক আবু বকর সিদ্দিক, বাংলা চ্যানেল-এর সিইও এবং রূপসী বাংলা সম্পাদক শাহ জে চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে প্রেসক্লাবের সাবেক সদস্য প্রয়াত এ. হাই স্বপনের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। আলোচনা পর্ব শেষে আমন্ত্রিত অতিথিদের সাথে ফটোসেশনে অংশ নেন আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের কার্যকরী কমিটি ও সাধারণ সদস্যরা। সাংস্কৃতিক অনুষ্ঠানের শুরুতে কবিতা আবৃত্তি করে ছোট্ট শিশু পর্ণী উত্তম সাহা, আভা সাহা এবং বায়োলিন পরিবেশন করেন প্রজ্ঞা উত্তম সাহা। এরপর সঙ্গীত পরিবেশন করেন অনীক রাজ, লিলি সাবরিন, কৃষ্ণা তিথি, নান্টু আকন্দ ও চন্দন চৌধুরী।


























# এ সপ্তাহের কবিতা



## উড়াল বালিকা
### কাজী জহিরুল ইসলাম

গ্রাম্যবালিকা উড়বে এভাবে তা কি করে হয়, বলো?
মক্তবে যাবে, যাক না, না হয় হলো কিছু চঞ্চলও,
তাই বলে মেয়ে কীর্তনখোলা-জলে?
ঝুনিয়ে খাবে যে,
ভেসে যাবে দূরে, গভীরের অঞ্চলে।
অবাধ সাঁতারে সাধ মেটে তার? ছেলেদের সাথে দেয় কাবাডির দম,
আম-জাম গাছে উঠছে লাফিয়ে ছি ছি কী-যে বেশরম।

মাছের খোঁজে সে খালে বিলে ছোটে, খপ করে ধরে বগা
হাতে-পায়ে তার শেকল পরাও, কাটো জিহ্বার ডগা,
পাড়ার সকলে ওকে দেখে বলে, পালাও পালাও, ভাগো,
দস্যি বালিকা মা-গো...
গাঁয়ের সকলে মিলে একদিন হাতে-পায়ে দিলো দড়ি,
ভূপাতিত হলো উড়ালপন্থী স্বর্গের অপ্সরী,
মেয়েটিকে ওরা নিয়ে গেলে টেনে উঠানের মাঝখানে
অস্থির দুপা মাটির গভীরে বুনে দিলো সাবধানে,
সেই থেকে মেয়ে গাছ হয়ে আছে শেকড় ছেড়েছে দু'পা
দু'চোখের মায়া, স্বচ্ছ পাথর যেন দুটি অপরূপা,
চুলেরা উড়ছে শাখা-পল্লব, কতো পাখি কোলাহল,
অনড় বৃক্ষ উঠোনে দাঁড়িয়ে
যেতে চায় মেয়ে আকাশ ছাড়িয়ে
থইথই করে ডাল-কাণ্ডের ভেতরে অশ্রু জল।

তন্বী হয় বৃক্ষ নারীর গভীরে শিহরণ নড়া-চড়া
তলপেট কেটে উড়ে যায় পাখি বৃক্ষ-পরম্পরা,
সারা গায়ে তার পাখিদের নীড়
ভোরে-সন্ধ্যায় কিচির-মিচির
দুরন্ত সেই ছিপছিপে মেয়ে ফুল-ফলে আজ ভারী
মধ্যবয়সী ফলভারানত বাকহীন সংসারী।

কিন্তু এ-গাছ আজও মাঝরাতে স্বপ্ন দেখতে জানে
অসম্ভবের শেকল ভাঙার থাকে শুধু সন্ধানে,
মৌন প্রহর অবসন্ন সৌরভে চমকালে
দূরের অচেনা দখিনা বাতাস বসে এসে তার ডালে,
দখিনের বায়ু গোপন কথাটি কানে কানে বলে ওকে
বন্ধ হয়নি উড়ে বেড়াবার রাস্তা বিশ্বলোকে।

কাণ্ড-পত্রে সৌরভ ঢালে নিজেরই গোপন রসে
গন্ধে মাতাল কোটি প্রজাপতি তার গায়ে এসে বসে,
বিচিত্র রঙ প্রজাপতি-ডানা ঢেকে রাখে তার দেহ,
সে যে পাখি এক উড়বে এখনই থাকে বুঝি সন্দেহ?
উড়ছে আকাশে বৃক্ষবালিকা কী-যে মনোহর পাখি
দখিনের বায়ু তার হাতে বাঁধে চিরবন্ধন-রাখী।

লেখক: কবি, নিউইয়র্ক।



## অঙ্গে জড়িয়ে রাখব
### জীবন ইসলাম

একটু ভালোবাসা দাও, সর্বাঙ্গে মাখিয়ে রাখব।
তোমার ছোঁয়া দাও, দিনভর অঙ্গে জড়িয়ে রাখব:
শরীরের গন্ধ দাও, প্রেরণা করে এগিয়ে যাব।
সঙ্গ দাও আমাকে, চিরদিন স্মরণীয় করে রাখব।

প্রেম দাও এক চিমটে, সব কষ্ট ভুলে যাব
হৃদয়ে হৃদয় লাগাও, দুঃখ ভুলে সুখী হব:
নিবিড় করে বসো কাছে, আশায় বুক বাঁধব
শূন্যতা পূরণ করে দাও, সুখ তোমারে দেব।

কাছে থাকার সুযোগ দাও, আলিঙ্গন করব
ব্যথা ভোলার সময় দাও-  আনন্দ দেব:
বাহুবন্ধনে জড়িয়ে ধরো, উজাড় করে দেব:
চারপাশে ঘুরতে দাও, চিরদিন তোমার হব।

চাঁদের মতো আলো দাও, তন্দ্রা তোমারে দেব
মিষ্টি আদর দাও, আকাশের চাঁদ এনে দেব:
পূর্ণিমার রাত দাও, হৃদয় ছিঁড়ে তোমারে দেব
সুন্দর মন দাও-  জীবনটাই বিলিয়ে দেব।

আপন করে মিশতে দাও, পাগল করে দেব
নরম হাতের পরশ দাও, মাতাল করে দেব:
নেশার মধ্যে হারিয়ে গিয়ে তৃপ্তি নিয়ে নেব
এমনি করে দিন মাস বছর পার করে দেব।

লেখক: কবি, ঢাকা।



## গল্পের পাণ্ডুলিপি
### বেগম মুয়াখ্যিরা খানুম স্বপ্না

তোমার কপোলের ঐ টোল যেন
ঝুম বৃষ্টির নূপুর পরা এক ত্রিতাল দুপুর-
যা তাল লাগায় শ্রাবণ প্লাবণে
নিরন্তর হারিয়ে যাওয়া অতলান্তিক তৃষ্ণা।

কখনও বা ঝরে পরা ভোরের-
টুপটাপ শিশিরের ছোঁয়ায়
আড়মোড়া ভাঙা শালিকের আয়েস আঁখিতে
কবিতার ঢঙে মিষ্টি দ্যোতনা।

কখনও অরুন্ধতীর বেনো টানে জাগা
স্বর্গের আকুলতা।

কখনও কখনও-
জোছনা সিক্ত অতন্দ্র কোন কবির
পিয়াসী আঁখিতে জোনাকির রঙে ঝিলমিল
কোন গল্পের পাণ্ডুলিপি।

লেখক: কবি, নিউইয়র্ক।



## বসন্তের নিরব ঝড়
### হামিদ সরকার

কুঁয়াশার চাদর, হিমহিম হাওয়া
নেই শিশির ভেজা ঘাস,
ফাগুনের রঙে সেজেছে প্রকৃতি
এ বুঝি বসন্ত ঋতুরাজ।

হাজারো ফুলের রোদেলা হাসি
উৎসবে সাজ সাজ,
গুন গুন সুরে ভ্রমরেরা জানায়
পহেলা ফাগুন আজ।

হৃদয় শুধু চায়, মাঘের বিদায়
ফালগুনের আলিঙ্গন,
রাঙানো কল্পনা, প্রেম জল্পনা
ভালোবাসার বিনোদন।

হৃদয়ের চাওয়া, ফাগুন হাওয়া
বসন্তের সুরভিত ঘ্রাণ,
বধুর খোঁপায় গোলাপের হাসি
ভালোবাসা পায় প্রাণ।

পড়েছে নারী বাসন্তের শাড়ি
কারো দুরন্ত নগ্ন কেশ,
প্রিয়ার দেয়া অমূল্য গোলাপ
খোঁপাহীন চুলেও বেশ।

কৃষ্ণচুড়া পাতার আঁড়ালে
দিচ্ছে উঁকি রক্তবরণ,
মায়ের ভাষার সম্মান দিতে
এই ফাগুনেই রক্তক্ষরণ।

প্রেম ভালোবাসা, বেদনা-বিরহ
ফাগুনের প্রতি মোড়ে,
হৃদয়ের টানে এসেছে পালিয়ে
আঘাতেও ফিরেনি ঘরে।

অপেক্ষার প্রহর প্রতি ফাল্গুনে
বাঁধবে জীবনের ঘর,
ফাগুনে কারো জীবনে আসে
বসন্তের নিরব ঝড়।

লেখক: কবি, ঢাকা।



## ঘ্যাচাং ঘ্যাচা
### সুফিয়ান আহমদ চৌধুরী

নাপিত কাটে ঘ্যাচাং ঘ্যাচা
হাতের মুঠোয় চুল,
গণেশ বাবু আয়না দেখে
খুশিতে মশগুল!

হঠাৎ গেল কানটা কেটে
জোরসে দিলে হাঁচি,
চেয়ার ছেড়ে পড়লো বাবু
নাপিত ছাড়ে কাঁচি।

ছিটকে পড়ে চিরুনি তার
ঘাবড়ে নাপিত ওই,
সেলুন জুড়ে জটলা শুরু
জমলো যে হইচই।

সবাই মিলে ধমকে তারে
নাপিত ভয়ে কাঁপে,
কানটা থেকে রক্তধারা
রাস্তা বুঝি মাপে!

চাইল ক্ষমা দুহাত তুলে
নাপিত তারা ডরে,
গণেশ বাবু ফুঁসছে রাগে
চোখে আগুন ঝরে।

জ্বলছে মন বাদ দিলো সে
সাধের চুল কাটা,
মনের দুঃখে কান্না চোখে
করলো শুরু হাঁটা।

লেখক: কবি, নিউইয়র্ক।



## তুমি ভালোবাসা দাও
### রুপা খানম

তুমি ভালোবাসা দাও
তুমি আমায় ভিজিয়ে দাও ভালোবাসার শ্রনে...
এ কেমন শ্রম আমার তোমার মাঝেই কেন সারাটাক্ষন নিজেকে খুঁজি...
তুমি আমায় পাহাড় চূড়ায় নিয়ে যাবে কিংবা সমুদ্র স্নানে...
আকণ্ঠ তৃষ্ণায় ডুবে যেতে যেতে আমি তোমার শ্রনে নিজেকে জাগিয়ে তুলবো...

আমার অস্তিত্বের প্রতিটি কণায় কণায়...
আমি তোমাকে এক পৃথিবীতে চেয়েছিলাম,
এই বুকে প্রেমের সমুদ্র রয়েছে, যদি তুমি কাছে আসতে দাও,
যদি তুমি আমাকে ভালবাসতে দাও,
আমি তোমাকে এক জন্ম নয়, লক্ষ লক্ষ জন্ম ভালবাসবো।
মনে হয় তোমাকে হাজার বছর দেখি না?

তোমাকে দেখার অনন্ত অপেক্ষায়
ঘণ কুয়াশাদের স্তব্ধ ভীড় ঠেলে
আবার যেদিন আমাদের দেখা হবে
আকাশের সব নীল রঙ কেড়ে নিয়ে
তোমার মুখে মেখে দেব,
মায়াবী জ্যোৎস্না ভেজা রাতে
চুম্বনে চুম্বনে তোমার উন্মুখ অধরে
এঁকে দেব পূর্ণিমা চাঁদ।

লেখক: কবি, নিউইয়র্ক।



## বিহঙ্গামী
### আজমেরিনা শাহানী

বুকের ভিতর কোথাও একটা নির্জন অন্ধকার,
একটা মেরুহীন সীমান্তের গোপন বেহাগ,
একটা আদরহীন পারাবতের নিবিড় ব্যবচ্ছেদ!
ভেতর-বাহির, এপার-ওপারের সীমানা ভেঙে
দু - একটি স্বপ্নাহত হু হু পাখির কুহুস্বর...
তন্দ্রালীন চোখের ভেতর গত জন্মের পাপ ও পুণ্যের মর্মায়িত সুর!
এর ভেতরেই পঞ্চভূত জীবন গেয়ে ওঠে মধুর আবেদনে,
অনুপম রোদের রেখায় বোনে বিহঙ্গের স্বপ্নজাল...
জীবনের গান গেয়ে পাখা মেলে দেয় নতজানু
আমার শিল্প ময়ূখ-নীলকণ্ঠী বৈষ্ণব অবতার- যেন,
ঢুঁকরো রাতের মৌনতা ভেঙে এলোমেলো হয়ে উড়ে আসছে পাইনের গন্ধ,
নার্গিসের আবেদন-নভেম্বরের বিকেল ভরে উড়ে উড়ে আসছে সামন্ত প্রেম,
নগ্ন উদারতা ও ক্লান্ত ক্ষুধা...
বিভোরতা বা মাদকতা শব্দরা একটু একটু করে তৈরি হচ্ছে বুকের জাফলং-এ,
একেকটি সমাধিস্থ সকাল মানেই আরেকটি নতুন সূর্যোদয়,
নতুন জীবনের জন্ম,
যে জীবনের বাঁকে জমে ওঠে আলো-আঁধারির গল্প,
জোনাকির আলোকময়তার রহস্য,
সোনার কাঠি-রূপোর কাঠির রহস্যময়তা- ও বৈষ্ণব দুঃখের নিত্য সঞ্চার,
তারই বাহু ধরে ঘুমাচ্ছে মহাপৃথিবী,
জীবনের অমিত উত্থান,
চিন্ময় স্মৃতির নিবিড় মন্ত্র ও বহমান সময়ের আদিম নিঃশ্বাস...।
কাল সারাটা ভোরজুড়ে এক অন্যরম মাদকতা ছিল,
মৌন মিছিলে বুকের কোনে খেলছিল কুহেলিকা প্রেম,
তোমাদের কোলাহলে ঘুমিয়ে গিয়েছিল আদিম কামনা,
শরীরের গন্ধেও ছিলনা এমন কোন উন্মাদনা,
সেই নির্ভুল পথ ধরে হাঁটছি আমি ঋদ্ধ মায়ার সমান্তরাল বক্ষে,
হিজলের আদরে ,
জারুলের বুকপথে,
গেরুয়া প্রান্তরে- আলো-হাওয়া খেলছে দারুণ মত্ততায়,
উড়ছে ল্যাভেন্ডার স্বপ্ন,
এক আশ্চর্য কুসুমের মত একটা নির্মল রাত,
একটা বাসি ভোরের মত অকলঙ্ক ব্রত,
কিছু বিত্তহীন স্বপ্নের বিমল আস্বাদনে-
জীবন ডুব দিচ্ছে গতকালের মত করে...
ছেড়ে যাবার শোকে মাতম পৃথিবী!
আমরা বরং থেকেই যাই -আদরে - অনাদরে,
আবদারে-অনুযোগে ও অভিমানে- আমরা বরং তৃপ্ত হই,
দহনে- দানে, বিযুক্তি ও আচ্ছাদনে,
নির্মলার বুকে বাঁধি সবুজ পাতার গাঢ় হেম মধুর পারঙ্গমে...।

লেখক: কবি, নিউইয়র্ক।

# Trump's Dangerous Move to Leave Palestinians From Gaza Strip and 'Take Over'

**Ajkal Desk**





President Donald Trump said Tuesday that the US "will take over" the Gaza Strip, after saying earlier that he doesn't think there is a permanent future for Palestinians in Gaza.

"The US will take over the Gaza Strip and we will do a job with it too," Trump said during a joint press conference alongside his Israeli counterpart Benjamin Netanyahu. "We'll own it and be responsible for dismantling all of the dangerous unexploded bombs and other weapons on the site, level the site and get rid of the destroyed buildings." Asked whether he was willing to send US troops to fill a security vacuum in Gaza, Trump did not rule it out. "As far as Gaza is concerned, we'll do what is necessary. If it's necessary, we'll do that. We're going to take over that piece that we're going to develop it," he said.

Trump's comments are a remarkable assertion from a sitting American president, particularly one who rose to political power in the United States through his criticism of America's longest wars in the Middle East.

"I do see a long-term ownership position, and I see it bringing great stability to that part of the Middle East, and maybe the entire Middle East," Trump told reporters in the East Room. "This was not a decision made lightly. Everybody I've spoken to loves the idea of the United States owning that piece of land, developing and creating thousands of jobs with something that will be magnificent."

Trump, a former real estate developer, said he had studied the matter "closely, over a lot of months." Speaking earlier Tuesday, Trump suggested Gazans move to a new location provided by one or more nations in the Middle East. "I mean they're there because they have no alternative. What do they have? It is a big pile of rubble right now," Trump said moments before hosting Netanyahu for Oval Office talks. Trump's suggestion that Gazans leave the strip permanently amounts to a provocative stance that will endear him to Israel's most conservative politicians but is generally a non-starter for Israel's neighbors, who have said they are unwilling to accept new Palestinian refugees from the enclave. On Tuesday, Trump framed the matter as a humanitarian one, saying it was impossible to believe anyone would want to remain in the war-torn territory. "Why would they want to return? The place has been hell," Trump said, ignoring a reporter who cried out: "Because it's their home." Instead of Gaza, he suggested the Palestinians be provided a "good, fresh, beautiful piece of land" to live. But under repeated questioning, Trump made clear he did not see a world in which Palestinians ever return to Gaza. "I don't think people should be going back to Gaza. I think Gaza has been very unlucky for them." He said, "Gaza is not a place for people to be living." Netanyahu, sitting alongside Trump in the Oval Office, smiled as Trump was speaking. The Israeli leader, under conflicting pressures domestically, was in Washington to ascertain exactly where Trump stands on the next phase of a ceasefire in Gaza. But Trump's dim views of Gaza as a permanent home for Palestinians was certain to provide grist for far-right allies of the Israeli leader, who have called on Netanyahu to abandon the temporary truce that was struck last month. Netanyahu's visit was expected to last several hours and include a joint press conference, all meant to demonstrate Trump's solidarity with Israel.



*A family rides in a horse-drawn cart past a destroyed mosque in Beit Lahia, Gaza, on January 29.*

The comity between the men could belie a relationship that's more complicated than it sometimes appears – with nothing less than the future of the Middle East potentially riding on Trump's words.

Trump has claimed credit for the hostages-for-ceasefire agreement struck in the days before he entered office – and even officials in the outgoing Biden administration acknowledged Trump's imminent arrival helped apply pressure on Israel and Hamas. Netanyahu, perhaps seeking to ingratiate himself to his host, praised Trump's efforts. "I think President Trump added great force and powerful leadership to this effort," Netanyahu said in the Oval Office.

But for all of his prodding to get the deal inked, Trump will still need to oversee the remaining two phases of the three-phase plan. He didn't sound particularly confident a day before meeting Netanyahu. "I have no assurances that it'll hold," he said in the Oval Office, where he'd summoned reporters to watch him sign some papers. "And I've seen people brutalized. I've never - nobody's ever seen anything like it." He sounded slightly more optimistic a day later. "We'll see what happens. We're dealing with very complicated people, but a deal can absolutely get done," he said alongside Netanyahu on Tuesday.

There's plenty for Trump and Netanyahu to discuss beyond the immediate matter of the ceasefire agreement. There's the question of Gaza itself, which Trump has previously said should be cleared out for rebuilding, with the Palestinians who live there moved to Egypt and Jordan (a topic of discussion likely to continue when Jordan's King Abdullah visits the White House next week).

"I would like to see Jordan, I'd like to see Egypt take some," Trump said again Tuesday, just before Netanyahu arrived. "Look, the Gaza thing has not worked. It's never worked." And then there is the prospect of a broader normalization of relations between Israel and its Arab neighbors, principally Saudi Arabia, that former President Joe Biden had been pursuing before the October 7, 2023, attacks. Trump, who openly pines for a Nobel Peace Prize, may see his opportunity in such a pursuit, which could transform the entire Middle East and create a new bulwark against Iran, a common foe to Jerusalem and Riyadh.

Whether Netanyahu is interested in diplomacy – or whether he instead sees Trump's arrival in Washington as a moment to take decisive action against Iran, potentially even taking out its nuclear program – remains to be seen.

There is already speculation Netanyahu could use the talks to take Trump's temperature on a direct strike, seizing a moment when Iranian proxies have been decimated, Iran's nuclear ambitions appear to be accelerating and while he has friendlier ties to Washington.

For his part, Trump has not sounded particularly enthusiastic about starting a new conflict with Iran. "Hopefully that can be worked out without having to worry about it. It would really be nice if that could be worked out without having to go that further step," he said last month when asked about a strike on Iranian facilities. *(Source:CNN)*

# NYC Mayor got hit in Albany on Education and Immigrants

**Ajkal Desk**



During a budget hearing in front of the state legislature Tuesday, two Democrats looking to unseat fellow Democratic Mayor Eric Adams took their shot. State Sen. Jessica Ramos confronted Adams about the plan to end the leases of five popular day care centers across New York City, including Nuestros Niños in Williamsburg — along with proposed education cuts. "We've had several seats from 3-K cut, and there are parents worried they can't find a 3-K or universal pre-K seat that makes sense with where they live," Ramos said. "We broke a record," responded Adams. "With 150,000 children across our system, everyone who applied on time had access to a seat." Another primary opponent, Assemblyman Zohran Mamdani, confronted the mayor about reports school enrollment is down because immigrants are afraid to send their child to school amid increased raids by immigration authorities. "To put these families at ease, will you today clearly state that as long as ICE does not have a judicial warrant signed by a judge, you will deny them entry into New York City public schools, hospitals, and any other city property?" Mamdani said referencing "sanctuary city" laws. "We will never put an employee of the city in harm's way," Adams said. "The Corporation Counsel will make the call on the training and also protect our employees." In a briefing after the hearing, the mayor said he does not necessarily agree with the idea that lower school enrollment within the last month is simply because of the immigration raids. He cited cold weather and flu season.

# NYC Flu cases in the city are rising : Needs Precautions

**Shah Nawaz**



That has public health officials reminding people to take precautions. The city says current flu cases are higher than peaks in the past five years.

New York City Health and Hospitals executive director of NYC Care, Dr. Jonathan Jimenez, explains the symptoms of influenza.

"You get a fever, body aches, muscle pains, and a cough. But it's the fever and the malaise."

Dr. Jimenez adds this year, the flu is peaking later in the year. "There's a few reasons. There are different strains different years," Jimenez added.

"One of the reasons we have seen influenza spread is cause people are indoors. We had an unusually warm fall so some people have hypothesized that's behind the delay in the peak." As of Jan. 25, more than 23,000 people tested positive for the flu in the city, four percent more than the week before.

So, for this season, one pediatric patient has died from an influenza-associated illness.

Dr. Jimenez says, "It's dangerous for people who are very young or very old or in the middle with other conditions like diabetes lung disease are more at risk for severe outcomes."

Dr. Jimenez recommends that people get the flu shot, wash their hands frequently, stay away from people if they are sick, and mask up.

Long Island resident Julia Hsia is on high alert – she's concerned about contracting the flu after she learned that Taiwanese actress Barbie Hsu just died from pneumonia, a complication of the flu.

"I am originally from Taiwan, and there's a really well-known actress that just passed from the flu, and people were like, oh ok, it's better to get the vaccine."

That's why Hsia booked an appointment to get the flu shot tomorrow.

Nicole Lopez-Jantzen from Woodside Queens has already got the flu. She suffers from long covid.

"Every time I get even a cold, I'm out for a week. Definitely flu, COVID, RSV cold. I don't want to get any of it, so the easiest thing is to mask on the subway."

Health and hospitals remind people they can get tested and vaccinated at a city-run facility for a low cost or free, regardless of their insurance or immigration status.

# Trump tariffs would hit New Yorkers' energy costs first

Ajkal Desk



New Yorkers would feel the effect of tariffs on Canadian goods first in their energy prices, a top Canadian diplomat said Tuesday during a visit to Albany.
Tom Clark, the Canadian consul general in New York, met with state lawmakers on the eve of a potential trade war, reminding legislators of the state's massive trade relationship with its northern neighbor and warning them about the potential impact if tariffs go into effect next month.
President Donald Trump over the weekend ordered a 25% duty on all goods and services imported into the United States from Canada and Mexico, with a lower 10% tariff on Canadian energy and products from China. As markets dropped in the hours before they were supposed to take effect, the North American governments announced a 30-day détente.
Despite the pause and the lower tariff for energy, Clark warned of higher costs for both fossil fuel and green energy consumers.
New Yorkers import more than $2 billion of Canadian oil, natural gas and electricity every year, according to a fact sheet from the Canadian government. A new transmission project, the Champlain-Hudson Power Express, will route Canadian hydropower into New York City when it comes online in the spring of 2026. That project's importance has only increased since former Gov. Andrew Cuomo forced the closure of the Indian Point nuclear plant in 2021, making the city reliant on more volatile fossil fuel plants to keep the lights on.
"It's going to be the biggest supplier of electrical power into New York," Clark said. "If we decided that we were going to tariff energy or put an export tax or export controls on energy going to the United States, then yes, it would certainly become more expensive."
That isn't happening so far, but Clark said the Canadian government would respond to American-imposed tariffs. While they remain paused, Canadian officials have offered concessions to Trump's demands in order to delay a trade war. Prime Minister Justin Trudeau reiterated his commitment to spend $1.3 billion on border security funding on Monday, and he vowed to appoint a "fentanyl czar" to stem the flow of the illicit drug into the United States.
Clark said he's not certain how big Canada's role in the fentanyl crisis is, and that the illicit substance flows over the border in both directions. Less than 1% of the fentanyl seized entering the United States was crossing from the north. And Trump has made clear that he intends to implement tariffs if he is not satisfied with Canada's response.

conEdison

## Con Edison proposes double-digit rate hikes

Ajkal Desk

Con Edison has filed plans with the state to raise gas and electricity rates in 2026, aiming to boost revenue for clean energy investments and infrastructure upgrades. The proposal, submitted to the New York State Public Service Commission on Friday, calls for an average 11.4% increase in electric bills and a 13.3% increase in gas bills starting Jan. 1, 2026. The utility giant says it is raising rates to generate an additional $1.6 billion to enhance its electric delivery system and $400 million to upgrade its gas infrastructure. The rate request begins an 11-month review process during which the Public Service Commission will hold hearings and allow elected officials, consumer groups, environmental advocates, and others to provide testimony.
Con Edison, which provides electricity to customers across the five boroughs and Westchester County, said it is upgrading its infrastructure to meet rising demand driven by building and transportation electrification, along with new development.

## Mehzabien Chowdhury starrer 'Priyo Maloti' set for release on Chorki



Ajkal Desk

The film "Priyo Maloti" has been appreciated by the critics and masses alike since it hit the theatres on December 20, last year. Now Mehazabien Chowdhury's debut film is set to be released on the OTT platform Chorki. The movie, based on real-life events, is set to be released on Chorki on February 6 at 8pm, according to an announcement notice sent by Chorki.
"Priyo Maloti" captures the story of the otherwise ordinary life of Maloti Rani Das played by Mehzabien. The protagonist, newly married to Polash Kumar Das, is a warrior struggling to make ends meet. Like most other couples in town, their marriage too was sprinkled with occasional banter and happiness. All was well until one day a fire accident at a market changed the course of their simple lives. Shankha Dasgupta, the director and screenwriter conveyed, "Maloti embodies the struggle and strength of going through economic, social, and emotional ordeals. Her story is synonymous with thousands of other women in the country. Our movie questions many unethical practices that run rampant and unchallenged in society." The ensemble cast includes seasoned actors like Azad Abul Kalam, Shahjahan Samrat, Rizvi Rizu, Anisul Haque Borun, Nader Chowdhury and many others.

### Rental Assistance in NYC

## Programs and How to Qualify

Anik Raj

For New Yorkers who may be at risk of eviction or homelessness, New York City offers multiple rental assistance programs. The Department of Social Services can help connect New Yorkers to the rental assistance program best suited for their needs. Additionally, the department can help connect residents to other programs available through the state and federal government.
Below is a list of some of the rental assistance programs available and how to know who qualifies.



City Fighting Homelessness and Eviction Prevention Supplement (CityFHEPS)
This program helps individuals and families find and keep housing. Through the program, a tenant who lives in New York can have their monthly rent paid for up to five years. Eligible candidates include:
Low-income families who live in shelters
Individual adults who live in shelters
Low-income families and adults who are at risk of becoming homeless
FHEPS pays some or all of the rent for families who have been evicted, are facing eviction, or have lost housing due to domestic violence.
Eligible candidates include:
Families receiving Cash Assistance (CA)
Families who have lost housing because of health or safety issues or from certain court decisions
Families with a pregnant person, a child under 18 years old, or a child under 19 years old who is enrolled full-time in high school or a vocational or technical training program
Families in an HRA or DHS shelter
Families who are currently being evicted or were evicted in New York City within the last 12 months
Temporary Aid to Needy Families Program (TANF)
Families eligible for this program may receive up to 60 months of federally funded cash assistance. In most cases, residents who receive temporary cash assistance may be required to work and/or take part in educational activities.
Residents can find a list of eligibility requirements online. If eligible, New Yorkers interested in this program can apply through AccessHRA.
Emergency Assistance/One Shot Deal (SOTA)
New Yorkers may be eligible for one-shot cash assistance in the event they cannot pay their bills because
Emergency assistance can help if a person is
Homeless or at risk of losing their home
Has had their gas or electricity shut off or received notice that it will be
Has lost clothes, personal items, or furniture because of theft, fire, or a natural disaster
Has been affected by domestic violence
Have other issues that affect the health and safety of themselves or their family
More information on this program and application details can also be found on Access HRA under the "One Shot Deal" section.

## Unions sue to block Trump's federal worker buyout plan



Ajkal Desk

Unions representing US government employees filed a lawsuit on Tuesday to block the Trump administration's plan to offer buyouts to federal workers, even as a US official told Reuters that more than 20,000 employees are planning on quitting. The American Federation of Government Employees and two other unions claim the buyout offer is "arbitrary and capricious" and violates federal law, according to the complaint. Unions representing US government employees filed a lawsuit on Tuesday to block the Trump administration's plan to offer buyouts to federal workers. The White House last week offered 2 million civilian full-time federal workers an opportunity to stop working this week and receive pay and benefits through Sept. 30 as President Donald Trump seeks to slash the size of the government. The deadline to accept the offer is Thursday.



# পিত্তথলিতে পাথর জমার লক্ষণ বুঝবেন কীভাবে

ডা. রুহুল আমিন

পিত্তথলিতে পাথর জমার সমস্যায় অনেকেই ভোগেন। শুরুতেই এই রোগ ধরা পড়লে সহজেই নিরাময় করা সম্ভব। পাথরের আকার ছোট হলে ওষুধের মাধ্যমেই তা সারিয়ে তোলা যায়। মানব দেহে গলব্লাডার বা পিত্তথলি মূলত লিভারের নীচে থাকে। এটি পিত্তি সংগ্রহ করে এবং হজম প্রক্রিয়ায় প্রভাব ফেলে।

পিত্ততে কোলেস্টেরল মাত্রা বেশী হলে তা থেকে ক্রিস্টাল তৈরী হয়, যা ধীরে ধীরে পাথরের রূপ নেয়। পিত্তথলিতে পাথর জমলে কিছু লক্ষণ প্রকাশ পায়। যেমন- ১. গলব্লাডার পাথর হলে খাবার খাওয়ার সঙ্গে সঙ্গে পেটে ব্যথা শুরু হয়। এমনটা যদি বারবার হয় তাহলে তা পাথরের লক্ষণ হতে পারে ২. অনেক সময় বুকে ব্যথাও গলব্লাডার পাথরের লক্ষণ হতে পারে। এক্ষেত্রে ব্যথা বেশী হলে পেশীতে টান বা হৃৎপিণ্ডের কাছেও ব্যথার অনুভূতি হয় ৩. কাঁধের হাড়ে ব্যথাও পাথরের লক্ষণ হতে পারে। পিত্তথলিতে সংক্রমণের কারণে জ্বরও হয় ৪. বাদামি রঙের মল হতে পারে পিত্তথলি সঠিকভাবে কাজ না করার সংকেত। মলের রঙের পরিবর্তন পিত্তথলিতে পাথরের লক্ষণ হতে পারে ৫. হঠাৎ ডায়রিয়া হওয়াও পিত্তথলিতে পাথরের লক্ষণ হতে পারে। কিছু না খেলেও পেট ভার অনুভব হওয়া, গ্যাস বা পেটখারাপও পিত্তথলিতে পাথরের লক্ষণ হতে পারে। এগুলির মধ্যে যে কোনও উপসর্গই বারে বারে দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেয়া উচিত।






# যে কারণে ভারী খাবার খাওয়ার পরে গোসল করা ঠিক নয়

ডা আক্তারুজ্জামান

অনেকেরই দিনের খাবার পর আবার কেউ রাতে খাবার পর গোসল করেন। কিন্তু অনেকেরই হয়তো জানা নেই তাড়াহুড়ো করে খেয়ে তারপর গোসল করার এই অভ্যাস বহু জটিল রোগের জন্য দায়ী। আয়ুর্বেদের মতে, দুপুরে হোক বা রাতে ভারী খাবার খাওয়ার পরে কখনই গোসল করা উচিত নয়।

খাবার খাওয়ার পর শরীরে হজমের প্রক্রিয়া শুরু হয়ে যায়। এই অবস্থায় গোসল করলে পেশিতে টান ধরার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে। এতে হজম প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটে। গোসলের আগে খাবার খাওয়ার এই অভ্যাসকে চিকিৎসা পরিভাষায় বলা হয় 'হাইপারথার্মিক অ্যাকশন'। এর ফলে শরীরের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশ খানিকটা বেড়ে যেতে পারে। এতে শরীরের যে মারাত্মক কোনও ক্ষতি হয় এমন নয়। বরং এর ফলে প্রতিরোধ ক্ষমতা কিছুটা বেড়ে যায়। আসলে খাওয়ার পর স্বাভাবিক ভাবেই শরীরের তাপমাত্রা কিছুটা হলেও বেড়ে যায়। হজমের প্রক্রিয়া শুরু হয় এই সময় থেকেই। সেই মুহূর্তে গোসল করলে শরীরের তাপমাত্রা স্বাভাবিকের মাত্রা ছাড়িয়ে যেতে পারে। তা ছাড়া গরম খাবার খেয়ে গোসল করলে বেড়ে যেতে পারে হৃৎস্পন্দনের মাত্রাও।

দীর্ঘদিন ধরে এই অভ্যাস থাকলে শুধু হজম প্রক্রিয়া ব্যাহতই হয় না, ওজন বেড়ে যাওয়া, ওবেসিটি, রোগ প্রতিরোধ শক্তিও কমে যায়। এ কারণে বিশেষজ্ঞরা যে কোনও খাবার খাওয়ার অন্তত দুই থেকে এক ঘণ্টা আগে গোসল করার পরামর্শ দেন।

# কফি না ব্ল্যাক টি কোনটি উপকারী?

ডা. আশিকুর রহমান

কফি বা চা সেটাই হোক না কেন দুধ-চিনি মিশিয়ে খেলে শারীরিক নানা সমস্যা দেখা দেয়। এ কারণে এখন অনেকেই ব্ল্যাক টি না হলে কফি খান। এই দুটির কোনটি স্বাস্থ্যের জন্য বেশি উপকারী?





ব্ল্যাক টি : ব্ল্যাক কফির তুলনায় ব্ল্যাক টি র মধ্যে ক্যাফেইন কম থাকে। ব্ল্যাক কফির মধ্যে কোনও স্যাচুরেটেড ফ্যাট থাকে না। ব্ল্যাক টি রোগ প্রতিরোধ শক্তি বাড়াতে সাহায্য করে। ইউরোপিয়ান জার্নাল অব নিউট্রিশনে প্রকাশিত নিবন্ধ অনুযায়ী নিয়মিত ব্ল্যাক টি পানে অতিরিক্ত ক্যালরি বাড়ে। এক কাপ ব্ল্যাক চা-এ ২ ক্যালোরি থাকে।

ব্ল্যাক কফি: ব্ল্যাক কফির মধ্যে ক্যাফেইন ছাড়াও প্রচুর পরিমাণে অ্যান্টিঅক্সিডেন্ট, ম্যাগনেসিয়াম এবং পটাশিয়াম রয়েছে। ইন্টারন্যাশনাল জার্নাল অব এপিডেমিয়োলজি-তে প্রকাশিত একটি নিবন্ধে বলা হয়েছে, যারা নিয়মিত ব্ল্যাক কফি খান, তাদের মধ্যে ওবেসিটি এবং টাইপ ২ ডায়াবেটিসে আক্রান্ত হওয়ার ঝুঁকি কম থাকে। এক কাপ ব্ল্যাক কফিতে জিরো ক্যালরি থাকে।

তা হলে আপনার জন্য কোনটি আদর্শ:

ব্ল্যাক কফি এবং ব্ল্যাক টি, দুটিই স্বাস্থ্যকর পানীয় হিসেবে বিবেচিত। তবে আপনি কোনটা বেছে নেবেন, তা স্থির হবে কোন ধরনের উপকার চান তার ওপরে নির্ভর করে। আপনি যদি সকালে ওয়ার্ক আউট করেন, তাহলে আপনার জন্য উপযুক্ত ব্ল্যাক কফি। কারণ সকালে ব্ল্যাক কফি খেলে বিপাকক্রিয়া অনেকটাই বেড়ে যায়। কিন্তু আপনি যদি খুব বেশি ক্যাফেইন ইনটেক করতে না চান, তাহলে ব্ল্যাক টি আপনার জন্য উপযুক্ত। যারা হাইপারটেনশন এবং অ্যাংজাইটিতে ভুগছেন, তাদের ব্ল্যাক কফি এড়িয়ে চলাই ভালো। তবে সন্ধ্যার পর কাও ব্ল্যাক কফি খাওয়া উচিত নয়। কারণ এতে ঘুমের ব্যাঘাত ঘটতে পারে।

# ঝিঙে ওজন কমাতে উপকারী

জাবেদ খসরু

স্বাদের কারণে অনেকেরই ঝিঙে পছন্দের। ভাজি, ভর্তা কিংবা চিংড়ি মাছ দিয়ে ঝিঙে খেতে দারুণ লাগে। তবে কেবল খেতেই সুস্বাদুই নয়,এর অসাধারণ সব ভেষজ গুণও রয়েছে। ঝিঙে খেলে শরীরের অনেক সমস্যা দূর হয়।

যাদের শরীর দুর্বল এবং বেশি রোগে ভোগেন তাদের জন্য ঝিঙে খুব উপকারী। ঝিঙে খেলে যেসব উপকারিতা পাওয়া যায়-

১. ওজন কমানোর জন্য ঝিঙে খাওয়া খুবই উপকারী বলে মনে করা হয়। কারণ ঝিঙেতে ক্যালরির পরিমাণ খুবই কম এবং ফাইবারও প্রচুর, যা ওজন কমাতে সাহায্য করে। ২. চোখের জন্য ঝিঙে খাওয়া খুবই উপকারী বলে মনে করা হয়। কারণ ঝিঙেতে প্রচুর পরিমাণে ভিটামিন এ পাওয়া যায়, যা দৃষ্টিশক্তি বাড়াতে সাহায্য করে। এর পাশাপাশি এটি খেলে চোখও সুস্থ থাকে

৩. রক্তে শর্করার মাত্রা নিয়ন্ত্রণে ঝিঙে খাওয়া খুবই উপকারী। এতে থাকা পেপটাইড এবং অ্যালকালয়েড উপাদান বিপাকক্রিয়া বাড়াতে সাহায্য করে। যার কারণে ইনসুলিনের পরিমাণ নিয়ন্ত্রণে রাখা যায় ৪. ঝিঙেতে প্রচুর পরিমাণে ফাইবার থাকায় এটি পেট পরিষ্কারক হিসেবে কাজ করে। ফলে কোষ্ঠকাঠিন্য দূর হয়। অ্যাসিডিটি ও আলসার নিরাময়েও বেশ উপকারী ঝিঙে। নিয়মিত ঝিঙে খেলে পাকস্থলীর কার্যক্ষমতা বাড়ে, খাবারও হজম হয় ৫. রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে ঝিঙে বেশ কার্যকর। এতে ভিটামিন সি, জিঙ্ক এবং আয়রনের মতো এমন অনেক উপাদান পাওয়া যায় যা আপনাকে ভাইরাল সংক্রমণের ঝুঁকি থেকে রক্ষা করে।



# কোন খাবারগুলি খালি পেটে খাওয়া ঠিক নয়

ডা. নাসেন খান

গোটা শরীর সবসময় সুস্থ রাখতে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস অত্যন্ত জরুরি। ডাক্তাররা বলেন, নিয়ম মেনে খাবার খেলে অনেক অসুখ প্রতিরোধ করা সম্ভব। অনেকেরই সকালে ঘুম থেকে উঠে আগে চা কিংবা কফি খাওয়ার অভ্যাস আছে। দিনের শুরুটা একেবারেই চা কিংবা কফি দিয়ে করা উচিত নয়। এতে হজমশক্তিতে ক্ষতিকর প্রভাব পড়ে। চা কফির পরিবর্তে দিনের শুরুটা একমুঠো ড্রাই ফ্রুটস খাওয়ার পরামর্শ তাদের। এর পাশাপাশি এমন অনেক খাবার রয়েছে, যা খালি পেটে খাওয়া একেবারেই উচিত নয়। যেমন-

১. মসলাদার খাবার খালি পেটে খেলে পরবর্তী বেশ কয়েক ঘণ্টা শরীরে নানা সমস্যা দেখা দিতে পারে।

২. খালি পেটে সকালে হালকা গরম পানি,লেবু চা বা আদা চা খেলে বিপাকক্রিয়া বাড়ে। এগুলো স্বাস্থ্যের জন্যও উপকারী। কিন্তু খালি পেটে ঠান্ডা পানীয় অর্থাৎ, কোল্ড টি, শর্করাজাতীয় পানীয়, কোল্ড কফি খেলে তার ক্ষতিকর প্রভাব পড়তে পারে হজমশক্তিতে।

৩. ওজন কমানোর জন্য অনেকেই নানা ডায়েট মেনে চলেন। ওজন কমাতে সাহায্য করে সালাদ। কিন্তু তা একেবারেই খালি পেটে খাওয়া সঠিক নয়। এর ফলে তলপেটে ব্যথা হতে পারে।

৪. লেবুজাতীয় খাবার খালি পেটে খাওয়া উচিত নয় একেবারেই। এসব ফলে থাকা ফাইবার খালি পেটে পাকস্থলীতে ক্ষতিকর প্রভাব ফেলে।



# BEST TAX EXPRESS INC.

# ট্যাক্স
## একটি গুরুত্বপূর্ণ বিষয়

অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন।

tax refund

AUTHORIZED IRS e-file PROVIDER

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং,অডিট,ফাইন্যানসিয়াল স্টেটমেন্ট, বুককিপিং, অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠান, লাইসেন্স ও পে-রোল,আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ।

**Individual And Business Tax, Audit, Financial Statement, Bookkeeping, Non-profit Business Setup, Licensing & Payroll, Specialized In IRS & NYS Tax Problem Resolution**

**FINANCE, ACCOUNTING, TAX FILING, AUDIT & CONSULTING**
**( Business & Non profit )**

**Call Us**
+1 (646) 253-4798
+1 (718) 878-6878

**Email Us**
besttaxexpress@gmail.com

**OpenTime**
Seven Days in a Week
(07.00 AM - 10.00 PM)

**Website**
www.besttaxexpress.com

**Endicott Branch**
103 Washingtone Avenue 2nd Fl, Endicott, NY 13760

**Main Branch**
168-29 Hillside Ave. 2nd floor, Suit-2 Jamaica, NY 11432

**Buffalo Branch**
1288 Fillmore Avenue, Buffalo, NY 14211

**Jamaica Branch**
159-06 Hillside Avenue, Jamaica, NY 11432

**Woodside Branch**
69-07 Roosevelt Avenue 2nd Fl, Woodside, NY 11377

## ব্রুকসে ইসলামিক হোম ফিনান্স বিষয়ক সেমিনার

৩ পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট সামি কবির গাইডেন্সের হোম ফিনান্সের সেবার পরিধি তুলে ধরেন। তিনি বলেন, গাইডেন্স কোন ব্যাংক না এটা একটি রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট কোম্পানি। এখানে হোম বায়ারের সাথে কো-ওনার হয়, একটি এলএলসি তৈরীর মাধ্যমে, তাই এখানে কোন সুদের প্রশ্ন আসে না। কউ যদি কিস্তি দিতে দেরি করেন আমরা লেট ফি চার্জ করি না এবং কিস্তি বন্ধ করে দিলে তার বিনিয়োগকৃত মূলধন ইকুইটিসহ ফিরিয়ে দেই। ব্যাংক হলে ৩ মাস পেমেন্ট না দিলে বাড়ি ফরক্লোজ শুরু করবে। কিন্তু আমরা বাড়ি ফরক্লোজ করি না। সামি কবিরের সাথে লোন অফিসার শাকিল কামরানও উপস্থিত ছিলেন। তারা আগত অতিথিদের ইসলামী ফিনান্স নিয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

অনুষ্ঠানে উল্লেখযোগ্য সংখ্যক হোমবায়ার ছাড়াও ব্রুকস কমিউনিটি বোর্ড ৯ এর চেয়ারম্যান মোহাম্মদ এন মজুমদার, সিপিএ জাকির চৌধুরি, ডা. মো. শাহজাহান, প্রফেসর আ. করিম, সাইফুল নিজাম, আব্দুল্লাহ আল সাকিব, মো. এম হোসাইন, এমজি হাসান, সাংবাদিক জহিরুল হক, মো. রহমান, মো. কামাল হোসেইন, সোহেইব আহমেদ, এমজি মহসিন মিয়া, এমজি শাহজালাল ইমরান, এমজি হোসেইন, এমজি মোজাম্মেল হক, জুয়েল লস্কর, এমজি মহিউদ্দিন, লাল মিয়া, নাজমুল ইসলাম, আব্দুল মালিক, এমজি শাহজান মালি সহ গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

## শফিকেরা কেন অধম হবেন

৫ পৃষ্ঠার পর

সমস্যা নাই। দামী দামী গাড়ি চড়, তাতেও আমজনতার কোন সমস্যা নাই। কিন্তু শীতের রাইতে জুলাই আহতদেরকে কেন রাজধানীর রাজপথে রাত কাটাতে হচ্ছে চিকিৎসার দাবীতে। কে দিতে পারবে এর সঠিক জবাব? জানি কেউই দিতে পারবে না। গোঁজামিলপূর্ণ একটি পরিসংখ্যান ছাড়া। শত শত শহীদদের আত্মত্যাগ ও হাজারো আহতদের রক্তের উপর দিয়ে গঠিত বর্তমান সরকারের মধ্যে ঘাপটি মেরে থাকা কতিপয় কর্মচোরা সুবিধাভূগী এখন অদূর ভবিষ্যতের হালুয়া রুটির ভাগাভাগির হিসাব নিকাশে ভীষণ কর্মব্যস্ত। কিন্তু আহতদের এভাবে দিনের পর দিন, মাসের পর মাস অবহেলা করার সমুচিত জবাব এই জাতি একদিন না একদিন দিবেই, ইনশাআল্লাহ। জুলাইয়ের আহতরা আমাদের মাফ করো, আমাদের অপারগতার জন্য।

## অনন্য অমর একুশে গ্রন্থমেলা

১০ পৃষ্ঠার পর

কাঙ্ক্ষিত স্টল অতি সহজেই খুঁজে পেতে পারে। আর মেলার যেকোনো গেট দিয়ে ঢুকতেই মিডিয়া সেন্টার আছে, সেখান থেকেই স্টলের অবস্থান জেনে নিতে পারবেন সহজেই। তাই ভিড়ের মাঝে কাঙ্ক্ষিত স্টল খুঁজে না পাওয়া আশঙ্কা নেই।

শুরুতেই বলার চেষ্টা করেছি যে বইমেলাকেন্দ্রিক প্রকাশনার ধারা আমার পছন্দ নয়। তবু কি তা এড়ানো যায়? প্রকাশকদের তাগিদ থাকে। লেখক হিসেবে কেউই তা ফেরাতে পারেন না।

প্রতিবছরের মতো সরকার প্রধান হিসেবে এই মেলা উদ্বোধন করেছেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। এতে মেলা উদ্বোধনের ধারাবাহিকতা থাকছে, এটি নিঃসন্দেহে আনন্দের বিষয়। মেলায় এবার স্টলের সংখ্যা বেড়েছে। ২০২৪ সালের তুলনায় এবারে নতুন বইয়ের সংখ্যাও বাড়বে।

আমাদের সৃজনশীলতার উৎকর্ষকে ধারণ করে যে বই, এই উৎসব তারই। আশা করি, এবারের সাহিত্যে নতুন প্রজন্মের চিন্তার প্রকাশও ঘটবে। একটি বই যে অতীত ও বর্তমানের মধ্যে সেতুবন্ধ তৈরি করে, তার প্রমাণ যেমন থাকে গ্রন্থাগারে, তেমনি থাকে বহমান উন্মুক্ত বইমেলায়।

বইমেলায় প্রকাশিত বই-ই যে ঢুকে যায় ব্যক্তিগত গ্রন্থাগার কিংবা জাতীয় গ্রন্থাগারে। এভাবেই রচিত, রক্ষিত ও বিকশিত হয়ে থাকে যেকোনো দেশের জাতীয় সাহিত্য ঐতিহ্য। বাংলাদেশ নিশ্চয়ই তার ব্যতিক্রম নয়।

লেখক: বাংলা একাডেমি সাহিত্য পুরস্কারপ্রাপ্ত কবি ও ফোকলোরবিদ।

## আন্তর্জাতিক লোকসংগীত সম্মেলনের প্রস্তুতি সভা

৩ পৃষ্ঠার পর

সাধারন সম্পাদক ভিক্টর লিয়াকত আলীর পরিচালনায় সভায় বক্তব্য রাখেন প্রধান উপদেষ্টা হাজী আব্দুর রহমান, প্রধান সমন্বয়ক আবু তালেব চৌধুরী চান্দু, সৈয়দ হাসমত আলী, কে এম ফজলুর হক, মিস সেলিনা বানু, সহ-সভাপতি এডভোকেট হারিস উদ্দিন আহমেদ, সহ-সভাপতি শফিউল আলম, মাহবুব আলী, কামরুন ফাতেমা।

প্রস্তুতি সভায়, ২৬ জুলাই তারিখে সম্মেলন করার সম্ভাব্য তারিখ ঠিক করা হয়। এছাড়া সম্মেলনের বাজেট নিয়ে আলোচনা করা হয়। এই লোকসংগীত উদযাপনের জন্য একটি শক্তিশালী কমিটি গঠন করা হয় এবং আগামী কিছুদিনের মধ্যে একটি পূর্ণাঙ্গ কমিটি প্রকাশ করা হবে। আন্তর্জাতিক লোকসংগীত প্রতি ২ বৎসর পর পর অনুষ্ঠিত হয়। গত বৎসর নানা প্রতিকূল অবস্থার জন্য অনুষ্ঠিত হতে পারেনি। বাংলার গ্রামীন মাটি ও মানুষের গান, লোকসংগীত, প্রবাসে বাঙালীর মনে স্মরণ করে দেয়। প্রবাসে মাটির সকল গান আজ হারিয়ে যাওয়ার পথে। আজ আমাদের গর্ব হয়, বাংলার মাটি ও গ্রামের প্রাকৃতিক পরিবেশ নিয়ে লোকসংগীত, পল্লীগীতি, ভাওয়াইয়া সংগীত আমরা এইসব গানের গীতিকার লেখক বাদ্যযন্ত্র ব্যবহারকারী সেই শিল্পীদের নামে উৎসর্গ করা হয়।

## গাজা দখল করে নেবে যুক্তরাষ্ট্র

৬২ পৃষ্ঠার পর

আমরা সেই অংশটি (গাজা) দখল করব। সেটির বিকাশ ঘটাব এবং সেখানে হাজার হাজার কর্মসংস্থান তৈরি করব। সেখানে এমন কিছু হবে যার জন্য সমগ্র মধ্যপ্রাচ্য খুব গর্বিত হতে পারে। গাজায় একটি দীর্ঘমেয়াদী মালিকানার কথা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট। তিনি বলেছেন, আমি সেখানে দীর্ঘমেয়াদী মালিকানা দেখতে পাচ্ছি। এর ফলে মধ্যপ্রাচ্যের ওই অংশে দুর্দান্ত স্থিতিশীলতা নিয়ে আসবে বলে মনে করেন ট্রাম্প। তিনি বলেন, এ বিষয়ে আঞ্চলিক নেতাদের সঙ্গে আলোচনা করা হয়েছে এবং তারা এতে সমর্থন করেছেন।

গাজায় কারা বসবাস করবে জানতে চাইলে ট্রাম্প বলেন, সারা বিশ্বের মানুষের আবাসস্থল হতে পারে গাজা। গাজার বর্ণনা দিতে গিয়ে তিনি বলেন, ২০২৩ সালের ৭ অক্টোবর হামাসের আক্রমণের প্রতিক্রিয়ায় ইসরাইল যে সামরিক অভিযান চালিয়েছে তাতে উপত্যকাটির সীমান্তবর্তী অঞ্চলগুলোতে হুমকি সৃষ্টি হয়েছে, যা মধ্যপ্রাচ্যের রিভেরা (উপকূলরেখা) হওয়ার সম্ভাবনা রয়েছে।

উপকূলীয় অঞ্চলের নিয়ন্ত্রণ নিয়ে দীর্ঘ সহিংসতার ইতিহাসের পরেও গাজায় ২০ লাখের বেশি মানুষ বসবাস করছেন। এর মধ্যে কোন অধিকারে যুক্তরাষ্ট্র গাজা দখলে নেবে তার সরাসরি কোনো উত্তর দেননি ট্রাম্প। তার প্রথম মেয়াদে গাজায় মার্কিন সৈন্য মোতায়েনের বিষয়টি এড়িয়ে গিয়েছিলেন তিনি।

## নিউইয়র্কে বাসার সামনে বাংলাদেশি যুবক গুলিবিদ্ধ

৬২ পৃষ্ঠার পর

থেকে মানিব্যাগ ও মুঠোফোন ছিনিয়ে নিতে চাইলে তিনি চিৎকার করেন এ সময় সশস্ত্র দুর্বৃত্তরা তাকে গুলি করে। ঘটনার পরপর তাকে নিউইয়র্কের হাসপাতালে ভর্তি করা হয়। ওজোনপার্ক এলাকার ১০১ অ্যাভিনিউর ৭৪ স্ট্রিটের কাছে মামুনুর রশিদের বাসা। বাংলাদেশে তার বাড়ি নোয়াখালী জেলার সেনবাগে।

গত রোববার রাত ১১টার দিকে বেশ তুষারপাত হচ্ছিল। এ সময় তিনি বাড়ির সামনে দাঁড়িয়ে মুঠোফোনে কথা বলছিলেন। মুখোশধারী এক কৃষ্ণাঙ্গ ব্যক্তি এসে তার কাছে থাকা মানিব্যাগ ও মুঠোফোন ছিনিয়ে নেয়ার চেষ্টা করে। মামুন ভয়ে চিৎকার করলে সেই ছিনতাইকারী গুলি করে পালিয়ে যায়।

মামুনুর রশীদের ঘনিষ্ঠ একজন জানিয়েছেন, গুলিবিদ্ধ হয়ে মামুনুর রশিদ রাস্তায় পড়ে থাকলে একই এলাকায় বসবাসকারী বিয়ানীবাজারের একজন মুরব্বি পুলিশে ফোন দিয়ে বিষয়টি জানান। পরে নিউইয়র্ক পুলিশ বিভাগ (এনওয়াইপিডি) অ্যাম্বুলেন্স নিয়ে ঘটনাস্থলে আসে।

মামুনুর রশিদের বন্ধু ফাহাদ হোসাইন বলেন, আহত অবস্থায় পুলিশ মামুনুরকে উদ্ধার করে জ্যামাইকা হাসপাতালে ভর্তি করায়। তার অবস্থা উন্নতির দিকে। তিনি হাত থেকে গুলিবিদ্ধ হয়েছেন। অপারেশন করে গুলি বের করা হয়েছে। এই হামলার ঘটনায় এখন পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি বলে জানা গেছে।

## ৩২ নম্বরে গরুর মাংসে ভুরিভোজের উৎসব

১ পৃষ্ঠার পর

হয়। সে সময় বিভিন্ন স্লোগান দিচ্ছিল উপস্থিত জনতা।

আয়োজকরা জানান, গরুটি দেড় লাখ টাকা দিয়ে কেনা। ছাত্র-জনতার টাকা দিয়েই গরুটি কেনা হয়েছে বলে জানান আয়োজনের সঙ্গে জড়িত একজন। তিনি নাম প্রকাশ না করার শর্তে বলেন, 'দেড় লাখ টাকা দিয়ে গরুটি কেনা হয়েছে। সব টাকাই ছাত্র-জনতার। কেউ একশো, কেউ পাঁচশ; এভাবে টাকা দিয়েছে। রাতেই রান্না করে সবাইকে খাওয়ানো হবে। আমাদের কথা একটাই, এ দেশে আর কোনো ফ্যাসিবাদের ঠাঁই হবে না।'

যখন বৃহস্পতিবার সন্ধ্যা, তখন মাংসগুলো টুকরো টুকরো করা হচ্ছিল। এর কিছুক্ষণ পরে মাংস টুকরো করার কাজ শেষ হয়। সে সময় এক কাটোয়ার বলেন, একশো ১০ কেজির মতো মাংস হবে।

ছাত্র-জনতার তীব্র আন্দোলনের মুখে আওয়ামী লীগ সরকার ক্ষমতাচ্যুত হওয়ার ছয় মাস পর গতকাল ছাত্রলীগের উদ্দেশে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়াল অধিবেশনে যোগদানের ঘোষণা দেন। বিষয়টি জানাজানির পর বুধবার রাত নয়টার দিকে 'লং মার্চ টু ধানমন্ডি ৩২' কর্মসূচির ঘোষণা দেয় জুলাই রেভ্যুলেশনারি অ্যালায়েন্স। এ ছাড়া সন্ধ্যায় 'ছাত্র-জনতা আন্দোলন' নামে ফেসবুক বিভিন্ন পেজে কর্মসূচির ঘোষণা দিয়ে পোস্ট করা হয়।

পূর্বঘোষণা অনুযায়ী বুধবার রাতভর ধানমন্ডি ৩২ নম্বরে শেখ মুজিবুর রহমানের বাসভবনে ভাঙচুর চালায় বিক্ষুব্ধ জনতা। বুলডোজার দিয়ে ভেঙে ফেলা হয় ভবনটির একাংশ। যে সময় এই ভাঙচুর চলছিল তখন পূর্বনির্ধারিত এক ভার্চুয়াল ভাষণে এর সমালোচনা করেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা, যিনি গত ৫ আগস্ট দেশ ছেড়ে ভারতে পালিয়ে যান। গতকাল রাত থেকে শেখ মুজিবের বাড়ি বুলডোজার দিয়ে ভাঙা হলেও সকালে কিছু সময়ের জন্য বিরতি দেওয়া হয়। কিন্তু সকাল সাড়ে সাতটার দিকে আবারও ভাঙার কাজ শুরু হয়। চলে বেলা ১১টা পর্যন্ত। এরপর ঘটনাস্থল থেকে বুলডোজার সরিয়ে নেওয়া হয়।

গত বছরের ৫ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ডাকা 'মার্চ টু ঢাকা' কর্মসূচিতে উদ্ভূত পরিস্থিতিতে প্রধানমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করার পাশাপাশি দেশ ছেড়ে পালিয়ে যান আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা। এ খবর পাওয়ার পরপরই সেদিন বিকেলে বঙ্গবন্ধুর ধানমন্ডি ৩২ নম্বরের বাড়িতে অগ্নিসংযোগ করেছিল উত্তেজিত জনতা।


জ্যামাইকায় বাংলাদেশী আমেরিকান অভিজ্ঞ ও বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা পরিচালিত মেডিকেল ও ডেন্টাল অফিস

মেডিসিন বিশেষজ্ঞ



এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়।

Cell: 718-864-8882

আমরা প্রায় সব ধরনের ইন্সিওরেন্স গ্রহণ করি।

Dr. Mohammad M. Rahman, MD
Attending Physician, NYU School of Medicine

Board Certified in Internal Medicine, Geriatrics, Hospice & Palliative Care Medicine



Astoria Office
30-04 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500
www.drmrahman.com

718-526-0700

অভিজ্ঞ ডেন্টিষ্ট

Digital Xray সহ সর্বাধুনিক প্রযুক্তিতে অত্যন্ত যত্নসহকারে শিশু, বয়োজেষ্ঠ সহ সবার দাঁতের সকল প্রকার চিকিৎসা করা হয়।



We Do Implant



Dr. Siddiqur Rahman D.D.S.

We accept Medicaid, Metro Plus, Health Plus, Wellcare, Fidelis, Health First, United Health Care, Affinity & Other PVT. INS.

Dental Office

Jamaica Office
170-12, Highland Ave,
Jamaica NY 11432
Tel: 718-526-0700

Brooklyn Office
345 Broadway
Brooklyn, NY 11211
Tel: 718-384-1671

Mon-Tue-Thu-Fri (2Pm to 7 Pm)

Wednesday (12 Pm to 5 Pm)
Saturday (11Am to 5 Pm)

MEDICAL & DENTAL OFFICE
170-12, HIGHLAND AVE, JAMAICA, NY 11432

## হাসিনার লাগাম ধরতে ভারতের না

১ পৃষ্ঠার পর

পথে হাঁটছে। কূটনীতি ও সমঝোতার পথে কেন না। ভারতের সমর্থন না থাকলে হাসিনা সে দেশের মাটিতে বসে এভাবে একের পর এক উস্কানীমূলক বক্তব্য দিতে পারতেন না তা নিশ্চিত। নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের ব্যানারে তার বক্তব্যও তাৎপর্যপূর্ণ। এমনকি প্রতিদিন লাইভে এসে বাংলাদেশের নেতাকর্মীদের নির্দেশনা দিচ্ছেন। বিদেশের মাটিতে বসে অন্য একটি দেশকে অস্থিতিশীল করা কূটনীতির জানালার ফাঁকে বিষবাষ্প ছড়ায়। বাংলাদেশে বসে ভারতীয় কোন বিচ্ছিন্নতাবাদী কিংবা বিরোধী নেতা এভাবে রাজনৈতিক কর্মকাণ্ড চালালে তারা কিভাবে নিতেন। ভারত কি হাসিনাকে নিয়েই বাংলাদেশের ফয়সালা চান? ৩২ নম্বরের বাড়ি নিয়ে তাদের বিবৃতি অযাচিত হস্তক্ষেপ নয়?

শেখ হাসিনার সরকারের পতনের পর থেকে বাংলাদেশে একের পর এক অঘটনের কারণে একটা অস্থির পরিস্থিতি বিরাজ করছে। সর্বশেষ অস্থিরতা কথিত 'বুলডোজার কর্মসূচি'র নামে ধানমন্ডির ৩২ নম্বরে অবস্থিত বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের মহান নেতা শেখ মুজিবুর রহমানের বাড়িতে হামলার ঘটনার মাধ্যমে। এই কর্মসূচি ক্রমশঃ ছড়িয়ে পড়ে। সারাদেশে আওয়ামী লীগের নেতা-কর্মীদের বাড়িঘরে হামলার ঘটনা ঘটেছে। তার আগে তিতুমির কলেজকে বিশ্ববিদ্যালয় করার আন্দোলন। তারও আগে সাত কলেজের আন্দোলনসহ নানা কর্মসূচি পালিত হয়।

শেখ হাসিনার পতনের ছয় মাস অতিবাহিত হবার পর তিনি সামাজিক মাধ্যমে ভাষণ দেবার ঘোষণা দেন। তারপর সামাজিক মাধ্যমে প্রভাব বিস্তারকারী পিনাকি ভট্টাচার্য এক ঘোষণা দিয়ে ধানমন্ডির ৩২ নম্বরে হামলা চালানোর আহ্বান জানান। তারপর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আব্দুল্লাহ ধানমন্ডি অভিমুখে 'বুলডোজার মিছিল' করার আহ্বান জানান। আর এতেই হাজার হাজার ছাত্র-জনতা হাতুড়ি শাবল নিয়ে ঝাঁপিয়ে পড়েন। বাংলাদেশে অস্থিতিশীলতার কারণে বিদেশী বিনিয়োগ প্রায় শূন্যের।

বাংলাদেশের এই বড় ক্ষতির কারণের জন্য নেপথ্য কারিগর কারা, কী তাদের উদ্দেশ্য এসব জানার জন্যে বাংলাদেশের গোয়েন্দার হণ্যে হয়ে ঘুরছে। সাধারণভাবে বোঝা যায়, ভূ-রাজনৈতিক পরিস্থিতি বিবেচনায় দেশী-বিদেশী চক্র বাংলাদেশকে অস্থিতিশীল করে গড়ে তোলার লক্ষ্যে ষড়যন্ত্রে লিপ্ত। এই বিষয়ে সবাই মোটামুটি আঁচ করতে পারলেও বাংলাদেশের অভ্যন্তরীন অপারেটর কারা কী উদ্দেশ্যে এসব ষড়যন্ত্রে লিপ্ত। অনেকে মনে করেন, ভারতে আশ্রিত থাকা শেখ হাসিনা ও তার আওয়ামী লীগ দলের নেতারা তাদের রাজনীতিকে স্বাভাবিক করার চেষ্টা করছে। এক্ষেত্রে কারা জড়িত তা জানতে নানা তৎপরতা চলছে। অভিনেত্রী মেহের আফরোজ শাওনকে গ্রেফতার করেছে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। অভিনেত্রী সোহানা সাবাকেও জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

ধানমন্ডি ৩২ নম্বর থেকে শুরু করে সারা দেশে আওয়ামী লীগের নেতা-কর্মীদের বাসায় হামলার ঘটনাও ঘটেছে বাইরের ইন্ধনে। এভাবে অস্থিরতা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশ বিনষ্ট করছে। অর্থনীতিকে বিপর্যস্ত করে তুলেছে।

**ভারতীয় হাইকমিশনারকে তলব**

ভারতে অবস্থানরত বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী ও মানবতাবিরোধী অপরাধে ওয়ারেন্টভুক্ত আসামি শেখ হাসিনা যেন বক্তব্য না দেন, সেজন্য ঢাকায় নিযুক্ত ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনারকে ডেকে প্রতিবাদ নোট দিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। আজ ৬ ফেব্রুয়ারি বৃহস্পতিবার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে এ তথ্য জানান অন্তর্বর্তী সরকারের পররাষ্ট্র উপদেষ্টা মো: তৌহিদ হোসেন।

তৌহিদ হোসেন বলেন, 'ভারতকে আমরা লিখিতভাবে অনুরোধ করেছি শেখ হাসিনাকে সংযত করার জন্য, যেন উনি এ ধরনের বক্তব্য না দেন, যেটা বাংলাদেশের বিপক্ষে যাচ্ছে। আমরা এটার কোনো জবাব পাইনি এখনও। গত কয়েকদিনের কার্যকলাপের কারণে আজ আরেকবার তাদের নোট দিয়েছি।'

পররাষ্ট্র উপদেষ্টা আরও বলেন, 'ভারপ্রাপ্ত রাষ্ট্রদূতকে ডেকে প্রতিবাদ নোটটি দিয়েছি এবং আমরা আবারও অনুরোধ করেছি, যেন তাকে থামানো হয়। কারণ তার যে বক্তব্য মিথ্যা। উনি যেসব কথা উল্লেখ করছেন সেটা এক ধরনের অস্থিশীলতা উসকে দিচ্ছে বাংলাদেশে। এজন্য আমরা অনুরোধ করেছি এই অনুশীলনটা বন্ধ করার জন্য।'

তৌহিদ হোসেন বলেন, 'শেখ হাসিনার সাম্প্রতিক বক্তব্য খুবই আক্রমণাত্মক, যা তরুণ প্রজন্মের অনুভূতিতে আঘাত করে থাকতে পারে। তিনি বলেন, ঢাকা ভারতকে অনুরোধ করে যাচ্ছে যাতে হাসিনা এ ধরনের কর্মকাণ্ড থেকে বিরত থাকেন। 'আমরা দেখব ভারত কী পদক্ষেপ নেয়।'

আন্তর্জাতিক গণমাধ্যমের প্রতিক্রিয়া জানতে চাইলে তৌহিদ হোসেন বলেন, 'আমরা জানি এটা (ধানমন্ডি ৩২ নম্বরে ধ্বংসযজ্ঞ) নেতিবাচক হবে।'

পররাষ্ট্র উপদেষ্টা বলেন, 'আমরা এটিকে ক্ষোভের বহিঃপ্রকাশ হিসেবে দেখছি। সরকার এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি বন্ধ করার চেষ্টা করবে।'

**ভারত যা বলছে**

ভারত সরকার বাংলাদেশে ধানমন্ডির ৩২ নম্বরের বাড়ি ভেঙে দেয়ার নিন্দা জানিয়েছে। ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল মিডিয়া ব্রিফিংয়ে এই নিন্দা জানান। তিনি সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেন, শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক বাসভবন ৫ই ফেব্রুয়ারি ধ্বংস করে দেয়া হয়েছে। এটা নিন্দনীয়। তিনি আরও বলেন, দখলদার বাহিনী ও নিপীড়নকারীদের বিরুদ্ধে বাংলাদেশের মানুষের বীরোচিত প্রতিরোধের প্রতীক এই বাড়ি। যারা স্বাধীনতা যুদ্ধকে মূল্যায়ন করে, বাংলা পরিচয়কে লালন করে, তারা এই বাড়ির পবিত্র গুরুত্ব সম্পর্কে অবহিত। এই বাড়িটি বাংলাদেশের জাতীয় চেতনা। তিনি বলেন, এই তাণ্ডবের কড়া নিন্দা জানানো উচিত।


হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়



ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইট্স অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।



আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ
B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি



Member of
FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১
সপ্তাহে ৭ দিনই খোলা

# MONIR SECURITY TRAINING SCHOOL

**37-22 73 Street Suite # 1C**
**Jackson Heights, NY 11372**

## 347-659-8842

## 7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)





# রমজানের প্রস্তুতি নিন শাবান মাসজুড়ে

মুফতি মুহাম্মদ আল আমিন নূরী



শাবান মাসে নবিজির আমল : হিজরি বর্ষের অষ্টম মাস শাবান। শাবান আরবি শব্দ। এর অর্থ বিস্তৃত হওয়া, ছড়িয়ে পড়া। এ মাস রহমত বিস্তৃত হওয়ার মাস। এ মাসে আল্লাহর রহমত পৃথিবীবাসীর ওপর ছড়িয়ে পড়ে। এ কারণেই একে শাবান বলা হয়। প্রিয়নবি (সা.) এ মাসকে অত্যাধিক গুরুত্ব দিতেন।

মাহে রমজানে একাগ্রচিত্তে সিয়াম-সাধনা ও অধ্যবসায়ের প্রস্তুতি গ্রহণের মাস শাবান। সুতরাং রমজানের পূর্বপ্রস্তুতির জন্য শাবান মাস গুরুত্ববহ। রাসূল (সা.) শাবান মাসের গুরুত্ব বুঝাতে গিয়ে শাবানকে নিজের মাস বলে আখ্যায়িত করেন। হজরত আয়েশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল (সা.) বলেছেন, শাবান আমার মাস এবং রমজান আল্লাহর মাস। শাবান পবিত্রকারী এবং রমজান গুনাহ মাফকারী। *(কানজুল উম্মার-৩৫২১৬)*।

অপর হাদিসে রাসূল (সা.) বিশেষভাবে শাবান মাস গণনা করার নির্দেশ দেন, যেন রমজানের রোজা রাখতে সুবিধা হয়। রাসূলুল্লাহ (সা.) বলেছেন, তোমরা রমজানের উদ্দেশ্যে শাবানের চাঁদের হিসাব রাখবে। *(সুনানে তিরমিজি-৬৮)*। রমজানের রোজা বাদে শাবানের রোজা শ্রেষ্ঠ রোজা। এ ছাড়া আল্লাহ রাব্বুল আলামিন আমাদের এ মাসে অত্যন্ত ফজিলতপূর্ণ একটি রাত উপহার দিয়েছেন। কুরআনের ভাষায় এটাকে লাইলাতুম মুবারকা বলা হয়েছে। আমাদের এ অঞ্চলের পরিভাষায় শবেবরাত বলে অভিহিত করা হয়। শবেবরাত অর্থাৎ পনেরো শাবানের রজনির ফজিলত সম্পর্কে সহিহ হাদিস রয়েছে। হজরত আবু মুসা আশআরী (রা.) থেকে বর্ণিত।

রাসূলুল্লাহ (সা.) ইরশাদ করেন, আল্লাহতায়ালা অর্ধ শাবানের রাতে (শাবানের চৌদ্দ তারিখ দিবাগত রাতে) সৃষ্টির দিকে (রহমতের) দৃষ্টি দেন এবং মুশরিক ও বিদ্বেষ পোষণকারী ছাড়া সবাইকে ক্ষমা করে দেন। *(সহিহ ইবন হিব্বান-৫৬৬৫)*।

রোজা রাখা : রমজানের পর প্রিয়নবি শাবান মাসে সবচেয়ে বেশি রোজা রাখতেন। আয়েশা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূল (সা.)কে শাবান মাস ছাড়া আর কোনো মাসে এত অধিক রোজা রাখতে দেখিনি। তিনি শাবান মাসের অধিকাংশ দিনই রোজা রাখতেন। বরং প্রায় সারা মাসই তাঁর রোজা অবস্থায় কাটত। *(সুনানে নাসাই : হাদিস-২১৭৮, মুসনাদে আহমাদ : হাদিস-২৫৩৫৭)*।

উসামা ইবন যায়েদ (রা.) বলেন, শাবান মাসে অধিক রোজা রাখার কারণ সম্পর্কে নবিজি (সা.) কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, অর্থাৎ রমজান ও রজবের মাঝে এটা এমন এক মাস, যাতে লোকেরা উদাসীন থাকে। অথচ এ মাসে আল্লাহর কাছে পূর্ণ বছরের আমল পেশ করা হয়। আমি চাই আল্লাহর কাছে আমার আমল এমতাবস্থায় পেশ করা হোক যে, আমি রোজাদার। *(মুসনাদে আহাদ-২১৮০১)* এ ছাড়া এটা রমজানের পূর্ববর্তী মাস হওয়ায় নবিজি রমজানের পূর্বপ্রস্তুতির জন্য শাবানের অধিকাংশ সময় রোজা রাখতেন।

দোয়া করা : একটি দুর্বল হাদিস থেকে হলেও রজব ও শাবান মাসের মাসব্যাপী ছোট একটি আমলের কথা জানা যায়। হজরত আনাস (রা.) বলেন, রাসূল (সা.) রজব মাস এলে পড়তেন, হে আল্লাহ! আপনি আমাদের এরপর ৪২ পৃষ্ঠায়

# মদিনা সনদ জাতীয় ঐক্য ও সংহতির মিনার

মাহবুবুর রহমান



ইসলামের ইতিহাসে মদিনা সনদ একটি অনন্য দলিল, যা নবি মুহাম্মাদ (সা.) মদিনার বিভিন্ন গোত্র ও ধর্মীয় সম্প্রদায়ের মধ্যে সামঞ্জস্য এবং শান্তি প্রতিষ্ঠার জন্য প্রণয়ন করেছিলেন। এটি মানবজাতির ইতিহাসে প্রথম লিখিত সংবিধান হিসাবে বিবেচিত যা, জাতি, ধর্ম, বর্ণ ও গোত্র নির্বিশেষে সমাজে সাম্য ও ন্যায়বিচার প্রতিষ্ঠার দৃষ্টান্ত স্থাপন করে। মদিনা সনদ শুধু ইসলামি রাষ্ট্রের রোল মডেল নয়, বরং এটি আধুনিক রাষ্ট্রব্যবস্থার জন্যও একটি চিরস্থায়ী অনুপ্রেরণা।

মদিনা সনদের প্রেক্ষাপট : মদিনা সনদ প্রণীত হয় ৬২২ খ্রিষ্টাব্দে, যখন নবি মুহাম্মাদ (সা.) মক্কা থেকে মদিনায় হিজরত করেন। মদিনায় তখন ছিল বিভিন্ন গোত্র যেমন-আওস, খাজরাজ এবং ইহুদি সম্প্রদায়ের আবাসস্থল। গোত্রগুলো প্রায়ই একে অপরের সঙ্গে সংঘাতে লিপ্ত থাকত। নবি মুহাম্মাদ (সা.) এ অবস্থায় একটি স্থিতিশীল সমাজ গড়ে তোলার জন্য সবার সঙ্গে আলোচনা করে মদিনা সনদ প্রণয়ন করেন।

মদিনা সনদের মূলনীতি : মদিনা সনদের মূলনীতি ছিল একটি বহুধর্মীয়, বহুজাতিক রাষ্ট্রব্যবস্থা প্রতিষ্ঠা এরপর ৪২ পৃষ্ঠায়



# আর্থ-সামাজিক ব্যবস্থায় ঋণের ভূমিকা

ড. ইকবাল কবীর মোহন

মানুষের জীবনে অর্থ-সম্পদ একটি অপরিহার্য অনুষঙ্গ। প্রতিদিনের জীবন পরিচালনায় অর্থের প্রয়োজন হয়। সমাজে সব মানুষের আর্থিক অবস্থা সব সময় তার অনুকূলে থাকে না। কখনো কখনো সমস্যা বা সংকটে পড়ে মানুষকে অন্যের কাছ থেকে আর্থিক সহযোগিতা নিতে হয়। এটাকে ঋণ বলা হয়। ঋণের আরবি প্রতিশব্দ কর্জ। এর বাংলা প্রতিশব্দ হলো ধার, দেনা বা হাওলাত। ইসলামী পরিভাষায় ঋণ হলো কেবল সহযোগিতার জন্য অন্যকে অর্থ-সম্পদ দেওয়া, যেন গ্রহীতা এর মাধ্যমে উপকৃত হয় এবং সে তার প্রয়োজন পূরণ করতে পারে এবং পরে নির্দিষ্ট সময়ে দাতাকে সেই অর্থ-সম্পদ কিংবা তার অনুরূপ ফেরত দেওয়া। ইসলাম এ ধরনের ধার বা কর্জকে অনুমোদন দিয়েছে এবং এই ধরনের কাজকে অতি ফজিলত বা সওয়াবের বলে ঘোষণা করেছে। ইসলামে এই ঋণকে 'করজে হাসান' বা উত্তম ঋণ বলা হয়েছে। আল্লাহর সন্তুষ্টির আশায়, সওয়াবের নিয়তে বিনা শর্তে কাউকে কিছু দিলে তাকে 'করজে হাসানা' বলা হয়। এরপর ২৮ পৃষ্ঠায়



# মানবকল্যাণে ইসলামের শিক্ষা

ড. আ ফ ম খালিদ হোসেন

মানবিক চেতনা থেকে উৎসারিত পরহিতৈষণার যে মহৎ গুণ তা-ই মানবতা। মানবতা তথা মানবকল্যাণ হচ্ছে এমন একটি চেতনা ও ইচ্ছাশক্তির প্রক্রিয়া যা সমাজের মানুষের চাহিদা ও বিদ্যমান সমস্যাবলির যৌক্তিক পর্যায়ে সমাধানে কেন্দ্রীভূত।

পারিবারিক ঐতিহ্য, লব্ধজ্ঞান ও নিজের অভিজ্ঞতা থেকে ভালো-মন্দ, সত্য-মিথ্যা ও হিত-অহিত সম্পর্ক বিচারের শক্তি অর্জনই হচ্ছে মনুষ্যত্ব বা ইনসানিয়ত। ধর্ম, বর্ণ, দল, নৃগোষ্ঠী ও সম্প্রদায় নির্বিশেষে সমাজের প্রতিটি সদস্যের প্রয়োজন ও স্বার্থের প্রতি সুগভীর অনুরাগই মানবকল্যাণ। দুজনের মধ্যে অথবা সমষ্টির মাঝে ইতিবাচক ও কল্যাণকর অনুভূতির একাত্মতাই মানবতার শক্তি।

মানবতার অপর নাম ভদ্রতা, পরোপকার, দয়া, বদান্যতা, ভালোবাসা ও ক্ষমা। এসব মনুষ্যোচিত গুণাবলি মানুষকে মহৎ করে, মানবিক বানায় ও ইনসানে কামিলে পরিণত করে। মানবতার এরপর ৩৬ পৃষ্ঠায়

## নামাজের সময় সূচি Prayer Times For New York City ফেব্রুয়ারি ২০২৫

| তারিখ | ফজর | সূর্য | জোহর | আছর | মাগরিব | এশা |
|---|---|---|---|---|---|---|
| ০৮ | ৫:৪১ | ৬:৫৮ | ১২:১০ | ২:৫৯ | ৫:২৩ | ০৬:৩৯ |
| ০৯ | ৫:৪০ | ৬:৫৭ | ১২:১০ | ৩:০০ | ৫:২৪ | ০৬:৪১ |
| ১০ | ৫:৩৯ | ৬:৫৬ | ১২:১০ | ৩:০১ | ৫:২৫ | ০৬:৪২ |
| ১১ | ৫:৩৮ | ৬:৫৫ | ১২:১০ | ৩:০২ | ৫:২৬ | ০৬:৪৩ |
| ১২ | ৫:৩৭ | ৬:৫৩ | ১২:১০ | ৩:০৩ | ৫:২৮ | ০৬:৪৪ |
| ১৩ | ৫:৩৬ | ৬:৫২ | ১২:১০ | ৩:০৪ | ৫:২৯ | ০৬:৪৫ |
| ১৪ | ৫:৩৫ | ৬:৫১ | ১২:১০ | ৩:০৪ | ৫:৩০ | ০৬:৪৬ |

source: salahtimes.com

# ঐক্যের কোনো বিকল্প নেই

১২ পৃষ্ঠার পর

তিনি বলেন, 'যুদ্ধকালীন পরিস্থিতির মতো আমাদের সতর্ক থাকতে হবে। এ বছরটি দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাউকে বিশৃঙ্খলা ও অরাজকতা সৃষ্টির সুযোগ দেওয়া যাবে না।'

প্রধান উপদেষ্টা বলেন, ক্ষমতাচ্যুত স্বৈরশাসক শেখ হাসিনার ঘনিষ্ঠরা বিশৃঙ্খলা সৃষ্টির জন্য বিশাল অঙ্কের অর্থ ব্যয় করছে এবং অপপ্রচার চালাচ্ছে। দেশবাসীকে অপপ্রচারের বিরুদ্ধে সতর্ক থাকার আহ্বান জানিয়ে তিনি বলেন, সবাইকে এ অপপ্রচারের বিরুদ্ধে লড়াই করতে হবে।

ফ্যাসিবাদী জাতীয় দুশমনদের অবশ্যই মোকাবিলা ও প্রতিহত করতে হবে। এ প্রতিরোধ যুদ্ধে একদিকে যেমন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও নিরাপত্তা রক্ষাকারী বাহিনীগুলোর ইস্পাতদৃঢ় অবস্থান প্রয়োজন, তার পাশাপাশি প্রয়োজন জনগণের বিশাল ঐক্য গড়ে তোলা, যেমনটি আমরা লক্ষ করেছি জুলাই-আগস্ট অভ্যুত্থানের সময়। এ ঐক্যের প্রয়োজনীয়তাকে অবহেলা করে নিছক ক্ষমতার দৌড়ে লিপ্ত হওয়া আত্মঘাতী হবে। মনে রাখতে হবে, আধিপত্যবাদ গৌতম বুদ্ধ হয়ে যাবে না। তারা তাদের খুন করার অস্ত্র শান দেওয়া থেকে বিরত থাকবে না। মনে করার কোনো কারণ নেই যে, তাদের যাদের প্রতি দীর্ঘকাল ধরে আস্থা ছিল, তাদের পরিত্যাগ করে নতুন কাউকে লাঠিয়াল হিসেবে পেতে চাইবে। কেউ যদি এর উল্টোটা মনে করেন, তাহলে তার চেয়ে বড় ভুল আর কিছু হতে পারে না। আধিপত্যবাদের মিষ্টি কথায় বিভ্রান্ত হওয়া মোটেও সংগত হবে না। মনে করার কোনো কারণ নেই, আধিপত্যবাদীরা শয়তান থেকে ফেরেশতা হয়ে গেছে। শয়তানের সৃষ্টি হয়েছে আগুন থেকে। ফেরেশতারা সৃষ্টি হয়েছেন নূর থেকে। সুতরাং শয়তানের চরিত্রগত রূপান্তর ঘটার কোনো প্রশ্নই উঠতে পারে না। রাজনৈতিক দল ভোটের অঙ্ক কষবে, তা স্বাভাবিক। তবে ভোটের অঙ্ক কষতে গিয়ে দেশের স্বার্থ বিকিয়ে দেওয়া কিছুতেই উচিত হবে না।

গত ছয় মাসে বাংলাদেশে ঐক্যের সুর ক্রমান্বয়ে অনৈক্যের ঝনঝনানিতে পরিণত হতে চলেছে। অথচ জুলাইয়ের অভ্যুত্থান জাতির জন্য সুবর্ণ সুযোগ তৈরি করেছে। দ্বিধাবিভক্ত জাতির এখন ঐকমত্যে পৌঁছার এবং একটি নতুন জাতীয় বন্দোবস্তের পথে এগোনোর পথ খুলে দিয়েছে।

জাতীয় জীবনের এ বিরল সুযোগটি কোনোক্রমেই কারও ভুল বা তাচ্ছিল্যের জন্য হারিয়ে ফেলা মোটেও ঠিক হবে না। হাজার বছরেও এমন সুযোগ আসে না। আবু সাঈদ ও মুগ্ধরা অকাতরে জীবন দিয়ে রক্তের আখরে লিখে গেল, হে জাতি, তোমরা ফ্যাসিবাদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকবে। হে জাতি, তোমরা কখনোই আধিপত্যবাদের ষড়যন্ত্রের ওপর নজরদারিকে শিথিল করবে না। কারণ, Eternal vigilance is the price of freedom.

লেখক: শিক্ষাবিদ ও অর্থনীতিবিদ।

# 'শাহনাজ রহমতুল্লাহ': সীমানা ছেড়ে চলে গিয়েও চির অনির্বাণ

৫ পৃষ্ঠার পর

এমন প্রতিভাময়ী শিল্পী পৃথিবীতে না থাকার কথা মনে হলে -আমাদের বেদনাহত ও বিচলিত হয়ে যেতে হয়।

শাহনাজ রহমতুল্লাহ'র মতো সঙ্গীত সাধক ও সুরেলা কণ্ঠশিল্পীর বিকল্প তিনি নিজেই। তিনি সংগীতের ভাষা ও সুরের মর্ম বুঝতে পারতেন। গানের ভাবকে রপ্ত করে সুরেলাকণ্ঠের সঙ্গে নিজের আত্মার সম্মিলন ঘটিয়ে মর্মের অনুভবের মাধ্যমে তিনি গান গাইতেন। স্বাধীনতার গান, দেশের গান, মুক্তিযুদ্ধের গান এবং অসংখ্য চলচ্চিত্রের গান গেয়েছেন। তিনি সংগীতের সুরে সুরে বিস্ময়কর আলো জ্বালিয়ে গেছেন বাংলার ঘরে ঘরে। গানের ভাষায় তিনি গণমানুষকে জাগিয়ে তুলেছেন।

যে প্রাণের ভাষায় জেগে ওঠে দেশ, মাটি, মানুষ ও প্রকৃতি।

মহান মুক্তিযুদ্ধের সময় বন্দী খালেদা জিয়াকে উদ্ধারের বিষয়ে মুক্তিযোদ্ধাদের সহযোগিতা করার কারণে, জিয়াউর রহমানের শাসনামলে তিনি সরকারী ঘনিষ্ঠতা লাভ করেন। জিয়াউর রহমানের প্রিয় গান,-'প্রথম বাংলাদেশ আমার শেষ বাংলাদেশ' গানে কন্ঠ দেন তিনি। এই গানটি পরবর্তীতে প্রেসিডেন্ট জিয়া প্রতিষ্ঠিত বিএনপি'র দলীয় সঙ্গীত হয়। এজন্য শাহনাজ রহমতুল্লাহ শেখ হাসিনার বিরাগভাজন হন। আওয়ামী লীগের লোকেরা এই জনপ্রিয় শিল্পীকে বিএনপির লোক চিহ্নিত করে অপবাদ দেয় এবং তাঁকে অবহেলা করে।

একাত্তরে এক নদী রক্ত পেরিয়ে, একবার যেতে দে না আমার ছোট্ট সোনার গাঁয়ে, একতারা তুই দেশের কথা বলরে এবার বল ইত্যাদি জনপ্রিয় দেশাত্মবোধক গান তিনি গেয়েছিলেন।

তিনি সঙ্গীতে দক্ষতার অধিকারকে এমন শক্তভাবে প্রতিষ্ঠিত করেছেন, যা কখনও বিলুপ্ত হবে না। সুরের সমুদ্র বীণায় নিজের কণ্ঠকে সাবলীলভাবে করে তুলেছেন বৈচিত্র্যময় ও বর্ণময়। এমন মধুঝরা কণ্ঠের কালজয়ী শিল্পীর তুলনা বিরল।

সুদীর্ঘ ৫০ বছর গান গেয়েছেন শাহনাজ রহমতুল্লাহ। বিবিসির জরিপে সর্বকালের সেরা ২০টি বাংলা গানের তালিকায় শাহনাজ রহমতুল্লাহর কন্ঠে গাওয়া চারটি গান ছিল। যেখানে কোন শিল্পীর একসঙ্গে চারটি গান ছিল না। বাংলা সঙ্গীতভূবনে তাঁর কালজয়ী গানগুলো শতাব্দী থেকে শতাব্দীকাল ধরে টিকে থাকবে।

শিল্পী অথবা বড় কিছু হতে হলে শুধুমাত্র মেধা কিংবা ঐশ্বরিক দানের উপর নির্ভরশীল থাকলেই চলেনা। মেধার যথার্থ ব্যবহার থাকতে হয়। মেধা দিয়ে কেউ মানুষ মারার যুদ্ধকৌশল শেখায়। কেউবা উন্মত্ততায় যুদ্ধকে আলিঙ্গন করে। আবার কেউ মানুষকে রক্ষা করার জন্য মেধাকে কাজে লাগায়। মানুষের স্বার্থে মানবতার কল্যাণে যিনি কাজ করেন তিনিই তো শ্রেষ্ঠ। 'শাহনাজ রহমতুল্লাহ'র শিল্পবোধ ও সাংস্কৃতিক জীবন ছিল উন্নত এবং মেধা ও মননের যথার্থ প্রয়োগ। তিনি সঙ্গীতের মধ্যদিয়ে দেশ ও জাতির কল্যাণে সমৃদ্ধ করেছিলেন। শিল্পের সংগে যতদিন ছিলেন একাকার হয়েছিলেন মাটি ও মানুষের সাথে। দেশের হয়ে প্রেরণার স্বাধীনতার গান গেয়ে মিশে গিয়েছিলেন। যার কণ্ঠ ও সুরের সঙ্গে জড়িয়ে আছে বাংলার মাটির সোঁদা গন্ধ, সবুজের আকীর্ণ হাতছানি বন-বনানী ও বাতাসের আশ্চর্য সজীবতা।

তিনি হয়তঃ বুঝতে পেরেছিলেন যে, সময় ফুরিয়ে আসছে। জীবনের শেষদিকে তাই বিরাট পরিবর্তন ঘটে গেল। হয়তঃ চাইলেন এই ক্ষণিকের জীবনকে মহাজীবনের সঙ্গে সূক্ষ্মভাবে মানিয়ে নিতে হলে পৃথিবীতেই কাজ করে যেতে হবে। তাই তো শান্তির সুশীতলছায়ায় জান্নাতে স্থায়ী ঘর বানানোর প্রত্যাশায় তিনি আল্লাহর পরম সন্তুষ্টি ও সান্নিধ্য লাভের আশায় নিবিষ্ট হলেন। প্রাণপ্রিয় স্বামীর হাতধরে তিনি হজ্জ, ওমরাহ পালন করলেন। পবিত্র মক্কা ও মদীনা জিয়ারত করে আসলেন। অতঃপর জাগতিক চাকচিক্যময় জীবনের চেয়ে পারলৌকিক অবিনশ্বর মহাজীবনের জন্য তৈরি হতে শুরু করলেন। এভাবেই একদিন বিস্ময়কর বিশ্বাসের দীপ্তিতে মহানবীদের সান্নিধ্যছায়ায় পৌঁছে গেলেন।

গানের ভূবন থেকে নিজেকে কেন সরিয়ে নিলেন নিজেকে। মৃত্যুর আগে পবিত্র ওমরাহ পালনের মধ্যদিয়ে জীবনের এক বিরাট পরিবর্তন ঘটল। এই পরিবর্তন সম্পর্কে তিনি সাংবাদিকদের জানিয়েছিলেন যে, নামাজ পড়েই তার সময়টা বেশ ভালই কাটছে। ওমরাহ করে আসার পর দিন থেকেই আর গান করতে ইচ্ছা করেনি।

তিনি আরও জানিয়েছিলেন, পবিত্র কাবাঘর ও মহানবী (সা.)-এর রওজা শরিফ দেখে তিনি চমকিত হন এবং এক অপূর্ব আলোকরশ্মী ও আলোরছটা তাকে বারবার চমকিত ও কম্পিত করে তুলছে। তারপর থেকে পার্থিব বিষয়ে আগ্রহী নন তিনি। বাকিটা জীবন সৃষ্টিকর্তার কৃতজ্ঞতায় ধ্যানমগ্ন প্রার্থনা করেই বাকি জীবন কাটিয়ে দিতে চান।

সেই থেকে গানের জগত থেকে নিজেকে সম্পূর্ণরূপে গুটিয়ে নিয়ে ইবাদাত বন্দেগী করতেন। নিজের বাড়ির ছাদের উপর গড়ে তোলা রকমারি ফল ও ফুলগাছের পরিচর্যা করে সময় কাটাতেন। তিনি তাঁর ৫০ বছরের ভক্ত ও অনুরাগিদের বৃক্ষরোপণে মনোনিবেশ করার কথা বলতেন।

কীভাবে তার সঙ্গীতবিহীন সময় কাটে? এই প্রশ্নের জবাবে সাংবাদিকদের তিনি জানিয়েছিলেন, ভোর ৪টায় ঘুম থেকে ওঠে তাহাজ্জুদের নামাজ পড়েন। ফজর পর্যন্ত জায়নামাজে অপেক্ষা করতে থাকেন। বেশ ভালো লাগে তখন। নামাজের ওয়াক্ত হলে ফজর পড়ে কুরআন শরিফ পড়া শুরু করেন। অতঃপর সকালের নাস্তাপর্ব শেষ করে নিজের লালিত গাছের কাছে চলে যেতেন। কেননা তাঁর মতে বৃক্ষরোপণ ও ফুলের পরিচর্যা ঈমানের অংশ। যা মানুষের কল্যাণে আসে ,তাই আল্লাহ পছন্দ করেন।

বৃক্ষরোপণ ও গাছ লাগানো ও গাছের পরিচর্যার ব্যাপারে বিশ্বনবী'র (স) অনেক নির্দেশনা রয়েছে।

গাছ মানুষকে ছায়া দেয়, মায়া দেয় জীবনীশক্তির খোরাক যোগায়। প্রকৃতির অপার সৌন্দর্য হচ্ছে বৃক্ষরাজি ও সবুজ শ্যামলীমা। যা মানুষের মন-প্রাণে স্বস্তি ও শান্তির যোগান দান করে।

এ প্রসঙ্গে নোরা ওয়ালনের বিখ্যাত উক্তি হচ্ছে:

"গাছ মানুষের মনকে শান্তি দেয়।"

হাল বার্লান্ড বলেছেন-

'গাছের ব্যাপারে জেনে আমি ধৈর্য্যের অর্থ বুঝতে পারি। ঘাসের ব্যাপারে জেনে, আমি ঘাসের প্রশংসা করতে পারি।'

স্যার পি.সি. জগদীশ কুমার বলেন:

'গাছ কাটা আপনার নখ কাটার মতো নয় তবে শূল কাটানোর মতো।'

প্রচন্ড গরম কিংবা যেকোন ক্লান্তির অবসাদের জন্য গাছের ছায়া মানুষের হৃদয় শীতল হয়। মানুষের মধ্যে নিবিড় সম্পর্ক তৈরি করে।

এব্যাপারে জর্জ নাকাশিমা বলেন:

"একটি গাছ প্রকৃতির সাথে আমাদের সবচেয়ে নিবিড় সংযোগ।"

রবীন্দ্রনাথের অনেক কবিতা ও গানে বৃক্ষের
কথা আছে। এখানে একটি গানের কলি মনে পড়ছে:

"পথিকবন্ধু, ছায়ার আসন পাতি
এসো শ্যাম সুন্দর
এসো বাকলের অধীর খেলার সাথী
মাতাও নীলাম্বর।...."

আমাদের শিল্পাঙ্গন ও সঙ্গীতজগতের উজ্জ্বল তারকা অনুপম বৈশিষ্ট্যের পূর্ণাময়তায় 'শাহনাজ রহমতউল্লাহ' মানুষের হৃদয় জয় করে গেছেন। সঙ্গীতের মাধ্যমে তিনি পারিবারিক ঐতিহ্যকে অনুসরণ করেন এবং সমগ্র বাংলায় তাঁর সুরের নিবিড়ধারাকে স্থায়ীভাবে প্রতিষ্ঠিত করে গেছেন। তেমনই দেশ, মাটি ও প্রকৃতিপ্রেমের একান্ত অনুরাগী হিসেবে গাছের সাথে নিবিড় সম্পর্ক সৃষ্টি করে গেছেন। তিনি মানুষ ও গাছের একাত্মতার কথা বলেছেন। এজন্যে অবসরে বেশিরভাগ সময় তিনি নিজ বাড়ির ছাদে নানান জাতের ফলমূল ও রকমারি ফুলের পরিচর্যায় নিবিষ্ট থাকতেন।

সঙ্গীতের ব্যাপারে তিনি শুদ্ধসঙ্গীত চর্চার ক্ষেত্রে কঠোর নিয়মের মধ্যে অবিচ্ছিন্ন ধারায় চালু রেখেছিলেন। তেমনই শুদ্ধ সঙ্গীতের অধ্যবসার জন্য ভক্ত অনুরাগীকে আহবান করেন। জীবন সায়াহ্নের শেষাভে একটি সাক্ষাৎকারে সে কথা স্পষ্টভাবে বলে গেছেন।

পরিশেষে বলতে হয়, বর্তমানে ঘুণ লাগিয়ে কথিত আধুনিকতার ধোঁয়ায় সবকিছু কলুষিত হলেও আমাদের দেশের প্রতিভাবান শিল্পীর সংখ্যা কমে যাচ্ছে! প্রতি বছর আমরা যাঁদের হারাচ্ছি (!), তাঁদের আর কোন বিকল্প আসছে না।

সঙ্গীত জগতের কিংবদন্তী মহান শিল্পী শাহনাজ রহমতুল্লাহ'র সৃষ্টিশীল গানের অবদানের কথা যতই উচ্চারিত হবেততই শিল্প- সংস্কৃতি ও সঙ্গীতের ভূবন সুশিক্ষিত এবং সমৃদ্ধ হবে। যখনই তাঁর মাধুর্যমন্ডিত কন্ঠের কথা স্মৃতিতে ভেসে আসে, তখন শুধু গানের কথা নয়, তাঁর সমগ্র জীবনের শিল্পসত্তা ও তাঁর মানস পরিস্ফুটিত হয়ে ওঠে। তখনই তাঁর প্রতি এবং স্রষ্টার প্রতি আমাদের প্রণতি আরও বেশি পূর্ণতর হয়ে ওঠে।

লেখক: কবি ও প্রাবন্ধিক।

# হতাশায় পথ খোঁজা: ভাষা ও সংস্কৃতি

১০ পৃষ্ঠার পর

উদ্রেক হতে থাকে। তার একটি হচ্ছে পেশিশক্তি, জবরদখল অথবা নানা ধরনের বিকৃতি। সেই বিকৃতির পথে অনেক দিন ধরে চলছে বাংলাদেশ। রাজনীতিতে বিকৃতি এসেছে, শিক্ষাব্যবস্থায় এসেছে। মানবিক যেসব বিষয় মানুষের জীবনকে প্রভাবিত করে তাতেও এসেছে। নির্বাচিত প্রতিনিধি সব মানুষের প্রতিনিধি নয়। শিক্ষক সব ছাত্রের নয়। প্রাইভেট কোচিংয়ের অধীনে যারা ছাত্র তারাই শিক্ষকের প্রিয়। শিক্ষাব্যবস্থায় নিম্নবিত্তের কোনো অধিকারই নেই। প্রাইমারি স্কুলগুলোতে বিনা মূল্যে পাঠদান করানো হয়, উপবৃত্তির ব্যবস্থাও আছে। কিন্তু সেখানেও ছাত্ররা শিক্ষা থেকে ঝরে পড়ছে, বড় ধরনের বৈষম্য আছে সেখানে। আর এই বৈষম্য সৃষ্টি করেছে অর্থ। প্রাইভেট পড়াটা বাধ্যতামূলক করা হচ্ছে। শিক্ষক যখন ছাত্রকে দুই রকম দৃষ্টিতে দেখেন, তখন ছাত্রের কাছে আর শিক্ষাটা প্রিয় হয়ে ওঠে না।

দেশভাগের পর শিক্ষকেরা বহুদিন বেতন পাননি। যদিও বেতন ছিল খুব সামান্য। তবু অধিকাংশ স্কুল চলছে শিক্ষকদের সততা এবং অঙ্গীকারের কারণে। আমি যে স্কুলে পড়েছি, পঞ্চাশ-ষাটের দশকে সেখানে প্রধান শিক্ষকের বেতন ছিল চল্লিশ টাকা। সেই টাকাও তিনি একসঙ্গে পেতেন না, সহকারী শিক্ষকেরা বেতন পেতেন পঁচিশ থেকে ত্রিশ টাকা। এতে তাঁদের সংসার চলত না, কারণ একবারে বেতনটা পেতেন না। তাঁরা প্রাইভেট টিউশনিও করতেন না। এই টাকা থেকেই তাঁরা দরিদ্র ছাত্রদের সাহায্য-সহযোগিতা করতেন। স্কুলের নানা আনুষ্ঠানিকতায় তাঁরা চাঁদাও দিতেন। ফলে শিক্ষা ও শিক্ষকের প্রতি আবেগ তৈরি হতো। এই শিক্ষকেরা যেকোনো আদর্শিক সংগ্রামে নিজেদের নিয়োজিত করতেন। ভাষা আন্দোলন ও ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রত্যক্ষ প্রভাবে তাদের জীবনচর্চা চলত।

বাংলাদেশের মুক্তিযুদ্ধের আগে যে মৌল আদর্শগুলো পরবর্তীকালে আমাদের সংবিধানে যুক্ত হয়েছিল, এ সবই ওই সময়ের শিক্ষাব্যবস্থার ফলাফল। গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা-এ সবই সেই সময়কার শিক্ষা-সংস্কৃতি থেকে এসেছে। বহু দিন পর্যন্ত এই প্রভাব আমাদের শিক্ষাব্যবস্থায় ছিল। কিন্তু যখনই অসাম্প্রদায়িক জায়গাটা ধসে পড়তে শুরু করল, তখন থেকেই অপসংস্কৃতির জোয়ার বাংলার সংস্কৃতিকে অবক্ষয়ের দিকে নিয়ে যেতে শুরু করল। বর্তমানে আনুষ্ঠানিকতা আছে কিন্তু মূল বিষয়গুলো ধীরে ধীরে হারিয়েও গেছে। যার ফলাফল আমরা প্রায় প্রতিদিনই দেখতে পাই। কি রকম একটা জায়গা থেকে আমাদের সংস্কৃতি এবং রাজনীতির যাত্রা শুরু হয়েছিল, যার ফলে আমরা একটি জাতি রাষ্ট্র নির্মাণ করতে পেরেছিলাম! সেই জাতি রাষ্ট্রের মূলকাঠামোর মধ্যে সংস্কৃতির যে জায়গাটা ছিল, তাকে কলুষিত করতে করতে আমরা একটা পরমুখাপেক্ষী সাংস্কৃতিক জীবনযাপন করছি।

আমাদের সংস্কৃতির আরও একটি বড় জায়গা ছিল, সেটি হচ্ছে নৈতিকতাবোধ। আজকের দুর্নীতিপরায়ণ সমাজের দিকে তাকালে সেই বোধটা বারবার শুধু হোঁচট খায় না, আহত হয়। আজকের দিনে ব্যাপক মানুষের হতাশা নিয়ে একটা সমাজ সামনের দিকে এগোতে পারছে না। কিন্তু মানবের ধর্ম সামনের দিকে এগোয়। সামনে যাওয়ার সেই পথ আমাদের খুঁজে বের করতে হবে।

লেখক: নাট্যকার।

# আমাদের রাষ্ট্রভাষা আন্দোলন ছিল গণতান্ত্রিক

৬ পৃষ্ঠার পর

অঞ্চলের লোকজনকে পক্ষী, পিশাচ, পাপিষ্ঠ, দস্যু, রাক্ষস, দাস, কুকুর, ম্লেচ্ছ, ব্রাত্য ইত্যাদি নামে সম্বোধন করতে পেরেছে, তার প্রধান কারণ রাজনৈতিক, দ্বিতীয় কারণ ভাষাতাত্ত্বিক। এখানকার লোকজন যে ভাষায় কথা বলে, আর্য ব্রাহ্মণেরা তা বোঝেনি। তাই বলার অজুহাত পেয়ে গেছে যে-এরা বর্বর: প্রাচীন গ্রিকরা যেমন মনে করত সকল অ-গ্রিকভাষীকে।

গ্রিকরাও আর্যই ছিল, এ ব্যাপারে। আর্যরা নিজেদের চিহ্নিত করেছিল ভাষা দিয়েই। সেই ভাষা স্থানীয় লোকদের তারা শেখাতে চায়নি, আবার নিজেরাও যে স্থানীয় ভাষা শিখবে সেই উদারতা দেখায়নি। তার ফল খারাপ হয়নি। ভালোই হয়েছে, কেননা স্থানীয় ভাষা তৈরি হয়েছে, যেসব স্থানীয় ভাষার একটি হচ্ছে আমাদের এই বাংলা ভাষা।

আর এই বাংলা ভাষার কারণেই বাঙালি জাতির বাঙালিত্ব একটি সংজ্ঞাযোগ্য রূপ পেয়েছে। অন্যত্র সুনীতিকুমার যথার্থই বলেছেন, 'ভাষা না হলে নেশন বা জাতি হতো না।' এবং ওই প্রসঙ্গেই বলছেন তিনি, 'বাঙালি জাতি বলিলে যে জনসমষ্টি বাঙ্গালা ভাষাকে মাতৃভাষা রূপে বা ঘরোয়া ভাষা রূপে ব্যবহার করে, সেই জনসমষ্টিকে বুঝি।' সুকুমার সেনও (১৯০১-৯২) একই কথা বলেছেন: 'ভাষা নিয়ে জাতি, জাতি নিয়ে দেশ।'

বাংলা ভাষার উৎপত্তির সঙ্গে সঙ্গেই বাঙালি জাতির ইতিহাস শুরু। রবীন্দ্রনাথ বলেছেন আরও সুন্দর ভাষায়, 'এতকাল যে আমাদের বাঙালি বলা হয়েছে তার সংজ্ঞা হচ্ছে আমরা বাংলা বলে থাকি। শাসনকর্তারা বাংলা প্রদেশের অংশ প্রত্যংশ অন্য দেশে জুড়ে দিয়েছেন। কিন্তু সরকারি দফতরের কাঁচিতে তারা ভাষাকে ছেঁটে ফেলতে পারেননি।'

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-৯৪) নানা দিক থেকেই গুরুত্বপূর্ণ।

তিনি বাংলার কথা যত ভেবেছেন, ভারতের কথা তত ভাবেননি। রামমোহন রায়কে (১৭৭২-১৮৩৩) বলা হয়েছে 'ভারতপথিক'; যে অর্থে বলা হয়েছে ঠিক সেই অর্থেই বঙ্কিমচন্দ্র 'বঙ্গপথিক'। তাঁর পত্রিকার নাম 'বঙ্গদর্শন', তাঁর 'বন্দেমাতরম' গান অন্য প্রদেশের লোকজনও গেয়েছে বটে, অন্তত রণধ্বনি হিসেবে যে ব্যবহার করেছে তাতে তো সন্দেহই নেই, কিন্তু যে মাতৃমূর্তির বন্দনা গেয়েছেন তিনি, তা বৃহৎ বঙ্গের সপ্তকোটিরই, সর্বভারতের নয়। বঙ্কিমচন্দ্র বাঙালির কথাই বলতে ভালোবাসতেন। তিনি মনে করতেন, ভাষাই বাঙালির ভরসা। বলেছেন, 'জাতীয় ঐক্যের মূল ভাষার একতা' ('বঙ্গদর্শন', পৌষ, ১২৮১)। প্রমথ চৌধুরী (১৮৬৮-১৯৪৬) হালকাভাবে গভীর কথা বলতে পছন্দ করতেন।

তিনি বলেছেন, 'বাঙালি বাঙালি মাত্রেরই স্বজন, তার কারণ ভাষার যোগ হচ্ছে মানস-কায়ে রক্তের যোগ।' বিবেকানন্দ (১৮৬৩-১৯০২) সব সময়েই অতিশয় তীব্র হওয়ার পক্ষপাতী; তিনি মন্তব্য করেছেন, 'ভাষা হচ্ছে উন্নতির প্রধান উপায়, লক্ষণ।'

সৈয়দ নওয়াব আলী চৌধুরী (১৮৬৩-১৯২৯) তাঁর একটি পুস্তিকা 'দ্য ভার্নাকুলার এডুকেশন ইন বেঙ্গল'-এ অভিযোগ করেছিলেন যে 'বাঙলা সাহিত্য মুসলমানদের পক্ষে আদরণীয় হয়ে ওঠেনি, কারণ এ-সাহিত্যে মুসলমানের জীবন অনুপস্থিত।' সে বিষয়ে আলোচনা করতে গিয়ে রবীন্দ্রনাথ মন্তব্য করেছিলেন, 'বাঙালি মুসলমানের সহিত বাঙালি হিন্দুর রক্তের সম্বন্ধ আছে এ কথা আমরা যেন না ভুলি।'

# জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাধারণ সভা

৩ পৃষ্ঠার পর

করেন সভাপতি মঈনুল ইসলাম। এই কমিটির সদস্যরা হলেন- মিজানুর রহমান চৌধুরী শেফাজ, বিশিষ্ট ব্যবসায়ী বিলাল চৌধুরী এবং আব্দুল চৌধুরী ওয়েল।

তারা বলেন, এই ভবনের বিপরীতে ২০০ শেয়ার বিক্রি করা হবে। যদিও কার্যকরি কমিটির পক্ষ থেকে ১০০ শেয়ার দেওয়ার কথা বলা হয়েছে। বাকি এক শত শেয়ার অন্যান্যের মধ্যে বিক্রি করা হবে। প্রতিটি শেয়ারের মূল্য ধরা হয়েছে ৩ হাজার ৫০০ ডলার। আগামী ৩ বছরের মধ্যে ১০ শতাংশ লভ্যাংশসহ এই অর্থ ফেরত দেওয়া হবে। এই শেয়ার ক্রয়ে তারা জালালাবাদবাসীর প্রতি আহ্বান জানান।

সভাপতি মঈনুল ইসলামের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক আসাদুল গনি আসাদের পরিচালনায় অনুষ্ঠানে অতিথি ছিলেন জালালাবাদ অ্যাসোসিয়েশনের সাবেক সভাপতি সৈয়দ শওকত আলী, সংগঠনের উপদেষ্টা হাজি সৈয়দ জুবায়ের আলী, বিয়ানীবাজার সমিতির সভাপতি আব্দুল মান্নান, সাবেক সভাপতি নোরহান উদ্দিন কপিল, সাবেক সভাপতি আজিজুর রহমান সানু, নির্বাচন কমিশনার অধ্যাপক আমিনুল হক চুন্নু, সাবেক সভাপতি শাহীন কামালী, সাবেক সাধারণ সম্পাদক মিজানুর রহমান চৌধুরী শেফাজ, মৌলভীবাজার ডিস্ট্রিক্ট সোসাইটির সভাপতি ফজলুর রহমান।

সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষের রিপোর্টের ওপর আলোচনা করেন- রয়েছ আহমদ, খলিলুর রহমান খলিল, রিয়াজি, শাহাবুদ্দিন, হুমায়ুন আহমেদ, ইয়ামিন রশীদ, নজিবুর রহমান, গৌস খান, জাবেদ খসরু, মখন মিয়া, বদরুল মহসিন, নজরুল ইসলাম, এনায়েত হোসেন জালাল, আব্দুল আহাদ, মুকুল মিয়া হেলাল প্রমুখ। সাধারণ সভার শুরুতে দোয়া পরিচালনা করেন মাওলানা সাইফুল আলম সিদ্দিকী।

কোষাধ্যক্ষ মইনুজ্জামানের মায়ের মৃত্যুতে তিনি বাংলাদেশের থাকায় তার পক্ষে কোষাধ্যক্ষের রিপোর্ট পেশ করেন সাধারণ সম্পাদক আসাদুল গনি আসাদ। হিসাবে উল্লেখ করা হয় জালালাবাদ অ্যাসোসিয়েশনের ব্যাংক হিসাবে রয়েছে ২২ হাজার ৩৬৭ দশমিক ৬৯ ডলার।

# ছাত্রদের নতুন দল ও নিরপেক্ষ নির্বাচনের প্রশ্ন

৭ পৃষ্ঠার পর

আসতে পারে। চাণক্যের সেই বিখ্যাত উক্তি 'শত্রুর শত্রু আমার মিত্র' বাংলাদেশের রাজনীতিতে নতুন চর্চা নয়। অতলে তাদের ভুল নীতি, হক ও স্বার্থের কারণে সেই নোংরা খেলার পথ তৈরি হতে চলেছে? কে জেনে এত রক্ত ও আত্মদানের দায়? গণতন্ত্র হত্যাকারী ক্ষমতাচ্যুত ফ্যাসিস্ট আওয়ামী লীগই হবে গণতন্ত্র উদ্ধারের মিত্র শক্তি। এ তো গেল অভ্যন্তরীণ বিষয়...দেশের ভেতরে থাকা ক্ষমতাকেন্দ্রিক শক্তিগুলোর বিরোধের সুযোগ নেবে বাইরের শক্তিও। তারা সে জন্য মুখিয়ে আছে, শুধু অপেক্ষা সময়ের। সেটা হলে সংস্কার, গণতন্ত্র, নতুন রাজনৈতিক বন্দোবস্ত, অন্তর্ভুক্তিমূলক সমাজের বিষয়টি হবে কথার কথা, কল্পনাত-বাস্তবের নয়।

আমরা ঐক্যের কথা শুনছি, কিন্তু এই রাজনৈতিক পরিস্থিতিতে কি তা আছে বা থাকবে? কীভাবে? যখন নির্বাচন ও ক্ষমতার প্রশ্ন আসবে, তখনই বিভক্তি, বৈরিতা-শত্রুতা, আঘাত, পাল্টা আঘাত ও প্রতিপক্ষকে পরাজিত করার কূটকৌশল ব্যবহৃত হবে। পুরোনো শত্রু-মিত্রের অবস্থান পরিবর্তিত হবে। তারা ক্ষমতার স্বার্থে-সমীকরণে নীতি-আদর্শ-অঙ্গীকারের কথা ভুলে যাবে। জাতীয় পার্টি, জামায়াত ও ধর্মান্ধ শক্তি ক্ষমতার সেই সমীকরণেই সরকারের অংশীদার হয়েছে। তখন তাদের মাথায় মুক্তিযুদ্ধ ও নব্বইয়ের চেতনা ছিল না।

ড. ইউনূসের উৎসাহেই ছাত্ররা দল গঠন করছেন।

কিন্তু তাঁরা সন্দিহান যে নির্বাচন করলে সংসদে তাদের একটিও আসন থাকবে কি না। কারণ, কেউ তাঁদের চেনে না। এ প্রসঙ্গে অধ্যাপক ইউনূস বলেন, 'আমি তাদের বললাম, পুরো জাতি তাদের চেনে। তারা যা করতে চায়, সে বিষয়ে তাদের একটা সুযোগ দিই। সুতরাং, তারা এটা করবে।'

তিনি যদি নিছক উপদেষ্টার জায়গায় থাকেন, সেটাও তেমন দোষের কিছু নয়, কিন্তু এই শুভেচ্ছা দিতে গিয়ে কি তিনি নিরপেক্ষ ও অন্যান্য দলের কাছে গ্রহণযোগ্য থাকতে পারবেন? যদি সেটা না হয়, সে ক্ষেত্রে একটি নির্বাচনকালীন নিরপেক্ষ সরকারের দাবি আসতে পারে বৈকি।

চব্বিশের জুলাই অভ্যুত্থানের মাধ্যমে এ দেশে আবারও একটি জাতীয় ঐক্যের বিশাল সুযোগ তৈরি হয়েছিল। বিশ্বনন্দিত ব্যক্তিত্ব ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকারের প্রতি পুরো জাতির ছিল বিপুল সমর্থন। কিন্তু সেই সুযোগ তিনি ব্যবহার করতে পারলেন না। দেশের জন্য প্রয়োজন ছিল একজন দক্ষ ব্যবস্থাপক। মনে করেছিলাম তিনিই হবেন তার উপযুক্ত ব্যক্তি। কিন্তু এতটা হতাশ হতে হবে ভাবিনি।

# বাংলাদেশ সোসাইটি ইনক
## Bangladesh Society, Inc.

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547 • email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

বর্তমান ইমিগ্রেশন পরিস্থিতি নিয়ে
বাংলাদেশ সোসাইটির

# পরামর্শ সভা

তারিখ : ১০ ফেব্রুয়ারি, ২০২৫, সোমবার ◆ সময় : সন্ধ্যা ৬টা
স্থান : নবান্ন পার্টি সেন্টার, 37-22 73rd St, Jackson Heights, NY 11372

**পরামর্শ দেবেন**

**Stanley M Wayne, Esq.**
**Suzanne Squiers, Esq.**
এছাড়াও থাকবেন দেশী-বিদেশী
অভিজ্ঞ ইমিগ্রেশন অ্যাটর্নি

সুধী,
যুক্তরাষ্ট্রের নতুন প্রশাসন দায়িত্ব নেয়ার পর থেকে ইমিগ্রেশন সংক্রান্ত নানা পরিবর্তন এসেছে। বর্তমান ইমিগ্রেশন পরিস্থিতি নিয়ে প্রবাসীদের করনীয় এবং কিভাবে সুরক্ষিত থাকা যাবে তা নিয়ে বাংলাদেশ সোসাইটির আয়োজনে দেশী-বিদেশী অভিজ্ঞ অ্যাটর্নিদের নিয়ে এক পরামর্শ সভার আয়োজন করা হয়েছে।

পরামর্শ সভায় আপনারা সবাই আমন্ত্রিত।

**অনুরোধক্রমে**

**আতাউর রহমান সেলিম**
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

**আবুল কালাম ভূঁইয়া**
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক, ৯১৭-৮৯২-৭১৯৯

**মো: মহিউদ্দীন দেওয়ান** *(সিনিয়র সহ-সভাপতি)* ৯১৭-৫২৩-১৩৪৪, **কামরুজ্জামান কামরুল** *(সহ-সভাপতি)* ৭১৮-৯৭১-৪৭৬৯, **আবুল কালাম ভূঁইয়া** *(সহ-সাধারণ সম্পাদক)* ৯১৭-৮৯২-৭১৯৯, **মফিজুল ইসলাম ভূইয়া (রুমি)** *(কোষাধ্যক্ষ)*, ৩৪৭-৮৯৬-২৮০২, **ডিউক খান** *(সাংগঠনিক সম্পাদক)* ৯১৭-৭৮৩-৫৪৯৯, **অনিক রাজ** *(সাংস্কৃতিক সম্পাদক)* ৯৩৪-৪৪৪-১৮৬৩, **রিজু মোহাম্মদ** *(প্রচার ও গণসংযোগ সম্পাদক)* ৭১৮-৫৮১-৬৬৩৭, **জমিল আনসারী** *(সমাজকল্যাণ সম্পাদক)* ৩৪৭-৮৩৩-১০২৮, **মো: আখতার বাবুল** *(সাহিত্য সম্পাদক)* ৬৪৬-৫৭৫-৭০৫৩, **আব্রাব আলী লিটন** *(ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক)* ৯১৭-৪৯৭-২৮৩৯, **মোহাম্মদ হাসান (জিলানী)** *(স্কুল ও শিক্ষা সম্পাদক)* ৯১৭-৯৭১-৭৭৯৩, **কার্যকরী সদস্য:** হারুন চেয়ারম্যান ৯১৭-৪৪৩-৭৮৩৮, **জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী** ৭১৮-৭৩৭-২৭৪৮, **মোঃ সিদ্দিক পাটওয়ারী** ৭১৮-২১৯-৭৯৭৭, **আবুল কাশেম চৌধুরী** ৬৪৬-৫১৩-৬২৪৫, **মুনসুর আহমেদ** ৯১৪-৩০৩-৮৪৬৮ ও **হাসান খান** ৩১৩-৩২৭-৯৪১৮

প্রচারে: রিজু মোহাম্মদ, *প্রচার সম্পাদক*



## কানাডা-মেক্সিকোর শুল্ক নিয়ে বাজার গরম

৩ পৃষ্ঠার পর

ফেন্টানাইল চোরাচালান এবং অর্থ পাচারের বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের সঙ্গে সহযোগিতামূলক প্রচেষ্টা শুরু করতে সম্মত হয়েছে কানাডা। এছাড়া অবৈধ অভিবাসন এবং মাদকের প্রবাহ রোধ করতে মেক্সিকোর উত্তর সীমান্তকে আরও শক্তিশালী করতে অতিরিক্ত ১০ হাজার ন্যাশনাল গার্ডের সদস্য মোতায়েন করার বিষয়ে সম্মতি দিয়েছে দেশটির প্রেসিডেন্ট। মূলত এই চুক্তির পরই দুই দেশের ওপর আরোপ করা শুল্ক নীতি থেকে নিজেদের সাময়িকভাবে সরিয়ে নিয়েছে ট্রাম্প প্রশাসন।

মেক্সিকোর প্রেসিডেন্ট বলেন, মেক্সিকোতে উচ্চ ক্ষমতাসম্পন্ন অস্ত্র পাচার রোধে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতিবদ্ধ। সামাজিক যোগাযোগ মাধ্যমে ট্রাম্প বলেছেন, 'একজন প্রেসিডেন্ট হিসেবে সকল আমেরিকানদের সুরক্ষা নিশ্চিত করাই আমার দায়িত্ব এবং আমি সেটাই করছি। প্রাথমিকভাবে যে ফলাফল পেয়েছি তাতে আমি বেশ আনন্দিত।'

ট্রাম্প প্রশাসনের শুল্ক নীতির ফলে বিশ্বে বাণিজ্য যুদ্ধ শুরু হওয়ার আশঙ্কায় সতর্কবার্তা দিয়েছে অর্থনীতিবিদরা। তারা ভবিষ্যদ্বাণী করেছেন যে, এভাবে শুল্ক আরোপ করতে থাকলে বাণিজ্য ব্যবস্থা হুমকির মুখে পড়বে। বিনিয়োগ বন্ধ হয়ে যাবে। যার ফলে অর্থনৈতিক মন্দা শুরু হতে পারে। চরম ভোগান্তিতে পড়বে সাধারণ মানুষ। কেননা এর ফলে মূল্যস্ফীতি বেড়ে যাবে বহুগুণ। বিশেষ চুক্তির মাধ্যমে তিন দেশের শুল্ক আরোপ থেকে সরে আসায় আপাতত বিশ্ব বাণিজ্য কিছুটা হলেও স্থিতিশীল থাকবে বলে মনে করছেন তারা।

তবে চীনের বিষয়ে নতুন করে কিছু জানাননি ট্রাম্প। এর আগে বেইজিংয়ের পণ্যের ওপর ১০ শতাংশ শুল্ক আরোপ করেছেন তিনি। শুল্ক প্রত্যাহারের বিষয়ে চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের সঙ্গে এখনও কোনো চুক্তি হয়নি ট্রাম্পের। হোয়াইট হাউসের এক মুখপাত্র জানিয়েছেন, এখনও চীনা প্রেসিডেন্টের সঙ্গে ট্রাম্পের কোনো আলাপ হয়নি। ভবিষ্যতে বেইজিংয়ের ওপর আরও শুল্ক বাড়ানোর হুঁশিয়ারি দিয়ে রেখেছেন ট্রাম্প।

## ৮৩ সদস্যের আহ্বায়ক কমিটি

৩ পৃষ্ঠার পর

আহ্বায়ক আবু নাসের ও নাহারেয়ার হোসাইনী, যুগ্ম সদস্য সচিব কাজী ফৌজিয়া ও শামসুদ্দিন শামীম। সদস্য : আনোয়ার হোসেইন মঞ্জু, ডা. ওয়াজেদ, ড. আবুল কাশেম, মোহ শহীদুল্লাহ, আব্দুল্লাহ জাহিদ, সৈয়দ ফজলুর রহমান, রাগীব আহসান, আজিজুল হক মুন্না, ইমরান আনসারী, আলী নাঈম টিপু, শেখ সিরাজ, এবিএম সালাহউদ্দিন, আদিত্য শাহীন, দিমা নেফারতিতি, সৈয়দ রাব্বী, ফখরুল ইসলাম দেলোয়ার, ওয়াহেদ হোসেন, হাসান আমজাদ খান, আহসান হাবীব, সুমন শামসুদ্দিন, জিএম ফারুক খান, নুরুল খান, ইমাম চৌধুরী, নজরুল ইসলাম, সোহেল হামিদ, ফিরোজ আহমেদ, দেওয়ান নাসের রাজা, এইচ বি রিতা, এসএম মোজাম্মেল হক, আসাদুজ্জামান বাবু, রওশন হক, এবিএম ওসমান গনু, ফরিদা ইয়াসমিন, কাজী আজম, রফিক পাটওয়ারী, সোহানা নাজনীন, রেণু রোজা, কাওসার পারভীন চৌধুরী, হারুন-অর-রশিদ তালুকদার, মুশফিক অন্তু, আফসার আলম, সোনার ভূঁইয়া রাসেল, টুটুল, মুন্না চৌধুরী, মোহাম্মদ নাসির উদ্দিন, আব্দুল কাইয়ুম, মিজানুর রহমান, সেলী ইসলাম, জেবুন্নেসা জ্যোৎস্না, তাহলা সালিনা লিজা, সুৎরা শাহানা, শেলী জামান খান, নায়েব খলিলদার, শামসুন ফৌজিয়া, মিয়া এম আলফির, মিজান রহমান, আব্দুল মতিন, নাজমুল হোসেন, খালেদা আক্তার রুবী, জে মোস্তফা সানী, শাহ আলম, মোহাম্মদ আলী, নুরুল আমিন, সৈয়দ জিল্লুত আলী, জিকরুল আমিন জুয়েল, ইসমাইল হোসেন স্বপন, শেখ হায়দার আলী, আমীন মেহেদী বাবু, কাজী সেলিম খান, আব্দুর রশিদ বাবু, মো. বিলাল চৌধুরী, মো. সাইফুল ইসলাম, কাশেম আবুল (বাবু), সুলতান এ আলম খোকারী, শহীদুল্লাহ কায়সার, সৈয়দ আজাদ, আমিরা বেগম, সেলিম ইব্রাহিম।

উপদেষ্টা পরিষদ: সভাপতি মনজুর আহমেদ। সদস্য : ড. মহসিন পাটওয়ারী, হাসান ফেরদৌস, ড. আশরাফ উদ্দিন আহমেদ, ড. মোস্তফা সারওয়ার, মুজিব বিন হক, মকসুদ আলী, সৈয়দ টিপু সুলতান, শাহিদা আরবী, আজহারুল হক মিলন, তাসের মাহমুদ, আব্দুল মালেক, ডা: চৌধুরী মো. সারোয়ারুল হাসান, ইঞ্জিনিয়ার আলতাফ চৌধুরী।

উদযাপনের সভাপতি, মেলা উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য সচিব যৌথ বিবৃতিতে জানান, একুশের চেতনা সমুন্নত রেখে একটি সর্বজনীন বইমেলা করাই সংগঠনের উদ্দেশ্য। ধর্ম ও রাজনীতি নিরপেক্ষ এই মেলায় উত্তর আমেরিকার বইপ্রেমী মানুষের ঢল নামবে বলেই তারা বিশ্বাস করেন।

কবি কাজী জহিরুল ইসলাম বলেন, এটি একটি লেখকের বইমেলা হোক, যেখানে প্রকাশকেরা নয়, লেখকেরা স্টল নেবেন, লেখক-পাঠক সরাসরি সংযোগ ঘটবে। এ-ছাড়া বই-কেন্দ্রিক নানান অনুষ্ঠান দিয়ে ৩ দিনের এই বইমেলা সাজানো হবে বলে আমি বিশ্বাস করি। আহ্বায়ক কমিটিতে কমিউনিটির যোগ্য মানুষেরা আছেন, তাদের নেতৃত্বে একটি সফল বইমেলা হবে।

## তামিমকে স্মারক উপহার দেবে বিসিবি

৫২ পৃষ্ঠার পর

খেলার দরজা খোলা রেখেছিলেন বাঁহাতি এই ওপেনার। তাতে চ্যাম্পিয়ন্স ট্রফিতে তাকে পাওয়ার আশা করছিল বিসিবি। তার মতামত জানতেই তার সঙ্গে সভায় বসেছিল নির্বাচক কমিটি। সভা শেষ হওয়ার দুই দিন পর গত ১০ জানুয়ারি নিজের সিদ্ধান্ত জানিয়ে দেন দেশের অন্যতম সেরা ক্রিকেটার। ২০০৭ সালে হারারেতে জিম্বাবুয়ের বিপক্ষে ওয়ানডে দিয়ে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয় তামিমের। ২০২৩ সালের সেপ্টেম্বরে মিরপুরে নিউজিল্যান্ডের বিপক্ষে খেলা ম্যাচটিই ১৭ বছরের ক্যারিয়ারের শেষ হয়ে থাকলো। একই বছর সেপ্টেম্বরে টি-টোয়েন্টি ক্যাপ পান তামিম। পরের বছর জানুয়ারিতে নিউজিল্যান্ডের বিপক্ষে টেস্টে পা রাখেন। ৭০ টেস্ট, ২৪৩ ওয়ানডে ও ৭৮টি টি-টোয়েন্টি খেলে ১৫ হাজার ২৪৯ আন্তর্জাতিক রান তামিমের এবং সেঞ্চুরি ২৫টি ও হাফ সেঞ্চুরি ৯৪টি।

## আর্থ-সামাজিক ব্যবস্থায় ঋণের ভূমিকা

২৫ পৃষ্ঠার পর

**কর্জ বা ধারের ফজিলত**

মহানবী (সা.) নিজেই তাঁর প্রয়োজনের সময় ঋণ গ্রহণ করেছিলেন। এমনকি তিনি অমুসলিম লোকের কাছ থেকেও ধার নিয়েছেন। তাই ইসলামী আর্থ-সামাজিক ব্যবস্থায় কর্জে হাসানার অনেক গুরুত্ব ও ফজিলত রয়েছে। এ ধরনের কর্জকে ইসলাম শুধু উৎসাহিতই করেনি, বরং কর্জ বা ধারকে অনেক ফজিলতের কাজ বলে ঘোষণা করেছে। আল্লাহ তাআলা বলেন, 'নিশ্চয়ই দানশীল নর-নারী, যারা আল্লাহকে উত্তমরূপে ধার দেয়, তাদের দেওয়া হবে বহুগুণ। তাদের জন্য আছে সম্মানজনক পুরস্কার।' (সুরা : হাদিদ, আয়াত : ১৮)

অন্যত্র আল্লাহ বলেন, 'তোমরা নামাজ প্রতিষ্ঠা করো, জাকাত দাও এবং আল্লাহকে উত্তম ঋণ (কর্জ বা ধার) দাও।' (সুরা : মুজাম্মিল, আয়াত : ২০)

আল্লাহ আরো বলেন, 'আমি তোমাদের সঙ্গে আছি। যদি তোমরা নামাজ প্রতিষ্ঠা করো, জাকাত দিতে থাক, আমার পয়গম্বরদের প্রতি বিশ্বাস রাখ, তাদের সাহায্য করো এবং আল্লাহকে উত্তম পন্থায় কর্জে হাসানা দিতে থাক, তবে আমি অবশ্যই তোমাদের গুনাহ দূর করে দেব এবং অবশ্যই তোমাদের জান্নাতে প্রবিষ্ট করব, যেগুলোর তলদেশ দিয়ে নির্ঝরিণীসমূহ প্রবাহিত হয়।' (সুরা : আল-মায়িদা, আয়াত : ১২)

কর্জ বা ধার অনেক ফজিলত ও উপকারিতার কাজ। তাই আল্লাহর রাসুল (সা.) তাঁর সঙ্গী সাহাবিদের প্রায়ই কর্জ বা ধার দিতে উৎসাহ দান করতেন। ধারের উপকারিতা সম্পর্কে মুহাম্মদ (সা.) বলেছেন, 'যে ব্যক্তি তার ভাইয়ের অভাব পূরণ করবে, আল্লাহ কিয়ামতের দিন তার বিপদগুলো দূর করে দেবেন।' (সহিহ বুখারি, হাদিস : ২৪৪২)

আল্লাহর রাসুল (সা.) আরো বলেন, 'প্রত্যেক ঋণই সদকাস্বরূপ।' (বায়হাকি, হাদিস : ৩২৮৫)

**ঋণ গ্রহণে সতর্কতা**

ঋণ গ্রহণ ইসলামে বৈধ হলেও এটা যাতে পারতপক্ষে না নেওয়া হয়, সে ব্যাপারেও সতর্ক থাকতে হবে। কারণ ঋণ গ্রহণ করলে কথামতো সেটা যথাসময়ে পরিশোধ করা অপরিহার্য। তা না হলে অঙ্গীকার ভঙ্গ হবে। এর ফলে ঋণদাতা ক্ষতিগ্রস্ত হবে। কোনো কারণে ঋণ পরিশোধ করা না গেলে ঋণগ্রহীতা ভয়ানক ক্ষতির মধ্যে পড়বেন। রাসুল (সা.) বলেছেন, 'আল্লাহর পথে শহীদ হওয়া ব্যক্তিও তার ঋণের কারণে জান্নাতে প্রবেশ করতে পারবে না।' (মুসনাদে আহমদ, হাদিস : ২২৪৯৩)

অন্যদিকে কেউ যদি সময়মতো তার ঋণ পরিশোধ করে তাহলে তাকে জান্নাত দেওয়া হবে। এ প্রসঙ্গে রাসুল (সা.) বলেছেন, 'যে ব্যক্তির মৃত্যু হবে অহংকার, খিয়ানত এবং ঋণ থেকে মুক্ত হয়ে সে জান্নাতে প্রবেশ করবে।' (তিরমিজি, হাদিস : ১৫৭২)

**সময়মতো ঋণ পরিশোধ না করার পরিণতি**

ঋণগ্রহীতার জন্য এটা অন্যতম শর্ত যে সে অবশ্যই সময়মতো ঋণের অর্থ-সম্পদ পরিশোধ করে দেবে এবং সে তার ওয়াদা পূর্ণ করবে। কর্জে হাসানা বা উত্তম ঋণের ব্যাপারে আল্লাহ এবং রাসুল (সা.) অনেক ফজিলতের কথা বললেও, তা যদি সঠিকভাবে সঠিক সময়ে পরিশোধ করা না হয়, সে সম্পর্কেও কঠিন সতর্ক বার্তা রয়েছে। আল্লাহর রাসুল (সা.) বলেন, 'তোমাদের মধ্যে সে ব্যক্তিই উত্তম যে তার (ঋণের) হককে উত্তমরূপে পরিশোধ করে।' (সহিহ বুখারি, হাদিস : ২৩০৫)

**অক্ষম ব্যক্তিকে ঋণ পরিশোধে অবকাশ দেওয়া**

সমাজে এমন অনেক লোক আছে, যারা নানা সমস্যার কারণে ঋণ গ্রহণ করে। তবে নানা পারিবারিক সমস্যা বা অক্ষমতার কারণে ঋণ সময়মতো কিংবা কোনোভাবেই পরিশোধ করতে পারে না। তাদের ঋণ পরিশোধ করতে অবকাশ দেওয়া, এমনকি সক্ষম হলে ঋণ মাফ করে দিতে ইসলাম ঋণদাতাকে উৎসাহিত করেছে। অক্ষম ব্যক্তির ঋণ পরিশোধে অবকাশ দেওয়া এবং সক্ষম হলে মাফ করে দেওয়াকে অফুরন্ত সওয়াবের কাজ বলা হয়েছে। এ প্রসঙ্গে স্বয়ং আল্লাহ তাআলা বলেন, 'আর ঋণগ্রস্ত ব্যক্তি যদি অভাবী হয়, তাহলে তাকে সচ্ছল হওয়া পর্যন্ত অবকাশ দাও। আর যদি ঋণ মাফ করে দাও, তাহলে সেটা তোমাদের জন্য আরো উত্তম, যদি তোমরা জানতে।' (সুরা : বাকারাহ, আয়াত : ২৮০)

আল্লাহর রাসুল (সা.) আরো বলেন, 'যে ব্যক্তি কোনো অভাবী ঋণগ্রস্তকে সুযোগ দেবে অথবা ঋণ মাফ করে দেবে, কিয়ামতের দিন আল্লাহ তাকে তাঁর আরশের ছায়ায় আশ্রয় প্রদান করবেন। যেদিন তাঁর আরশের ছায়া ছাড়া আর কোনো ছায়া থাকবে না।' (তিরমিজি, হাদিস : ১৩০৬)

**ঋণগ্রহীতার দোয়া**

ঋণগ্রহীতা তার ঋণ পরিশোধ করতে তার মধ্যে যেমন আকাঙ্ক্ষা ও উদ্যোগ থাকতে হবে, তেমনি তা পরিশোধে সামর্থ্য দেওয়ার জন্যও আল্লাহর কাছে সাহায্য কামনা করতে হবে। আল্লাহর রাসুল (সা.) দেনা পরিশোধে আন্তরিক কামনা করার শিক্ষা দিয়েছেন। দেনা বা ঋণ পরিশোধ করার চাপ থেকে যখন পেরেশানি বেড়ে যাবে, তখন আল্লাহর সাহায্য চাইতে হবে। এমন একটি দোয়া রাসুল (সা.) নিজে করতেন এবং তা করার তাগিদ দিয়েছেন। তিনি দোয়ায় বলেন, 'হে আল্লাহ! নিশ্চয়ই আমি আপনার কাছে দুশ্চিন্তা ও দুঃখ থেকে আশ্রয় চাই, অপারগতা ও অলসতা থেকে আশ্রয় চাই, কৃপণতা ও ভীরুতা থেকে আশ্রয় চাই এবং ঋণের ভার ও মানুষের দমন-পীড়ন থেকে আশ্রয় চাই।' (সহিহ বুখারি, হাদিস : ৬৩৬৯)

**পরিশেষে**

জীবন পরিচালনার কোনো না কোনো পর্যায়ে বিপদে পড়ে আমাদের ঋণ করা লাগতে পারে। ঋণ নিতে ইসলামে কোনো বাধা নেই। তবে ঋণের অর্থ-সম্পদ সময়মতো পরিশোধ করা মুমিনের অপরিহার্য দায়িত্ব। যে বা যারা ঋণ পরিশোধে গড়িমসি করবে, তার জন্য শাস্তির ব্যবস্থা রয়েছে। আবার ঋণগ্রহীতা যদি তার ঋণের অর্থ পরিশোধ করতে অপারগ হয়, তাকে অবকাশ দেওয়া মানে ঋণ পরিশোধের সময় বাড়িয়ে দেওয়া, এমনকি সক্ষম হলে তাকে মাফ করে দেওয়াকে আখিরাতে মুক্তির উপায় হিসেবে ঘোষণা করা হয়েছে।

আল্লাহ তাআলা ঋণের ব্যাপারে আমাদের সতর্ক হওয়ার তৌফিক দান করুন।

লেখক : প্রাবন্ধিক, শিক্ষাবিদ, সাবেক অ্যাডিশনাল ম্যানেজিং ডিরেক্টর, স্ট্যান্ডার্ড ব্যাংক পিএলসি।

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT / IMMIGRATION / DIVORCE
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

আজকাল
বিজ্ঞাপনের মূল্য তালিকা

বাসা ভাড়া/রুম ভাড়া/রুমমেট চাই: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ২৫ ডলার
পাত্র/ পাত্রী চাই: এক সপ্তাহ ২০ ডলার, দুই সপ্তাহ ৩৫ ডলার
লোক আবশ্যক: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
বেবি সিটার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার
ড্রাইভার: এক সপ্তাহ ১৫ ডলার, দুই সপ্তাহ ৩০ ডলার

আপনি আমাদের অফিসে এসে বিজ্ঞাপন দিতে পারবেন। আপনাদের সুবিধার জন্য আমরা ফোন, ইমেইল, ফ্যাক্সেও বিজ্ঞাপন নেই। ফোন-ইমেইল-ফ্যাক্সে বিজ্ঞাপন দিলে আপনার ডেবিট/ক্রেডিট কার্ডের নাম্বার এবং এক্সপাইরেশন ডেট দিতে হবে। আমাদের পেপার শুক্রবারে ছাপা হয়। আমরা সারা সপ্তাহব্যাপী বিজ্ঞাপন নেই। আমাদেরকে বিজ্ঞাপন দেবার শেষ সময় বৃহস্পতিবার রাত ১০টা।

Email: ajkalnews@gmail.com

যে কোন তথ্যের জন্য ফোন করুন >> ৬৪৬-২৬৭-৭৭৫১ | ৯১৭-৫১৯-১১৫১

## প্রবাসি সুরক্ষা আইন বাস্তবায়ন কমিটি'র অভিবাসি হটলাইন ব্যবস্থা

৬২ পৃষ্ঠার পর

অনুষ্ঠান এবং ২১ ফেব্রুয়ারি উদযাপন এজেন্ডা আলোচনায় ছিল। তবে যুক্তরাষ্ট্রে অভিবাসিদের বর্তমান ধরপাকড়ের সমস্যা নিয়ে তাদের পাশে কিভাবে দাঁড়ানো যায় এ বিষয়ে সভায় জোরালো বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক কাজী এম আর খান সেলিম। তারই সূত্র ধরে সভাপতি এডভোকেট মাহবুবুর রহমান বকুল, সহ-সভাপতি আমিন মেহেদি বাবু, সাংগঠনিক সম্পাদক এডভোকেট সোনিয়া সুলতানা বক্তব্য রাখেন। কমিটির অনেকেই নিউইয়র্কে আইন পেশায় জড়িত থাকার কারণে তারা সমস্যাগ্রস্ত আন-ডকুমেন্টেড প্রবাসি বাংলাদেশিদের হট লাইনে বিভিন্ন প্রশ্নের উত্তর দিয়ে তাদের সহায়তা করবেন বলে জানানো হয়। একইভাবে কোন প্রবাসি ঢাকা এয়ারপোর্টে বা নিজ এলাকায় গিয়ে কোন হয়রানি, চাঁদাবাজি বা হামলার শিকার হলে সুপ্রিম কোর্টের আইনজীবীদের সমন্বয়ে গঠিত কমিটি তাদের পক্ষে আইনগত ব্যবস্থা নেবেন। সভায় জানানো হয়, নতুন কমিটি দায়িত্ব নিয়ে দ্রুত প্রবাসিদের সমস্যাগুলোকে গুরুত্ব দিয়ে কাজ শুরু করেছেন।

নবগঠিত কমিটির কর্মকর্তারা হলেন: সভাপতি এডভোকেট মাহবুবুর রহমান বকুল, সিনিয়র সহ সভাপতি মো: ইকবাল হোসেন, সহ-সভাপতি মো: মোজাফফর হোসেন, সহ-সভাপতি আমিন মেহেদী বাবু, সাধারণ সম্পাদক কাজী এম আর খান সেলিম, যুগ্ম সাধারণ সম্পাদক মো: ইসমাইল হোসেন স্বপন, যুগ্ম সাধারণ সম্পাদক এডভোকেট মো: নজরুল ইসলাম, কোষাধ্যক্ষ: মোহাম্মদ মাহবুবুল হক, সাংগঠনিক সম্পাদক এডভোকেট সোনিয়া সুলতানা, কার্যকরী কমিটির সদস্য দিলীপ কুমার সাহা, মো: নাছির উদ্দিন, কাজী জামান মিন্টু, মো: রাকিবুজ্জামান খান অনু, শাহজালাল টগর, মো: আবদুল বাকী, এডভোকেট রেশমা ইয়াসমিন, মো: আলাল উদ্দিন এবং এডভোকেট জাহাঙ্গীর হোসেন।

দেশে একটি প্রবাসি সুরক্ষা আইন, প্রবাসি বিশেষ ট্রাইব্যুনাল গঠন করার দাবি জানানো হয়। ঢাকার হযরত শাহ জালাল বিমানবন্দরে একজন প্রবাসিকে ৬ জন নিরাপত্তা কর্মী পিটিয়ে রক্তাক্ত করায় কমিটির পক্ষ থেকে নিউইয়র্কের ডাইভারসিটিতে বিক্ষোভ প্রদর্শন করা হয়েছে। পরে প্রবাসিদের সুরক্ষার জন্য নিউইয়র্ক কনসাল জেনারেল নাজমুল হুদার কাছে একটি স্মারকলিপি প্রদান করা হয়েছে।

## অ্যাডামসের মামলা বাতিলের বিষয়ে ডিওজির কর্মকর্তাদের আলোচনা

৬২ পৃষ্ঠার পর

একটি সাধারণ প্রক্রিয়া। তবে এখন পর্যন্ত কোনো তথ্য পাওয়া যায়নি যে, ফেডারেল প্রসিকিউটররা এ মামলাটি বাতিল করার দিকে মনোযোগ দিচ্ছেন। এক সূত্র জানায়, প্রসিকিউটররা সম্প্রতি এক বিচারকের কাছে জানিয়েছেন যে, তারা মেয়রের বিরুদ্ধে 'অতিরিক্ত অপরাধমূলক কার্যক্রম' আবিষ্কার করেছেন এবং তারা সম্ভবত আরো অভিযোগ আনতে যাচ্ছেন।

অ্যাডামস বারবার তার দোষ অস্বীকার করেছেন এবং তদন্তের সমালোচনা করেছেন। তার আইনজীবী অ্যালেক্স স্পিরো, যিনি ইলন মাস্কের আইনজীবীও, ট্রাম্পের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক স্থাপন করেছেন। ১৭ জানুয়ারি অ্যাডামস সাবেক প্রেসিডেন্ট ট্রাম্পের ফ্লোরিডা বাসভবনে গিয়েছিলেন এবং ২০ জানুয়ারি ওয়াশিংটনে ট্রাম্পের শপথগ্রহণ অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য শেষ মুহূর্তে আমন্ত্রণ পেয়েছিলেন, যা মার্টিন লুথার কিং জুনিয়র দিবসের দিন ছিল। মেয়র এই প্রশ্নগুলো এড়িয়ে গেছেন যে তার ঘুষ মামলায় কোনো আলোচনা হয়েছে কি না বা ট্রাম্পের কাছে কোনো ক্ষমা চাওয়া হয়েছে কি না।

অ্যাডামস গত সপ্তাহে এক অজ্ঞাত স্বাস্থ্য সমস্যার কারণে জনসমক্ষে ছিলেন না। তবে ৩০ জানুয়ারি তিনি জনসমক্ষে ফিরে আসেন। ওইদিন সকালে একটি পুলিশ বিভাগের অনুষ্ঠানে উপস্থিত হয়ে, তিনি তার স্বাস্থ্য এবং ট্রাম্প প্রশাসনের সঙ্গে কোনো সমঝোতার বিষয়ে কোনো প্রশ্নের উত্তর দেননি। তিনি শুধু বলেছেন, অ্যালেক্স স্পিরো আমার আইনজীবী। গত সেপ্টেম্বরে অ্যাডামসকে ঘুষ, ষড়যন্ত্র এবং প্রতারণা তহবিলের অপব্যবহারের অভিযোগে পাঁচটি অভিযোগে দোষী সাব্যস্ত করা হয়েছিল, সেগুলোর বিরুদ্ধে তিনি দোষ অস্বীকার করেছেন। মেয়র এপ্রিল মাসে বিচার বিভাগের সম্মুখীন হবেন। সব অভিযোগে দোষী সাব্যস্ত হলে তার ৪৫ বছর পর্যন্ত কারাদণ্ড হতে পারে।

## এনওয়াইপিডি'র ইন্সপেক্টর পদে বাংলাদেশি খন্দকার আব্দুল্লাহ

৬২ পৃষ্ঠার পর

প্রিসিংক্টে কমান্ডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন।

খন্দকার আব্দুল্লাহ একজন অভিবাসী, তিনি ১৯৯৩ সালে যুক্তরাষ্ট্রে এসেছিলেন। জন জে ইউনিভার্সিটি থেকে স্নাতকোত্তর ডিগ্রিধারী খন্দকার আব্দুল্লাহ, তার কাজের জন্য ইতিমধ্যে অনেক পুলিশ পদক লাভ করেছেন। সিলেটের বালাগঞ্জ থানার তালজঙ্গা গ্রামের গর্বিত সন্তান খন্দকার আব্দুল্লাহ, শৈশবে আমেরিকায় এলেও এখনো সাবলীল বাংলায় কথা বলেন। তিনি তার পরিবারের সঙ্গে নিউইয়র্কের লং আইল্যান্ডে বসবাস করেন।

খন্দকার আব্দুল্লাহ ২০০৫ সালে নিউইয়র্ক পুলিশ বিভাগে যোগদান করেন। কলেজে পড়ার সময় তিনি একটি জব ফেয়ারে দেখেছিলেন যে, এনওয়াইপিডি লোক নিয়োগ করছে। প্রথমে অনেকটা কৌতূহলের বশেই তিনি খণ্ডকালীন ইন্টার্ন হিসেবে পুলিশ বিভাগে যোগ দেন। বিশ্ববিদ্যালয়ে পড়ার সময়ই তিনি পুলিশ ক্যাডেট হিসেবে যোগ দেওয়ার সিদ্ধান্ত নেন। অভিবাসী পরিবারের সন্তান হিসেবে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীতে নিজের ক্যারিয়ার গড়ার স্বপ্ন সেই সময়েই তাকে পেয়ে বসেছিল। খন্দকার আব্দুল্লাহ ২০০৭ সালে পুলিশ অফিসার হিসেবে শপথ গ্রহণ করেন।

বাপার প্রেসিডেন্ট সার্জেন্ট এরশাদ সিদ্দিকী, সিনিয়র ভাইস প্রেসিডেন্ট ক্যাপ্টেন এ কে এম আলম (খ্রিস) এবং সেক্রেটারি ডিটেকটিভ রশিদুল মালিক পদোন্নতিপ্রাপ্তদের অভিনন্দন জানিয়েছেন।

হ্যান্ডস অন
ফিসিক্যাল থেরাপি
রিহাবিলেইশন
এ. ভূঁইয়া
এলআইসি. ফিসিক্যাল থেরাপিস্ট
আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।
* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা
ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ
আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি
আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি
75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable
বিনা খরচে বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন
রবিবার জ্যাকসন হাইটস, জ্যামাইকা ও ব্রঙ্কস শাখা খোলা থাকে
আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনা
আমরা ৩০ বছর যাবত আপনাদের সেবা দিয়ে যাচ্ছি
ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange Mobile App
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ - ২১২-৮০৮-০৭৯০
সোনালী এক্সচেঞ্জে এর মাধ্যমে রেমিটেন্স প্রেরণ করুন
দেশের অর্থনৈতিক উন্নয়নে অংশীদার হোন
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগা করুন
ASTORIA 718-777-7001
ATLANTA 770-936-9906
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-507-6002
BRONX 718-882-1081
JAMAICA 374-644-5150
MANHATTAN 212-808-0790
MICHIGAN 313-368-3845
OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590
সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSE IS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, IF-------
আমাদের সার্ভিস নিন -আপনাকে সেবা করার সুযোগ দিন


মিনা বাজার MINA BAZ
SUPERMARKET & FRESH ZABIHA HALAL MEAT • FISH • FRUITS &
7110 35th Ave, Jackson Heights, NY 11372
718-639
RUHU 3KG $14.99 EACH 2 FOR $25.00
RUHU 4KG $18.99 EACH
MRIGAL 3KG $19.99 EACH
MRIGAL 4KG $26.99 EACH
PUNGASH 2KG $3.49 LB
KATLA 4KG $2.99 LB
KATLA 5KG $3.29 LB
MAGUR $3.99 LB
MAZOLA OIL Veg. & Canola $10.99 96 OZ
MAZOLA Corn Oil $14.99 LB
MILK REGULAR $3.99 EACH
KACHUR LATI 3 FOR $5.00
NAWBAB Parboiled Basmati Rice $17.99 20 LB
MASOOR DAL $4.99 4 LB
MINA BAZAAR
GOLDEN TEMPLE ATTA $14.99 20 LB
RED COW Full Cream Milk Powder $22.99 2.5 KG
RESHME Parboiled Basmati Rice $20.99 20 LB
3 KHAN'S Extra Long Grain Parboiled Rice $19.99 20 LB
KRISHAK Parboiled Basmati Rice $18.99 20 LB
CANADIAN ONION $4.99 10 LB


ZAAR
HMS HALAL
HALAL MONITORING SERVICES
CERTIFIED AND MONITORED
& VEGETABLES
-6462
WINTER Special Sale
DEC. 13, 2024 - MAR 31, 2025
বিশেষ মূল্যহ্রাস
KORAL 6KG $5.49 LB
KORAL 1KG $3.99 LB
SHOLE 1KG UP $4.49 LB
KASKI 3 FOR $3.99
SHARPUTI $2.49 LB
HILSHA 3FOR $24.99 PACK
HILSHA $20.99 1000 - 1200 EACH
1200 - 1500 UP $9.99 LB
CARNATION MILK $1.49 EACH
MAGNOLIA MILK $1.49 EACH
Kawan PARATHA $8.49 EACH
Jhatpot PARATHA $5.99 EACH
Plain Paratha
Nawbab PARATHA $5.99 EACH
NAWBAB PLAIN PARATHA
DELTA RICE $33.99 50 LB
RICE
VEG. OIL $29.99 32.5 LB
SWAD VEGETABLE OIL
CANOLA OIL $29.99 32.5 LB
SWAD CANOLA OIL
CORN OIL $35.99 32.5 LB
SWAD CORN OIL
SAFI Special Basmati Rice $22.99 20 LB
SAFI
SHAHI Chinigura Rice $14.99 10 LB
LAXMI Mustard Oil $14.99 5 LB
WAGH BAKRI Premium Tea $9.49 2 LB
WAGH BAKRI
PREMIUM TOWEL Kirkland Signature $23.99
KIRKLAND PREMIUM Towel



GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
হোম
সর্বোচ্চ পেমে
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
বাড়ী ভাড়া বাবদ সরকার থেকে প্রতিমাসে ৮০০ ডলার পেতে সহায়তা করা হয়।
PCA
• Salary & Benefits
• Weekly Payments
• Direct Deposit
Please C
Shah
Presiden
646-5
আমাদের নিজস্ব PCA ও HHA ট্রেনি
JACKSON HTS OFFICE
71-24 35th Avenue
Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
3789 East Tremont Ave
Bronx, NY 10465
Ph: 347-449-5983, Fax: 347-275-9834
HILLSIDE AVE. O
170-18A Hillsid
Jamaica, NY 1
Ph: 718-530-1
Fax: 917-396-
Email: info@goldenagehomecare.c


কেয়ার
ন্টের নিশ্চয়তা
A AND CDPAP SERVICE
সর্বাধিক জনপ্রিয়
ম হেল্‌থ কেয়ার এজেন্সী
ontact
Nawaz MBA
t & CEO
91-8396
ং স্কুল আছে
FFICE
e Ave
432
820
115
BROOKLYN OFFICE
516 McDonald Ave
Brooklyn, NY 11218
Ph: 718-540-8870
Fax: 917-396-4115
We Hire And Train HHA/PCA
Certificate Holder AIDES
আমরা HHA/PCA সার্টিফিকেট সহ
এইডস প্রশিক্ষণ ও নিয়োগ দিচ্ছি
om | www.goldenagehomecare.com
Design by: ihopeprint.com, 929-538-7903




## উত্তরণ'র পিঠা উৎসব ও সাংস্কৃতিক সন্ধ্যা

৩ পৃষ্ঠার পর

ইঞ্জিনিয়ার আব্দুল খালেক বলেন, প্রবাসে থেকেও আমরা আমাদের ঐতিহ্য ধরে রাখতে চাই। চাই, নতুন প্রজন্ম বাংলা সংস্কৃতি ও ঐতিহ্য সম্পর্কে জানুক। এই ধরনের উদ্যোগ তাদের কাছে বাংলা সংস্কৃতির সৌন্দর্য্য তুলে ধরবে। উৎসবে ছিল বাহারি পিঠার সমাহার। গ্রামবাংলার ঐতিহ্যবাহী চিতই, ভাপা, পাটিসাপটা, দুধপুলি, নকশি পিঠা, মালপোয়া, মোহনভোগসহ নানা স্বাদের পিঠা। নানা আয়োজনে বর্ণাঢ্য এই পিঠা উৎসবে পৃষ্ঠপোষকতা করেন সারাহ হোম কেয়ার। আর প্রবাসে থেকেও এমন আয়োজনে অংশ নিতে পেরে আবেগাপ্লুত হয়ে পড়েন প্রবাসী বাংলাদেশীরা।

উৎসবের অন্যতম প্রধান আকর্ষণ ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান। এতে গান করেন শারমিন তানিয়া, তবীর শাহিন, আলাল চৌধুরী ও শম্মী। তাঁদের মনোমুগ্ধকর পরিবেশনায় দর্শকরা দারুণভাবে মেতে ওঠেন। পরিবেশনায় ফুটিয়ে তোলা হয় প্রবাসে থেকেও বাংলার সংস্কৃতির টান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জামালপুর জেলা সমিতি ইউএসএর সভাপতি বীর মুক্তিযোদ্ধা সাইদুর রহমান শেলী, শেরপুর জেলা সমিতি ইউএসএর সভাপতি আনোয়ার হোসেন, কুমিল্লা সোসাইটি ইউএসএর সাবেক সভাপতি খবির উদ্দিন ভূঁইয়াসহ ইকবাল হোসেন, সাইদুর রহমান লিংকন, এম হোসাইন, মনিরুল আলম মিশু, আশরাফ হোসেন, আক্তারুজ্জামান, জহুরুল ইসলাম, আনিসা পাটোয়ারী, নুরুল ইসলাম মিলন ও শফিকুল ইসলাম।

## বৃহত্তর ওয়াশিংটন ডিসি ডুয়াফির অভিষেক

৩ পৃষ্ঠার পর

ভয়েস অব আমেরিকা বাংলা বিভাগের আন্তর্জাতিক সম্প্রচারক আনিস আহমেদ এবং জৈবরসায়ন বিভাগের প্রাক্তন শিক্ষার্থী ও বাংলাদেশে আন্তর্জাতিক উদরাময় গবেষণা কেন্দ্রের সাবেক ঊর্ধ্বতন গবেষণা কর্মকর্তা ড. দিলারা ইসলাম।

বিদায়ী সভাপতি ড. কাইয়ুম খান বিগত দু'বছরে তার ডুয়াফির কার্যক্রম তুলে ধরেন। তিনি ডুয়াফির নবনির্বাচিত পরিষদের সফলতা ও অগ্রগতি কামনা করেন। নবনির্বাচিত কমিটির সদস্যরা নতুন প্রজন্মের জন্য আইটি স্কুল, বাঙালী শিল্প ও সংস্কৃতিকে যুক্তরাষ্ট্রে তুলে ধরা, আগামী প্রজন্মকে যুক্তরাষ্ট্রের মূল ধারায় প্রতিষ্ঠিত করতে তাদের মাঝে নেতৃত্বের গুণাবলী গড়ে তোলা, বৃহত্তর ওয়াশিংটন ডিসিতে নবাগত প্রবাসীদের কাছে ডুয়াফিকে পরিচিত করে তুলে প্রাথমিক সহায়তা প্রদানের পাশাপাশি তাদের ডুয়াফি সাথে সংশ্লিষ্ট করা, সামাজিক ও আবেগগত শিক্ষার বিষয়কে অন্তর্ভুক্ত করানোর বিভিন্ন পরিকল্পনা পেশ করেন।

প্রসঙ্গত, গত ডিসেম্বরে অনুষ্ঠিত নির্বাচনে অনুজীব বিজ্ঞান বিভাগের ড. ইসরাত সুলতানা মিতা সভাপতি এবং আইন বিভাগের জবর্থী খোন নতুন এই কমিটির সাধারণ সম্পাদক নির্বাচিত হন।

এছাড়া ইংলিশ বিভাগের ইরাজ হোসেন তালুকদার সহ-সভাপতি, শিক্ষা ও গবেষণা বিভাগের তারেক মেহেদী যুগ্ম সম্পাদক এবং ফিশারিজ বিজ্ঞান বিভাগের মোহাম্মদ আনোয়ার জামান কোষাধ্যক্ষ পদে নির্বাচিত হন।

## প্রভাতফেরির কান্না

৬ পৃষ্ঠার পর

সুর পাওয়া সেই গান, 'ওরা আমার মুখের ভাষা কাইড়া নিতে চায়ওরা কথায় কথায় শিকল পরায় আমার হাতে পায়'... আজ আমাদের কোনো শিকল নেই, তবু কেন আমরা আমাদের সেই ঐতিহ্য ফিরিয়ে আনতে পারি না? আসল সত্য কি তাহলে 'ভুলে যাওয়া'?

যদি আমরা সেই সময় জন্মাতাম তাহলে এই দেশে কি বাংলা ভাষা বাঁচত? আহত হয়ে হাসপাতালের বিছানায় শুয়ে কালজয়ী কবিতা লেখা সেই কবিতাকে অমরাবতীর সুর দিয়ে অমর করবার মতো মন বা মনন তো আমাদের নেই। থাকলে কি আমরা রাতের আঁধারে আলতাফ মাহমুদের মতো আলোর মানুষের সুর গাইতাম-'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি'? সে প্রাণময় স্মৃতি নিয়ে আমরা বেড়ে উঠেছিলাম তা আবার ফিরিয়ে আনতে তীব্র ইচ্ছে হয়।

ইচ্ছে হয় নিজের সন্তান, বন্ধু, স্বজন, সহযাত্রীদের হাত ধরে আবার আমরা ভোরের আলোকে সাক্ষী করে শহীদ মিনারে যাই। মানুষের স্বার্থ আর বাস্তবতা তার ইচ্ছে, তার স্বাধীনতা এমনকি তার ভালোবাসার থেকেও বড় হতে পারে। যাদের জীবনে বাস্তব আছে, একাত্ত আছে, তাদের জন্য এই লজ্জিত সত্য ভুলে যাওয়া, ভুলে থাকা তীব্র বেদনায়।






বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

আমরা বিশ্বের যে কোন দেশের ভিসা প্রসেস করি



সৌদি আরবের ১০ বছরের
মাল্টিপল এন্ট্রি ভিসা




ইন্ডিয়া
মাল্টিপল / মেডিকেল ভিসা



১০ বছরের কানাডিয়ান
মাল্টিপল ভিসা




USA 5 YEARS
MULTIPLE TOURIST VISA

দ্রুত ভিসা প্রসেস করার জন্য আমাদের সাথে যোগাযোগ করুন








SCHENGEN TOURIST VISA

এক ভিসাতে ভ্রমণ হবে ২৭টি দেশ

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার

*Visa Issued by Consulate General

**NEW YORK OFFICE**

7305 37TH ROAD, JACKSON HEIGHTS
NY 11372. কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়
PHONE : 917-396-4140, 917-592-7828
E-MAIL : digitalonetravel@gmail.com
www.digitalonetravel.com

**DHAKA OFFICE**

NAGAR SHEFALI, FLOOR # 03, HOUSE # 09
ROAD # 17, BLOCK-E, BANANI, DHAKA-1213
PHONE : +88 01711256871, +88 01711256872
E-MAIL : digitalonetravel@gmail.com
www.banglatravel.net

# অভিষেককে চমকে দিলেন ঐশ্বরিয়া

৪৬ পৃষ্ঠার পর

করতেও দেখা গিয়েছিল অভিষেককে। এবার অভিষেক বচ্চনের জন্মদিনে প্রেমময় বার্তা এলো ঐশ্বরিয়ার পক্ষ থেকে। এতে সত্যিই চমকে গেছেন অভিষেক।

বুধবার ৪৯ বছরে পা রাখলেন অভিষেক বচ্চন। এ উপলক্ষেই সোশ্যাল মিডিয়ায় স্বামীর শৈশবের একটি ছবি শেয়ার করেছেন ঐশ্বরিয়া। সাজে-সরল জুনিয়র বচ্চনকে দেখা যাচ্ছে গাড়ির স্টিয়ারিং হাতে। সেই ছবি পোস্ট করেই ঐশ্বরিয়া লিখলেন, 'শুভ জন্মদিন। সুস্থ থাকো। ভালোবাসা এবং আলোয় কাটুক। শুভেচ্ছা রইলো। ঈশ্বর তোমার মঙ্গল করুন।'

গত দেড় বছরে বচ্চন পরিবারের কোনো সদস্য তো দূরের কথা স্বামীর জন্মদিনেও কোনো শুভেচ্ছা বার্তা আসেনি ঐশ্বরিয়ার পক্ষ থেকে। কিন্তু বুধবার সকলকে চমকে দিয়ে সন্ধ্যার দিকে অভিষেকের জন্য সোশ্যাল মিডিয়ায় লিখলেন ঐশ্বরিয়া। তাদের সম্পর্ক যে আবার জোড়া লাগছে, এটি যেন এরই প্রমাণ বহন করছে। এতে তাদের ভক্ত-অনুরাগীরাও বেশ উচ্ছ্বসিত। ঐশ্বরিয়ার পোস্টের সবাই প্রশংসা করছেন, পাশাপাশি অভিষেকের জন্মদিন উপলক্ষে শুভেচ্ছা ও অভিনন্দন জানাচ্ছেন।

অভিষেক-ঐশ্বরিয়ার মেয়ে আরাধ্যার সম্প্রতি জন্মদিনে অনুষ্ঠান হয়েছে। বিচ্ছেদ গুঞ্জনের মাঝেই মেয়ের জন্মদিনের পার্টিতে একসঙ্গে দেখা গেছে এ তারকা দম্পতিকে। এরপর এক অনুষ্ঠানেও মিষ্টি মুহূর্ত কাটাতে দেখা যায় অভিষেক-ঐশ্বরিয়াকে। গত বছর থেকেই অভিষেক-ঐশ্বরিয়ার বিচ্ছেদের গুঞ্জন শোনা যাচ্ছে। কখনো সম্পত্তি ভাগের কারণে পারিবারিক অশান্তির কথা শোনা গেছে। আবার কখনো বা নিমরত কৌরের সঙ্গে পরকীয়ার অভিযোগ উঠেছে অভিষেকের বিরুদ্ধে।

এমনও শোনা গেছে, মান-অভিমান এমন পর্যায়ে পৌঁছেছে যে, ঐশ্বরিয়ার মেয়েকে নিয়ে আলাদা থাকেন। সব কিছু দেখে এবার মনে হচ্ছে তাদের সম্পর্ক স্বাভাবিক হয়েছে। ফলে প্রকাশ্যেই অভিষেকের প্রতি ভালোবাসার জানালেন ঐশ্বরিয়া।

# আমি টাকা ছাপানোর মেশিন ছিলাম:পপি



৪৬ পৃষ্ঠার পর

জন্য কাজ করেছি আজ তারা আমার না। আল্লাহ বলে কেয়ামতের মাঠে কেউ কাউকে চিনবে না। এবার আসল কথায় আসি।'

আরও বলেন, 'আজ যে অভিযোগগুলো আমার মা বোন করছে। শক্তভাবে আমি প্রতিবাদ করছি। এর পুরোটাই বানোয়াট। তাদের স্বার্থ উদ্ধার হয়নি বলে সত্য একটা জিনিসকে অসত্য বলে প্রমাণিত করার চেষ্টা করছে। আমি একজন শিল্পী। তুমি কি [illegible]? যাদেরকে এই দুই হাতে ছোটবেলা থেকে লালন পালন করেছি, জীবনের যে সময়টা উপভোগ করার সেই সময়টা তাদের জন্য ব্যয় করেছি। এটা আমার দায়িত্ব না। তারপরও ভাই বোনকে নিজের সন্তান হিসেবে লালন পালন করেছি। নিজের ভবিষ্যৎ, ভালো লাগা, মন্দ লাগা অনেক কিছুই বাদ দিয়েছি। শুধু আমার ভাই-বোনকে মানুষ করার জন্য। কিন্তু এখন এসে দেখলাম মানুষ তো হয়নি হিংস্র পশুরও কৃতজ্ঞতা থাকে। এদের মধ্যে সেই কৃতজ্ঞতা নেই।'

অভিনেত্রী আরও বলেন, 'কাদের নামে অভিযোগ করবো? অভিযোগ করে বাইরের মানুষের নাম। যেহেতু আমার ভাই বোন বাবা মাকে অনেক ভালোবাসি। তাই তাদের প্রতি কোনো অভিযোগ নেই। তাদের দ্বারা আমার জীবনে অনেক কিছু ফেস করেছি। নির্যাতিত, লাঞ্ছিত, অপমানিত হয়েছি। আমি যে আয় করেছি তারা সব নিয়ে নিয়েছে। আমার সাথে বেইমানি করেছে। আমার টাকা দিয়ে কেনা সম্পত্তি আমার নামে ছিল না। আমার ব্যাংক অ্যাকাউন্ট শূন্য ছিল। আমার দেহটা ছাড়া কোনো কিছুই আমার ছিল না। সবকিছু তাদের নিয়ন্ত্রণে ছিল। আমিও তাদের নিয়ন্ত্রণে ছিলাম। একটা পর্যায়ে এসে মানুষের জীবনে বেঁচে থাকার জন্য অবলম্বন লাগে। একটা সময় যখন জানতে পারলাম আমার পরিবার আমাকে ঠকিয়েছে। জানার পরও চুপ ছিলাম। তাদের দ্বারা অনেক নির্যাতিত হয়েছি। আমাকে শারীরিকভাবে নির্যাতন করেছে। আমার টাকা চুরি করেছে। আমাকে খুন করতে খুনিকে টাকা দিয়ে ভাড়া করেছে। আমার আপন মা ভাই বোন জড়িত ছিল।'

তার কথায়, 'পৃথিবীতে সব মা-ই মা না। খারাপ মা-ও আছে। দুর্ভাগ্যবশত আমার মা হয়ত আমাকে সেই পরিমাণ ভালোবাসতে পারেনি। আমার পরিবারের কাছে সবসময় সোনার ডিম পাড়া একটা হাঁস ছিলাম। দুধ দেওয়া একটি গরু ছিলাম। টাকা ছাপানোর মেশিন ছিলাম। সন্তান হিসেবে কখনোই ভালোবাসাটা পাইনি। তারপরও কোনো অভিযোগ নেই। এখনও নেই।'

আরও বলেন, 'একটা মানুষ যখন মেশিন দিয়ে পরিণত হয় তখন তার মূল্য মেশিন হিসেবে থাকে। মানুষ হিসেবে থাকে না। আমার বাবা মা আমার সঙ্গে অনেক বড় বিশ্বাসঘাতক। করেছে। আমার সব টাকা-পয়সা বোনের অ্যাকাউন্টে ছিল। তারপরও কিছু বলিনি। ২০০৭-এর ঘটনা বলছি। তখন জানতে পারলাম কোন কিছুই আমার নেই। তখন সিনেমার মুরুব্বীরা মিলে সবকিছু ঠিকঠাক করে দিয়েছিলেন।'

পপি সবশেষে প্রকাশ্যে এসেছিলেন ২০২২ সালে শিল্পী সমিতির নির্বাচনের সময়। সেসময় সাধারণ সম্পাদক প্রার্থী নিপুণ আক্তারকে সমর্থন দিয়েছিলেন ওই ভিডিও বার্তায়।

MLS
York Holding Realty
Licensed Real Estate Broker
Over 20 Years Experience in Real Estate Business

Zakir H. Chowdhury
President
■ Now Hiring Sales Persons
■ Free Training (Free course fees for selected people)
■ Earn up to 300K Yearly
Call Us: 718-255-1555 | 917-400-3880
We are Specialized in Residential, Commercial, Industrial, Bank Owned, Co-op, Condo, Buying-Selling & Rentals
718-255-4555
zchowdhury646@gmail.com
www.yorkholdingrealty.com
70-32 Broadway, Jackson Heights NY-11372

# 'সিনেমার জন্য ডাক পাবো ভাবিনি'

৪৬ পৃষ্ঠার পর

তালিম নিয়েছেন নাহি। বিনোদন অঙ্গনে কাজ শুরু করেন টিভিনাটক দিয়ে। পথচলার সেই স্মৃতিচারণ করতে করতেই তিনি বললেন, হুট করেই ২০১৯ সালে সুযোগটা আসে। পরের বছরের শেষদিকে পেলাম ছবিতে অভিনয়ের অফার। যখন 'দায়মুক্তি'র শুটিং শুরু করি, সেসময় কিছু বুঝে উঠতে পারিনি। সিনেমাটির শুটিং দীর্ঘদিন ধরে চলছিল। ২০১৭ সালে অনুদান পায় সিনেমাটি। তখনো আমি মিডিয়ায় আসিনি। তাদের দীর্ঘ সময় লেগেছিল বলেই, আমি সুযোগ পেয়েছি।'

নাচ-গান শিখে অভিনয়ে কেন এলেন? এমন প্রশ্নে নাহি বললেন, 'কোনো কাহিনি নেই। এক ফেসবুক ফ্রেন্ড ছিলেন, নির্মাতা। বেশ কয়েকবার নক করেছিলেন তিনি। ছোটবেলা থেকে অভিনয়ের প্রতি আমারও ভালোলাগা ছিল। স্কুল-কলেজের অনুষ্ঠানে অংশগ্রহণ করতাম। সেই আগ্রহ থেকেই তার ডাকে সাড়া দিয়েছিলাম। অভিনেতা আরমান পারভেজ মুরাদ ভাইয়ার সঙ্গে প্রথম স্ক্রিন শেয়ার করি। নাটকের নাম ছিল 'মধ্যাহ্নের বিরতি'। তারপর বেশকিছু নাটকে অভিনয় করেছি। আমাকে আজকের অবস্থানে নিয়ে এসেছেন যারা, তাদের অন্যতম সাগর জাহান ভাই।'

'দায়মুক্তি' ছবির সঙ্গে যুক্ত হওয়ার গল্পটা কেমন? জানতে চাইলে নাহি বলেন, 'আমাকে গুলজার (চলচ্চিত্র পরিচালক মুশফিকুর রহমান গুলজার) ভাই ফোন করেছিলেন।

তিনি বললেন, একটা সিনেমা আছে, ভালো ক্যারেক্টার আছে। সেই ছবিটি বানাচ্ছেন বদিউল আলম খোকন স্যার। তখন রাজি হয়ে গেলাম। এত বড় মাপের একজন ডিরেক্টর ফোন করেছেন, বড় মাপের ডিরেক্টর ছবি বানাচ্ছেন, যাব না কেন? যদিও তখনো ভাবিনি যে, সিনেমার জন্য ডাক পাবো।'

অভিষেক হলো, অনেক কাজ করাও হলো? কাদের অভাববোধ করছেন নাদিয়া নাহি? এমন প্রশ্নে তরুণ এই অভিনেত্রী বলেন, 'আগে অভিনয়শিল্পীদের অনেকেরই গুরু বা মেন্টর ছিল। এখন সেরকম নেই। ইন্ডাস্ট্রিতে নতুন শিল্পী এলে গুরুর কাছ থেকে শেখার সুযোগ হতো। আমি সেই গুরুর অভাববোধ করছি।'

# মানবকল্যাণে ইসলামের শিক্ষা

২৫ পৃষ্ঠার পর

বিকাশধারায় তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে এ মঙ্গল চেতনা। মানুষের মধ্যে দুটি সত্তা বিদ্যমান-জীবসত্তা ও মানবসত্তা। জীবসত্তার কাজ প্রাণ ধারণ, আত্মরক্ষা ও বংশ রক্ষা। মানুষ নিজের মধ্যে আরও একটি সত্তার অনুভব করে যার নাম মানবসত্তা। এটা মানব জীবনের আলোকিত অধ্যায়। মানুষের চিত্তচেতনা ও রূপ-কল্পনাকে পরার্থে নিবেদিত করাই মানবসত্তার কাজ যা ইনসানিয়াত অভিধায় পরিচিত। ইনসানিয়াতের বহিঃপ্রকাশই মানবকল্যাণ। সৃষ্টির প্রথম দিন থেকে পৃথিবীর সবধর্ম মানবতা ও মানবকল্যাণের আদর্শ ধারণ করে চলেছে।

মানবতার যথার্থ বিকাশের জন্য শিক্ষার প্রয়োজনীয়তা অনস্বীকার্য। কুরআন-হাদিসনির্ভর শিক্ষা মানুষের মধ্যে মনুষ্যত্বের জন্ম দেয়। আল্লাহতায়ালা ও মহানবি হজরত মুহাম্মদ (সা.)-এর ওপর আস্থাহীন ও আদর্শবিবর্জিত মানুষ যতই ধন-সম্পদ ও বিদ্যা-বুদ্ধির অধিকারী হোক না কেন সে ঘৃণার পাত্র, সমাজের কলঙ্ক ও আল্লাহর চোখে অপরাধী। উন্নত চরিত্র মনুষ্যত্বের ভূষণ। হীনতা, লালসা, ও সংকীর্ণতাকে পরিত্যাগ করে চরিত্রকে সুষমামণ্ডিত করতে পারলে মানবতার উৎকর্ষ সাধিত হয়। মহানবি (সা.) পুরো জীবনটাই মানবতার সর্বজনীন কল্যাণে নিবেদিত।

তার জীবনাদর্শ বিশ্ব মানবকল্যাণের উজ্জ্বল স্মারক। আল্লাহ প্রেরিত মহামানব বিশেষত নবি, রাসুল, সাহাবায়ে কেরাম ও যুগে যুগে যাঁদের নিরবচ্ছিন্ন জীবন অভিজ্ঞতা ও কল্যাণধর্মী কর্ম প্রয়াসের ইতিহাস অধ্যয়নে মানবতাবোধ জাগ্রত হয়।

ইসলাম মানবকল্যাণের ধর্ম, শান্তি, সহিষ্ণুতা ও সাম্প্রদায়িক সম্প্রীতির ধর্ম। পশু সত্তাকে অবদমিত করে মানবসত্তাকে জাগ্রত করার জন্য ইসলামের নির্দেশ রয়েছে। খোদাভীতি, সৎ ও ন্যায় কাজে একে অপরের সহযোগিতার ফলে সমাজে মানবতা ব্যাপ্তি লাভ করে। মহান আল্লাহ এ সম্পর্কে বলেন, 'সৎকর্ম ও খোদাভীতিতে একে অন্যের সাহায্য কর। পাপ ও সীমালঙ্ঘনের ব্যাপারে একে অন্যের সহায়তা কর না। আল্লাহকে ভয় কর। নিশ্চয় আল্লাহতায়ালা কঠোর শাস্তিদাতা' (সুরা আল-মায়েদা : ০২)। এ প্রসঙ্গে মহানবি (সা.) বলেন, 'যে ব্যক্তি মানুষের প্রতি দয়া-অনুগ্রহ দেখায় না, আল্লাহ তার প্রতি দয়া-অনুগ্রহ দেখান না' (মিশকাত, হাদিস নং ৪৯৫৭)।

মানুষ সমাজবদ্ধ জীব। একে অপরের সাহায্য ও নির্ভরশীলতা ছাড়া জীবন ষোলোকলায় পূর্ণ হয়ে উঠতে পারে না। মানুষের জীবনের সঙ্গে হাসি-কান্না, দুঃখ-বেদনা, আনন্দ-বিষাদ ওতপ্রোতভাবে জড়িত। দুর্বল ও অসহায় মানুষের প্রতি ক্ষমতাশালী ও বিত্তবানদের সহানুভূতির হাত সম্প্রসারণ হচ্ছে মানবতা। পরের কল্যাণ ও সুখের জন্য নিজের ক্ষুদ্র স্বার্থকে বিসর্জন যারা দিতে পারেন তারা মানবতাবাদী, মানবহিতৈষী। সমাজের সর্বস্তরের মানুষের ন্যায়সঙ্গত অধিকার রয়েছে। সে অধিকার রক্ষার নামই মানবতা।

ইসলামী বিধান মতে মানুষে মানুষে কোনো ভেদাভেদ নেই। মুসলিম-অমুসলিম, সাদা-কালো, ধনী-নির্ধন, উঁচু-নিচু সব ধরনের মানুষ আল্লাহর বান্দা। সমগ্র মানবজাতি একই পরিবারভুক্ত। মহানবি (সা.) আরও বলেন, 'গোটা সৃষ্টি (মাখলুক) আল্লাহতায়ালার পরিবারভুক্ত। সুতরাং সৃষ্টিকুলের মধ্যে আল্লাহতায়ালার কাছে সর্বাপেক্ষা প্রিয়, যে আল্লাহর পরিবারের সঙ্গে সদ্ব্যবহার করে' (মিশকাত, হাদিস নং ৪৯৯৯)।

সব মানব জাতি দেহের মতো এক অখণ্ড সত্তা। দেহের অঙ্গ-প্রত্যঙ্গকে যেমন পৃথক করে দেখা যায় না, তেমনিভাবে সমাজে বসবাসকারী লোকদেরও পরস্পরের তুলনায় খাটো করে দেখা যায় না। কর্মে, ব্যবসায় এবং পদমর্যাদায় একজন অপরজন থেকে পৃথক হতে পারে কিন্তু মানুষ হিসাবে সবার মর্যাদাই সমান। মানুষ একে অন্যের ভাই। তাই কেউ কাউকে ঘৃণা বা অবজ্ঞা করে অসম্মান করতে পারে না। মানুষ মানুষকে প্রকৃত মর্যাদা দেবে। তা না হলে মানুষ মনুষ্য নামের উপযুক্ত থাকে না। যে মানুষ আত্মমর্যাদার সঙ্গে পরমর্যাদার বিষয়টিকে সংযুক্ত করে আত্ম-পর এক করে গ্রহণ করতে পারে, সেই হলো প্রকৃত মানুষ। মানুষ যখন ইসলামের ওই বিধান তথা মানবকল্যাণ ও ভ্রাতৃত্ববোধের কথা মেনে চলবে তখনই দুনিয়ায় প্রকৃত শান্তি প্রতিষ্ঠা সম্ভব হবে।

বিশ্বনবি হজরত মুহাম্মদ (সা.) বিশ্বে মানবতার উৎকর্ষ বিধানের মহান ব্রত নিয়ে এমন এক সময়ে দুনিয়ায় আবির্ভূত হন, যখন আরব উপদ্বীপসহ গোটা পৃথিবীর সম্প্রীতি, নৈতিকতা, মানবিকতাবোধ ও কল্যাণের চরম অবক্ষয় ঘটে। তিনি গোঁড়ামি, কুসংস্কার, সাম্প্রদায়িকতা, নিপীড়ন, বঞ্চনা, বৈষম্যের শৃঙ্খল ভেঙে মানবতার মুক্তিবার্তা বহন করেন।

মানবিক আদর্শের ভিত্তিতে আলোকিত একটি কল্যাণধর্মী সমাজ প্রতিষ্ঠা ছিল তার নবুওয়াতি জীবনের অন্যতম লক্ষ্য। শ্বেতাঙ্গ-কৃষ্ণাঙ্গ, ধনী-নির্ধন, প্রভু-ভৃত্য, আমির-ফকিরের জাত্যাভিমানের ভেদাভেদ ঘুচিয়ে মানুষের মর্যাদা প্রতিষ্ঠার দৃষ্টান্ত স্থাপন করে গেছেন। তার কালজয়ী আদর্শ ও অনুপম শিক্ষায় দুনিয়া ও আখিরাতের সার্বিক কল্যাণ নিহিত। এ মহামানবের আলোকিত জীবনের প্রতিটি কথা, কাজ, পদক্ষেপ ও অনুমোদন মানব জাতির কল্যাণ ও মুক্তির আদর্শ। অন্যায় ও বঞ্চনা দূর করে সমাজের মধ্যে সাম্য, ভ্রাতৃত্ব, সংহতি ও ন্যায়বিচার প্রতিষ্ঠায় তার আজীবন সাধনা মানব জাতির অনুপ্রেরণার উৎস। মহান আল্লাহ বলেন, 'নিশ্চয় তোমাদের জন্য আল্লাহর রাসুলের মধ্যে রয়েছে অতি উত্তম আদর্শ' (আল আহজাব : ২১)।

ইসলামী সমাজ ও রাষ্ট্রব্যবস্থায় অন্য ধর্মাবলম্বীদের সঙ্গে সদ্ভাব ও সুসম্পর্ক বজায় রাখার ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়। মুসলমানদের মতো তারাও নাগরিক অধিকার ও সুযোগ-সুবিধা ভোগ করবে। ইসলামী সমাজে অমুসলিম জাতিগোষ্ঠীর জান-মাল, সম্মান, ধর্মাচার, সংস্কৃতি পালন ও চাকরির অধিকার নিশ্চিত রয়েছে। মহানবি (সা.) এ সম্পর্কে বলেন, 'মনে রেখ, যে ব্যক্তি কোনো মু'আহিদ (চুক্তিবদ্ধ অমুসলিম) নাগরিকের প্রতি অত্যাচার করে, তাকে কষ্ট দেয়, তার সম্মানহানি করে অথবা তার কোনো সম্পদ জোরপূর্বক ছিনিয়ে নেয় তাহলে কিয়ামতের দিন আমি তার বিপক্ষে অবস্থান নেব' (মিশকাত, পৃ. ৩৫৪; কিতাবুল খারাজ, পৃ. ৮২)।

মহানবি (সা.) সুন্দর ও শান্তিপূর্ণ সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে কয়েকটি নীতিমালা প্রণয়ন করেন, যার কঠোর অনুশীলন সর্বস্তরের জনগণের মধ্যে মৌলিক মানবীয় মূল্যবোধের বিকাশ ঘটাতে সক্ষম। রাসুলুল্লাহ (সা.) কর্তৃক প্রতিষ্ঠিত মদিনা রাষ্ট্রের জনগণ বাধ্যতামূলকভাবে এসব নীতিমালাগুলো অনুসরণ করার কারণে সমাজে নিরবচ্ছিন্ন শান্তি ও স্থিতিশীলতা বজায় থাকে। তার অনুসৃত নীতিমালাগুলোর মধ্যে রয়েছে: ন্যায়পরায়ণতা, ভ্রাতৃত্ববোধ, সাম্য, পারস্পরিক মমত্ববোধ, দান-অনুদান, আত্মত্যাগ, মর্যাদাবোধ, আতিথেয়তা, পরামর্শ প্রভৃতি। সমাজের প্রতিটি সদস্যের মধ্যে পারস্পরিক দয়া, সৌহার্দ ও সৌজন্য সুন্দর সমাজ প্রতিষ্ঠার পূর্বশর্ত। সৎকর্মনিষ্ঠতাপূর্ণ গুণাবলি মানুষকে একে অপরের কাছে নিয়ে আসে। হিংসা-বিদ্বেষ বিচ্ছেদের বীজ বপন করে। যার ফলে সামাজিক সংহতি ও স্থিতিশীলতা বিনষ্ট হয়ে যায়। রাসুলুল্লাহ (সা.) এমন এক সমাজ প্রতিষ্ঠা করেন যার ভিত্তি ছিল পারস্পরিক সম্মানবোধ, ন্যায়বিচার ও মানবিকতাবোধ (আল হায়সামী, কাশফুল আসতার, ২খ., পৃ. ৩৫)।

রাসুলুল্লাহ (সা.) মদিনায় ইনসাফপূর্ণ যে সমাজ কায়েম করেন তার ভিত্তি ছিল মানব কল্যাণ, নৈতিকতা ও মানবজাতির সর্বজনীনতা। মানুষ যদি রিপুর তাড়নার কাছে পরাভূত হয়, তা হলে সুন্দর সমাজের বিকাশধারায় সে কোনো তাৎপর্যপূর্ণ অবদান রাখতে পারে না। মনুষ্যত্বের উজ্জীবন, চারিত্রিক উৎকর্ষ ও নৈতিক উপলব্ধি সুন্দর সমাজ বিকাশের সহায়ক আর ইন্দ্রিয়জাত প্রবণতা, অনিয়ন্ত্রিত আবেগ, অনৈতিক প্রথা সমাজের সুন্দর ভিত্তিমূলকে একেবারে নড়বড়ে করে দেয়, জন্ম হয় জুলুম ও না-ইনসাফির।

এ উদ্দেশ্যে রাসুলুল্লাহ (সা.) জুয়া, মদ্যপান, নেশা গ্রহণ, কুলীন প্রথা ও অহেতুক রক্তপাত নিষিদ্ধ করে দেন (জালালউদ্দীন সুয়ূতী, দুর আল মানসুর, ১খ., পৃ. ৩৯১; ইবনে কাসীর, সিরাতুন নববিয়াহ, ৪খ, ১৯৭৮, পৃ. ৩৯২)। ফলে সমাজবিরোধী কার্যকলাপের অভিশাপের হাত থেকে মানুষ রেহাই পায়। সন্ত্রাসের অভিশাপ থেকে মানুষকে মুক্তি দিয়ে ধর্মনিয়ন্ত্রিত ও মানবকল্যাণে উজ্জীবিত নতুন সমাজের গোড়াপত্তন হলো রাসুলুল্লাহ (সা.)-এর গুরুত্বপূর্ণ অবদান। বিশ্ব মানবতার প্রতি এটা মহান রাসুলের ইহসান।

লেখক : অন্তর্বর্তী সরকারের ধর্মবিষয়ক উপদেষ্টা।


MD Golam Mostofa, ESQ.
NY State Attorney
LL. B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh.
Barrister-At-Law, London.
Attorney-At-Law, NY.
- Personal Injuries & Death Claims
- Car Accidents and Medical Mal Practice
- Divorce, Family Matters and Domestic Violence
- Real Estate and Business Closing
- Foreclosure proceedings
- Bankruptcy
- All Civil Matters
- Wills, Trust and Estate Planning
- All Criminal Matters
- All Immigration Matters
Address:
Queens: 148-45 Hillside Ave, Jamaica, NY 11435
Long Island: 405 Elm Dr, Roslyn, NY 11576
Phone# 718-487-4873, Cell: 917-285-6247(Text) Email: abmostofa1@gmail.com


BUY - SALE - RENT
kw LANDMARK II
KELLERWILLIAMS REALTY
List your House with me
I will Sell within a short time
বাড়ী দ্রুত ক্রয়- বিক্রয় ও
ভাড়ার জন্য এখনই যোগাযোগ করুন
REHENA AKTER
Licensed Real Estate Salesperson
(646) 724-5933
(347) 846-1200
akter@kw.com
akter.kw.com
75-35 31ST AVENUE, SUITE 202
JACKSON HEIGHTS, NY 11370
EACH OFFICE IS INDEPENDENTLY OWNED AND OPERATED

نُسُك
nusuk

إثراء الخير
ITHRAA ALKHAIR

ZAM ZAM TRAVEL US

رواف منى لخدمات الحجاج
Rawaf Mina for Pilgrims Services

وزارة الحج والعمرة
MINISTRY OF HAJJ AND UMRAH



# HAJJ REGISTRATION IS OPEN

## FOR US PASSPORT AND GREENCARD HOLDERS

**ZAM ZAM TRAVEL US** in a Partnership with
**ITHRAA ALKHAIR & RAWAF MINA**

## Our Services

- **Flight Ticket**
- **Visa Processing**
- **Hajj & Umrah Service Provider**

আমরা সারা বছর
আপনাদের চাহিদা অনুযায়ী
উমরাহ প্যাকেজ করে থাকি

zamzamtravelus

www.zamzamtravelus.com

+1 (718) 395-9697 zamzamtravelus@gmail.com

37-15 73 Street (Suite-207), Jackson Heights, NY-11372

# BEST TAX EXPRESS INC.

# নিয়োগ বিজ্ঞপ্তি

## CPA / IRS Enrollment Agent / Tax Filling

এ দীর্ঘ অভিজ্ঞতা সম্পূর্ণ ব্যক্তিদের আবেদন করার জন্য অনুরোধ করা হলো : বেতন $ 30/Hour

সপ্তাহে : Minimum-40 ঘণ্টা

যোগাযোগ:
**929 -206-9520**

**Best Tax Express Inc.**
Jamaica, NY
929 -206-9520
besttaxexpress@gmail.com

---

## সিলেট ট্রাভেলস্ এন্ড ট্যুরস্
## SYLHET TRAVELS & TOURS

বাংলাদেশসহ পৃথিবীর যেকোন দেশে ভ্রমণের জন্য আপনি আপনার টিকেট সংগ্রহ করতে পারেন।

Emirates | QATAR AIRWAYS | ETIHAD AIRWAYS | SAUDIA | American Airlines



**ওমরাহ্ ভিসা ও টিকেটের জন্য বিশ্বস্থ প্রতিষ্ঠান**

আমেরিকার যেকোন জায়গায় ট্যুরের জন্য আপনার টিকেট সংগ্রহ করুনঃ
(৫০০ এর অধিক স্থানে)

১) নায়াগ্রা ফলস্ ........................................ ২ দিন/৩ দিন/৫ দিন
২) ওয়াশিংটন ডিসি (চেরি ব্লুজম) ........................ ১ দিন
৩) পেনসিলভেনিয়া (আমিষ গ্রাম) ........................ ১ দিন
৪) নিউইয়র্ক সাইটসিং ........................................ ১ দিন
৫) মেট্রোপলিটান মিউজিয়াম ........................ ১ দিন

**Call: 862-262-6116**

## জবহেল্প এন্ড এপ্লিকেশন প্রসেসিং সার্ভিসেস
## JOB HELP & APPLICATION PROCESSING SERVICES

### জবহেল্প ট্রেনিং প্রোগ্রাম

**পোস্টাল জব (USPS) একটি ফেডারেল জব**
ট্রেনিংঃ রবিবার-বৃহস্পতিবারঃ সকাল ১০টা-বিকাল ৩টা

**ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট (NYPD)**
ট্রেনিংঃ প্রতি রবিবার, দুপুর ১২টা-বিকাল ২টা

**৬ ঘন্টা ডি.ডি.সি ক্লাস (Defensive Driving Course)**
ট্রেনিংঃ শনিবার-বৃহস্পতিবারঃ দুপুর ১২টা-সন্ধ্যা ৬টা

**বেসিক কম্পিউটার কোর্স**
প্রতি শনিবার বেলা ১:০০ থেকে ২:০০ পর্যন্ত

**গ্রীষ্মকালীন ট্যুর / ট্রাভেলস ২০২৪**
(১) ১ দিনের ট্যুর - ম্যানহাটন সিটিবাস (২) ফেলাডেলফিয়া চেরিব্লুজম
(৩) ওয়াসিংটন ডিসি চেরিব্লুজম (৪) নায়াগ্রাফলস / ওয়াসিংটন ডিসি ২ দিনের ট্যুর

| সরকারি জব | বেসরকারি জব | এপ্লিকেশন প্রসেসিং |
|---|---|---|
| ১. পোস্টাল জব | ১. কাস্টমার সার্ভিস | ১. নিউ পাসপোর্ট/নবায়ন |
| ২. সিটি জব | ২. অফিস অ্যাডমিন | ২. ডুয়েল সিটিজেনশীপ |
| ৩. সিভিল সার্ভিস জব | ৩. ম্যানুফ্যাকচারিং জব | ৩. পাসপোর্ট কারেকশন |
| ৪. ইউ.এস.এ জব | ৪. ডেলিভারি জব | ৪. ফুড স্ট্যাম্প |
| ৫. এম.টি.এ জব | ৫. রেস্টুরেন্ট জব | ৫. NYC হাউজিং/এফোর্ডেবল |
| ৬. আই.টি ইঞ্জিনিয়ার | ৬. ট্রান্সপোর্টেশন জব | ৬. রেজুমি/কভার লেটার |

**MD. ALI** B.Sc., LL.B.
Rtd. Govt. Officer Bangladesh



Cell: 917-500-3937 | Phone/Fax: 917-300-6160
148-45 Hillside Ave, Suite # 203A, Jamaica, NY 11435
'F' Train or Bus: Q20A, Q20B, Q40, Q43, Q44 to Sutphin Blvd

## গুঁড়িয়ে দেয় হলো ৩২ নম্বর

১ পৃষ্ঠার পর

স্বাধীনতার পর রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী হলেও তিনি সরকারি বাড়িতে থাকেননি। তিনি ৩২ নম্বর বাড়িতে থেকেছেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধের পূর্বে পাকিস্তানি শাসকগোষ্ঠীর আন্দোলনের অনেক পরিকল্পনাই এই বাড়িতে হয়েছে। মুক্তিযুদ্ধের সময়ে বাড়িটিতে হামলা হলেও ৩২ নম্বর বাড়িকে ধ্বংস করা হয়। ১৯৭৫ সালের ১৫ই আগস্ট বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে তার পরিবারের অধিকাংশ সদস্যের সঙ্গে হত্যা করা হয়। শেখ মুজিব নিহত হবার পর তার দুই কন্যা শেখ হাসিনা ও শেখ রেহানা বাড়িটিকে বঙ্গবন্ধু জাদুঘর হিসাবে অভিহিত করা হয়। তবে এবার শেখ মুজিবুর রহমানের ৩২ নম্বর বাড়িকে 'ফ্যাসিস্ট আওয়ামী লীগের তীর্থভূমি' অভিহিত করে তাতে ধ্বংসযজ্ঞ চালানো হয়।

বুধবার রাত ৮টার দিকে বিভিন্ন স্লোগান দিয়ে বিক্ষুব্ধরা বাড়িটির ভেতর ঢুকে পড়ে। এ সময় তাদের সেখানে ভাঙচুর করতে দেখা গেছে। এরপর রাত পৌনে ৯টার দিকে বাড়িটিতে আগুন দেওয়া হয়। এ সময় আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের ৩২ নম্বরে ঢোকার মুখে মিরপুর রোডে অবস্থান করতে দেখা গেছে। পরে রাত ১০টা ৫০ মিনিটে বাড়ির সামনে এসকেভেটর আনা হয়।

সরেজমিনে দেখা যায়, সারারাত আগুন চলা ৩২ নম্বর ও তার আশেপাশ শান্ত। ধ্বংসস্তূপে এক দুজন মানুষ উঠে ইট সরানোর কাজ করছে। বিভিন্ন গণমাধ্যমের কর্মীরা সর্বশেষ অবস্থা দেখাতে লাইভ করছেন। শেখ হাসিনার বাসভবন সুধা সদনেও আগুন দেওয়া হয়।

এখানে দাঁড়িয়ে থাকা একজন জানান, তিনি ফজরের নামাজ পড়ে এখানে এসেছেন কৌতূহল থেকে। হাজারীবাগ বাসিন্দা এই দর্শনার্থী বলেন, "কাল রাতে আসতে পারিনি, শেষ পর্যন্ত কী রকম লাগছে জায়গাটা সেটার সাক্ষী হতে এসেছি।"

অনেকে ধানমন্ডির ৩২ নম্বর বাড়িকে গুঁড়িয়ে দেবার জন্য শেখ হাসিনার সোশ্যাল মিডিয়ায় ভাষণ দেওয়াকে দায়ি করেন। গত রাতে ভাঙচুরের আগে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বলেন, "স্বৈরাচার শেখ হাসিনা আজকে ছাত্রলীগের ব্যানারে জাতির সামনে ভাষণ দেবে। আমরা এ দেশে বঙ্গবন্ধু, শেখ হাসিনার কোনো অস্তিত্ব রাখব না।"

তারা বলেন, "যারা ছাত্র হত্যার সঙ্গে জড়িত ছিল সেসব ফ্যাসিবাদীদের কোনো চিহ্ন বাংলাদেশের মাটিতে রাখতে চাই না। অবিলম্বে শেখ হাসিনাকে দেশে ফেরত এনে তার শাস্তির ব্যবস্থা করতে হবে।"

এর আগে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের নেতাকর্মীদের সঙ্গে ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়াল অধিবেশনে যোগদানের ঘোষণা দেন। এর প্রতিবাদে বুধবার রাত ৯টার দিকে ধানমন্ডি অভিমুখে কর্মসূচির ঘোষণা দেয় জুলাই রেভল্যুশনারি অ্যালায়েন্স।

ঢাকার বাইরে আওয়ামী লীগের বিভিন্নস্তরের নেতা-কর্মীদের ওপর হামলা হয়েছে। বরিশালে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য আমির হোসেন আমুর বাসভবনে হামলা, ভাঙচুর হয়েছে। তার বাসভবন ভাঙতে এসকেভেটর ব্যবহার করা হয়। রাজশাহীতে সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের বাসভবন ভাঙা হয়। খুলনায় শেখ ভবন ভাঙচুর করা হয়। অবস্থা দৃষ্টে মনে হচ্ছে, জেলা ও উপজেলা পর্যায়েও আওয়ামী লীগের নেতা-কর্মীদের ওপর হামলা হতে পারে।

## ড. সিদ্দিকের বাড়ি ভাংচুর

৬৪ পৃষ্ঠার পর

হামলা চালানো হয়। আজকালের সাথে আলাপকালে তিনি এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি এ ঘটনার তীব্র নিন্দা জানিয়েছেন।




## ট্রাম্প ও ইলন মাস্কের বিরুদ্ধে সারাদেশে ব্যাপক বিক্ষোভ

৬৪ পৃষ্ঠার পর

বিক্ষোভকারীরা টেক্সাস স্টেটহাউসের বাইরে জড়ো হন। ট্রাম্প প্রশাসনের প্রাথমিক পদক্ষেপের প্রতিবাদে ক্যালিফোর্নিয়া রাজ্যের রাজধানীতে বিক্ষোভকারীরা প্রদর্শন করেন। লাস ভেগাস স্ট্রিপ বরাবর ট্রাম্প আন্তর্জাতিক হোটেলের কাছে ট্রাম্প প্রশাসনের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে বিক্ষোভকারীরা মিছিল করে। ৫ ফেব্রুয়ারি ফিলাডেলফিয়ায় বিক্ষোভকারীরা বিভিন্ন প্রকল্পের বিরুদ্ধে বিক্ষোভ প্রদর্শন করে। ওয়াশিংটন স্টেট ক্যাপিটল বিল্ডিংয়ের কাছে ট্রাম্প প্রশাসনের প্রকল্প ২০২৫ এর বিরুদ্ধে প্রতিবাদ করতে অসংখ্য মানুষ জড়ো হওয়ার সময় একজন ব্যক্তি মেক্সিকোর পতাকা ধরে থাকেন।

উইসকনসিনের ম্যাডিসনে বিক্ষোভকারীরা ট্রাম্প প্রশাসনের বিভিন্ন প্রকল্প এবং ইলন মাস্কের বিরুদ্ধে বিক্ষোভ জানাতে থাকেন। একই অবস্থা ছিল আটলান্টা শহরের কেন্দ্রস্থলে। অ্যারিজোনায়, পিটসবার্গের ফেডারেল আদালতের বাইরে মানুষ প্রতিবাদ জানিয়েছে। টেক্সাসে, মিনিয়াপোলিসের সিটি হলের বাইরেও বিক্ষোভ করেছে শতশত মানুষ। ক্লিভল্যান্ডে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, ইলন মাস্ক এবং অন্যান্য বিতর্কগুলির বিরুদ্ধে মানুষ প্রতিবাদ করেছেন।



## আটলান্টিক সিটিতে সরস্বতী পূজা উদযাপিত

৬২ পৃষ্ঠার পর

অন্তর্শক্তির অংশকে একেকজন দেব-দেবীরূপে কল্পনা করেছেন। ব্রহ্মের যে শক্তি বিদ্যা শিক্ষা দান করেন তাঁকে সরস্বতী দেবী জ্ঞানে পূজার্চনা করা হয়। যে কারণে শাস্ত্রে বলা হয়েছে, চতুর্মুখ ব্রহ্মের মুখ থেকে আবির্ভূত শুভ্রবর্ণা বীণাধারিণী চন্দ্রের শোভাযুক্তা দেবীই হলেন সরস্বতী। সরস্বতীর ধ্যান, প্রণামমন্ত্র ও স্তবমালা থেকে সামগ্রিক রূপটি হল- তিনি শুভ্রবর্ণা শ্বেত পদ্মাসনা, শ্রীহস্তে লেখনী, পুস্তক ও বীণা।'

নিউ জার্সি স্টেটের আটলান্টিক সিটিতে গত দুই ফেব্রুয়ারি, রোববার শ্রী শ্রী গীতা সংঘের মন্দিরে বিদ্যা ও ললিতকলার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতীর পূজা উদযাপিত হয়। ওইদিন সকাল থেকেই মন্ডপগুলোকে উদ্ভাসিত ধূপ-ধুনোর গন্ধে মাতোয়ারা ধরণীতে বেজে ওঠে মোহনীয় সুর।

আটলান্টিক কাউন্টিতে বসবাসরত সনাতন হিন্দু সম্প্রদায়ের লোকজন ওইদিন পুরোহিতের পূজার্চনা শেষে দেবী সরস্বতীর পদচরণে অঞ্জলি ও পুষ্পার্ঘ অর্পণ করে। অঞ্জলি প্রদান শেষে সমবেত ভক্তকুলের মাঝে প্রসাদ বিতরণ করা হয়। সন্ধ্যায় সরস্বতী দেবীর পূজা উপলক্ষে প্রবাসে বেড়ে ওঠা প্রজন্মের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

সায়ন্তা রায় চৌধুরী ও নিবেদিতা ভট্টাচার্যের পরিচালনায় সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রবাসে বেড়ে ওঠা প্রজন্ম সমবেত সংগীত, একক সংগীত, একক, দ্বৈত ও দলীয় নৃত্য পরিবেশন করে। তাদের মনোজ্ঞ পরিবেশনা সবাই প্রাণভরে উপভোগ করে। সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে মহাপ্রসাদ বিতরণের মাধ্যমে সরস্বতী পূজার দিনব্যাপী কর্মসূচির সমাপ্তি ঘটে। গীতা সংঘের সভাপতি প্রসেনজিৎ দত্ত ও সাধারণ সম্পাদক স্বরূপ দাশ সরস্বতী পূজার দিনব্যাপী কর্মসূচি সফল করায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।

## ওয়াশিংটনে প্রেয়ার ব্রেকফাস্টে জাইমা রহমান

৬৪ পৃষ্ঠার পর

তিনি দলীয় সিদ্ধান্তে আন্তর্জাতিক কোন অনুষ্ঠানে অংশগ্রহণ করলেন।

স্বাধীনতার ঘোষক, সেক্টর কমান্ডার ও শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নাতনি এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের একমাত্র কন্যা ব্যারিস্টার জাইমা রহমান।

রীতি অনুযায়ী মার্কিন যুক্তরাষ্ট্রে নতুন প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার পর ১০০ দিনের মধ্যে ঐতিহ্যবাহী 'ন্যাশনাল প্রেয়ার ব্রেকফাস্ট' অনুষ্ঠিত হয়। সেখানে বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ রাজনৈতিক, কূটনৈতিক, ব্যবসায়ী এবং সাংস্কৃতিক ব্যক্তিদের আমন্ত্রণ জানানো হয়। রাজনৈতিক, ভিন্নমত, নির্বিশেষে সবাই একত্রিত হয়ে বিশ্ব শান্তি ও মানবতার জন্য প্রার্থনা করেন।

৫ ও ৬ ফেব্রুয়ারি ওয়াশিংটন হিলটনে প্রেয়ার ব্রেকফাস্ট অনুষ্ঠিত হয়।

প্রেয়ার ব্রেকফাস্ট অনুষ্ঠানে যোগ দিতে গত ১০ জানুয়ারি বিএনপির একটি প্রতিনিধিদলকে আমন্ত্রণ জানানো হয়। আমন্ত্রিতরা হলেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও জাতীয় স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী। তবে তারেক রহমান যুক্তরাষ্ট্রে আসেননি। তার প্রতিনিধিত্ব করলেন একমাত্র কন্যা জাইমা রহমান। ফখরুল ও খসরু তাঁর সঙ্গে অনুষ্ঠানে অংশ নেন। কংগ্রেস ও সিনেটের সদস্যরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এতে বক্তব্য দেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

## প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মনির হায়দার

৬৪ পৃষ্ঠার পর

সচিব পদমর্যাদায় নিয়োগ দিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে গত ৫ই ফেব্রুয়ারি প্রজ্ঞাপন জারি করা হয়েছে। মনির হায়দার নিউইয়র্ক থেকে দু'একদিনের মধ্যে দেশে ফিরে এ পদে যোগদান করবেন বলে সরকারি সূত্র জানিয়েছে। মনির হায়দার দৈনিক পূর্বকোণ, ভোরের কাগজ, জনকণ্ঠ, যায়যায়দিন, ইত্তেফাক এবং মানবজমিন পত্রিকায় সাংবাদিকতা করেছেন। তিনি বাংলাভিশন টেলিভিশনের একজন উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেন।

বিশেষ সহকারী হিসেবে তিনি প্রধান উপদেষ্টার পক্ষে জাতীয় ঐকমত্য গঠনের লক্ষ্যে বিভিন্ন রাজনৈতিক দল ও শক্তির সঙ্গে লিয়াজোঁ এবং যোগাযোগ রক্ষায় ভূমিকা পালন করবেন বলে জানা গেছে।

## গুলিবিদ্ধ মামুনকে দেখতে সোসাইটি নেতৃবৃন্দ

৬৪ পৃষ্ঠার পর

মামুন। হাসপাতালে তিনদিনের চিকিৎসা ও শরীর থেকে গুলি অপসারণের পর বৃহস্পতিবার তিনি বাসায় ফেরেন। ওজোনপার্ক এলাকার ১০১ অ্যাভিনিউর ৭৪ স্ট্রিটের কাছে মামুনুর রশিদের বাসা। বাংলাদেশে তার বাড়ি নোয়াখালী জেলার সেনবাগে। হসপিটাল থেকে বাসায় আনা হলে তাকে দেখতে যান সোসাইটি সভাপতি আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ-সভাপতি মহিউদ্দিন দেওয়ান, কোষাধ্যক্ষ মজিবুর রহমান ভূঁইয়া রুমি, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, কার্যকরী সদস্য হাসান সরওয়ার্দী, নওশাদ হায়দার সহ অন্যান্যরা। এ সময় সভাপতি কমিউনিটির সবাইকে খুবই সতর্কতার সাথে চলাফেরা করার অনুরোধ করেন। যে কোনো প্রয়োজনে সোসাইটির নেতৃবৃন্দের সঙ্গে যোগাযোগ করার আহবান জানান। ব্যক্তিগতভাবে সকল ধরনের সহযোগিতা করার আশ্বাস দেন তিনি। জানা গেছে, বাংলাদেশি মামুন বাসার সামনে ফোনে কথা বলার সময় কালো মুখোশধারী এক অজ্ঞাত যুবক মামুনের কাছে টাকা ও ফোন ছিনিয়ে নিতে চাইলে মামুন ভয়ে চিৎকার দিলে তাকে গুলি করা হয়। গুলিবিদ্ধ মামুনকে রাস্তায় পড়ে থাকতে দেখে এলাকায় বসবাসকারী সিয়ারালিওনের একজন মুরব্বি পুলিশে ফোন দিয়ে জানান। পরে পুলিশের অ্যাম্বুলেন্স তাকে উদ্ধার করে জ্যামাইকা হাসপাতালে ভর্তি করায়। এই হামলার ঘটনায় এখন পর্যন্ত কেউ গ্রেফতার হয়নি বলে জানা গেছে।

## বাফেলোতে বাংলাদেশী যুবক গ্রেফতার

৬৪ পৃষ্ঠার পর

সোমবার শামীম নামে এক বাংলাদেশি যুবককে গ্রেফতার করা হয় ফেলাডেলফিয়ায় তার বাড়ি থেকে। এর পরই গত মঙ্গলবার বাফেলো থেকে বাংলাদেশী যুবককে গ্রেফতার করা হয় বলে জানা যায়। নিউইয়র্ক সিটিতে ২ জন, ফিলাডেলফিয়াতে ১ জন, বাফেলোতে একজন এবং আটলান্টাতে একজন বাংলাদেশিকে গ্রেফতার করা হয়েছে।

জেনেসি ও হামলেন কর্নারে স্পিডওয়ে গ্যাস স্টেশন থেকে রানা নামের ওই যুবককে সকাল ৮ টায় ইমিগ্রেশন পুলিশ গ্রেফতার করে। তার গ্রামের বাড়ী বাংলাদেশের নোয়াখালীতে। রানার এ্যাসাইলাম মামলা চলমান রয়েছে। তবে তার কোন ওয়ার্কপারমিট ছিল না। এ্যাসাইলাম রিজেক্ট হওয়ার পর নতুন করে আপিল করেছেন বলে জানা যায়। তার এক আত্মীয় জানিয়েছেন, রানার বিষয়ে এটর্নিকে কাজ করছে। ধারণা করা হচ্ছে রানাকে ফোন ট্র্যাকিংয়ের মাধ্যমে গ্যাস স্টেশন লোকেশন থেকে গ্রেফতার করা হয়েছে। তার বাসা ইস্ট ফেরিয়ান সংলগ্ন। বর্তমানে সে ইনডিপেনডেন্ট কন্ট্রাক্টর হিসেবে কাজ করছে। বাফেলোতে ইতিমধ্যে বিভিন্ন দেশের বেশ কয়েকজন আনডকুমেন্টেড ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। এবার প্রথম কোন বাংলাদেশী গ্রেফতার হলেন।

এটর্নীরা জানিয়েছেন, গ্রেফতার হলে কোন মিথ্যা তথ্য দেয়া থেকে বিরত থাকুন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ক্ষমতা গ্রহণের পর থেকে আনডকুমেন্টেড গ্রেফতার অভিযানের মধ্যে এ পর্যন্ত ৫ জন বাংলাদেশী গ্রেফতারের খবর পাওয়া গেছে।

## বিশ্ব মিডিয়ায় ৩২ নম্বর

৬৪ পৃষ্ঠার পর



রাজধানীর ধানমন্ডিতে অবস্থিত শেখ মুজিবুর রহমানের ৩২ নম্বর বাড়িটি রাতভর ভেঙে মিশিয়ে দেয়া হয়। বিক্ষোভকারীরা এই ভবনকে ফ্যাসিবাদের আইকন হিসেবে চিহ্নিত করেছেন। শেখ হাসিনা ক্ষমতায় থাকাকালিন নতুন প্রজন্মকে 'রাজাকার' বলার পর গণআন্দোলনের মুখে পালিয়ে ভারতে আশ্রয় নিয়ে রয়েছেন। এবার সেখান থেকে তিনি বিতর্কিত ছাত্রলীগের কর্মীদের উদ্দেশ্যে অন লাইন ভাষণ দেন। তারই জের হিসেবে ধানমন্ডির ৩২ নম্বরের বাড়িটি ভেঙে ফেলেছে বিক্ষোভ মানুষ। ৫ ফেব্রুয়ারি রাত ৮টায় কর্মসূচি থাকলেও সন্ধ্যার পর থেকে সেখানে জড়ো হতে থাকে ছাত্র-জনতা। জড়ো হয়ে তারা বিভিন্ন স্লোগান দিতে থাকে। একপর্যায়ে রাত ৮টার কিছু আগে ৩২ নম্বরের ওই বাড়িতে ঢুকে পড়ে ছাত্র-জনতা। এসময় আগুন ধরিয়ে পুড়িয়ে দেওয়া হয় বাড়ি। পরে বুলডোজার মেশিন দিয়ে গুঁড়িয়ে দেওয়া হয়। শুধু এই বাড়িটিই নয়। শেখ মুজিব ও তার পরিবারের সদস্যদের বাড়ি ও ম্যুরাল ভেঙে দেওয়া হয়েছে বাংলাদেশের প্রায় সব জায়গাতেই। যা বেশ গুরুত্ব সহকারে প্রচার করেছে আন্তর্জাতিক মিডিয়াগুলো।

যুক্তরাষ্ট্রের প্রভাবশালী গণমাধ্যম সিএনএন তাদের শিরোনাম করেছে, 'বাংলাদেশের বিক্ষোভকারীরা নির্বাসিত সাবেক নেত্রী শেখ হাসিনার বাড়ি ধ্বংস করেছে'। এরপর তাদের প্রতিবেদনে বলা হয়েছে, প্রতিবেশী ভারতে নির্বাসিত থেকে দলের সমর্থকদের উদ্দেশে হাসিনার একটি বক্তৃতা দেওয়াকে কেন্দ্র করে এই হামলার সূত্রপাত। গণ আন্দোলনে ১৫ বছরের শাসন শেষে পালিয়ে যান শেখ হাসিনা। প্রভাবশালী ব্রিটিশ গণমাধ্যম দ্য গার্ডিয়ান তার শিরোনাম করেছে, 'বাংলাদেশি বিক্ষোভকারীরা সাবেক প্রধানমন্ত্রীর বাড়ি ধ্বংস করেছে'। প্রতিবেদনটিতে বলা হয়েছে, এই বাড়িটি থেকেই শেখ হাসিনার বাবা পাকিস্তান ভাঙনের ঘোষণা দিয়েছিলেন। তবে পরবর্তীতে কর্তৃত্ববাদের সাথে যোগসূত্র থাকার কারণে তার বাড়িতে আক্রমণ করা হয়। বিবিসি তাদের প্রতিবেদনের শিরোনাম করেছে, 'বিক্ষোভকারীরা বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রীর বাড়িতে আগুন ধরিয়ে দিয়েছে'। প্রতিবেদনটিতে বলা হয়েছে, শুধু শেখ হাসিনাই নয়, তার পরিবার ও রাজনৈতিক দলের অনেক নেতাদের বাড়িতেও আগুন দেওয়া হয়েছে। যুক্তরাজ্য ভিত্তিক খ্যাতনামা গণমাধ্যম রয়টার্স তাদের প্রতিবেদনের শিরোনাম করেছে, 'বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাবার বাড়ি উচ্ছেদ করেছে বিক্ষোভকারীরা'। সংবাদ মাধ্যমটি তাদের প্রতিবেদনে লিখেছে, ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার সমর্থকদের অন্তর্বর্তী সরকারের বিরুদ্ধে দাঁড়ানোর আহবান জানিয়ে সোশ্যাল মিডিয়ায় একটি জ্বালাময়ী বক্তৃতা দেন। যে কারণে এই হামলার সূত্রপাত।

তুরস্কের অন্যতম গণমাধ্যম টিআরটি ওয়ার্ল্ড তাদের শিরোনাম করেছে, 'ভারতে থেকে সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণ বাংলাদেশে প্রতিবাদের ঝড় তুলেছে'। যুক্তরাষ্ট্রের সংবাদমাধ্যম এপি তাদের শিরোনাম করেছে, 'বাংলাদেশি বিক্ষোভকারীরা সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাড়িতে ধ্বংসযজ্ঞ চালিয়েছে'। সেখানে লেখা হয়েছে, 'প্রতিবেশী ভারতে নির্বাসিত থেকে সমর্থকদের উদ্দেশে হাসিনার একটি বক্তৃতা দিলে হামলার সূত্রপাত হয়। ১৫ বছরের শাসনের বিরুদ্ধে ছাত্র-নেতৃত্বাধীন একটি তীব্র বিদ্রোহের সময় গত বছর পালিয়ে গিয়েছিলেন তিনি। তুরস্কের গণমাধ্যম আনাদোলু এজেন্সি তাদের প্রতিবেদনের শিরোনামে লিখেছে, 'ভারত থেকে প্রাক্তন প্রধানমন্ত্রী শেখ হাসিনার লাইভ ভাষণ বাংলাদেশে প্রতিবাদের সূত্রপাত করেছে'। তারা তাদের প্রতিবেদনে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের কোট করে লিখেছে, বিদ্যমান দলগুলো 'দেশের জনগণের আশা-আকাঙ্ক্ষা পড়তে ব্যর্থ হয়েছে'। যুক্তরাষ্ট্রের এবিসি নিউজ তাদের শিরোনাম করেছে, 'বাংলাদেশি বিক্ষোভকারীরা নির্বাসিত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে জড়িত একটি বাড়িতে ধ্বংসযজ্ঞ চালিয়েছে।' প্রতিবেদনে আরও বলা হয়েছে, বাংলাদেশের হাজার হাজার বিক্ষোভকারী নির্বাসিত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি তাদের ক্ষোভ প্রকাশ করেছে তার পরিবারের বাড়ি ধ্বংস করে। যা দেশের স্বাধীনতার প্রতীক ছিল। তবে বিক্ষোভকারীদের দাবি, কর্তৃত্ববাদের সূত্রপাত হয়েছিল এই বাড়িটিতেই। সৌদি আরবের অন্যতম গণমাধ্যম 'আরব নিউজ' তাদের শিরোনাম করেছে, 'বাংলাদেশি বিক্ষোভকারীরা ভারতে নির্বাসিত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে যুক্ত একটি বাড়িতে আগুন ও ধ্বংসযজ্ঞ চালিয়েছে'। এ ছাড়া ভারত ও পাকিস্তানের গণমাধ্যমগুলোসহ অন্যান্য আন্তর্জাতিক গণমাধ্যমে ৩২ নম্বরের বাড়িটি নিয়ে ফলাও করে খবর প্রচার করেছে।

## ডিসেম্বরে নির্বাচন নিয়ে অনিশ্চয়তা!

৬৪ পৃষ্ঠার পর

কেননা এই দুটি আইনে কী কী সংশোধন আনা হবে- সে বিষয়ে স্পষ্ট ধারণা নেই নির্বাচন কমিশনের (ইসি)।

আগামী জাতীয় নির্বাচন আয়োজনের ব্যাপারে প্রধান উপদেষ্টার ঘোষণা ছাড়া কমিশনকে কোনো ধরনের নির্দেশনাও দেওয়া হয়নি। এছাড়াও এবারের ভোটার তালিকা হালনাগাদে প্রায় ১৮ লাখ ৪৯ হাজার ৩২৬ জন নতুন ভোটার অন্তর্ভুক্ত হয়েছেন যারা ২০২৬ সালের ২ জানুয়ারি ভোটারযোগ্য হবেন। চলতি বছরের ডিসেম্বরে ভোট হলে তারা ভোট দিতে পারবেন না।

সব মিলিয়ে সংসদ নির্বাচনের জন্য কাঙ্ক্ষিত প্রস্তুতিতে বাধাগ্রস্ত হচ্ছে সাংবিধানিক প্রতিষ্ঠানটি।

# আপনি কি সহজে ড্রাইভিং লাইসেন্স পেতে চান?

আমরা আপনাকে সহজে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার নিশ্চয়তা দিচ্ছি।
আমাদের দক্ষ ছেলে / মেয়ে ইনষ্ট্রাকটার আপনাকে যত্নসহকারে নিখুঁতভাবে তৈরী করবে।



## BEGINNER'S DRIVING ACADEMY

**Please Call**

**(929) 244 7730**

129-20 Liberty Avenue
South Richmond Hill, NY 11419

71-16 35th Avenue
Jackson Heights, NY 11372

## গোয়েন্দা নজরদারিতে তারকারা

৪৬ পৃষ্ঠার পর

আফরোজা শাওন। সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক সরব তিনি। এরইমধ্যে খবর এলো, ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) হাতে আটক হয়েছেন আওয়ামী লীগ ঘনিষ্ঠ এই অভিনেত্রী।

কিন্তু কী করেছেন মেহের আফরোজ শাওন, যে তাকে আটক করতে হলো?

পুলিশ বলছে, রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের অভিযোগে গ্রেপ্তার করা হয়েছে এই অভিনেত্রীকে। ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের প্রধান রেজাউল করিম মল্লিক বলেন, শাওন রাষ্ট্রবিরোধী বিভিন্ন কার্যক্রম পরিচালনা করছিলেন বলে অভিযোগ পেয়েছেন তারা।

গত কিছুদিন ধরেই সামাজিক যোগাযোগ মাধ্যমে শাওনের পোস্টগুলো নিয়ে বেশ সমালোচনা। ফেসবুকে সর্বশেষ শেয়ার করেছেন ধানমন্ডি ৩২ নিয়ে ডিফেন্স পাকিস্তান নামের একটি এক্স হ্যান্ডেলের পোস্ট। এর আগের চারটি পোস্ট করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলমকে নিয়ে।

অল্প বয়সেই অভিনয় করে জনপ্রিয় হয়ে ওঠেন শাওন। একাধারে তিনি নৃত্যশিল্পী এবং নির্মাতাও। বাংলাদেশি শিশু শিল্পীদের জন্য রিয়েলিটি টেলিভিশন প্রতিযোগিতা নতুন কুঁড়িতে নৃত্যশিল্পী হিসেবে বিজয়ী হন তিনি।

১৯৯৬ সালে হুমায়ূন আহমেদের 'নক্ষত্রের রাত' ধারাবাহিক নাটকের মাধ্যমে অভিনয় জীবন শুরু করেন শাওন। এই নাটকে ব্যাপক পরিচিত হয়ে ওঠেন তিনি। অভিনয় জীবনে তিনি বহু জনপ্রিয় নাটক ও চলচ্চিত্রে অভিনয় করেছেন।

শাওনের অভিনয় করা জনপ্রিয় চলচ্চিত্রের মধ্যে রয়েছে- শ্রাবণ মেঘের দিন, দুই দুয়ারী, চন্দ্রকথা, শ্যামল ছায়া, আমার আছে জল- এর মতো সিনেমা।

অভিনেত্রী ছাড়াও শাওনের রয়েছে আরও পরিচয়। বাংলাদেশের জনপ্রিয় লেখক প্রয়াত হুমায়ূন আহমেদের স্ত্রী ছিলেন তিনি। সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে শাওনকে আলোচনার মধ্যেই বৃহস্পতিবার সন্ধ্যায় তার গ্রামের বাড়িতে হামলা চালানো হয়। জামালপুর সদরের নরুন্দি রেল স্টেশন এলাকায় শাওনের বাবার বাড়িতে অগ্নিসংযোগ করা হয়।

শাওনের বাবা প্রকৌশলী মোহাম্মদ আলীর এই বাড়িটি তাদের পারিবারিক সম্পত্তি। মোহাম্মদ আলী জামালপুর-৫ আসন থেকে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়নপ্রত্যাশী ছিলেন।

শাওনের মা বেগম তহুরা আলীও সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ছিলেন। ১৯৯৬ থেকে ২০০১ এবং ২০০৯ থেকে ২০১৪ মেয়াদে আওয়ামী লীগের সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ছিলেন তহুরা বেগম। শাওন নিজেও রাজনীতি নিয়ে আগ্রহী। দ্বাদশ সংসদে আওয়ামী লীগের সংরক্ষিত নারী আসনের মনোনয়নপ্রত্যাশী ছিলেন তিনি।

অভিনেত্রী সোহানা সাবা গ্রেপ্তার : অভিনেত্রী মেহের আফরোজ শাওনের পর এবার রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে আলো আসবে গ্রুপের অ্যাডমিন অভিনেত্রী সোহানা সাবাকে গ্রেপ্তার করা হয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন ঢাকা মহানগর পুলিশের (গোয়েন্দা) অতিরিক্ত কমিশনার রেজাউল করিম মল্লিক।

তিনি জানান, বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে ১২টার দিকে ধানমন্ডি থেকে অভিনেত্রী সোহানা সাবাকে গ্রেপ্তার করা হয়। রেজাউল করিম মল্লিক বলেন, অভিনেত্রী শাওনের পর সোহানা সাবা আমাদের নজরদারিতে ছিলেন। তাকে কিছু সময় আগে আমাদের হেফাজতে নেওয়া হয়েছে। তার বিরুদ্ধে দেশবিরোধী ষড়যন্ত্রের অভিযোগ রয়েছে।

এর আগে রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে বৃহস্পতিবার সন্ধ্যা ৭টার দিকে আটক হন মেহের আফরোজ শাওন। তাকে ডিবি কার্যালয়ে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে।

## নোরার মৃত্যু গুঞ্জনে যা জানাল অভিনেত্রীর টিম

৪৬ পৃষ্ঠার পর

ভারতীয় সংবাদমাধ্যমের এক প্রতিবেদনে উঠে এসেছে এ তথ্য।

সম্প্রতি ইনস্টাগ্রামে একটি পেজে একটি ভিডিও প্রকাশ করা হয়। সেখানে দেখা যাচ্ছে, পাহাড়ে মাঝে আটকে পড়েছেন এক নারী। ক্যাপশনে লেখা, 'বলিউড অভিনেত্রী নোরা ফতেহির দুর্ঘটনায় মৃত্যু হয়েছে'। তবে দূর থেকে ধারণ করা ভিডিওতে ওই নারীর মুখ অস্পষ্ট হওয়ায় চ্রাক্ত করা যাচ্ছে না।

শোনা যায়, দুঃসাহসিক খেলায় যোগ দিতে গিয়ে দুর্ঘটনার মুখে পড়েন তিনি। 'বাঞ্জি জাম্পিং'-এ যোগ দিতে গিয়েই বিপত্তি। পাহাড়ে খাদে পড়ে গিয়েছেন নোরা। সেখানেই মৃত্যু হয় তার।

এদিকে এরইমধ্যে বিষয়টি নিয়ে মুখ খুলেছেন নোরার সহযোগী টিম। জানানো হয়েছে নোরার সঙ্গে এরকম কিছু ঘটেনি। খবরটি ভিত্তিহীন।

প্রসঙ্গত, মাত্র পাঁচ হাজার রুপি নিয়ে ভারত এসেছিলেন নোরা। বলিউডে জায়গা পেতে কঠিন সংগ্রাম করতে হয়েছে তাকে। এক ফ্ল্যাটে নয়জনের সঙ্গে বাস করতে হয়েছে। অর্থের অভাবে করতে হয়েছে ক্ষুধায় কষ্ট।

## মদিনা সনদ জাতীয় ঐক্য ও সংহতির মিনার

২৫ পৃষ্ঠার পর

করা, যেখানে সব ধর্ম ও সম্প্রদায়ের সমান অধিকার নিশ্চিত করা হয়। সনদটি মোট ৪৭টি ধারা নিয়ে গঠিত, যার মাধ্যমে একটি সমাজে শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠার জন্য বিভিন্ন দিকনির্দেশনা দেওয়া হয়েছে।

সাম্য ও ন্যায়বিচার : মদিনা সনদে প্রতিটি সম্প্রদায়ের জন্য সমান অধিকার নিশ্চিত করা হয়। এতে বলা হয়, 'সব সম্প্রদায় তাদের ধর্ম পালন করতে স্বাধীন থাকবে'। এটি জাতি-ধর্ম নির্বিশেষে সব মানুষের মধ্যে সাম্যের ধারণা প্রতিষ্ঠা করে।

সামরিক ও প্রতিরক্ষা ব্যবস্থা : মদিনা সনদে মদিনার প্রতিরক্ষা নিশ্চিত করার জন্য সবাইকে একত্রে কাজ করার আহ্বান জানান হয়। এতে বলা হয়েছে, মদিনা আক্রমণের শিকার হলে, সব সম্প্রদায় একসঙ্গে এর প্রতিরক্ষা করবে।

সম্পদের সুষ্ঠু বণ্টন : সনদে উল্লেখ করা হয়েছে, মদিনার সব সম্পদ ও সম্পত্তি সবার মধ্যে ন্যায়সঙ্গতভাবে বণ্টন করা হবে। এটি সামাজিক ও অর্থনৈতিক ন্যায়বিচারের একটি দৃষ্টান্ত।

শান্তি ও সম্প্রীতি প্রতিষ্ঠা : মদিনা সনদে বলা হয়েছে, কোনো পক্ষই অন্য পক্ষের সঙ্গে যুদ্ধ বা সংঘর্ষে লিপ্ত হতে পারবে না। এ ধরনের কোনো সমস্যার সমাধান সর্বসম্মতিক্রমে গ্রহণযোগ্য উপায়ে করতে হবে।

মদিনা সনদের প্রভাব ও গুরুত্ব : মদিনা সনদ ইসলামি রাষ্ট্রের রোল মডেল হিসাবে বিবেচিত হয়, কারণ এটি একটি রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে যে মূলনীতি ও কাঠামো প্রদান করেছে, তা যুগান্তকারী।

বহুধর্মীয় রাষ্ট্রের ধারণা : মদিনা সনদ আধুনিক বহুধর্মীয় রাষ্ট্রের জন্য একটি মডেল। এতে দেখানো হয়েছে, কীভাবে বিভিন্ন ধর্ম, গোত্র ও সম্প্রদায় একত্রে শান্তিপূর্ণভাবে বসবাস করতে পারে।

সামাজিক ন্যায়বিচার ও মানবাধিকার : মদিনা সনদ মানবাধিকারের এক অসাধারণ উদাহরণ। এতে সব সম্প্রদায়ের ধর্মীয় স্বাধীনতা, সামাজিক নিরাপত্তা এবং অর্থনৈতিক সমতা নিশ্চিত করা হয়।

আইনের শাসন প্রতিষ্ঠা : মদিনা সনদ প্রমাণ করে যে, একটি রাষ্ট্রে আইনের শাসন কতটা গুরুত্বপূর্ণ। এতে সব পক্ষকে আইন মেনে চলার বাধ্যবাধকতা আরোপ করা হয়।

নেতৃত্বের একটি মডেল : নবি মুহাম্মাদ (সা.)-এর নেতৃত্বে মদিনা সনদ প্রণীত হয়েছিল, যা ন্যায়বিচার, ধৈর্য এবং দূরদর্শিতার এক অপূর্ব উদাহরণ। এটি দেখায়, কীভাবে একজন নেতা বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে ঐক্য প্রতিষ্ঠা করতে পারেন।

আধুনিক রাষ্ট্র ব্যবস্থায় মদিনা সনদের প্রভাব : মদিনা সনদ শুধু ইসলামের ইতিহাসে নয়, আধুনিক রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রেও এক অনন্য উদাহরণ। এর মূলনীতি বিভিন্ন আধুনিক সংবিধানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

গণতন্ত্রের ভিত্তি : মদিনা সনদে প্রতিটি সম্প্রদায়ের মতামত ও অধিকারকে গুরুত্ব দেওয়া হয়েছে, যা গণতন্ত্রের মূলভিত্তি।

ধর্মীয় সহাবস্থান : সনদে ধর্মীয় সহাবস্থানের যে ধারণা রয়েছে, তা আজকের বহু ধর্মীয় রাষ্ট্রের জন্য শিক্ষণীয়।

আন্তর্জাতিক সম্পর্কের শিক্ষা : মদিনা সনদ আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে একটি দৃষ্টান্ত। এটি দেখায়, কীভাবে বিভিন্ন জাতি ও সম্প্রদায় একে অপরের সঙ্গে সমানভাবে আচরণ করতে পারে।

মদিনা সনদের ধারা বিশ্লেষণ : মদিনা সনদ মোট ৪৭টি ধারা নিয়ে গঠিত, যা মদিনার মুসলিম, ইহুদি এবং পৌত্তলিক সম্প্রদায়ের মধ্যে সামাজিক ও রাজনৈতিক শৃঙ্খলা প্রতিষ্ঠা করেছে। এর কিছু উল্লেখযোগ্য ধারা-

ধর্মীয় স্বাধীনতা : প্রত্যেক সম্প্রদায় তাদের নিজস্ব ধর্ম পালনের স্বাধীনতা পাবে। এর মাধ্যমে প্রথমবারের মতো একটি বহুধর্মীয় রাষ্ট্রব্যবস্থার আইনি স্বীকৃতি দেওয়া হয়। উদাহরণ, ইহুদিরা তাদের ধর্মীয় বিধান অনুযায়ী বিচারব্যবস্থা পরিচালনার স্বাধীনতা পেয়েছিল।

সমান নাগরিক অধিকার : সনদে বলা হয়েছে, 'মদিনায় বসবাসকারী সব সম্প্রদায় একই রাষ্ট্রের অংশ'। এতে মুসলিম ও অমুসলিমদের মধ্যে কোনো ধরনের বৈষম্য রাখা হয়নি।

সমাজের সুরক্ষা ও নিরাপত্তা : মদিনা সনদে একটি নিরাপত্তা চুক্তি ছিল, যার মাধ্যমে মদিনা আক্রমণ করলে সব সম্প্রদায় একত্রে তার প্রতিরক্ষা নিশ্চিত করবে।

রক্তপণ নিষিদ্ধ : সনদে পুরোনো গোত্রীয় রক্তপণ প্রথা বাতিল করা হয়, যা তৎকালীন আরব সমাজের এক গভীর সংকট ছিল। এটি একটি ঐতিহাসিক পরিবর্তনের সূচনা করে।

সামাজিক সামঞ্জস্য : এক সম্প্রদায় অন্য সম্প্রদায়ের বিরুদ্ধে ষড়যন্ত্র করতে পারবে না এবং মদিনার অভ্যন্তরীণ শান্তি বিঘ্নিত করার কোনো চেষ্টাও সহ্য করা হবে না।

বিচারব্যবস্থা : সব বিরোধ নির্ধারিত আইন অনুযায়ী নবি মুহাম্মাদ (সা.)-এর নেতৃত্বে নিষ্পত্তি করা হবে। এ ব্যবস্থা রাষ্ট্রে আইন এবং ন্যায়বিচারের ধারণা প্রতিষ্ঠা করে।

মদিনা সনদে আর্থ-সামাজিক নীতিমালা

সম্পদের ন্যায়সঙ্গত বণ্টন : মদিনা সনদ সমাজের ধনী ও দরিদ্রদের মধ্যে সম্পদের বৈষম্য দূর করার দৃষ্টান্ত স্থাপন করেছে। মুসলিম এবং অমুসলিম উভয়েই জাকাত ও কর দেওয়ার মাধ্যমে রাষ্ট্রের উন্নয়নে ভূমিকা রাখত।

ব্যবসা ও বাণিজ্যে শৃঙ্খলা : মদিনা সনদ ব্যবসায় ন্যায়বিচার নিশ্চিত করেছে। এতে নিষিদ্ধ করা হয়েছিল ধোঁকাবাজি, মুনাফাখোরি এবং সুদ।

দুর্বলদের অধিকার : এটি নারীদের, দাসদের এবং সমাজের দুর্বল অংশের অধিকার সুরক্ষায় বিশেষ মনোযোগ দিয়েছে।

মদিনা সনদের শিক্ষা : আধুনিক বিশ্বে প্রাসঙ্গিকতা বর্তমান বিশ্বে যেখানে সংঘাত, ধর্মীয় অসহিষ্ণুতা এবং সামাজিক বৈষম্য বৃদ্ধি পাচ্ছে, সেখানে মদিনা সনদের শিক্ষা অত্যন্ত প্রাসঙ্গিক।

সাম্প্রদায়িক সম্প্রীতি : ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাইকে সমান অধিকার প্রদান মদিনা সনদের অন্যতম শিক্ষা।

অর্থনৈতিক ন্যায়বিচার : দরিদ্রদের জন্য বিশেষ ব্যবস্থা এবং সম্পদ বণ্টনের ধারণা বর্তমান অর্থনৈতিক ব্যবস্থার জন্য দৃষ্টান্ত হতে পারে।

শান্তি প্রতিষ্ঠা : মদিনা সনদের শান্তিপূর্ণ সহাবস্থানের ধারণা আজকের বিশ্ব রাজনীতির সংকট নিরসনে কার্যকর ভূমিকা রাখতে পারে।

মদিনা সনদ একটি চিরস্থায়ী রোল মডেল, যা কেবল ইসলামি রাষ্ট্রের জন্য নয়, বরং পুরো বিশ্বের জন্য একটি অনুপ্রেরণা। এটি প্রমাণ করে, কীভাবে ন্যায়বিচার, সাম্য ও সম্প্রীতির মাধ্যমে একটি সমাজে স্থিতিশীলতা এবং শান্তি প্রতিষ্ঠা করা যায়। মদিনা সনদের মূলনীতি অনুসরণ করলে বর্তমান বিশ্বেও বহু সমস্যার সমাধান সম্ভব। এজন্যই এটি ইসলামি রাষ্ট্রের রোল মডেল হিসাবে চিরকাল শ্রদ্ধার সঙ্গে স্মরণীয় হয়ে থাকবে।

লেখক : পিএইচডি গবেষক, রাজশাহী বিশ্ববিদ্যালয়।

## রমজানের প্রস্তুতি নিন শাবান মাসজুড়ে

২৫ পৃষ্ঠার পর

রজব ও শাবান মাসে বরকত দান করেন এবং রমজান পর্যন্ত পৌঁছে দেন। (মুজামে ইবনে আসাকির : হাদিস-৩০৯)।

শাবান মাসের হিসাব রাখা : রাসুল (সা.) শাবান মাসের হিসাব খুব গুরুত্বের সঙ্গে রাখতেন। তিনি প্রতিটি দিন তারিখ গুনে রাখতেন। হজরত আয়েশা (রা.) থেকে বর্ণিত হাদিসে এসেছে। তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) শাবান মাসের হিসাব এত গুরুত্বসহকারে রাখতেন যে, অন্য কোনো মাসের হিসাব ততটা গুরুত্ব দিয়ে রাখতেন না। অতঃপর তিনি রমজানের চাঁদ দেখেই রোজা পালন করতেন। আর আকাশ মেঘাচ্ছন্ন থাকলে তিনি শাবান মাস ত্রিশ দিন পূর্ণ করতেন। এরপর রোজা রাখতেন। অপর হাদিসে শাবানের চাঁদ গণনার নির্দেশ দেওয়া হয়েছে। আবু হুরাইরা (রা.) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সা.) বলেছেন, তোমরা রামজানের উদ্দেশ্যে শাবানের চাঁদের হিসাব রাখবে।

শাবান মাসে সাহাবিদের আমল : হজরত আনাস ইবনে মালেক (রা.) বলেন, রাসুলুল্লাহ (সা.)-এর প্রিয় সাহাবিরা শাবান মাসের চাঁদ দেখে কয়েকটি আমল বিশেষভাবে করতেন। ১. শাবান মাসে তারা আগ্রহভরে রমজানের অপেক্ষা করতেন। ২. তুলনামূলক বেশি পবিত্র কুরআন তেলাওয়াত করতেন। ৩. মুসলমানরা তাদের সম্পদের জাকাত বের করে দিতেন, যেন গরিব-মিসকিন স্বাচ্ছন্দ্যে রমজানের রোজা রাখতে পারে।

৪. বিচারকরা জেলখানার কয়েদিদের হাজির করে অপরাধী ছাড়া বাকি লোকদের মুক্তি দিয়ে দিতেন। ৫. ব্যবসায়ীরা এ মাসে তাদের ঋণ পরিশোধ করে দিতেন এবং অন্যদের কাছে যা পাওনা তা আদায় করে নিতেন।

৬. রমজান মাসের চাঁদ দেখা গেলে মানুষ গোসল করে ইতেকাফে বসে যেতেন। অর্থাৎ শাবান মাস এলেই সাহাবিরা দুনিয়াবি কাজ কমিয়ে দিতেন এবং নিরবচ্ছিন্নভাবে রমজান মাসে আমলের প্রস্তুতি গ্রহণ করতেন।










সাপ্তাহিক **আজকাল** এ পুনরায় যোগ দেয়াতে মো. অনিসুর রহমানকে আমার পক্ষ থেকে ফুলেল

# শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন






## এ কে এম রফিকুল ইসলাম ডালিম

কমিউনিটি এক্টিভিস্ট, নিউইয়র্ক

**৯১৭-৩৬২-৩৮৭২**

সাপ্তাহিক **আজকাল**-এ পূর্ণ পদাপর্ণের জন্য মো. আনিসুর রহমানকে জানাচ্ছি

# আন্তরিক অভিনন্দন



সে সাথে **আজকাল** সম্পৃক্ত সকলের মঙ্গল কামনা করছি।




## সরোয়ার খান (বাবু)

কমিউনিটি এক্টিভিস্ট ও রিয়েলটর নিউইয়র্ক

**৩৪৭-৬৬৫-৭৫৮০**

## ধানমন্ডির ৩২ বাড়ি ভাঙ্গা নিয়ে একাত্তরের প্রহরির বিবৃতি

১ পৃষ্ঠার পর

একাত্তরে পরাজিত পাকিস্তানি বাহিনীর দোসর রাজাকার আলবদর ও তাদের আন্তর্জাতিক মিত্র জঙ্গবাদীরা বাংলাদেশের সহজ-সরল মানুষদের তথাকথিত বৈষম্যবিরোধী শিক্ষার্থী আন্দোলনের নামে ষড়যন্ত্র করে ধোঁকা দিয়ে বেআইনি, অরাজনৈতিক, অসাংবিধানিক, অগণতান্ত্রিক ও জবরদখলমূলক পন্থায় বাংলাদেশের রাষ্ট্রক্ষমতা দখল করেছে। তাদের সাথে নেতৃত্বের ভূমিকায় অবতীর্ণ হয়েছেন দরিদ্র মানুষের রক্তচোষা অমানবিক সুদ ব্যবসায়ী, আদালত কর্তৃক একাধিক মামলায় দণ্ডপ্রাপ্ত অপরাধী ড: ইউনুস। তারা নৈরাজ্য ও অস্থিতিশীলতা তৈরি করে বাংলাদেশের সংবিধানে স্বীকৃত বাক ও ব্যক্তিস্বাধীনতাসহ সকল মৌলিক নাগরিক ও মানবাধিকার রহিত করেছে। এছাড়াও অগণতান্ত্রিক পন্থায় বাংলাদেশের জাতীয় সংবিধান সংশোধনেরও উদ্যোগ নিয়েছে।

৫ ফেব্রুয়ারি বাংলাদেশের গণতন্ত্রপ্রেমিক আপামর জনতার জন্য ছিল আরেকটি শোকাবহ কালো দিন। এই দিন পূর্ব ঘোষণা অনুযায়ী বঙ্গবন্ধু কন্যা, আওয়ামী লীগ প্রধান শেখ হাসিনার অনলাইনে দেওয়া ভাষণের প্রাক্কালে বাংলাদেশের অবৈধ সরকারের মদদপুষ্ট দুর্বৃত্তরা প্রকাশ্যে বাংলাদেশ রাষ্ট্রের জন্মের ইতিহাসের সাথে ওতোপ্রোতোভাবে জড়িত, জাতির পিতা বঙ্গবন্ধুর দীর্ঘ রাজনৈতিক জীবনের অসংখ্য স্মৃতি-বিজড়িত ধানমন্ডি ৩২ নম্বরের বাড়িতে দ্বিতীয় বারের মতো আক্রমণ করেছে। তাদেরই হাতে ইতোপূর্বে অগ্নিদগ্ধ এই বাড়িটির অবশিষ্ট অংশ ধ্বংস হয়ে গেছে। একই ধারায় তারা বাংলাদেশের সর্বত্র জাতির পিতা বঙ্গবন্ধুর সকল স্মৃতিস্তম্ভ, ফলক ধ্বংস করে দিয়েছে, বঙ্গবন্ধুর ধর্মনিরপেক্ষ রাজনৈতিক আদর্শের অনুসারীদের বাড়িঘর ধ্বংস করে উল্লাস করার দুঃসাহস দেখিয়েছে। তাদের এই কর্মকাণ্ডে পাকিস্তানেও বিশেষ উল্লাস প্রকাশ করতে সামাজিক মাধ্যমে দেখা গেছে, যার থেকে প্রমাণিত হয়েছে যে, বাংলাদেশের চলমান ঘটনাতে পাকিস্তান সেনাবাহিনীর প্রত্যক্ষ যোগসাজশ রয়েছে।

ধানমন্ডি ৩২ নম্বরের বাড়িটি ভেঙ্গে ফেলার দৃশ্য যখন সরাসরি বাংলাদেশের অনলাইনে প্রচার করা হচ্ছিল, সারা দেশের এবং বহির্বিশ্বের অসংখ্য বাংলাদেশিদের সাথে আমরা নিউ ইয়র্কের একাত্তরের প্রহরী গভীর বেদনা ও পরিতাপের সাথে প্রত্যক্ষ করেছি। বিষয়টিকে আমাদের দেশের অস্তিত্বের জন্য একটি অশনি সংকেত বলে মনে হয়েছে। এই ঘটনাটি পুরো বাংলাদেশকে একাত্তরের সেই দুর্বিষহ যুদ্ধের দিনে ফিরিয়ে নিয়ে গেছে। একাত্তরের নয় মাস পাকিস্তানি সেনাবাহিনী এবং তাদের সাথে দেশীয় ঘাতক দালাল রাজাকাররা যেভাবে সাধারণ মানুষদের হত্যা, অগ্নিসংযোগ, অত্যাচার নির্যাতন করেছিল, হুবহু একই কাজটি বর্তমান দখলদার সরকারের আমলে সংঘটিত হচ্ছে। একাত্তরে যে পরিস্থিতিতে দল-মত-ধর্ম-বর্ণ নির্বিশেষে বাংলাদেশের সকল মানুষ প্রাণপণ যুদ্ধ করে রক্ত দিয়ে দেশ স্বাধীন করেছিল, বাংলাদেশে এখন তেমন একটি পরিস্থিতি বিরাজমান আছে।

বাংলাদেশে বিদ্যমান এই পরিস্থিতিতে আমরা একাত্তরের প্রহরী মনে করি যে, দেশকে বর্তমান সরকারের অধীনতা, তথা পাকিস্তানি বলয় থেকে মুক্ত করতে হলে স্বাধীনতা আন্দোলন ও একাত্তরের মুক্তিযুদ্ধের আদর্শে বিশ্বাসী বাংলাদেশের সকল রাজনৈতিক দল, শিল্পী, লেখক, সাংবাদিক, বুদ্ধিজীবীসহ সকল সচেতন জনগণকে ঐক্যবদ্ধ হতে হবে।

একাত্তরের প্রহরীর পক্ষে- ড: নুরুন নবী (মুক্তিযোদ্ধা), বেলাল বেগ (সমাজ চিন্তক), ড: জিনাত নবী (মুক্তিযোদ্ধা), আব্দুল ইমাম (মুক্তিযোদ্ধা), ড. হাসান মামুন (অধ্যাপক), ড. নাহিদ বানু (বিজ্ঞানী), ড. দিলিপ নাথ (লেখক ও মূলধারার রাজনীতিবিদ), ড: আবু নাসের রাজী, ইঞ্জিনিয়ার রানা হাসান মাহমুদ, রাকায়েত চৌধুরী (সংগঠক), ড: দেলোয়ার আরিফ (অধ্যাপক), ড: নীরু কামরুন নাহার (অধ্যাপক), ফকির ইলিয়াস (কবি), শুকুরুন নাহার শতা (লেখক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব), মিথুন আহমেদ (সাংস্কৃতিক সংগঠক), মিনহাজ আহমেদ (লেখক এবং সংগঠক), ফাহিম রেজা নূর (লেখক ও কলামিস্ট), সেলিমা আশরাফ ইসলাম (সাংস্কৃতিক ব্যক্তিত্ব), এ্যানি ফেরদৌস (সাংস্কৃতিক সংগঠক), ড. মিলকিন রহমান দোলা (আবৃত্তিকার), জি. এইচ আরজু (সংগঠক, বাচিক শিল্পী), সজীব জাহাঙ্গীর (গণমাধ্যমকর্মী ও লেখক), জাকারিয়া চৌধুরী (সংগঠক), নিনিলিয়া মোরাল (সাংস্কৃতিক কর্মী), সাবিনা নীরু (বাচিক শিল্পী), তাহমিনা পারভীন প্রীতি (বাচিক শিল্পী), এডভোকেট আসলাম আহমেদ খান, গোপাল স্যানাল (একটিভিস্ট), গোপন সাহা (বাচিক শিল্পী), আবু সাঈদ রতন (লেখক, সংগঠক), ফারহানা ইলিয়াস তুলি (কবি), স্বাধীন মজুমদার (বাচিক শিল্পী) প্রমুখ। প্রেস বিজ্ঞপ্তি

## শাওন ও সাবা গ্রেফতার

১ পৃষ্ঠার পর

রেজাউল করিম মল্লিক বলেন, রাষ্ট্রীয় ষড়যন্ত্রের অভিযোগে রাজধানীর ধানমন্ডি এলাকা থেকে আজ রাতে গ্রেপ্তার করা হয়েছে শাওনকে। তাকে ডিবি কার্যালয়ে নেওয়া হয়েছে। ডিবি হেফাজতে তাকে রাষ্ট্রীয় ষড়যন্ত্রের ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হবে। আগামীকাল তাকে সুনির্দিষ্ট মামলায় আদালতে উপস্থাপন করে রিমান্ড চাওয়া হবে বলেও জানান এই কর্মকর্তা।

এদিকে আজ সন্ধ্যায় মেহের আফরোজ শাওনের জামালপুর সদর উপজেলার নরুন্দি রেলওয়ে স্টেশন সংলগ্ন এলাকায় অবস্থিত বাড়িতে আগুন দেওয়া হয়েছে বলে জানা গেছে। সম্প্রতি শাওনের রাজনৈতিক অবস্থান ও কিছু মন্তব্যকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন মহলে আলোচনা-সমালোচনা হয়। এরই ধারাবাহিকতায় স্থানীয় বিক্ষুব্ধ ছাত্র-জনতা তার পরিবারের রাজনৈতিক সম্পৃক্ততার বিরুদ্ধে অবস্থান নিয়ে বিক্ষোভ করে এবং বাড়িটিতে আগুন ধরিয়ে দেয়।

রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে অভিনেত্রী সোহানা সাবাকেও আটক করা হয়েছে। জিজ্ঞাসাবাদের জন্য তাঁকে ডিবি কার্যালয়ে নেওয়া হয়েছে। বৃহস্পতিবার ৬ ফেব্রুয়ারি দিবাগত রাত সাড়ে ১২টার দিকে ধানমন্ডি থেকে তাকে আটক করা হয়। ঢাকা মহানগর পুলিশের মুখপাত্র তালেবুর রহমান আজকের পত্রিকাকে এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, 'অভিনেত্রী শাওনের পর সোহানা সাবা আমাদের নজরদারিতে ছিলেন। তাকে কিছু সময় আগে আমাদের হেফাজতে নেয়া হয়েছে। তার বিরুদ্ধে দেশবিরোধী ষড়যন্ত্রের অভিযোগ রয়েছে।' রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্র অভিযোগের সন্দেহে তাকে জিজ্ঞাসাবাদ করা হবে।




## বাড়িভাঙ্গা প্রেম ও ব্যাডমিন্টন

১ পৃষ্ঠার পর

মান্নান ও মনজুরুল ইসলামসহ পড়টা ও কাবাব দিয়ে নৈশ ভোজ শেষে চা'র জন্য অপেক্ষা করছিলাম। এমন সময় মনজু বললেন, রাস্তাঘাটে সমস্যা হবে। বঙ্গবন্ধু ভবন ভাঙতে লোকজন ৩২ নম্বর যাচ্ছে। রাস্তাঘাটের অধিকাংশ ট্রাফিকের কথাভেবে আড্ডা সাঙ্গ করে বের হয়ে পড়লাম। বাসা ধানমন্ডির ৬ নম্বর রোডে। ফিরে সাপ্তাহিক আজকালের কাজ শুরু। রাত ৯টা। হঠাৎ মনে হলো ৩২ নম্বরতো পাশেই। ছোট ভাইকে জিজ্ঞেস করলাম কত সময় লাগবে হেঁটে যেতে। বললো ১০ মিনিট। ব্যস। ২ ভাই রওনা দিলাম স্বচক্ষে দেখার মানসে। পরের গলিতেই শেখ হাসিনার বাড়ি সুধাসদন। তা পেড়িয়ে ধানমন্ডি লেক ধরে পার্ক পেড়িয়ে ৩২ নম্বর অভিমুখি আমরা। লেকের পাড়ে জোড়ায় জোড়ায় কপোত কপোতিরা নিজ নিজ ধ্যানে চোখে চোখ রেখে প্রেম বিনিময় করছে। কারও মাথায় রজনীগন্ধ্যা ফুল। কেউবা এক অপরের হাত ধরে ভালবাসা বিনিময়ে মগ্ন। কেউ প্রিয়তমার ঘাড়ে হাত এলিয়ে স্বপ্নের জাল বুনছেন। তাদের অধিকাংশের বয়স ১৬ থেকে ২৫ বছরের মধ্যে। লেকের পাড়ের ২টি রেষ্টুরেন্ট থেকে ভেসে রক মিউজিকের শব্দ। ভেতরে নাচ গান ও উল্লাসের দৃশ্য কিছুটা দেখাও যায় বাইরে থেকে। লেকের পাড় ঘেষে ব্যাডমিন্টন খেলার অনেকগুলো কোর্ট রয়েছে। সেখানে যুবকেরা খেলছেন নিশ্চিন্তে। ২৫ বছর পর এই লেকের ভেতর দিয়ে হাঁটতে গিয়ে পরিবর্তন ও উন্নয়ন দেখেই ভালোই লাগছিল। শত শত মানুষ জগিং করছেন। স্বাস্থ্যের প্রতি ঢাকাবাসীর বেশ সচেতনতা। দেখলাম লেক সংলগ্ন আলোক সজ্জিত রবিন্দ্র সরোবর। ১২ মিনিট পর স্বাধীনতার স্মৃতি বিজড়িত ৩২ নম্বর বাড়ির সামনে । হাজার হাজার মানুষ সেখানে দাঁড়িয়ে। অনেকে হাসিনা ও ভারত বিরোধী শ্লোগান দিচ্ছেন। প্রায় শ' খানেক লোক বাড়ির ভেতরে বিভিন্ন ফ্লোরে ও ছাদে। অনেকের হাতে হাতুড়ি ও লাঠি। ভাবছিলাম তা দিয়ে এই বাড়ি ভাঙা সম্ভব? ছাদের উপর কেউ কেউ কাগজ বা কাপড় দিয়ে আগুন ধরানোর চেষ্টা করছে। অধিকাংশ মানুষ ৩২ নম্বর সড়কের ওপর দাড়িয়ে ভিডিও করছেন। বুলডোজার আসছে বলে অনেকে মন্তব্য করছিলেন। রাস্তার পাশেই ছাত্ররা মাইক লাগিয়ে হাসিনা ও ছাত্রলীগের বিরুদ্ধে বক্তব্য দিচ্ছিলেন। এমন দৃশ্য দেখে ভাবছিলাম, একজন মহিলার ক্ষমতালিপ্সা, একরোখেমি ও অহংকারের কারনে ঐতিহ্যবাহী রাজনৈতিক দল, ছাত্র সংগঠন ও স্বাধীনতার স্মৃতি চিহ্নগুলো শেষ হয়ে যাচ্ছে। পালিয়ে গিয়ে ভারতে বসে বায়বীয় উক্তি দিয়ে অতি সাধারন কর্মি ও সমর্থকদের বিপদে ঠেলে দিচ্ছে। ছোট ভাই স্থান ত্যাগ করার জন্য তাড়া দিচ্ছিল। তার ভাষায়, এখানে থাকা নিরাপদ নয়। মব শুরু হতে পারে। প্রায় ২০ মিনিট থাকার পর রিটার্ন একই পথে। পথিমধ্যে একই দৃশ্য। খেলাধুলা, প্রেম ভালোবাসা, সাধারন মানুষের জগিং ও রেষ্টুরেন্টের হাই ভলিউমের সঙ্গিত পরিবেশনা। ৫০, ১০০ কিংবা ১০০০ গজ দুরেই ৩২ নম্বরের বাড়িটির সামনে এতও কিছু ঘটছে কারও কোন তোয়াক্কা নেই। বিকার নেই। ভাবটি এমন কই কিছুইতো না। নেই কোন উদ্বেগ কিংবা উৎকন্ঠা। প্রেমিক প্রেমিকারা বিনোদন করছেন আবেগের ফুলঝুড়ি। খেলোয়াড়েরা জয়ের নেশায় মরিয়া। সবই যেন স্বাভাবিক। লেকের এক পাড়ে ধ্বংসযজ্ঞের উৎসব। অন্যপাড়ে সবকিছুরই স্বাভাবিকতা। এটাই আমার বাংলাদেশ।

বাসায় ফেরার পর রাত ১২টার দিকে জানতে পারলাম বাড়িটি বুলডোজার দিয়ে ভাঙা হচ্ছে। এমন সময় খুব কাছ থেকে শ্লোগান শোনা যাচ্ছিল। সকালে জানতে পারলাম রাতে ছাত্ররা ৫ নম্বর রোডস্থ সুধাসদনও জ্বালিয়ে দিয়েছে।

## বঙ্গবন্ধু ভবন ভাঙ্গায় নিউইয়র্কে প্রতিবাদ

৬৪ পৃষ্ঠার পর

বলে বক্তারা দোষিদের গ্রেফতার করে শাস্তি দেওয়ার আহবান জানান। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগও ডাইভারসিটি প্লাজায় ড. সিদ্দিকুর রহমানের নেতৃত্বে বিক্ষোভ সমাবেশ করেছে। এতে সাধারন সম্পাদক আবুল কালাম আজাদ সহ নেতা কর্মিরা অংশ নেন।

**যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের প্রতিবাদ**

যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ডা নুরুন নবী ও সাধারণ সম্পাদক রানা হাসান মাহমুদ গতকাল বৃহস্পতিবার এক বিবৃতিতে জানিয়েছেন, অবৈধ দখলদার স্বৈরাচার ইউনূসের প্রত্যক্ষ মদদে বাংলাদেশের স্বাধীনতার সুতিকাগার ধানমন্ডির ঐতিহাসিক ৩২ নম্বরের বাড়িটি ভেঙে ফেলেছে। আজ জাতির জীবনে এক কালো দিন। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতি বিজড়িত এই বাড়িটি বাঙালীর ইতিহাসের তীর্থস্থান। এই বাড়ীটি ধ্বংস করে '৭১ এর পরাজিত শক্তি নিজেদেরকে বাংলাদেশের গণশত্রু হিসেবে আবারও প্রমাণ করলো। এদের বিরুদ্ধে লড়াই করা এবং বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশকে শত্রু মুক্ত করা আজ প্রতিটি বাংলাদেশীর কর্তব্য।

বিবৃতিতে বলা হয়েছে, যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদ বাংলাদেশকে শত্রুমুক্ত করার এই সংগ্রামে জননেত্রী শেখ হাসিনার প্রতিটি নির্দেশ আগের মতই অক্ষরে অক্ষরে পালন করার জন্য বদ্ধপরিকর। জাতীয় বেঈমান, গরীবের রক্তচোষা স্বৈরাচারী ইউনুস এবং তার দখলদার বাহিনীর স্বরূপ বিশ্ববাসীর কাছে উন্মোচনে যুক্তরাষ্ট্র বঙ্গবন্ধু পরিষদের প্রতিটি কর্মী দৃঢ় প্রত্যয়ে শপথ নিচ্ছে।

## 'সিডিপ্যাপ' সার্ভিস ১ এপ্রিল থেকে পিপিএল এর হাতে

১ পৃষ্ঠার পর

সহযোগিতা করতে প্রস্তুত। সিডিপ্যাপ পিপিএল-এ যাচ্ছে না এমন খবর ছড়িয়ে অনেকে কমিউনিটিকে বিভ্রান্ত করার চেষ্টা করছেন। এ ব্যাপারে সকলের সতর্ক থাকতে হবে।



Amader Service.com
Your Trusted Service Partner

আমাদের সেবাসমূহ

ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী

হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেক্ট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কনস্ট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা

অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার

এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।

Get all services you need in one place from professional expart, at home!

এ্যাপসটি ডাইনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।

GET IT ON Google Play | Get it on the App Store

CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com



বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া

kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY

লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।



বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।

Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com

মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২



প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com



REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS



বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা, ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয় অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন

নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি

Hasan Malik, Esq.
718-433-9243

37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372

ATTORNEY ADVERTISING

# গোয়েন্দা নজরদারিতে তারকারা

## শাওনের পর গ্রেফতার হলেন অভিনেত্রী সোহানা সাবা

আজকাল বিনোদন

গোয়েন্দা নজরদারিতে তারকারা। অভিনেত্রী ও নির্মাতা মেহের আফরোজ শাওনের পর গ্রেফতার হলেন রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রে জড়িত থাকার অভিযোগে আলো আসবে গ্রুপের অ্যাডমিন অভিনেত্রী সোহানা সাবা।





আটকের পর ডিবি কার্যালয়ে শাওন : রাষ্ট্রীয় ষড়যন্ত্রের অভিযোগে রাজধানীর ধানমন্ডি এলাকা থেকে আটক অভিনেত্রী ও নির্মাতা মেহের আফরোজ শাওনকে জিজ্ঞাসাবাদের জন্য ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের (ডিবি) কার্যালয়ে নেওয়া হয়েছে। গত বৃহস্পতিবার রাত সাড়ে ৮টার দিকে তাকে ডিবি কার্যালয় নেওয়া হয়।

বিষয়টি নিশ্চিত করে ডিএমপির অতিরিক্ত কমিশনার (ডিবি) রেজাউল করিম মল্লিক গণমাধ্যমকে বলেন, অভিনেত্রী শাওনকে আটকের পর ডিবি কার্যালয়ে আনা হয়েছে। তাকে বিভিন্ন বিষয়ে জিজ্ঞাসাবাদ করা হবে।

তাকে কোনো মামলায় গ্রেপ্তার দেখানো হবে কিনা? এমন প্রশ্নে তিনি বলেন, আমরা এখন তাকে জিজ্ঞাসাবাদ করবো। জিজ্ঞাসাবাদ শেষে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

এর আগে, গত বৃহস্পতিবার রাত ৮টার দিকে শাওনকে রাজধানীর ধানমন্ডির বাসা থেকে আটক করা হয়।

প্রসঙ্গত, সম্প্রতি শাওনের রাজনৈতিক অবস্থান ও কিছু মন্তব্যকে কেন্দ্র করে সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন মহলে আলোচনা-সমালোচনা হয়। এরই ধারাবাহিকতায় স্থানীয় বিক্ষুব্ধ ছাত্র-জনতা তার পরিবারের রাজনৈতিক সম্পৃক্ততার বিরুদ্ধে অবস্থান নিয়ে বিক্ষোভ করে এবং সন্ধ্যায় তার জামালপুরের গ্রামের বাড়িতে আগুন ধরিয়ে দেয়।

গত এক সপ্তাহে ফেসবুকে কী কী পোস্ট দিয়েছিলেন শাওন : কয়েকদিন ধরে আলোচনায় অভিনেত্রী ও গায়িকা মেহের এরপর ৪২ পৃষ্ঠায়



## অভিষেককে চমকে দিলেন ঐশ্বরিয়া

আজকাল বিনোদন

অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রাইয়ের সংসারের অশান্তি নিয়ে বেশ কয়েক মাস ধরে বলিউডে বিভিন্ন ধরনের কথা শোনা যাচ্ছে। গত মাসে বিচ্ছেদের জল্পনা-কল্পনা উড়িয়ে দিয়ে এ দম্পতি একসঙ্গে ছুটি কাটিয়ে মুম্বাই ফিরেছেন। এমনকী মেয়ে আরাধ্যা বচ্চনের স্কুলের বার্ষিক অনুষ্ঠানেও দম্পতিকে একফ্রেমে দেখা গেছে। ঐশ্বরিয়ার ওড়না ঠিক এরপর ৩৬ পৃষ্ঠায়



## আসছে 'ম্যায় হু না'র সিক্যুয়েল

আজকাল বিনোদন

বলিউড কিং শাহরুখ খান। লম্বা একটা বিরতি কাটিয়ে ২০২৩ সালে কামব্যাক করেন তিনি। আর ফিরেই পরপর তিনটি ব্লকবাস্টার সিনেমা উপহার দেন তার ভক্তদের। এরপর ফের কিছু সময়ের বিরতি। এখন বড় ছেলে আরিয়ানকে নিয়ে নিজেদের প্রোডাকশন হাউজে মন দিয়েছেন কিং খান।

এরই মধ্যে শাহরুখ ভক্তদের জন্য এলো সুখবর! শোনা যাচ্ছে, শাহরুখের সাড়া জাগানো ছবি 'ম্যায় হু না'র দ্বিতীয় কিস্তি আসতে চলেছে। ২০০৪ সালে 'ম্যায় হু না'য় পরিচালক ফারহা খানের সঙ্গে প্রথমবারের মতো কাজ করেন শাহরুখ। এবার আসছে ফারহার পরিচালনায়ই আসছে দ্বিতীয় কিস্তি। কিন্তু ছবিটিতে শাহরুখ থাকবেন কিনা, তা নিয়ে রয়েছে প্রশ্ন।

'ম্যায় হু না'র দ্বিতীয় কিস্তি হবে ফারহার কামব্যাক প্রোজেক্ট। আবার 'ম্যায় হু না' ছবিটির প্রথম কিস্তি ছিল শাহরুখ খান এবং গৌরী খানের রেড চিলিজ এন্টারটেইনমেন্টের অধীনে প্রযোজিত প্রথম ছবি।

পিঙ্কভিলার এক প্রতিবেদনে বলা হয়েছে, 'ম্যায় হু না টু' তৈরি নিয়ে উচ্ছ্বসিত শাহরুখ খান। তবে তিনি সিনেমার চিত্রনাট্য শেষ হওয়ার অপেক্ষায় রয়েছেন। তিনি ২০২৫ সালের মাঝামাঝি সময়ে প্রথম খসড়াটি শুনবেন, এবং তারপরেই অভিনয়ের সিদ্ধান্ত নেবেন বলে আশা করা হচ্ছে।



## 'সিনেমার জন্য ডাক পাবো ভাবিনি'



আজকাল বিনোদন

সামিয়া নাহির ফোনে একটা কল এলো। ডেকে পাঠিয়েছেন একজন বড় নির্মাতা। ছোট ছোট কাজ করা অভিনেত্রী তখনো ভাবেননি, বড় কিছু অপেক্ষা করছে তার জন্য। অন্তত সিনেমার জন্য ডাক পাবেন, সেকথা স্বপ্নেও ভাবেননি তিনি। আগামীকাল বড়পর্দায় অভিষেক হতে যাচ্ছে তার।

শুক্রবার মুক্তি পাচ্ছে 'দায়মুক্তি'। এই সিনেমার মধ্যদিয়ে বড়পর্দায় অভিষেক হচ্ছে সামিয়া নাহির। ঢাকার খিলগাঁয়ে বেড়ে ওঠা এই তরুণী বিনোদন অঙ্গনে এসেছিলেন ২০১৯ সালে, 'চন্দ্রগ্রহণ' নির্মাতা মুরাদ পারভেজের হাত ধরে। কেমন লাগছে তার? জানতে চাইলে জাগো নিউজকে তিনি বলেন, 'ভাষায় প্রকাশ করতে পারছি না। আমাকে বড়পর্দায় দেখা যাবে, এটা এখনো আমার কাছে স্বপ্ন মনে হচ্ছে।'

শৈশবে বুলবুল ললিতকলা একাডেমিতে নাচ ও গানের এরপর ৩৬ পৃষ্ঠায়

## আমি টাকা ছাপানোর মেশিন ছিলাম : পপি

আজকাল বিনোদন

দীর্ঘদিন ধরে আড়ালে ছিলেন এক সময়ের জনপ্রিয় নায়িকা সাদিকা পারভীন পপি। বিয়ে ও সন্তান জন্মের খবর নিয়েও মুখ খোলেননি তিনি। নায়িকা পপিরা চার বোন ও দুই ভাই। অথচ বাবার জমি পপির একারই চাই! এ রকম অভিযোগ তার বোনদের। এরই মধ্যে তার বোন ফিরোজা পারভীন থানায় জিডি করেছেন নায়িকার নামে। আড়াল থেকেই মুখ খুলছিলেন। এবার এলেন ক্যামেরার সামনে। দীর্ঘ তিন বছর পর সোশ্যাল মিডিয়ায় পপি বললেন, 'আমি টাকা ছাপানোর মেশিন ছিলাম।'





মা-ভাই-বোনের আনা সব অভিযোগ মিথ্যা দাবি করে তিনি বলেন, 'আমি পপি। দীর্ঘ ২৮ বছর সুনামের সঙ্গে চলচ্চিত্রে কাজ করেছি। মানুষের ভালোবাসা পেয়েছি। কিন্তু এই মুহূর্তে ক্যামেরার সামনে কথা বলছি একজন ব্যর্থ মানুষ হিসেবে। ব্যর্থ মানুষ বলছি এই কারণেই যে বাংলার মন জয় করতে পারলেও দীর্ঘ ২৮ বছর যাদের জন্য কাজ করেছি, এই হাতে যাদের লালন পালন করেছি তাদের কাছে আমি অযোগ্য একজন মানুষ। তাদের মন মতো চলতে পারিনি। সেজন্যই বলেছি আমি একজন ব্যর্থ মানুষ। মানুষ তো সবসময় সবার কাছে ভালো হতে পারে না। আমি যখন ইনকাম করেছি দুহাতে দিতে পেরেছি তখন আমার পরিবারের কাছে অনেক প্রিয় একজন মানুষ ছিলাম। এখন তাদের প্রয়োজন অনুযায়ী দিতে পারি না। তাই তাদের কাছে গলার কাঁটা, শত্রু এবং অপছন্দের মানুষ।'

এরপর বলেন, 'দুইদিন যাবত দেখলাম আমার পরিবার কতটা নিচে নামতে পারে। কত হিংস্র ব্যবহার করতে পারে। কত নোংরা শব্দ ব্যবহার করতে পারে। মিডিয়ার কাছ থেকে সবসময় আমি সহযোগিতা পেয়েছি। পরিবারের কয়েকটা মানুষের মিথ্যা কিছু কথাবার্তা মিথ্যা অভিনয় নাটক মিথ্যা অভিযোগ বলার সাথে সাথে যে মানুষগুলো আমাকে সবচেয়ে বেশি সাপোর্ট করার কথা তারাই মানুষের কথা অনুযায়ী আমাকে ভুলভাবে বাংলাদেশের মানুষের কাছে বাজেভাবে উপস্থাপন করেছেন। এর থেকে দুঃখজনক কিছুই হতে পারে না। যাদের এরপর ৩৬ পৃষ্ঠায়



## নোরার মৃত্যু গুঞ্জনে যা জানাল অভিনেত্রীর টিম

আজকাল বিনোদন

বলিউডের জনপ্রিয় অভিনেত্রী নোরা ফাতেহি। খুব অল্প সময়েই নিজের শক্ত অবস্থান গড়ে তুলেছেন এই তিনি। তবে অভিনয়ের চেয়ে নাচেই বেশ পারদর্শী নোরা। শুধু তাই নয়, বলিউডে তিনি 'বেলি ডান্স কুইন' হিসেবে পরিচিত।

এদিকে, বলিউডের এই আইটেম গার্লের মৃত্যুর গুঞ্জনে সরগরম সামাজিক মাধ্যম। অভিনেত্রীর অনুরাগীদের কপালে পড়েছে দুশ্চিন্তার ভাঁজ। এরপর ৪২ পৃষ্ঠায়

# CDPAP সার্ভিস নিয়ে

# কোন চিন্তা করবেন না।



**Bestcare**
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



## সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

## PPL & NYS DEPARTMENT OF HEALTH

## এর অনুমোদিত আমরা আপনার CDPAP সার্ভিস দিতে পারবো।

আমরা বাংলায় কথা বলি

## আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন।

এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না।

আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

Bestcare Corporate: 3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756 | Email: cdpap@bestcare.com

| Nassau | Queens | Bronx | Staten Island | Suffolk | Manhattan | Brooklyn |
|---|---|---|---|---|---|---|
| 50 Clinton Street<br>Suite 201<br>Hempstead, NY 11550 | 70-50 Austin Street<br>Lower Level 130<br>Forest Hills, NY 11375 | 4119 White Plains Road<br>Bronx, NY 10466 | 60 Bay Street<br>Suite 506<br>Staten Island, NY 10301 | 97 West Main Street<br>Bayshore, NY 11706 | 260 W 36th ST<br>Suit 400,<br>New York, NY 10018 | 1781 Flatbush Ave<br>2nd Floor<br>Brooklyn, NY 11210 |

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে

# বাংলাদেশী ডাক্তার

## মেডিসিন বিশেষজ্ঞ

## Internal Medicine

### Geriatric Medicine

## শামীম আহমেদ এম, ডি

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)

**TEL: 718-205-6561**





যেসব বিষয়ে পরামর্শ দিই

- ASYLUM Cases
- Business Immigration/Non-Immigrant Work Visa (H-1B, L1A/L1B, O, P, R-1, TN)
- PERM Labor Certification (Employment based Green Card)
- Family Petition
- Deportation
- Cancellation of Removal
- Visas for physicians, nurses, extra-ordinary ability cases
- Appeals
- All other immigration matters

Khagendra Gharti-Chhetry, Esq
Attorney-At-Law

ইমিগ্রেশনসহ যে কোন আইনি সহায়তার জন্য
এ পর্যন্ত আমরা দুই শতাধিক বাংলাদেশীকে বিভিন্ন ডিটেনশন সেন্টার থেকে মুক্ত করেছি।
এখনো শতাধিক বাংলাদেশী ডিটেইনির মামলা পরিচালনা করছি।

আপনাদের সুবিধার্থে আমাদের বাফেলো শাখা থেকেও ইমিগ্রেশন সেবা দিচ্ছ।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন।
বাফেলো ঠিকানা :
Nasreen K. Ahmed
Chhetry & Associates P.C.
2290 Main Street, Buffalo, NY 14214



Nasreen K. Ahmed
Sr. Legal Consultant
LLM, New York.
Cell: 646-359-3544
Direct: 646-893-6808
nasreenahmed2006@gmail.com

C&A **CHHETRY & ASSOCIATES P.C.**
363 7th Avenue, Suite 1500, New York, NY 10001
Phone: 212-947-1079 ext. 116



PEOPLE N TECH
A Global Leader in IT Training, Consulting, and Job Placement Since 2005

EARN 100K TO 200K PER YEAR

- Selenium Automation Testing
- SQL Server Database Administration
- Business Analyst

PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.

Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu

Washington University of Science and Technology

Authorized Employment Agency by: NYC Consumer and Worker Protection

Certified Training Institute by:

If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:

info@piit.us 1-855-JOB-PIIT(1-855-562-7448) www.piit.us

জ্যামাইকার হিলসাইডে অভিজ্ঞ ও নির্ভুল ট্যাক্স ফাইলিং প্রতিষ্ঠান



IRS e-file

## নুসরাত জেরিন

CALL: 917-436-0954

- সর্বোচ্চ ট্যাক্স রিটার্ন
- কম সময় এবং নূন্যতম ফি
- ট্যাক্স, ইমিগ্রেশন
- কন্সালটেশন, নোটারী পাবলিক
- নির্ভুল, ঝামেলামুক্ত ও সঠিক ট্যাক্স ফাইলিংসহ যাবতীয় কাজ এর জন্য যোগাযোগ করুন।

168-47 Hillside Avenue (FL2)
Suite B, Jamaica, NY 11432
**718-480-6904, 917-436-0954**
Email: globalnusrat@gmail.com

ESTD 2017
Tribune Training Academy
Workplace Safety Training School
40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com



40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 [LIMITED TIME OFFER]

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

Zillur Tax Accounting and Insurance
Accounting, Tax Filling, Audit, Insurance and Real State

Zillur Rahim
IRS Enrolled Agent, MBA
646-322-3254



Our Services:
- Personal tax filling
- Business tax filling
- New Business Set-up
- Immigration
- Insurance and all kind of form fill up
- Notary

IRS e-file

We help Buying, Selling and Renting
Zillur Rahim
Exit Realty Prime

88-11A, 169th St. (2nd floor) Jamaica NY-11432
646-322-3254, 718-374-3110
Email : zillurincometaxnyc@gmail.com
Zillurtaxandinsurance.com

## গত শুক্রবারের খুৎবা

بسم الله الرحمن الرحيم




নিখিলবিশ্ব আহমদীয়া মুসলিম জামা'তের বর্তমান ইমাম ও আমীরুল মু'মিনীন হযরত মির্যা মসরূর আহমদ খলীফাতুল মসীহ্ আল্ খামেস (আই.) গত ২৬শে জুলাই, ২০২৪ তারিখে হাদীকাতুল মাহ্দীর জলসা গাহে প্রদত্ত জুমুআর খুতবায় যুক্তরাজ্যের ৫৮তম বার্ষিক জলসা উপলক্ষে স্বেচ্ছাসেবী কর্মী ও আগত অতিথিদের করণীয় ও অন্যান্য দায়িত্বাদি সম্পর্কে মূল্যবান দিকনির্দেশনা প্রদান করেন এবং জলসা'র সফলতার জন্য দোয়ার আহ্বান করেন।

তাশাহ্হুদ, তা'উয ও সূরা ফাতিহা পাঠের পর হুযূর আনোয়ার (আই.) বলেন, আল্লাহ্ তা'লার অশেষ কৃপায় আজ যুক্তরাজ্যের জলসা সালানা শুরু হচ্ছে এবং এখানে হাজার হাজার লোক ধর্মীয় ও আধ্যাত্মিক কল্যাণ লাভের উদ্দেশ্যে এসেছে। এ দিনগুলোতে হাদীকাতুল মাহ্দীতে একটি অস্থায়ী শহর বানানো হয়েছে যেন এ পরিবেশে পার্থিব ঝামেলামুক্ত হয়ে আমরা নিজেদের ধর্মীয়, নৈতিক ও আধ্যাত্মিক অবস্থাকে উন্নত করতে পারি। তাই এ সময়টিতে জাগতিক চাহিদার প্রতি মনোযোগী হওয়ার পরিবর্তে আধ্যাত্মিকভাবে সর্বোচ্চ লাভবান হওয়ার চেষ্টা করা উচিত। কিন্তু মানবীয় প্রয়োজনীয়তা ও চাহিদা থেকেই যায় যা পূরণের লক্ষ্যে ব্যবস্থাপনা সামর্থ্যানুযায়ী চেষ্টা করে থাকে, শত শত কর্মী স্বেচ্ছাসেবার ভিত্তিতে মসীহ্ মওউদ (আ.)-এর অতিথিদের সেবার উদ্দেশ্যে নিজেদেরকে উপস্থাপন করে থাকে।

এ ধারাবাহিকতায় প্রথমে আমি সমস্ত স্বেচ্ছাসেবকদের এদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আপনারা নিজেদের দায়দায়িত্ব সুচারুরূপে পালন করার চেষ্টা করুন। জলসার অতিথিদেরকে মসীহ্ মওউদ (আ.)-এর অতিথি মনে করে সেবা করুন। আপনাদের ধারণানুযায়ী যদি কোন অতিথি কোন বিষয়ে বাড়াবাড়ি করেও ফেলে তা উপেক্ষা করুন। আল্লাহ্ তা'লার কৃপায় এখন প্রতিটি দেশে অতিথিপরায়ণতা এবং উন্নত চরিত্রের বহিঃপ্রকাশ জামাতে আহমদীয়ার একটি বিশেষ বৈশিষ্ট্যে পরিণত হয়েছে। হযরত মসীহ্ মওউদ (আ.) বলেন, অতিথিদের হৃদয় কাঁচের ন্যায় হয়ে থাকে; স্পর্শকাতর হয়ে থাকে। তাই খুব ভালভাবে দৃষ্টি রাখা উচিত যেন তারা কোনভাবে কষ্ট না পায়। জলসায় অংশগ্রহণকারীদের অধিকাংশই তো আহমদী আর তারা এ বিষয়টি অবগত হয়েই আসে যে কষ্ট সহ্য করতে হবে, কিন্তু যারা আহমদী নয় কিংবা নবদীক্ষিত আহমদী তারা উত্তম তত্ত্বাবধান পাওয়ার তাদের কথা স্মরণ রেখে বিশেষ দৃষ্টি দেয়া উচিত। ট্রাফিক, গাড়ি পার্কিং, পরিচ্ছন্নতা, গোসলখানা, পানি সরবরাহ, খাদ্য ব্যবস্থাপনা, ট্রান্সপোর্ট যে বিভাগেরই দায়িত্বই হোক না কেন অতিথিদের সহজতার জন্য সর্বোচ্চ চেষ্টা করুন এবং তাদের যেন কোন প্রকার কষ্ট না হয় সেদিকে বিশেষভাবে খেয়াল রাখুন।

এরপর অতিথিদের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, আপনারা এখানে পুণ্য অর্জনের লক্ষ্যে মসীহ্ মওউদ (আ.)-এর জলসায় অংশগ্রহণ করতে এসেছেন। পার্থিব সম্মান এবং সেবা লাভের প্রতি মনোযোগ দেয়ার পরিবর্তে সেই সমস্ত উন্নত চরিত্র গঠনের প্রতি আরো সচেষ্ট হোন যা একজন প্রকৃত মুসলমানের বৈশিষ্ট্য হয়ে থাকে। খোদা তা'লার পথে ভ্রমণকারীদের পার্থিব আরাম আয়েশের প্রতি মনোযোগ খুব কমই থাকে। অনেক সময় ব্যবস্থাপকদের দুর্বলতা পরিলক্ষিত হয়, কিন্তু এসকল বিষয় উপেক্ষা করা উচিত। যদি প্রত্যেক আগত অতিথির হৃদয়ে এটি বিরাজ করে যে, আমাদের প্রকৃত উদ্দেশ্য আধ্যাত্মিক খোরাক অর্জন তাহলে অতিথি এবং আপ্যায়নকারীদের পারস্পরিক ভালবাসা এবং সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের মাধ্যমে এ দিনগুলো অতিবাহিত হবে। ব্যবস্থাপকদের প্রচেষ্টা সর্বদা এটিই থাকে যেন সমস্ত অতিথির সাথে ভালবাসাপূর্ণ আচরণ করা হয়, তথাপি কখনো কখনো কমবেশি হয়ে যায় যা অতিথিদের উপেক্ষা করা উচিত। তদুপরি আমি স্বেচ্ছাসেবকদের বলে দিতে চাই, অতিথিদের মাঝে বৈষম্য করা উচিত নয়। শ্রেণিভেদে সকল অতিথির আরামের প্রতি মনোযোগ দিতে হবে।

হযরত মসীহ্ মওউদ (আ.) নিজে অতিথিদের সম্মান করতেন এবং সেবা করতেন। জলসার বিষয়ে তিনি (আ.) বলতেন, সকলের জন্য অভিন্ন ব্যবস্থাপনা থাকবে। একইসাথে তিনি অতিথিদের হৃদয়ে এটি প্রথিত করতেন যে, আপনাদের এখানে আগমনের প্রকৃত উদ্দেশ্য হল, ধর্ম শেখা, নিজেদের হৃদয়সমূহকে পবিত্র করা এবং আল্লাহ্ তা'লার নৈকট্য লাভের চেষ্টা করা। সুতরাং এ উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে আপনারা এখানে একত্রিত হয়েছেন। হুযূর বলেন, জলসায় আসন গ্রহণ করে জলসার প্রোগ্রাম ও বক্তৃতাসমূহ মনোযোগ দিয়ে শুনুন এবং এগুলো থেকে উপকৃত হোন। প্রত্যেক মু'মিনের তার সময়ের যথাযথ ব্যবহার অত্যন্ত জরুরী।

জলসায় দূর দূরান্ত থেকে আগমনকারীরা পরস্পরের সাথে সাক্ষাত করে থাকে। এর মাধ্যমে মসীহ্ মওউদ (আ.)-এর জামাতের সদস্যরা দেশ-জাতি ও গোত্রীয় বিভক্তি ভুলে এক অসাধারণ ভ্রাতৃত্ববোধের পরিবেশ সৃষ্টি করে থাকে। সুতরাং এটিও জলসার একটি উদ্দেশ্য। এ সুযোগকে কাজে লাগানো উচিত, কিন্তু অনেক সময় এভাবে পারস্পরিক আলোচনা ও গল্পগুজবে মত্ত থাকার কারণে পবিত্র প্রান্ত হয়ে যায় আর তাহাজ্জুদ তো দূরের কথা, ফজরে উঠতেই কষ্ট হয়ে যায়। এছাড়া অনেক সময় খাবারের পর ডাইনিংয়ে দাঁড়িয়ে দীর্ঘক্ষণ আলোচনা করতে থাকে আর এর ফলে ব্যবস্থাপকদের কাজের সম্মুখীন হতে হয়, এটি সমীচীন নয়। মহানবী (সা.)-এর কাছে আগমনকারী অতিথিদেরকে আল্লাহ্ তা'লা বলেন, তোমরা খাবার খাওয়ার পর দীর্ঘক্ষণ বসে গল্পগুজবে মত্ত থেকো না।

হুযূর (আই.) বলেন, এত বড় সমাবেশে অনেক সময় পারস্পরিক বাকবিতণ্ডা হয়ে যায়। প্রকৃত মু'মিন সম্পর্কে আল্লাহ্ তা'লা বলেন, সে তার ক্রোধ নিয়ন্ত্রণ করে। সুতরাং জলসার পরিবেশের পবিত্রতাকে দৃষ্টিপটে রেখে একে অপরের দোষত্রুটি উপেক্ষা করুন। যদি কোন কর্মীর পক্ষ থেকে কোন ভুল হয়েও যায় তখন এটিকে ধারাপাতে দেয়ার পরিবর্তে তাকে সাহস প্রদান করুন এবং ধৈর্য্য ও মার্জনার আচরণ প্রদর্শন করুন। অতিথিদের অহেতুক বাড়াবাড়ি করা উচিত নয় আবার কর্মীদেরও অতিথিদের বাড়াবাড়ি দেখে নীরবতা অবলম্বন করা উচিত। মহানবী (সা.)-এর একটি নির্দেশনা হল, যে তোমার সাথে সম্পর্কচ্ছিন্ন করে তার সাথেও তুমি উত্তম আচরণ করো। অর্থাৎ, যদি কেউ কঠোরতা করেও ফেলে তাকে তিক্ত জবাব দেয়ার পরিবর্তে তার সাথে উত্তম আচরণ করো। স্মরণ রাখতে হবে, আমরা যদি উত্তম আচরণ করি তাহলে এটি এক নীরব তবলীগের কাজ হবে। সুতরাং আমাদের প্রত্যেকের প্রকৃত উদ্দেশ্য হওয়া উচিত আমরা যেন কথা, কাজ ও ইবাদতের মাধ্যমে আল্লাহ্ তা'লার সন্তুষ্টি অর্জনকারী হতে পারি।

আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল, পরস্পরের মাঝে সালাম প্রদানের প্রচলন করুন, অধিক হারে সালাম আদান-প্রদান করুন। আল্লাহ্ তা'লা আমাদেরকে এমন এক পবিত্র দোয়া শিখিয়েছেন যা পরস্পরের মাঝে ভালবাসা ও সৌহার্দ্য ছড়িয়ে দেয় এবং উভয়ের জন্য কল্যাণ বয়ে আনে। মহানবী (সা.) বলেন, কাউকে চেন বা না চেন সালাম প্রদান করো। সুতরাং এ সালামের প্রচলন হলে অ-আহমদী ও নবদীক্ষিত আহমদীদের হৃদয়েও ভাল প্রভাব পড়বে এবং তারা ইসলামের অনিন্দ্য সুন্দর শিক্ষার প্রশংসাকারী হবে। অনুরূপভাবে প্রতিটি বিষয়ে আমাদের জন্য রসূলুল্লাহ্ (সা.)-এর সাহাবীদের দৃষ্টান্ত বিদ্যমান। কুরআন করীমের নির্দেশ হল, কোন ব্যক্তি যদি অতিথিকে বলে যে, তুমি ফিরে যাও। তাহলে মু'মিনের ফেরত চলে আসা উচিত। এক সাহাবী সম্পর্কে বর্ণিত হয়েছে যে, তিনি মানুষের বাড়িতে গিয়ে অনেক চেষ্টা করতেন যেন কেউ তাকে ফেরত যেতে বলে আর তিনি কুরআনের নির্দেশ মান্য করে খুশিমনে ফেরত চলে আসতে পারেন।

হযরত মসীহ্ মওউদ (আ.) জলসা মুকাদ্দাসে অংশগ্রহণের উদ্দেশ্যে যেখানে অবস্থান করছিলেন সেখানে সাহাবীরা একদিন অতিথিদের আধিক্যের কারণে হযরত মসীহ্ মওউদ (আ.)-এর জন্য খাবার রাখতে ভুলে গিয়েছিলেন। দীর্ঘক্ষণ অপেক্ষার পর তিনি যখন খাবারের কথা জিজ্ঞেস করেন তখন সবাই অস্থির ও ব্যাকুল হয়ে যায়। তিনি (আ.) এটি দেখে বলেন, এত চিন্তার কী আছে? দস্তরখানে দেখ! সেখানে যা আছে তাই নিয়ে আস। টেবিলে শুধুমাত্র কিছু রুটির টুকরো পড়ে ছিল, তরকারি অবশিষ্ট ছিল না। তথাপি তিনি বলেন, আমার জন্য এটিই যথেষ্ট। অতঃপর তিনি তাই খেয়ে নেন। সুতরাং আমরা যারা তাঁর জামাতের অনুসারী হওয়ার দাবি করি আমাদেরও সর্বদা এরূপ ধৈর্য্য, সাহস এবং কৃতজ্ঞতাবোধ প্রদর্শন করা উচিত।

এরপর হুযূর (আই.) বলেন, এ দিনগুলোতে বিভিন্ন প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। হযরত মুসলেহ্ মওউদ (রা.)'র ইউরোপ সফরের শতবর্ষ পূরণ, রিভিউ অব রিলিজিয়নস, মাখজানে তাসাউইর প্রভৃতির প্রদর্শনী রয়েছে। অবসর সময়ে সময় নষ্ট না করে এসব প্রদর্শনী থেকে পরিপূর্ণভাবে উপকৃত হোন। পরিশেষে হুযূর বলেন, ইউরোপের বিভিন্ন স্থানে দাঙ্গার আশঙ্কা বাড়ছে। এ কারণে প্রবেশপথগুলোতে প্রতিরোধস্বরূপ হোর্ডিং ও স্ক্রিন প্রদান করা হচ্ছে, এগুলো সেবন করুন। আল্লাহ্ তা'লা সবাইকে দুষ্কৃতকারীর অনিষ্ট থেকে নিরাপদ রাখুন। সিকিউরিটি বা নিরাপত্তার বিষয়ে মনোযোগী হোন। এ ক্ষেত্রে প্রত্যেকে নিজেদের আশেপাশে ও ডানেবামে লক্ষ রাখুন। এটি সবচেয়ে বড় নিরাপত্তার মাধ্যম। কোন অস্বাভাবিক বস্তু বা কারো অস্বাভাবিক আচরণ লক্ষ করলে ব্যবস্থাপকদের জানান, কিন্তু আমাদের সবচেয়ে বড় অস্ত্র হল দোয়া। বিশেষভাবে এ দিনগুলোতে দোয়া এবং যিকরে এলাহীতে রত থাকুন। আল্লাহ্ তা'লা এ জলসাকে প্রত্যেকের জন্য কল্যাণমণ্ডিত করুন।

[প্রিয় পাঠকবৃন্দ! হুযূরের খুতবা সম্পূর্ণ শোনার কখনোই কোনো বিকল্প নেই, আমরা সময়ের প্রতি লক্ষ্য রেখে খুতবার সারমর্ম উপস্থাপন করছি মাত্র। আপনাদেরকে হুযূরের পুরো খুতবাটি শোনার অনুরোধ রইল। হুযূরের খুতবাটি পুরো শুনতে পাবেন আমাদের এমটিএ'র নিয়মিত ওয়েবসাইট অর্থাৎ, www.mta.tv এবং আমাদের কেন্দ্রীয় বাংলা ওয়েবসাইট www.ahmadiyyabangla.org -এ]

(সূত্র: কেন্দ্রীয় বাংলাডেস্ক লন্ডনের তত্ত্বাবধানে প্রস্তুতকৃত)




## আমেরিকা বাংলাদেশ প্রেসক্লাবের অভিষেক

৬৪ পৃষ্ঠার পর

শুরু হয়। এতে প্রেসক্লাব পরিবারের সদস্য ছাড়াও বিভিন্ন পত্রিকা ও টেলিভিশনের সম্পাদক, সাংবাদিক, ব্যবসায়ী, রাজনীতিবিদ, আইনজীবী, কবি, লেখক, সংস্কৃতি এবং সমাজকর্মীসহ বিভিন্ন শ্রেণী পেশার শতাধিক বাংলাদেশী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ২০২৫-২৬ মেয়াদে নব-নির্বাচিত কমিটির অভিষেক ছাড়াও আলোচনা, কবিতা আবৃত্তি ও সাংস্কৃতিক পর্বে বাংলাদেশ ও প্রবাসের জনপ্রিয় কণ্ঠ শিল্পী চন্দন চৌধুরী, লিলি সাবরিনা, নাজু আখন্দ, কৃষ্ণা তিথি, অনিক রাজ সঙ্গীত



















পরিবেশন করেন। ফারাহ হাসিন ও দর্পণ কবীরের সঞ্চালনায় অভিষেক অনুষ্ঠানে অতিথি ছিলেন নিউইয়র্কে বাংলাদেশ কনস্যুলেট- এর কনসাল জেনারেল নাজমুল হুদা এবং আজকাল পত্রিকার সম্পাদক ও বিশিষ্ট ব্যবসায়ী শাহনেওয়াজ।

বক্তারা যুক্তরাষ্ট্রের চলমান পরিস্থিতিতে প্রবাসীদের সতর্ক ও সচেতন থাকার আহবান জানিয়ে বলেন, মিডিয়ায় যেন যথাযথ তথ্যের খবর প্রকাশিত হয়। অভিবাসীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করে এমন সংবাদ প্রকাশে যেন মিডিয়াগুলো দায়িত্বশীল ভূমিকা রাখে। তারা আরো বলেন, যুক্তরাষ্ট্রে আইনের শাসন প্রতিষ্ঠিত। আইন লংঘন করে কোন পদক্ষেপ গ্রহণ করতে পারবে না যে কোন সংস্থা। তবে অভিবাসীরা আইন লংঘন বা কোন অপরাধ যেন না করেন, এ ব্যাপারে সতর্ক থাকতে হবে। সু-নাগরিকদের জন্য কোন বিপদের আশঙ্কা নেই।

এরপর ১৬ পৃষ্ঠায়

GRAND RE-OPENNING! GRAND RE-OPENNING!!

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে অবস্থিত স্বনামধন্য **'আবদুল্লাহ সুইটস অ্যান্ড রেস্টুরেন্ট'** নতুন চমক নিয়ে নতুন আঙ্গিকে ১০০% বাঙ্গালীয়ানা স্বাদের খাবারের বহর নিয়ে আবারো উদ্বোধন হতে যাচ্ছে।






উদ্বোধনের তারিখ : ১৪ ফেব্রুয়ারি, শুক্রবার-২০২৫

**আবদুল্লাহ সুইটস অ্যান্ড রেস্টুরেন্ট**

**Address : 73-06, 37th Avenue, Jackson Height, 11372.**

**TEL: 718-406-9457**



সাপ্তাহিক **আজকাল** পত্রিকায় পুনরায় যোগ দেয়াতে মো. আনিসুর রহমানকে আমার প্রাণঢালা

**অভিনন্দন ও শুভেচ্ছা**

সে সাথে **আজকাল** কতৃর্পক্ষকেও ধন্যবাদ। পত্রিকাটির উত্তোরত্তর সমৃদ্ধি কামনা করছি





**মো. আবদুস সালাম**

চ্যারিটি ও কমিউনিটি এক্টিভিস্ট, নিউইয়র্ক

# নারী ফুটবলারদের বিদ্রোহ

## জমা হলো তদন্ত প্রতিবেদন, সভাপতির সিদ্ধান্তের অপেক্ষা

আজকাল স্পোর্টস





ইংলিশ কোচ পিটার বাটলার ও বিদ্রোহী ১৮ নারী ফুটবলারদের নানা খবর এখন আলোচনার শীর্ষে। বাফুফে গঠিত বিশেষ কমিটির কাছে ১৮ ফুটবলার ও কোচ বক্তব্য দিয়েছেন। তাদের সঙ্গে কথা বলার মধ্যে দিয়ে তদন্ত প্রক্রিয়া শেষ করেছে বিশেষ কমিটি। গত বৃহস্পতিবার তারা প্রতিবেদনও জমা দিয়েছেন।

জানা গেছে, বিশেষ কমিটি সন্ধ্যায় ঘণ্টা দুয়েক সভা করে একটি প্রতিবেদন তৈরি করে বাফুফে সভাপতির তাবিথ আউয়ালের দপ্তরে দিয়ে চলে গেছেন। সভাপতি দীর্ঘদিন পর ঢাকায় ফিরলেও আজ বাফুফে ভবনে আসেননি। গণমাধ্যমকর্মীরা অপেক্ষায় থাকলেও শেষ পর্যন্ত বাফুফে সভাপতিকে না পাওয়ায় চূড়ান্ত সিদ্ধান্ত জানা যায়নি।

প্রতিবেদন জমা দিয়ে বের হওয়ার সময় কমিটির চেয়ারম্যান ও বাফুফের সিনিয়র সহসভাপতি ইমরুল হাসান গণমাধ্যমে ব্রিফ করেন। তিনি বলেন, 'আমরা এক সপ্তাহ কাজ করে সবকিছু বিবেচনা করে একটি প্রতিবেদন জমা দিয়েছি। সভাপতি দেখবেন, তারপর তিনি সিদ্ধান্ত দেবেন।'

'এই প্রতিবেদনে শৃঙ্খলার ওপরই গুরুত্ব দেওয়া হয়েছে। মেয়েরা আমাদের অনেক সম্মান এনে দিয়েছে, কিন্তু শৃঙ্খলার ক্ষেত্রে ছাড় দিতে পারি না; সেটা কোচ বা ফুটবলার যেই-ই হোক'- যোগ করেন তিনি।

কমিটির সদস্যদের সূত্রে যতটুকু জানা গেছে, কোচ বা নারী ফুটবলারদের কারোর বিরুদ্ধেই বড় ধরনের শাস্তির সুপারিশ করা হয়নি।

তবে শৃঙ্খলাভঙ্গের জন্য তারা সাজা পেতে পারেন। বিদ্রোহ করে শৃঙ্খলাভঙ্গ করেছেন নারী ফুটবলাররা। শেষ মুহূর্তে কোচ বাটলারও শৃঙ্খলা ভেঙেছেন তদন্ত চলা অবস্থায় গণমাধ্যমে কথা বলে।

বাটলার-সাবিনাদের নিয়ে কী আছে সেখানে : নির্দিষ্ট সময়ের শেষ দিনে আজ রাতে বাফুফের বিশেষ কমিটি তাদের কাজ শেষ করে সভাপতির দপ্তরে রিপোর্ট জমা দিয়েছে। কমিটির প্রধান ফেডারেশনের সিনিয়র সহ-সভাপতি ইমরুল হাসান রিপোর্ট জমা দিয়ে বাফুফে ভবনের নিচে গণমাধ্যমের মুখোমুখি হয়েছিলেন। এখন সিদ্ধান্ত বা বাস্তবায়ন করবেন ফেডারেশনের সভাপতি তাবিথ আউয়াল।

বিশেষ কমিটির চেয়ারম্যান ইমরুল হাসান সংবাদ এরপর ৫৩ পৃষ্ঠায়



## বিদ্রোহের মাঝেই একুশে পদক পাচ্ছেন সাফজয়ী মেয়েরা

আজকাল স্পোর্টস

গত বছরের শেষ দিকে টানা দ্বিতীয়বারের মতো সাফ চ্যাম্পিয়ন হয়েছিলেন সাবিনা খাতুনরা। তবে সম্প্রতি ব্রিটিশ কোচ পিটার বাটলারের অধীনে অনুশীলন না করা এবং এই কোচকে বহাল রাখলে ফুটবল ছেড়ে দেওয়ার ঘোষণা দিয়েছেন নারী ফুটবলাররা। যা নিয়ে রীতিমতো তালমাতাল অবস্থা দেশের এরপর ৫৩ পৃষ্ঠায়



## প্রত্যাবর্তনের দিনেই ম্যাচসেরা নেইমার

আজকাল স্পোর্টস

সৌদি আরবের ক্লাব আল হিলাল থেকে শৈশবের ক্লাব সান্তোসে পাড়ি জমিয়েছেন নেইমার জুনিয়র। নিজের ৩৩তম জন্মদিনে প্রায় ১২ বছর পর সান্তোসের জার্সিতে মাঠে নেমেছিলেন এই ব্রাজিলিয়ান সুপারস্টার। বতাফোগোর সঙ্গে ১-১ গোলে ড্র করেছে তার দল। তবে নিজের প্রত্যাবর্তনের দিনে ম্যাচসেরা হয়েছেন নেইমার।

বুধবার রাতে ব্রাজিলিয়ান পাউলিস্তা চ্যাম্পিয়নশিপের ম্যাচটিতে প্রায় ২০ হাজার দর্শক নেইমারের মাঠে নামার অপেক্ষায় ছিলেন। সেই অপেক্ষার অবসান ঘটে দ্বিতীয়ার্ধে। অধিনায়ক আর্মব্যান্ডপর এবং ১০ নম্বর জার্সি গায়ে মাঠে নামলেন নেইমার। গান আর স্লোগানে মুখরিত গ্যালারি।

সান্তোসে একসময় তিনি পরেছেন ১৮, ৭ ও ১১ নম্বর জার্সি। এবার তাকে ১০ নম্বর জার্সি দেওয়ার ঘোষণা করা হয়েছিল আগেই। কিংবদন্তি পেলের প্রতীক হয়ে ওঠা সেই জার্সি গায়ে তিনি নামেন। দুহাত তুলে আকাশের দিকে তাকিয়ে কৃতজ্ঞতা প্রকাশ করেন স্রষ্টার প্রতি।

চোটের কারণে দীর্ঘদিন মাঠের বাইরে থাকার অস্বস্তি আর জড়তা ছিল তার শরীরে ও পারফরম্যান্সে। দু-একবার অবশ্য জাদু দেখানোর চেষ্টা করেছেন। একবার গোল করার সম্ভাবনাও জাগিয়েছিলেন বেশ। দুই ডিফেন্ডারকে এড়িয়ে শট নিয়েছিলেন গোলে। কিন্তু গোলকিপার তা আটকে দেন দারুণ দক্ষতায়।

আরও দুই দফায় তার পাস থেকে গোলের সুযোগ তৈরি হয়েছিল। তবে কোনোটিই এরপর ৫৩ পৃষ্ঠায়



## অবশেষে ফুটবলকে বিদায় বললেন মার্সেলো

আজকাল স্পোর্টস

জাতীয় দলে তিনি ব্রাত্য অনেকদিন ধরেই। ইউরোপের পাট চুকিয়ে মার্সেলো ফিরেছিলেন ব্রাজিলে, সেখানেও বেশিদিন খেলতে পারেননি, হয়েছেন ক্লাবছাড়া। শেষ পর্যন্ত ফুটবলকেই বিদায় বলার সিদ্ধান্ত নিলেন ব্রাজিলিয়ান ডিফেন্ডার। এক বিবৃতিতে মার্সেলো আজ জানিয়েছেন, সব ধরনের ফুটবলকে বিদায় দেওয়ার সিদ্ধান্ত নিয়েছেন তিনি।

ব্রাজিলের ক্লাব ফ্লুমিনেন্সে তার ফুটবলের হাতেখড়ি। এরপর ২০০৭ সালে রিয়াল মাদ্রিদে যোগ দেন মার্সেলো। রিয়ালের হয়েই তিনি জিতেছেন সবকিছু। দীর্ঘ ১৫ বছরের ক্যারিয়ারে মার্সেলো খেলেছেন ৩৮৬ ম্যাচ। ক্লাবে হয়ে জিতেছেন ৬টি লা লিগা ও ৫টি চ্যাম্পিয়নস লিগ।

রিয়াল ছেড়ে অলিম্পিয়াকোস ঘুরে সেই ফ্লুমিনেন্সেই ফিরেছিলেন ৩৬ বছর বয়সী মার্সেলো। গত বছর কোচের সাথে বাকবিতণ্ডার জেরে তার সাথে চুক্তি বাতিল করে ক্লাবটি। এরপর থেকেই ক্লাবহীন অবস্থান আছেন তিনি।

ব্রাজিলের হয়ে ২০০৬ সালে অভিষেক হয়েছিল মার্সেলোর। সেলেসাওদের হয়ে সবশেষ ২০১৮ সালে মাঠে নেমেছিলেন তিনি। জাতীয় দলের হয়ে তিনি খেলেছেন মোট ৫৮ ম্যাচ।

এবার এক ভিডিও বার্তায় মার্সেলো বিদায় বললেন সব ধরনের ফুটবলকেই, 'ফুটবলার হিসেবে আমার যাত্রা এখানেই শেষ। তবে ফুটবলকে আমার দেওয়ার অনেক কিছু আছে।'

# তামিমকে স্মারক উপহার দেবে বিসিবি

আজকাল স্পোর্টস



চ্যাম্পিয়ন্স ট্রফিতে তামিম ইকবালের দলে থাকা নিয়ে যখন আলোচনা হচ্ছিল, ঠিক ওই সময় আনুষ্ঠানিক ভাবে দেশ সেরা ওপেনার স্পষ্ট করে জানিয়ে দেন আন্তর্জাতিক ক্রিকেটে তার আর ফেরা হচ্ছে না। তামিম বিদায়ের ঘোষণায় শুরুটা করেছেন এভাবে, 'আন্তর্জাতিক ক্রিকেট থেকে দূরে আছি অনেক দিন ধরেই। সেই দূরত্ব আর ঘুচবে না। আন্তর্জাতিক ক্রিকেটে আমার অধ্যায় শেষ।'

তামিমের এই সিদ্ধান্তকে সম্মান জানিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)ও। শুক্রবার মিরপুর শেরে বাংলা স্টেডিয়ামে বিপিএলের একাদশতম আসরের ফাইনাল শেষে তামিমের হাতে স্মারক তুলে দেবে বিসিবি। বৃহস্পতিবার সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেছে বাংলাদেশ ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা।

মিরপুরে শুক্রবার বিপিএলের একাদশতম আসরে চিটাগং কিংস ও ফরচুন বরিশালের মধ্যে শিরোপার লড়াই হবে। সন্ধ্যা ছয়টায় শুরু হবে ম্যাচটি। ম্যাচ শেষে পুরস্কার বিতরণী মঞ্চেই তামিমের হাতে স্মারক তুলে দেওয়া হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়, 'বাংলাদেশের ব্যাটিং সুপারস্টার সম্প্রতি আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিয়েছেন। বাংলাদেশের ক্রিকেটে তার অবদানের স্বীকৃতি স্বরূপ বিপিএলের ফাইনাল শেষে তার হাতে বিসিবির পক্ষ থেকে বিশেষ স্মারক উপহার দেওয়া হবে।'

২০২৩ সালের ৬ জুলাই আবেগঘন সংবাদ সম্মেলনে অবসরের ঘোষণা দেন তামিম। পরে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার অনুরোধে ফিরে সেপ্টেম্বরে নিউজিল্যান্ডের বিপক্ষে দুটি ওয়ানডে খেলে চলে যান দলের বাইরে। ২০২২ সালের জুলাইয়ে টি-টোয়েন্টি ক্রিকেট থেকে আনুষ্ঠানিক অবসর নিলেও টেস্ট ও ওয়ানডে এরপর ২৮ পৃষ্ঠায়



## ইংল্যান্ডকে সহজে হারালো ভারত

আজকাল স্পোর্টস

দারুণ বোলিংয়ে ইংল্যান্ডকে ২৪৮ রানে আটকে দেওয়ার পর শুভমান গিলের সঙ্গে শ্রেয়াস আইয়ার ও অক্ষর প্যাটেলের হাফ সেঞ্চুরিতে ৪ উইকেটে জিতলো ভারত। ৬৮ বল হাতে রেখে প্রথম ওয়ানডেতে সাফল্য পেলো স্বাগতিকরা।

আগে ব্যাটিংয়ে নেমে ফিল সল্ট ও বেন ডাকেটের ৭৫ রানের ওপেনিং জুটিতে ৭৫ রান তোলে ইংল্যান্ড। হার্ষিত রানার দারুণ বোলিংয়ে ১১১ রানে ৪ উইকেট হারায় এরপর ৫৩ পৃষ্ঠায়

## নারী ফুটবলারদের বিদ্রোহ

৫২ পৃষ্ঠার পর

সাংবাদিককে বলেছেন, 'নারী ফুটবলে অচলাবস্থা তৈরি হয়েছে। সেটা নিরসনে সাত সদস্যের কমিটি হয়েছিল। আমরা প্রায় প্রতিদিনই কাজ করেছি। সংশ্লিষ্ট পক্ষের বক্তব্য শুনেছি। সেই বক্তব্যের আলোকে কিছু সিদ্ধান্ত ও সুপারিশ এবং সমস্যার প্রতিকার দিয়ে প্রতিবেদন দিয়ে সভাপতির দপ্তরে জমা দিয়েছি।'

কোচ-খেলোয়াড় দ্বন্দ্ব নিরসনে এখন কমিটির রিপোর্ট বাস্তবায়নে পুরো বিষয়টি নির্ভর করছে ফেডারেশনের সভাপতির ওপর। তিনি চাইলে একক সিদ্ধান্ত নিতে পারেন, আবার প্রয়োজনে নির্বাহী সভাও ডাকতে পারেন। এ প্রসঙ্গে ইমরুল হাসান বলেছেন, 'যেহেতু আমরা সভাপতি বরাবর রিপোর্ট দিয়েছি। সভাপতি চাইলে নিজেই সিদ্ধান্ত নিতে পারেন আবার প্রয়োজনে নির্বাহী সভায় সবার মতামতও চাইতে পারেন। সব কিছুই নির্ভর করছে তার ওপর। আবার প্রয়োজনবোধে তিনি খেলোয়াড়দের সঙ্গেও একবার কথা বলতে পারেন।'

বাফুফে সভাপতি তাবিথ আউয়াল তিন সপ্তাহের বেশি সময় পর গতকাল দেশে ফিরেছেন। যদিও আজ ফেডারেশনে আসেননি। বাফুফের সিনিয়র সহ-সভাপতি ইমরুল হাসান বলেছেন, 'সভাপতির হাতেই যে প্রতিবেদন দিতে হবে এমন বাধ্যবাধকতা নেই। উনি রাজনৈতিক ব্যক্তিত্ব, অনেক কর্মসূচি থাকতে পারে। প্রতিবেদন পরে তিনি আপনাদের জানাবেন।'

বাফুফের বিশেষ কমিটি যখন প্রতিবেদন তৈরি করছিল ঠিক তখনই সরকার নারী ফুটবল দলকে একুশে পদকের জন্য মনোনীত করেছে। মন্তব্য করতে গিয়ে ইমরুলের কথা, 'একুশে পদক প্রাপ্তি শুধু ফুটবল নয়, যে কোনও স্পোর্টসের জন্য বড় বিষয়। নারী ফুটবল দলের এই স্বীকৃতি ফুটবলের প্রতি আপামর জনগণের জন্য আগ্রহ বাড়বে। নারীরা সাফল্য এনে দিয়েছে। অস্বীকার করার উপায় নেই। রিপোর্টে সবচেয়ে বড় বিষয় ছিল ডিসিপ্লিন। সেখানে সাফল্য-ব্যর্থতা কোনও প্রভাবক হিসেবে কাজ করেনি।'

কমিটির রিপোর্ট নিয়ে বাফুফের দ্বিতীয় শীর্ষ কর্তা বলেছেন, 'কমিটিতে যারা ছিলেন সবাই স্ব স্ব ক্ষেত্রে প্রতিষ্ঠিত। আমরা নিরপেক্ষ অবস্থানে থেকে ফুটবলের বৃহত্তর স্বার্থে কাজ করার চেষ্টা করেছি।'

উদ্ভূত পরিস্থিতিতে নারী উইংয়ের ব্যর্থতা নিয়েও ইঙ্গিত দেওয়া হয়েছে বলে বিশেষ কমিটির প্রধান ইমরুল হাসান বলেছেন, 'আমাদের প্রতিবেদনে নারী উইংয়ের করণীয় কী ছিল সেটাও আলোকপাত করেছি।'

দেশের বিভিন্ন জেলায় নারী ফুটবল ম্যাচ আয়োজনে বাধাপ্রাপ্ত হচ্ছে। আজ এমন ঘটনা ঘটেছে রংপুরে। বিষয়টি দেশ উদ্বেগের মনে করছে বাফুফের সিনিয়র সহ সভাপতি, 'আগে জয়পুরহাটে ঘটলো। আজ হলো অন্য জায়গায়। এটা আমাদের জন্য উদ্বেগের। সরকার গুরুত্ব সহকারে দেখছে বিষয়টি।'

## প্রত্যাবর্তনের দিনেই ম্যাচসেরা নেইমার

৫২ পৃষ্ঠার পর

কার্যকর হয়নি। প্রথমার্ধে পেনাল্টি গোলে এগিয়ে ছিল সান্তোস। পরে ৬৫তম মিনিটে গোল শোধ করে দেয় বতাফোগো। এতে ১-১ গোলের ড্র নিয়ে মাঠ ছাড়ে দুই দল।

ম্যাচের শেষ বাঁশি বাজতেই প্রতিপক্ষের ফুটবলাররা একের পর এক নেইমারের সঙ্গে কথা বলা, ছবি তোলার প্রতিযোগিতায় নেমে পড়েন। পারফরম্যান্স যেমনই হোক, সান্তোসের হয়ে ফেরার মুহূর্তটিই তার হৃদয়ে বিশেষ জায়গা পেয়ে গেছে।

নেইমার বলেন, ভালোবাসার জন্য কোনো কিছু করতে পারার যে অনুভূতি, এটা প্রকাশ করার ভাষা জানা নেই আমার। সান্তোসকে প্রচণ্ড ভালোবাসি আমি এবং আজকে যখন মাঠে নেমেছি, ওই সময়ের অনুভূতি কোনোভাবেই বোঝাতে পারব না কাউকে। শুরুটা সেভাবে ভালো করতে না পারলেও কয়েকটি ম্যাচ খেললে সময়ের সঙ্গে পারফরম্যান্সও ভালো হবে বলে বিশ্বাস নেইমারের। তার ভাষ্য, ম্যাচটি খুব কঠিন ছিল। আমার বাবা ছিলেন মাঠে। তাকে আগেই বলেছিলাম, কঠিন ম্যাচ হবে। কারণ ওরা অনেক ভালো দল, অনেকটা নিচে নেমে খেলে। আমাকে ধৈর্য ধরতে হবে এবং আরও অনুশীলন করে যেতে হবে।

তিনি আরও বলেন, মাঠে আরও সময় কাটাতে হবে আমাকে, ম্যাচ খেলতে হবে। এখনও শতভাগ নই। আজকে রাতে খুব বেশি দৌড়ানো ও ড্রিবল করার আশা নিজেরও ছিল না। আমার মনে হয়, চার-পাঁচটি ম্যাচ খেললে আরও ভালো অনুভব করব।

BECOME A REALTOR
রিয়েল এস্টেট পেশায় আসুন
Make SIX-FIGURE ($$$$$$)
or more income/ year !
মাত্র ১ মাসেই লাইসেন্স করা সম্ভব
বছরে লক্ষ লক্ষ ডলার ($$$$$$) আয় করুন
YES, Sky is the Limit! NO MORE ODD JOB!
No Bossing! Work Independently
Work Part-time/ Full-time, We Help You:
Pass Real Estate Exam
[ Salesperson in New York State ]
মাতৃভাষায় ব্যাখ্যা করা হয়
Unlimited Package Deal- Flat Fee - Until You Pass
পাশ-চুক্তি পড়ানো- পাশের নিশ্চয়তা ১০০%
